NEW GRAMMAR

OF THE BENGALI LANGUAGE

COMPRISING THE FIGURES OF SPEECH

RY

NILMANI MUKHOPADHYAYA M. A. B. T.

Assistant Professor of Sanskrit Presidency College SECOND EDITION.



নববৈ ।

(অলঙ্কার প্রকরণ সমেত)

প্রেনিডের সহকারী মংক্তাধ্যাপক

জীনীক্ষাতি দুর্থেশিংধ্যায় এম, এ, বি, এল,



PRINTED AT THE NEW SCHOOL-BOOK PRESS.

10, Cranche's Line, St. Jamos's Squarga

1873.

উৎসগ'৷



এই ব্যাকরণ থানি

কলিকাতা দংস্ত কালেজের দর্শনশাস্তা-

ধ্যাপক সুকৃতি-কুলাবতংস

এিযুক্ত মহেশচন্দ্র ন্যাররত্ন মহাশরের

অচ্চনাৰ্থ

তদীয় ছাত্র জ্ঞানীলমণি মুখোপাধ্যায়ের

ক্লতজ্ঞতাল**ভা**র

কুমুমমালিকা স্বরূপ

निर्विष्ठ इहेल।

বিজ্ঞাপন।

ভাষাবিদ্ পণ্ডিভেরা পৃথিবীশ্ব সমুদায় ভাষাকে হুই শ্রেণীতে বিভক্ত করেন, সাংশ্লেষিক ও বৈশ্লেষিক। বে ভাষায় কারক, কাল, বাচ্য, বচন, পুরুষ ও ক্রিয়াগত অর্থভেদ প্রভৃতি প্রত্যয় দ্বারা প্রতীয়মান হয় তাহাকে সাংশ্লেষিক বলে; যথা সংস্কৃত, প্রীক, ল্যাটিন ইত্যাদি। যে ভাষায় প্র সকল বিবয় প্রায়ই ভিন্ন ভিন্ন পদ দ্বারা প্রকাশিত হয়, তাহাকে বৈশ্লেষিক বলে; যথা ইংরাজি, করাষি, জর্মাণ প্রভৃতি।

বাস্থালা ভাষা এই ছুই শ্রেণীর মধ্যবর্তী; ইহা কতক সাংশ্লে-িক ও কতক বৈলেষিক। ইহাতে কারক, পুরুষ ও প্রেরণ অর্থ প্রতায় দারা স্থচিত হয়, কিন্ধু বাচ্য ও ক্রিয়াগত অর্থভেদ বিভিন্ন পদ দ্বারা প্রকটিত হয় ; এবং কাল লিঙ্গ ও বচন কিয়ৎ-পরিমাণে প্রত্যয় ছারা ও কিয়ৎপরিমাণে বিভিন্ন পদ ছারা প্রতীত হয়। স্বতরাং বাদ্দালা ভাষা উপরি উক্ত উভয়বিধ ভাষারই নিয়মাধীন! এপঠান্ত বান্ধালা ভাষার যে যে ব্যাক-রণ প্রস্তু প্রচারিত ছইয়াছে, একখানি ব্যতীত তৎসমগুই সংস্কৃ-তের নিয়মানুসারে রচিত, স্তরাং কোন খানিও সর্ব্বাঙ্কসম্পন্ন ছইয়া উঠে নাই। সতা, সংস্কৃত ভাষা বাদ্বালার প্রধান উপ-্জীব্য ; কিন্তু উভয়ের প্রকৃতি যে, নিতান্থবিসদৃশ, তাহা স্থল-. দৃষ্টিরও অগোচর নহে। বাচ্য ও ক্রিয়াগত অর্থভেদ, এই ্রিষ্ট বিষয়ে নাম্পূর্ণরূপে ও কাল বিষয়ে অনেক পরিমাণে বাঙ্গা-লাভাষা ইংরাজির নিতান্ত অনুরূপ; কিন্তু অন্যান্য স্থলে, বিশেষতঃ কারক, বচন ও সমাস স্থলে সংস্কৃতের ন্যায় নিয়মা-িন। উক্ত সর্বাভিভাবী সাধারণ বিধির প্রতি দৃষ্টি রাখিয়া (५३ थातम शानि मक्रमिछ इहेन। जित्रीछ निकोहातहे ताकः রণ শাত্রের নিয়ামক, প্রধান প্রধান গ্রন্থকারেরা উহাকে ৺আদর্শ করিয়া চলেন। তাহাতেই তাঁহাদের রচনা ভাষার প্রক্র-তির অবিসম্বাদিনী ও সহৃদয়গণের হৃদয়্র্ঞাহিণী ২ইয়া উঠে।

দেই শিষ্টাচার এবং লব্ধপ্রতিষ্ঠ আত্মকারগণের রচনা প্রণালী অবলম্বন করিয়া ব্যাকরণ শাস্ত্র সম্বন্ধীয় নিয়মাবলী সঙ্কলন করা বৈয়াকরণদিশের অবশ্য কর্ত্তব্য। ইহা বলা বাছল্য যে, এই পুস্তকে এতভিষয়ে যথাসাধ্য প্রয়ত্ত করা ছইয়াছে। বাজালা ভাষা সম্পর্কে এমন অনেক কথা আছে যে, তাছা সংস্কৃত ব্যাকরণের স্তান্থারা ব্যাখ্যাত হয় না, সংস্কৃত ভাষার সাধারণ বিধির বিৰুদ্ধ। কিন্তু কেবল-সংস্কৃতজ্ঞের। ইহা স্বীকার করিতে मगुड नन। 'मर्लाक,' 'চक्लड्डो,' 'खुलस्र हिडो,' 'मनमूथ,' 'মনান্তর,' 'কণেক,' 'পিতা কর্তৃক,' প্রভৃতিকে তাঁহারা অপ-প্রয়োগ বলেন। 'কর্তায় দ্বিতীয়া ও সপ্তমী হইতে পারে 🙃 'উহাক্রিয়ার কর্মে সপ্তমী হয়:' সমাসন্থলে প্রতিযোগী ও কারক পদ ভিন্ন অন্যত্ত একদেশাদ্বর স্বীকার করা যায়; পুৰুষোত্তম, অশ্বহাস প্রভতিস্থলে মধ্যপদলোপী সমাস হয়;' 'ভাৰবাচ্যের ক্রিয়াস্থলেও কর্মপদ প্রযুক্ত হইতে পারে, ' ইত্যাদি সূত্ৰ নিয়ম স্কল প্ৰবণ ক্রিলে তাঁহারা ভাষাবিপ্লব উপস্থিত হইল বলিয়া শক্তিত হইবেন। কিন্ত উপবি নিৰ্দিষ্ট প্রয়োগ গুলি যে বাঙ্গালাভাষার সাধারণ বিধির অনুযায়ী এবং উপরি উল্লিখিত নিয়মগুলি যে বাদ্বালা ভাষার প্রকৃতির অবি-সম্বাদী তদ্বিষয়ে সহদয় ব্যক্তিরাই প্রমাণ।

এতাদৃশ ত্তন ভাষার ইতিরত সমালোচনা কর। তত্ত্ব-জিজ্ঞান্তর পক্ষে পরম কেত্বাবহ হইবে সন্দেহ নাই. এই বিশ্বাসের পরবশ হইয়া উপকরণসামগ্রীর সংগ্রহে প্রব্ত হই-য়াছিলাম। কিন্তু উহার এত অসন্তাব, এবং মাদৃশ লোকের পক্ষে ঈদৃশ স্বল্পকালের মধ্যে যথোচিত উপকরণ সমাহরণ করা এরপ দ্বরহ, যে অগাতাা নির্তু হইতে হইল।

শ্যামাচরণক্ষত বান্ধালা ব্যাকরণ, বিদ্যাসাগরকত কৌমুদী এবং সাহিত্যদর্পণ, এই পুস্তকের প্রধান অবলঘন: এতন্তির পাণিনি, মুগ্ধবোধ, নিন্ধান্তমুক্তাবলী, লোহারাম ও রামগতি ক্ষত বান্ধালা ব্যাকরণ, নীলাঘর ক্ষত ব্যাকরণ, লালমোহন ক্ষত কাব্যনির্ণয়, ফর্বনেক্বত উর্দ্ধ, ব্যাকরণ, স্বাইলিক্বত ইংরাজি ব্যাক-রণ এবং ক্যান্থেল ক্বত অলঙ্কার প্রাস্থ স্থাতেও স্থানে স্থানে অনেক আমুকুল্য প্রাহণ করা গিয়াছে।

এই পুস্তকের রচনাসম্পর্কে আর ছুইটি কথার নির্দেশ কর্বনিতান্ত অসদ্ধন্ত বোধ হইতেছে না। প্রস্থারস্ত করিবার সঞ্জে হতন বাঙ্গালারচনার প্রবর্ত্তরিতা পূজাপাদ শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহোদয়কত প্রায় তাবৎ পুস্তক অধ্যয়ন করি; পাঠকালে যেমন ভাষাসম্বন্ধীয় নানা রহস্যের উদ্যেব হইতে লাগিল, অমনি তৎসমুদ্র একটি নোটবিহিতে লিখিত লাগিলাম। এতদ্ভিন্ন সময়ে সময়ে বদ্দভালক্ষ অনেকানেক প্রমাণপ্রয়োগ তুলিতে আরম্ভ করিলাম। এই প্রকারে ঐ নোটবিহিতে যে সকল বিষয় সংগৃহীত হইল, তৎসন্ত হইতে অনেকানেক সাধারণ নিয়ম উদ্ভাবিত করিরা এই প্রবন্ধের যথাযথন্ত্রনে সন্ধিবিশিত করা হইয়াছে। 'অব্যয়' ও ' অব্যক্তম ' প্রকরণ পাঠ করিলে এই কথা বিশেষক্রপে সঞ্জাবাদ হইবেক।

দিতীয়তঃ পদ্যপ্রকরণ সক্ষলনকালে মদীয় পরমবন্ধু সুক্রি, ক্রতধী শ্রীসুক্ত বারু রাজক্রফ মুখোপাধ্যায় এম. এ, বি, এল, হইতে কতিপায় মহার্ঘ স্তন নিয়ম প্রাপ্ত হইয়াছিলাম, তজ্জনা তাঁহার নিকট ঋণী রহিয়াছি। ইহা বলা আবশ্যক যে যদি পদ্যপ্রকরণের কিছু বিশেষ উপযোগিতা থাকে, তাহার অধিকাংশই উক্ত বান্ধবের আসুকুল্যে পরিকল্পিত হইয়াছে।

বিন ২০শে আশ্বিন ১৯২৮। ঢাকুরিয়া।

बीनीनगिन गर्या।

নিঘ তিপত্ত।

	_				fa o	-			
প্রথ	ম পরি	८क	41		ভিন্নিত প্ৰ				- 5-30
প্রকরণ				পৃষ্ঠা	বাঙ্গালা ও	_			->0*
বাংকরণের ল	ar o	_	•	- 2	15	ভূথ	পরি	८ ष्ट्रम	1
ব্যাকর্থের বি		_	-	- á	ধাতু	-		-	- >>>
वर्ल विटवक	_			- &	আখ্যাতি	ক প্রত	राष्ट्र		- >> 1
কার্বর্ণ	***	_	_	- à	ধাতুরপ	-	-		4.3 Mb;
ব্যস্তন বৰ্ণ	_	_	_	- a	কাল	-	-	***	- ><8
बर्टन व स्कार	ল স্বান	_	_	~ e	বাচ্য	-	-		- 524
বর্জ সংযোগ	-	_	-	- 54	<u>ৰিপ্ৰভ্যয়</u>		-	-	- 2.08
	য় পা	778	-		সমস্ত	-	-	-	- 205
	N 311	464	रण	•	गढस	-	-	_	- >+>
সন্ধি	**	-	-	- >0	<u>ৰামধাতু</u>	-	-		- >80
श्रु ज्ञि	•	-	-	- 53,	কুদন্ত	-	-	-	- > 8 %
ব্যঞ্জন সন্ধি	-	~	-	- 54,	অসমাপিব	গ ক্রি	য়া	•	- >8¢
একবিধি	-	-	•	- 42	তব্যাদি প্র	ভাষ			- >84
ষৰবিধি	-	-	-	- 58			ol Fa	टिक् म	
(a.a)	ৰ প্ৰ	2756	TE (dod	11131	८ ज्ञ न	1
9017									
_		14 m - 15	(*1 1		রচন্। প্রচন্		-	-	> +b -> ->
मक्	part		-	- 2¢	পদবিন্যাস			-	- 3
শস নিঙ্গ ও ছীপ্রা	part		-		পদবিন্যাস যদ_ তদ্		- ৰ নিভ	- ্ সম্বন্ধ	-
শব্দ লিঙ্গ ও জ্রীপ্রা বচন-সংখ্যা	part		- - -	- 2¢	পদবিন্যাস যদ_ তদ ্ অব্যয়	শকে:	-	-) সম্বন্ধ -	-
শব্দ লিঙ্গ ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ	 ভায় -	-	-	- 24 - 21 - 95 - 96	পদবিন্যাস যদ_ তদ্ অব্যয় সংজ্ঞা ও	শকে:	-	-) সম্বন্ধ - -	-54b -592 -500
শব্দ নিঙ্গ ও ছীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তিও ক	 ভায় -	-	-	- 2e - 21 - 66	পদবিন্যাস যদ_ তদ ্ অব্যয়	শকে: কারক —	-	-	- 246 - 245 - 245 - 246
শব্দ নিঙ্গ ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরগ	 ভায় -	-	-	- 24 - 21 - 95 - 96	পদবিন্যাস যদ_ তদ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া	শকে: কারক — যন্ত	-	- সম্বন্ধ - - - -	- 246 - 245 - 245 - 246
শব্দ লিক ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরপ বিশেষণ	 ভায় -	-	-	- 20 - 20 - 20 - 20 - 20 - 20	পদবিন্যাস যদ_ তদ _ অব্যয় সংজ্ঞা ও ক্রিয়া	শকে: কারক — যঠ গ	-	-	- 246 - 245 - 245 - 246
শব্দ নিঙ্গ ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরগ	 ভায় -	-	-	- 20 - 20 - 20 - 20 - 20 - 20 - 20 - 20	পদবিন্যাস বদ_ তদ্ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্থরূপ কাব্যস্থরূপ	শকে: কারক — যঠ গ	-	-	- 240 - 240 - 245 - 245
শব্দ লিক ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরপ বিশেষণ	 ভায় -		-	- 2 c - 2 7 - 9 c - 9 c - 6 c	পদবিন্যাস বদ_ তদ্ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্থরূপ কাব্যবিভা ব্যাভি	শকে: কারক — যঠ গ	-	-	- 246-
শব্দ নিঙ্গ ও ছীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরপ বিশেষণ সর্বানাম	 ভায় -	-		- 2 c - 2 7 - 9 c - 9 c - 6 c	পদবিন্যাস বদ_ তদ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্থরুপ কাব্যস্থিত ব্যাতি	শকে: কারক — যঠ গ	-	-	- 200 - 240 - 240 - 240
শব্দ নিক ও ছীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরপ বিশেষণ সর্কানাম জবার সনাস দ্বভ	 ভায় -	-			পদবিন্যাস বদ_ তদ অব্যস্ত্র সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্থরূপ কাব্যবিভা রীভি গুণ দোষ	শকে: কারক — যঠ গ	-	-	- 7 % b - 7 % c - 7 %
শব্দ নিক ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরপ বিশেষণ সর্কানাম ক্ষবাস সনাস	 ভায় -				পদবিন্যাস বদ_ তদ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্থরু কাব্যস্থরু কাব্যস্থরু কাব্যস্থরু কাব্যস্থরু কাব্যস্থরু কাব্যস্থরু	শকে: কারক — যঠ গ	-	-	- 300 - 300 - 300 - 300 - 300 - 300
শব্দ লিক ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরপ বিশেষণ সর্বানাম জ্বার সমাস দ্ব্	 ভায় -				পদবিন্যাস বদ_ তদ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্বরুগ কাব্যবিভা রীভি ডেশ দোষ অলকার চ্ন	শকে: কারক — যঠ গ	-	-	- 300 - 300 - 300 - 300 - 300 - 300 - 300 - 300
শব্দ প্র জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তিও ক শব্দরপ বিশেষণ সর্বানাম জ্বার সমাস দ্বন্ধ বহুরীকি তংপুরুষ কৃম্ম ধারয়	 ভায় -				পদবিন্যাস বদ_ তদ্ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্বরুগ কাব্যবিভা রীভি ডেশ দোষ অলকার হুদ ক্লোক	শকে: বারক ন মন্ত্র	-	-	- 30 m - 30 m
শব্দ লিক ও জীপ্রা বচন-সংখ্যা পুরুষ বিভক্তি ও ক শব্দরপ বিশেষণ সর্বানাম জ্বার সমাস দ্ব্	 ভায় -				পদবিন্যাস বদ_ তদ অব্যয় সংজ্ঞা ও : ক্রিয়া কাব্যস্বরুগ কাব্যবিভা রীভি ডেশ দোষ অলকার চ্ন	শকে: বারক ন মন্ত্র	-	-	- 300 - 300 - 300 - 300 - 300 - 300 - 300 - 300



প্রথম পরিচ্ছেদ।

1 1. 7. A.

যে শাস্ত দারা শব্দের বুং পত্তি, পদের কাশ্রন বা বাক্যের অন্বয় বোধ হর, তাহাকে ব্যাকরণ কছে। ব্যাকরণ চারিভাগে বিভক্ত। যথা—বর্ণবিবেক, শব্দ, ধাতু ও রচনা।

বৰ্ণবিবেক।

১।যে প্রকরণে বর্ণের উচ্চারণস্থান, পরস্পার মিলন
ও পরিবর্ত্তন ব্যাখ্যাত হয়, তাহাকে বর্ণবিবেক বর্লে।
বর্ণ দিবিধ; স্বর ও ব্যঞ্জন। যে সকল বর্ণ বর্ণাভরের আশ্রয় ব্যতীত স্বতন্ত্র উচ্চারিত হয়, তাহাদিগকে স্বরবর্ণ বলে। যে সমস্ত বর্ণ স্বরবর্ণের আশ্রয়
ব্যতিরেকে স্বয়ং উচ্চারিত হয় না, তাহাদিগকে
ব্যঞ্জন বর্ণ বলে।

अत्रवर्ग।

২। অ আ ই ঈ উ উ ঋ ঋূ এ ঐ ও ও এই দাদশ বর্ণকে স্বরবর্ণ কছে। স্বর হুই (১) প্রকার; হুস্ব ও

^{(&}gt;) আ ই উ ঋ এ ঐ ও ঔ এই আটিটি অর দূর হইতে আহ্বান, গান, ও রোদন কালে প্লুত নামে উত্ত হয়। তদমুসারে অর্বর্ণ তিবিধঃ হুজ, দীর্ঘ ওপ্লুত।

দীর্ঘ। অই উ ঋ এই চারিটি হুস্বর; আ ঈ উ ঋূ এ ঐ ও ঔ এই আটটি দীর্ঘসর।

স্বর আরও ছই প্রকার হয়, লঘু ও গুৰু। আ, ই, উ, স্কু, এই চারিটি লঘু স্বর। আ ঈ উ ৠ এ এ ও ও ও এবং সংযুক্তবণের পূর্ববৈতী আই উ স্বা গুৰু স্বর।

वाक्षम वर्व।

৩। কখগঘঙ,চছজবাঞা, টঠড চণ,তথ
দধন,প কবেভ ম, যর লব শ ব সহ,ংঃ ৬, এই
প্রিত্রিশটি [১] ব্যাঞ্জন বর্ণ।তমধ্যেক অবধি ম প্রাপ্ত প্রিত্রিশটি কি স্পর্শ (২) বর্ণ বলে। স্পর্শবর্ণ সকল প্রাচ বর্গে বিভক্ত।ক খ গ্য ঙ, এই প্রাচটি কবর্গ। চছজ বা ঞাং, এই প্রাচটি চবর্গ, টঠড চণ, এই প্রাচটি টবর্গ।তথদধন, এই প্রাচটি তবর্গ।প কব ভ ম, এই প্রাচটি প্রর্গ। যর ল এই তিনটিকে ভ্রান্তঃস্থ বর্ণ (৩) বলে। শ ষ সহ এই চারিটি উর্বর্ণ

⁽১) আকারগত বৈলক্ষণ্য ও উচ্চারণভেদ উভয়ই বর্ণ-সংখ্যার বিষয়েশক। এই নিমিত, তা. ড চ য ব (অভঃস্থ) এই চারিটি বর্ণের পৃথক নির্দেশ হইল না। কা সংযুক্ত বর্ণ বলিয়া বর্ণমালার অন্তরিশ্ বিষ্ট হয় নাই।

⁽২) জিহবার অগ্র, উপাগ্র, মধ্য ও মূল স্থান স্পান করিয়া এই দক্ষল বর্ণ উচ্চারিত হয়, ওজ্জন্য ইহাদিগকে স্পান্ধ বর্ণ বলে।

[/] ৩) স্পৰ্শ ও উষ্ণ ৰূপের মধ্যে নির্দিষ্ট হওয়াতে যুর্ল এই ভিন্ত অন্তঃস্থান বামে উক্ত হয়।

ঠে)। ২ অনুস্থার এবং ঃ বিদর্গ এই হুইটিকে অযোগ-বাছ (২) বলে। ৮ এইবর্ণ বিন্দুযুক্ত অর্দ্ধ চন্দ্রের ন্যায় আকার-বিশিষ্ট বলিয়া চন্দ্রবিন্দু নামে নির্দিষ্ট হয়। *

वर्त्त डेकात्न जान।

৪। অ আহ ও কবর্গ ইহাদের উচ্চারণ স্থান কণ্ঠ ; ইহাদিগকে কণ্ঠ্যবর্ণ বলে।

৫। ই ঈ ষ শ ও চবগ ইহাদের উচ্চারণ স্থান তালু; ইহাদিগকে তালব্য বর্ণ বলে।

%। ঋ ঋ়র ষ ও টবর্গ ইহাদের উচ্চারণ স্থান মূর্দ্ধা ; ইহাদিগকে মূর্দ্ধন্য বর্ণ বলে।

१। ল म ও তবগ ইহাদের উচ্চারণ স্থান দন্ত ;
 ইহাদিগকে দন্ত্য বর্ণ বলে।

৮। উ উ ও পবগ ইহাদের উচ্চারণ স্থান ওষ্ঠ . ইহাদিগকে ওষ্ঠা বর্ণ বলে।

⁽১) এই চারি বর্ণের উচ্চারণ বিষয়ে উল্লোব অংগাং বায় নট্ত প্রাধান্য আছে, এই নিমিত ইচাদিগকে উষম বর্ণ বলে।

⁽২) পাণিনি কর ও ব্যক্ষন বর্ণের যে সকল সংজ্ঞ। নির্দেশ করিয়া-ছেন, তাহাদের মধ্যে অনুকার ৩ বিদর্গের যোগ অংথাং উল্লেখ নাই। তলিমিত অযোগ, এবং তাহা হইলেও বাহ অর্থাং প্রয়োগ নির্দাহ করে বলিয়া অযোগবাহ এই নামে উক্ত হইয়া থাকে।

৯। এ ঐ ইহাদের উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু । ইহাদিগকে কণ্ঠাতালব্য বর্ণ বলে।

১০। ও ঔ ইহাদের উচ্চারণ স্থান দন্ত ও ওন্ত ; ইহাদিগকে দন্ত্যোক্ষ্য বর্ণ বলে।

১১। বকারের (১) উচ্চারণ স্থান ওপ্তের ন্যায় স্থলবিশেষে দক্ত ও ওষ্ঠ হইতে পারে। তথন ইহাকে
দক্ত্যোষ্ঠ বর্ণ বলে। ৬(২) চন্দ্রবিন্দু ওং অনুস্থারের
উচ্চারণ স্থান নাদিক। ; ইহাদিগকে অনুনাদিক
বর্ণ বলে।

১২। ঃ বিদর্গ আশ্রয়স্থানভাগী অর্থাৎ যথন যে ্স্থারবর্ণকে আশ্রয় করিয়া থাকে, তাহার উচ্চারণ স্থানই বিদর্গের উচ্চারণ স্থান।

১৩। ও, ঞ, ণ, ন ম ইহার। কণ্ঠাদি স্থানের ন্যায় নাদিকাতেও উচ্চারিত হয়, এই নিমিত্ত ইহাদিগকে ্জনুনাদিক বর্ণও বলে। ~

^()) দেবনাগর বর্ণমালায় বকারের আনকারভেদ আছে; এই নমিত তালবং শকারের অবাবহিত পুর্দের যে ব পঠিত হয়, তাহাকে অতঃস্কৃতকার বলো। কিন্তু বালালা বর্ণমালায় ইহার আকার গত কোন প্রভেদ নাই; একই ব হকারের ন্যায় ছুই প্রকারে উঠারিত হয়। যথা, ভ্লন,ভিছনে আহ্বান।

^{?)} বাঙ্গাল। ভাষায় দন্তঃ নকার ওমকার চইতে চন্ত্রবিন্দু উৎ-প্র হয়, এই নিমিত্ত ইচাকেও এক অনুনাসিক বর্গ বলা যায়। যথা, চাদ, বাঁধ, পাঁচ, বাঁধ, কাঁপ, কাঁপ ইত্যাদি।

অসংযুক্তবর্ণসংক্রান্ত বিশেষ নিয়ম।

অ—প্রের অন্তন্থিত অকারের প্রায় উচ্চারণ হয় না।
যথা; বিলাস, সন্তান্য বৈশাখ ইত্যাদি।

নিম্নলিখিত স্থলে অকারের উচ্চারণ হইয়া থাকে।

উপালাবর্ণ সংযুক্ত **চউলে অকাবের উচ্চারণ হয়। যথা; শব্দ, ডি**ক্ত উচ্চ, বীর্ষ্য, মুঃখ, বংশ ইত্যাদি।

ক্ত প্রতঃয়াত শব্দ দুই স্বর বিশিষ্ট ইইলে, হয়। যথা—কৃত, ভীত, স্থত ইত্যাদি।

হ এবং য় উপাত্তে থাকিলে, হয়। যথ।— প্রবাহ, নৌহ, মোহ, প্রিয়, করণীয়, ভূয়। কিন্তু অকার বা আকারের পরে য় থাকিলে, হয় না। যথ!— বিলয়, বিষয়, তথায় ইত্যাদি!

অবকার যুক্তে নংশির পুর্নের থাকার থাকিলে, হয়। যথা— মৃত, চ্ছ রষ, কণ, সদৃশ।

অকারের পূর্টের্ক ধাতুসমন্ধীয় কেবল একটি আক্ষর থাকিলে হয়। যথা, বারিজ, শোকাপহ, স্থাদ, অগ্রগ, উরোগ ইত্যাদি। অকারের পূর্টের্ব ধাতু সম্বন্ধীয় অনেক অক্ষর থাকিলে হয় না। যথা, প্রিয়-মদ, পুরঃ-সর, কর্ম-কর, ভাগ, বাদ, শ্রম, ইত্যাদি।

সংলাধনে প্রায় অবস্থিত অকারের উচ্চারণ হয়। মধা—হে শিব, হে তপোধন, হে স্লভগ, রে চণ্ডাল ইত্যাদি।

অসুজ্ঞাতে, স্বার্থে ও অভ্যাদার্থে ভূতকালের তৃতীয় পুরুষে, এবং ভবিষ্যংকালের প্রথম পুরুষে, হয়। যথা—চল, বল, ধর, করিল, লইয়া– ছিল, করিত, করিব, দেখিব।

সমাসস্থলে চরম পদ ভিন্ন পদান্তরের অন্তস্থিত অকার উচ্চারিত হয় । যথা—সনকসনাতন, নকুলসংদেব, রামলক্ষণ, হরপার্বতী, নির্মিল জল, নিরহকার ।

এত দ্বিদ, ছোট, বড়, স্ম, তম, অসমি, মহামহিম, গাঢ়, রজ, নব

যুব. বিধ, মত প্রভৃতি শব্দেরও অভ্যত আ উচ্চারিত কয়। তৎ সম্প্র অবগত হওয়। ভাষার বিশেষজ্ঞান সাপেক।

খ — ইহাকে সামিশ্বর(১) বলে। ঋকার পদের আদিতে থাকিলে বা আদিবণের সহিত সংযুক্ত হইলে ''রি'' এইরূপ উচ্চারিত হয়। যথা, ঋণ, ঋষভ, মৃত, রূত। ঋকারে রেফ যুক্ত হইলে অনা স্বরের নায় ইহার আকার পরিবর্ত হয় ন।। যথা, পুনঃ-ঋদি, পুনর্খদি। কখন কখন ঋকারের সন্ধি হয় ন।। যথা, শ্বরি ঝাণ, দেবঋণ, পিতৃঝাণ ইত্যাদি।

ই, উ,ও—ইকার, উকার এবং একার স্বরন্থের পরবর্ত্তা হইলে, অসম্পূর্ণরূপে রি, রু এবং রো, এই প্রকার উচ্চারিত হয়। যথা, ইকার—কানাই, দই, ঢাকাই, বোষাই, বাইটন, হাইকোর্ট, লাইবেন ইত্যাদি। উকার—বউ, লাউ, বাউটন, ক্রিটন, লউন, ইত্যাদি। একার—ভাও, রাও, কাওরা, বাও-য়ালি, চড়াও, দেওয়া, সওয়াল ইত্যাদি।

জ— বর্গীয় জকারের নিমে বিন্দু দিলে ইছা ইংরাজি "z" অক্ষরের মত দন্তদার। উচ্চারিত হয়। যথা, পার্টু গিজ, জেনো-ফন, জোরোস্তার, জেন্দাবেস্ত।

` এও—চবর্ণের পূর্ব্ববর্তী ছইলে নকারের ন্যার উচ্চারিত ছয়। যথা, চঞ্চল, বাঞ্চা, পিঞ্জর, ঝঞ্চাট। জকারের পরস্থিত ুহইলে, ''গুঁ'' এইরূপ্পঠিত ছয়। যথা, জ্ঞান, যজ্ঞ।

ড, ঢ— ভ এবং চ শব্দের প্রথমে না থাকিলে, ড় ও চ রূপে প্রিণত হয়। যথা, বিড়াল, আষাঢ়, গাঢ়, নিগুঢ়।

[[]১] সানি অর্থে অবর্জেক। অর্থাং খাকার কোন কোন বিষয়ে স্বরের ন্যায় এবং কোন বিষয়ে ব্যঞ্জন বর্ণের ন্যায় বিবেচিত হইয়া খাকে।

ণ— মূর্দ্ধন্যবকারের পরে থাকিলে চন্দ্রবিন্দুযুক্ত টকারের ন্যায় উন্চারিত হয়। যথ!, ক্লফ্লফ্ল, বিফ্লু-বিফ্লু। বাঙ্গালা ভাষায় ণ ও ন উভয়েরই উচ্চারণ স্থান দন্ত। কিন্তু কার্য্য-কারণ-ভেদ-নিবন্ধন পৃথক্ পৃথক্ নির্দ্ধেশ করা গোল।

ম---কোন ব্যঞ্জন বর্ণের পরবর্ত্তী হইলে তাহাকে সাম্বনা-নিকরপে উচ্চারিত করায়। যথা, স্মরণ-সঁরণ, লক্ষী-লক্ষী।

য়—শব্দের আদিতে জকারের ন্যায় উচ্চারিত হয়। যথা, যোগা, যুক্তা, যাদব, যাগা, যত্ত্ব, যাদব, যাগা, যত্ত্ব, যাদব, যাগা, যত্ত্ব, যাদব, যাগা, যত্ত্ব, যাদব, যাগা, আন্তর্বানি শব্দ উপসর্গ বা শব্দান্তরের পরবর্ত্তী হইলে ও পূর্ব্ববং উচ্চারিত হয়। যথা; অভিযোগা, বিযুক্তা, মহাযাগা, প্রয়াগা, প্রহালি হইলে জর ন্যায় উচ্চারিত হয়। যথা; নাগায়, বীর্যা, তির্যাক্। এই ছই ভিন্ন বর্ণের পরে যুক্তা থাকিলে, উহাকে দ্বিতের ন্যায় উচ্চারিত করিয়া দেয়। যথা; বাকা, পদ্যা, কাব্য, সাহিত্য।

এতদ্বাতীতস্থলে যন্থানে র হর। যথা; হর, প্রলর, করিয়া, ইত্যাদি।

ব—বংগর পরে যুক্ত থাকিলে উহাকে দ্বিরের নামর উচ্চারিত করায়। যথা, দ্বিস্কৃত্ব, প্রক্র, জ্বলন, বিদ্বান। কিন্তু বকার কোন শব্দের আদিতে থাকিয়া বর্ণান্তরের সহিত মিলিত হইলে পৃথক্ রূপে উচ্চারিত হয়। যথা, উদ্বাহ, উদ্বাহ, তদ্বস্তু ইত্যাদি।

শ, ম, শ—বাঙ্গালা ভাষায় তিনেরই উক্ষারণ স্থান এক

অর্থাৎ তালু। কিন্তু কার্য্য-কারণ-ভেদ বশতঃ পৃথক্ নিদি ঠি হইল। তালব্য শকারের পর ঋ র, কিন্তান থাকিলে, ইহা সংস্কৃত দন্ত্য সকারের ন্যায় উচ্চারিত হয়। যথা, শৃঞ্জা, শ্রবণ, প্রশ্ন।

দস্তা সকারের পর ঋ র, ন, ত কিন্বা থ থাকিলে, ইহা সংস্কৃত দন্তা সকারের ন্যায় উচ্চারিত হয়। যথা, সৃষ্টি, সংস্রব, স্থান, স্তব, স্থান।

হ—হকারের পর য থাকিলে ঝ্যা, ও ব থাকিলে হব এইরূপ উচ্চারিত হয়। যথা; সহ্যা, জিহবা।

वर्ग मः योग ।

ু ১৪। স্বরবর্ণ ব্যঞ্জন বর্ণের পরস্থিত হইলে প্রায় রূপান্তরিত হইয়া ঐ বঁণে মিলিত হয়। যথা, বিপদ্-আশক্ষা বিপদাশক্ষা, তদ্-ইচ্ছা তদিচ্ছা, গিলি-ঈশ গিরীশ, বিপদ্-উদ্ধার বিপহ্দ্ধার, চলং-উর্ঘি চলদূর্দ্মি, পিতৃ-ঋণ পিতূণ, বার-এক বারেক, অন-ঐক্য অনৈক্য, সম্-ঋদ্ধি সমৃদ্ধি, মহা-উক্ষ মহোক্ষ, মহা-ঔবধ, মহোরধ।

কিন্তু অকার ব্যঞ্জন বর্ণের পরবর্তী হইলে জাদৃশ্যভাবে থাকে। যথা, অন্+কন্ত-অনন্ত, দ্+ অ+ক্+অল্+অ-সকল।

১৫। अरमक दाक्षन दर्ग अकल मर्शिष्ठे इहेरल,

च्हारिक मश्यूक वर्ग वरता। यथा, वास्क, रेशवा, स्ट्रिंग, स्ट्रिंग,

ব্যঞ্জনবর্গ স্বরন্ধারা ব্যবহিত না হইলে, পরস্পর মিলিত হইয়া সংযুক্ত বর্ণ রূপে পরিণত হয়। ব্যঞ্জনবর্ণে রপ্ত পরস্পর সংযোগ কালে রূপান্তর হয়। যথা, বাক্+য়-বাক্য, নির্+নয়-নির্ণর, হিংস্+র-হিংঅ, ভক্+ত-ভক্ত; নিশ্+চয়-নিশ্চর, ভাস্+কর-ভাস্কর, বিষ্+গু-বিষ্ণু, দৃপ্+ত-দৃপ্ত।

১৬। পদের অন্তন্থিত ব্যঞ্জনবর্ণ, [্] অর্থাৎ হসন্তচিক্তে যুক্ত হয়। যথা, বিদ্বান, সম্রাট্, দিক্। অনুস্বার সর্বাত্ত হসন্তচিক্তে উপলক্ষিত হয়। যথা, বংশ, সাং, নং। কিন্তু হসন্ত তকার ্থে এইরপে লিখিত হয়। যথা, জলসাৎ, তৎক্ত।

১৭। রকারের অব্যবহিত পরবর্তী হইলে তদ ব ম ও যকারের প্রায় দ্বিত্ব হয়। যথা, শীতার্ত, জনা-দিন, সর্ব্ব, ধর্ম, বীর্যা।

১৮। বর্গীয় পঞ্চমবর্ণ তত্তৎবর্গের কোন না কোন বর্গের পূর্বেই যুক্ত হয়। যথা; শহা, নাহ্নিন, কহাল, সঞ্জা, মহল, বাঙ্গালা, সজ্ঞা, পঞ্চ, মাঞ্চেফার, বাঞ্চা, সঞ্জয়, আর্কেঞ্জ্যালা, বঞ্বা; বর্ণনা, লুগুন, যও, ইংলও, হলও, কুরা, শান্ত, ক্রান্তি, মন্ত্ন, বদনা, সরহিন্দ, বন্ধন, পিন্ধন, আসন্ন, কম্প, লক্ষ্ক, বিহু, আরম্ভ, সম্মান।

১৯। তালব্য শকার লকারের পূর্বের, এবং তালব্য বর্ণের পূর্বেই, দংযুক্ত হয়। যথা, শ্লাঘা শ্লথ, শ্লেষ, শ্লিমান ; নিশ্চয়, রশ্চিক, প্লেছদা। মূর্দ্ধন্য বকার কেবল মূর্দ্ধন্য বর্ণের পূর্বেই দংযুক্ত হয় এবং জ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত হইলে কবর্গ ও পবর্গের পূর্বেই দংযুক্ত হইয়া থাকে। যথা; কষ্ট, আমহারক্ট, রক্টল, নিস্তা; প্লুলর, ইন্ধাতর, ইম্পাহাণ, নিম্কল। দস্তা দকার দস্তাবেণ এবং কবর্গ ও পবর্গের পূর্বেই দংযুক্ত হয়। যথা, তুরস্ক, ভাস্কর, আস্কারণ, নস্কর, ডামস্কদ, স্পর্শ, ক্লুর্লি,

দ্বিতীয় পরিচ্ছেদ।

मिता।

२०। इरे वर्ग व्यवहरिक कार्य भत्रम्भत मिन्नक्रिके इरेल केक्स विलिक इरा । এरे विलिवक मिन्न विलि विलिक कार्य विलिव व्यवस्था विलिक विलिव विश्वनिवर्ण व्यवस्था विश्वनिवर्ण विष्यम विश्वनिवर्ण विष्यम वि

বর্ণ কেবল মিলিত হয়। যথা, দিপদ্-উদ্ধার, বিপছদ্ধার। কথন পূর্ববর্ণ পরিবর্ত্তি হয়; যথা, উৎ-চারণ উচ্চারণ। কখন পরবর্ণ পরিবর্ত্তিত হয়; যথা, যাচ্-না যাচ্ঞা। কখন উভয় বর্ণই পরিবর্তিত হয়; যথা, তৎ-শাসন তচ্ছাদন।

উপসর্গ বা উপপদের সহিত ধাতুর যে সন্ধি তাহা নিত্য।
যথা, প্র-ঈক্ষণ প্রেক্ষণ; বি-আপ্তি ব্যাপ্তি; জনম্-এজয় জনমেজয়; উরঃ-গ উরোগ। প্রকৃতি (১) ও প্রত্যয়ের যে সন্ধি
তাহাও নিত্য। যথা, লোক-এ লোকে, শঠ-এরা শঠেরা; নৈ-অক
নায়ক, শে-অন শয়ন। সমাসন্থলে প্রায়ই সন্ধি হয়। যথা, নীলঅম্বর নীলাম্বর, ভবৎ-অমুগ্রহ ভবদমুগ্রহ। কদাচিৎ ব্যভিচার
দেখা যায়। যথা, কলিকাতা অভিমুখে যাইব; তাঁহার অনুমতি
অনু-সারে কার্য্য করিব। ইচ্ছা অর্থে সন হয়, প্রেরণ অর্থে
ণি হয়; কটি করি-অরি জিনি; কে বলে অনজ-অঙ্গ।

বাক্যে, অর্থাৎ পদন্ধরে, সন্ধি হয় না। যথা, আপনার আদেশ প্রযুক্ত আমি উত্তরদিক গমনার্থ উত্যুক্ত আছি। এফুলে, আপনারাদেশ প্রযুক্ত আমুদ্তরদিকে গমনার্থউত্যুক্তাছি, এরপ সন্ধি হইবে না।

অপিচ, ''তিনি স্বতঃই প্রবৃত হইলেন ;" ''তিনি গুণগ্রাহীও

^{(&}gt;) ধাতু ও প্রাতিপদিককে প্রকৃতি বলে। ধাতু ক্রিয়াবাচক। যথা, ভূ, স্থা,গম ইত্যাদি। প্রাতিপদিক শব্দে বস্তু বা বস্তুর বিশেষণ ব্রুকায়। যথা, চন্ত্র, সূর্বা,তক্র, লডা, চৃচ্চ, গুরু, চ্ছু, গুরু ইত্যাদি।

ছিলেন।" এছলে ''শ্বতই প্রবৃত্ত ছইলেন"এবং ''গুণপ্রাছ্যে। ছিলেন," এরপ সদ্ধি হইবেক না।

কিন্তু পদ্যে ই অব্যয়ের সহিত বিকপ্পে সন্ধি হয়। যথা, আমারি বা আমারই, সকলি বা সকলই।

ख्रमिक ।

२১। श्वतवर्ग श्वतवर्ग मिलिङ इड्रेश य मिलि इয়, তাহাকে श्वतमिक वरल।

২২। যদি অবণের পর অবণ [১] থাকে, উভয়ে মিলিয়া আকার হয়; আকার পুরুবিণে য়ুক্ত হয়।
য়থা, জ্ঞান-অঞ্জন জ্ঞানাঞ্জন, ধর্ম-আত্মা ধর্মাত্মা,
বিদ্যা-অলঙ্কার বিদ্যালঙ্কার, মহা-আশয় মহাশয়।

২৩। যদি ইবণেরি পর ইবণ [১] থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ঈকার হয়; ঈকার পূর্ব্ব বৈণে যুক্ত হয়। যথা, শান্তি-ইচ্ছা শান্তীচ্ছা, ক্ষিতি-ঈশ ক্ষিতীশ, মহী-ঈশ মহীশ, লক্ষ্মী-ঈশ লক্ষ্মীশ।

२८। यनि छेत्र ति शत छेत्रन थारक, छेख्रा निलिया नीर्य छ इय । छेकात श्रृत्त तर्र यूक इय । यथा, विधू-छेनय विधृनय, छक्र-छेक्र छक्रक, वधू-छेट्मव वधूट्मव, मत्रयू-छेन्मि मत्रयू मिं।

^{(&}gt;) व्यवर्थ भटक व्या अवश् व्या, हेवर्थ भटक है अवश् हें, छैवर्श भटक छ अवश् हो ।

ত্বং। যদি ঋকারের পর ঋকার থাকে, উভরে মিলিয়া দীর্ঘ ঋ্কার হ্র ; ঋকার পূর্ববৈশে যুক্ত হয়। যথা ; পিতৃ-ঋণ পিতৃ ণ, দাতৃ-ঋতি দাতৃ জি।

২৬। যদি অবর্ণের পর ইবর্ণ থাকে, উভয়ে মিলিয়া একার হয় , একার পূর্বেবর্ণে যুক্ত হয়। যথা, প্র-ইরণ প্রেরণ, যথা-ইফ যথেফ, জ্ঞান-ইচ্ছা জ্ঞানেচ্ছা, রমা-ঈশ রমেশ।

২৭। যদি অবর্ণের পর উবর্ণ থাকে, উভয়ে মিলিয়া ওকার হয়; ওকার পূর্ববর্ণে যুক্ত হয়। যথা, বধ-উপায় বধোপায়, মহা-উৎসব মহোৎসব, ধবল-ঊন্থ ধবলোনা, মহা- উর্মি মহোর্মি।

২৮। যদি অবর্ণের পর ঋকার থাকে, উভয়ে মিলিয়া [১] অর্হয়; অরের অ পূর্ববর্ণে যুক্ত হয়। যথা, হিম-ঋতু হিমর্ভু, মহা-ঋষভ মহর্ষভ।

২১। অবর্ণের পর একার [২] কিম্বা ঐকার পাকে; উভয়ে মিলিয়া ঐকার হয়; ঐকার পূর্ব

^{(&}gt;) তৃতীয়া সমাস হইলে ঋত শক্ষের ঋকার স্থানে আর্হয় । যথা, শীত-ঋত শীতার্ত, কুধা-ঋত কুধার্ত।

⁽২) বার, আর্দ্ধ ও কয় শব্দের পর একশব্দ থাকিলে, পূর্ববিদের আকারের লোপ হয়, ও একার পূর্ববর্ধে যুক্ত হয়। বথা, বার-এক বারেক, আর্দ্ধ-এক আর্দ্ধেক, কয়-এক কয়েক। আন্যন্ত বিকরে হয়। যথ। ক্ল-এক ক্লণৈক বা ক্লেক।

বর্ণে বুক্ত হয়। যথা, এক-এক একৈক, মহা-এরত মহৈরত, নৃতন-ঐন্দ্রজালিক নৃতিনন্দ্রজালিক।

৩০। যদি অবণের পর ওকার (১) কিয়া ঔকার থাকে, উভয়ে মিলিয়া ঔকার হয়; ঔকার পূর্ববর্ণে যুক্ত হয়। যথা, মিউ-ওদন মিটোদন, মহা-ওঘ মহোঘ, তাদৃশ-ঔদ্ধত্য তাদৃশোদ্ধত্য, মহা-ঔৎস্ক্য মহোৎস্ক্য।

৩১। যদি ইবর্ণ ভিন্ন স্বর্র্য পরে থাকে, ইবর্ণ ছানে য হয় ; য পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর যকারে যুক্ত হয়। যথা, জাতি-অন্ধ জাত্যন্ধ, অগ্নি-উৎপাত অগ্নুৎপাত, শচী-উপরন শচ্যুপরন।

৩২। যদি উবর্ণ ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, উবর্ণ স্থানে ব হয় ; ব পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর বকারে যুক্ত হয়। যথা, মৃহ-ঈ মৃদী, বিধু-আদিত্য বিশ্বাদিত্য, তমু-অত্যয় তম্বত্যয়।

৩৩। ঋভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ঋকারস্থানে র হয়; র পূর্বেবর্ণে যুক্ত হয় এবং পরের স্বর রকারে

⁽ ১) ওষ্ঠশব্দ পরে থাকিলে বিশ্ব শব্দের অকারের বিকল্পে লোপ ইয়। যথা, বিশ্ব-গুণ্ঠ বিশ্বোষ্ঠ, বিশ্বৌষ্ঠ।

গুক হয়। যথা, ধাতৃ-ইচ্ছা ধাত্রিছা, ভাতৃ-আনন্দ ভাতানন্দ।

৩৪। স্বরণ পরে থাকিলে, একার স্থানে অয়, ঐকারস্থানে অব, ওকার স্থানে অয়, এবং ঔকার-স্থানে আব, হয়। যথা, শে-অন শয়ন, নৈ-ফাক নায়ক, ভো-অ ভব, নো-ইক নাবিক।

वाक्षन मिस् ।

৩৫। ব্যঞ্জনবর্ণে ব্যঞ্জনবর্ণে বা ব্যঞ্জনবর্ণে স্বর্রন্থে যে সন্ধি হয়, তাহাকে ব্যঞ্জন সন্ধি বলে। [১]

৩৬। যদি চ কিয়া চ পরে থাকে, ত ও দ স্থানে চ হয়। এবং যদি জ কিয়া ঝ পরে থাকে, ত ও দ স্থানে জ হয়। যথা, উৎ-চারণ উচ্চারণ, বিপদ্-চয় বিপদ্ময়, নৎ-ছাত্র সচ্ছাত্র, তদ্-ছাদ তচ্ছাদ, ভবৎ-জীবন ভবজ্জীবন, এতদ্-জাল এতজ্জাল।

৩৭। তকার কিয়া দকারের পর তালব্য শ থাকিলে, উভয়ে মিলিয়া চ্ছ হয়; এবং হকার থাকিলেঃ উভয়ে মিলিয়া দ্ধ হয়। যথা, জগৎ-শরণ্য জগচ্ছরণ্য, বিপদ্-শঙ্কা বিপচ্ছন্না, উৎ-হার উদ্ধার, সম্পদ্-হেতু সম্পদদ্বেতু।

^{[&}gt;] चत्रवर्धन नेत्र राक्षनवर्ध थाकिला निक स्त्र ना । वैथा, मग्रा-ध्या मग्राधम, रुति-स्त्र रुतिस्त्र ।

৩৮। যদি ট কিয়া ঠ পরে থাকে, ত ও দ ছার্নে, ট হয়; এবং যদি ড কিয়া চ পরে থাকে, ত ও দ ছানে ড হয়। যথা, ভবৎ-টন্ধার ভবট্টনার, তদ্-টীকা তট্টীকা, জগৎ-ঠাকুর জগট্ঠাকুর, এতদ্-ঠকুর এতট্ঠকুর, শরদ্-ডিগুম শরডডিগুম, নদৎ-চক্কা নদড্টকা।

৩৯। মূর্দ্ধন্য বকারের পরন্থিত ত ছানে ট ও থ ছানে ঠ হয় । যথা, আরুষ্-ত আরুফ, বষ্-থ ষষ্ঠ, প্রতিষ্-পা প্রতিষ্ঠা, যুধিষ্-থির যুধিষ্ঠির।

৪০। ল পরে থাকিলে ত ও দ ছানে ল হয়।
 এথা, রহৎ-ললাট রহললাট, সম্পদ্-লাভ সম্পলাভ।

৪১। দস্তা নকার [১.] শব্দের অস্তস্থিত হইলে, উহার লোপ হয়। যথাঃ দামন্-উদর দামোদর, রাজন্-ধর্ম রাজধর্ম, গুণিন্-আদর গুণ্যাদর, আগামিন্-উৎসব আগাম্যুৎসব।

৪২। চ কিয়া জকারের পর দন্তান থাকিলে ন ছানে এ হয়। যথা, যাচ্-না যাচ্ঞা, যজ-্ন যজ্ঞ, রাজ্-নী রাজ্ঞী।

⁽১) অহন্ শ্ৰের ন স্থানে বিসর্গ হয়। ধধা, অহন ু-রাত্র অহোঁ রাত্ত, অহন, –পতি অহস্পতি।

• ৪৩। যদি অন্তঃছ বর্ণ অথবা উশ্ববর্ণ পরে থাকে, মহানে অনুসার হয়। যথা, সম্-যম সংযম, সম্-রন্ত সংরন্ত, স্বয়ম্-লক্ষ স্বয়ংলক্ষ, সম্-হার সংহার, সম্-শয় সংশয়, সার্যা-স্থা সায়ংস্থা।

৪৪। যে বর্গারবর্ণ পরে থাকে, মকারের স্থানে (১) সেইবর্গের পঞ্চমবর্ণ হয়। যথা, শম্-কর শঙ্কর, সম্-জয় সঞ্জয়, সায়ম্-ডিণ্ডিম সায়ণ্ডিণ্ডিম, সম্-ধ্যা সক্ষা।

৪৫। ক খ ত থ প ফ শ দ পরে থাকিলে দ স্থানে ত হয়। যথা, শরদ্-কাল শরৎকাল, তদ্-কল তৎকল।

৪৬। যদি স্বরবর্গ, বর্গের তৃতীয় বা চতুর্থবর্গ (২) অন্তঃশ্বর্থ কিয়া হকার পরে থাকে, বর্গের প্রথমবর্ণ স্থানে বর্গের তৃতীয় বর্ণ ইয়। যথা, বাক্-ঈশ বাগাশ, দিক্-জয় দিগ্জয়, ষট্-বর্গ ষড্বর্গ, পঠৎ-দশা পঠদদশা, অপ্-জ অজ্ঞ।

89 । यनि न किसा म পরে থাকে বর্গীর প্রথম বর্ণ

^() कथन कथन विकटल हम् । यथा, मः था। मधाा, नः घ न ६ य।

⁽२) क व क ह न এवः इ शत शांकित कवात छात कि कि काम इस, इंकि-शूर्टवंडे निर्फण कहांगियाह ।

ছোনে বর্গীয় পঞ্ম (১) বা তৃতীয় বর্ণ হয়। যথঃ; দিক্-নাগ দিঙ্নাগ, দিয়াগ; মধুলিট্-মধু মধুলিণ্মধু বা মধুলিড্মধু; অপ্-নদী অমদী বা অব্নদী।

৪৮। ব্যঞ্জনবর্গ পরে থাকিলে ধ স্থানে এই । বথা, ক্ষুধ্-পিপাদা কুৎপিপাদা। এই ধজাত তকার স্থানে পূর্ব্বোক্ত নিয়ম অসুদারে চ, দ, নকার প্রভৃতি আদেশ হইতে পারে। যথা, কুধ্-চিন্তা কুচিন্তা, কুধ্-বোধ কুদোধ, কুধ্-নির্ভি; কুরির্ভি ; কুধ্-শান্তি কুচ্ছান্তি, কুধ্-নয় কুলায়।

৪৯। স্বরবর্ণের পরস্থিত ছ ছানে চছ হয়। যথা, রক্ষ-ছায়া রক্ষচ্ছায়া; মুনি-ছাত্র মুনিচ্ছাত্র।

৫০। উৎ উপদর্গের পর স্থাধারু স্থানে ধা হয়

এবং সং ও পরি উপদর্গের পর রুধারু স্থানে স্কৃ

হয়। যথা, উৎ-স্থান উত্থান, সম্-ক্লত সংস্কৃত, পরিকার পরিস্কার।

৫১। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে, অথবা কোন বর্ণ পরে না থাকিলে দন্ত্য দ ও র ছানে বিদর্গ হয়। যথা, পুনর্-পুনর্ পুনঃপুনঃ, মনদ্-পূত মনঃপুত, অন্ত-তদ্ অন্ততঃ, প্রাতর্-সন্ধ্যা, প্রাতঃসন্ধা।

⁽১) মাত্র কিমা ময় প্রত্যয় পরে থাকিলে কেবল পঞ্চার্ণই হল্প। যথা, বাক্-ময় বাঙ্ময়, অপ্-মাত্র অকাত্র।

'৫২। বিদ্দানের স ছানে দ হয়। যথা, বিদ্দান্য বিদ্দান, বিদ্দানয় বিদ্দানয়, বিদ্দান সভা বিদ্ধ-সভা।

৫৩। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে দিব্ শব্দের ব স্থানে উহয়। দিব্-লোক হ্যালোক।

৫৪। পুমন্ শব্দের নকারের লোপ হয়। পুম্ন-বাজ পুংবাজ, পুম্ন্ধন পুংধন। স্বরবর্ত্ত ক খ, চ ছ, ট ঠ, ত থ, প ফ, পরে থাকিলে, হয় না। যথা, পুম্ন্ কোকিল পুংকোকিল, পুম্ন চটক পুংশ্চটক, পুম্ন্ তরক্ষু পুংস্তরক্ষু, পুমন্ পক্ষী পুংশ্পক্ষী।

৫৫। চ কিয়া ছ পরে থাকিলে বিদগ স্থানে তালর শ হয়, ট কিয়া ঠ পরে থাকিলে মূর্দ্ধন্য ষ হয় এবং ত কিয়া থ পরে থাকিলে, দস্ত্য দ হয়। যথা, নিঃ চয় নিশ্চয়, প্রাতঃ ছবি প্রাতশ্ছবি, ধনুঃ টীস্কার ধনুষ্টকার, অন্তঃ ঠক অন্তর্গুক, হঃ-তর তুজর, পুনঃ-বুৎকার পুনস্থ ৎকার।

৫৬। ক থ প ক পরে থাকিলে বিদর্গ ছানে প্রায়ই দন্ত্য দ (১) হয় (২)। যথা, নিঃ-কাম

^{(&}gt;) যথবিধি অনুসারে ঐ স মুর্জন্য হইতে পারে।

⁽२) कान कान ऋल विकास हम । यथा. प्रःथ, पूर-थ ।

নিকাম, বহিঃ-কার বহিকার, আবিঃ-ক্রিয়া আবিক্রিয়া, হঃ -কর হক্ষর, চতুঃ-পথ চতুষ্পথ, নমঃ-কার
নম-কার, পুরঃ-কার পুরকার, তিরঃ-কার তিরক্ষার,
শ্রেয়ঃ-কর শ্রেমকর, অয়ঃ-কান্ত অয়কান্ত, মনঃ-কাম
মনকাম, ভাঃ-কর ভাক্ষর, বাচঃ-পতি বাচস্পতি.
অহঃ-কর অহক্ষর, ভাতুঃ-পুত্র ভাতৃষ্পুত্র, ভাতুঃকন্যা ভাতুক্ষন্যা।

৫৭। অকার, বগের তৃতীয়, চতুর্থ ও পঞ্চমবর্ণ, অন্তঃস্থবর্ণ অথবা হকার পরে থাকিলে, অকার ও পরবর্তী বিদর্গের স্থানে ওকার হয়। ওকারের পর অকার থাকিলে উহার লোপ হয়। যথা, মনঃ-অভীষ্ট মনোভীষ্ট, বয়ঃ-রৃদ্ধি ব্যোর্দ্ধি, ওজঃ-গুণ ওজোগুণ।

৫৮। স্বরণ, বর্গের তৃতীয় চতুর্থ ও পঞ্চমবর্ণ, অন্তঃ ছবর্ণ অথবা হকার পরে থাকিলে, অকারের পর ছিত রজাতবিদগ ছানে র হয়। যথা; পুনঃ-দান পুনর্দ্দান, অন্তঃ-মনাঃ অন্তর্মনাঃ, প্রাতঃ-উদয় প্রাত-রুদয়, স্থা-লোক স্বর্লে কি, অহঃ-মান (১) অহ্মান।

৫৯। পূর্ব্বোক্ত বর্ণ সকল পরে থাকিলে অবর্ণ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসগের স্থানে র হয়। যথা,

১) রাত্রি শব্দ পরে থাকিলে আছঃ শব্দের বিদর্গ ও তৎপূর্কাবন্তী

অবার এই উভয় বর্ণ স্থানে ওকার হয়। য়থা, আহঃ রাত্র অহোরাত্র।

হঃ-আকাজ্যা হ্রাকাজ্যা, নিঃ-জল নিজল, চতুঃ-ভুজ্ চতুর্ভুজ। (২)

৬০। র পরে থাকিলে বিদর্গজাত রকারের লোপ হয়, ও বিদর্গের পূর্বস্থিত স্বর দীঘ হয়। যথা, চতুঃ-রাত্র চতুরাত্র। নিঃ-রোগ নীরোগ, নিঃ-রব নীরব। ৬১। ছ পরে থাকিলে বিকল্পে বিদর্গের লোপ হয়। যথা, হঃ-ছ, হন্ত হঃছ।

নিপাতন।

যে সকল পদ ব্যাকরণোক্ত লক্ষণ দারা সিদ্ধ না হয়, তাহণ নিপাতনে সিদ্ধ । নিপাতনে স্থলবিশেষে ত্তন বর্ণাগম, বর্ণ-বিপর্যয়, বর্ণবিকার, অথবা বর্ণলোপ হয় । যথা, বর্ণাগম—বিশ্ব-মিত্র বিশ্বামিত্র, প্রায়-চিত্ত প্রায়্মিন্তত্ত, বন-পতি বনস্পতি, অমর-বতী অমরাবতী, দার-বতী দারাবতী, পর-পর পরস্পর বা পরস্পরা, গো-অক্ষ গবাক্ষ, হয়ি-চন্দ্র হয়িকন্দ্র, গো-পদ গোস্পদ, আ-পদ আস্পদ, আ-চর্য্য আক্ষর্য । বর্ণবিপ্রয়—হিংস সিংছ । বর্ণবিকার—কালী-দাস কালিদাস, অ-ঈর স্বৈর, অক্ষ-উহিনী অক্ষেহিনী, প্র-উচ্ প্রেচ্চ, অন্য-অন্য অনোন্য, তদ্-কর তক্ষর, বৃহৎ-পতি বৃহস্পতি। বর্ণলোপ—সীম-অন্ত

⁽ ২) চতু ইয়, জ্যোতি ইোম প্রভৃতি পদে বিসর্গস্থানে রকার হয় ন।।

সীমন্ত, সার-অঙ্গ সারল, কুল-অটা কুলটা, পতং-অঞ্জলি পতঞ্জলি, মন্স-ঈষা মনীষা।

ণত্ববিধি।

৬২। ঋ, র, মূর্দ্ধন্য ষ এই তিন বর্ণের পর দন্তা ন থাকিলে, মূর্দ্ধন্য হয়। মথা, ঋণ, পূর্ণ, কৃষ্ণ, তৃণিডাড. কর্ণেল ইত্যাদি।

৬৩। ন পদের অস্তে থাকিলে, হয় না। যথা, হে উপকারিন,, হে মনোহারিন,, হে পুষন্।

৬৪। যদি শ্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য, হ ও অনুস্থার ব্যবধানে থাকে, তাহা হইলেও দস্তান মূর্দ্ধন্য হয়। বথা, করণ, হরিণ, প্রমাণ, নির্যাণ, মার্গণ, রংহণ, কেরাণি, লোরেণ, মার্কিণ, ইম্পাহাণ, জন্মণি, ফুাণ্স।

৬৫। উপরি উক্ত ভিন্ন বর্ণ বব্যধানে, হয় না। যথা, অচ্চ না, মূর্চ্ছ না, বিসর্জ্জন, বর্জন, স্পার্শন, রসনা।

৬৬। ত, থ, দ অথবাধ যুক্তন মূর্দ্ধন্য হয় না। যথা, ভ্রান্ত, প্রস্থন, রৃদ্দ, রহ্মন।

যদি এক পদে ঋ র কিন্তা ব, ও অন্য পদে ন থাকে, ন মূর্দ্ধন্য হয় না। যথা, নরযান, তিনেত্র, বৃষবাহন, কর্ত্নন্দন।

কিন্তু যদি অন্যপদস্থিত ন ব্রীনিঙ্গবিহিত ঈ যুক্ত থাকে,

বিক্লে মূর্জনা হয় (১)। যথা, দগরযায়িণী নগার্যায়িনী, বিষশায়িণী বিষশায়িনী, ছহিত্বায়িণী ছহিত্বায়িনী।

ধাতুর পূর্ব্বে প্র, পরা, পরি, নির্ এই চারি উপসর্গ অথবা অন্তর্শক থাকিলে, কং প্রত্যয়ের ন মূর্দ্ধন্য হয় (১)। যথা, প্রয়াণ, পরিহীণ, প্রবহমাণ, প্রাপনীয়, অন্তর্যাণ, নির্যাণ, প্রাহনণ।

রং প্রভারের ন ব্যঞ্জনবর্ণে মিলিড হুইলে, মূর্জন্য হয় না।
যথা, পরিভগ্ন, প্রমন্ত্র, নির্বিগ্ন।

আখ্যাত (২) প্রত্যয়ের ন মূর্দ্ধনা হয় না। বধা, ধরেন, শোবেন, করুন ইত্যাদি।

নিপাতন।

নিম্নলিখিত শব্দের ন নিপাতনে মূর্দ্ধন্য হয়। শরবণ, ইক্ষুবণ, আত্রবণ, খদিরবণ, অন্তর্বণ। পরায়ণ, পারায়ণ, উত্তরায়ণ, চন্দ্রায়ণ, নারায়ণ রামায়ণ। আমণা, শূর্পণখা। প্রণাম, পরিণাম, পরিণাহ, পরিণয়, নির্ণয়, প্রণয়, প্রণব, প্রাণ। প্রণিপাত, প্রণিধান, পরিণির্মাণ। গিরিণদী, স্বর্ণদী।

স্বাভাবিক মূর্দ্ধন্য গ।

हेदर्शाद शृंद्ध श्राचा वा शांक। यथा, कचेक,

⁽১) ভগিনী, কামিনী, ভামিনী, ঘামিনীপ্রভৃতি কতকগুলি শব্দের ন মুদ্দির হয় না। যথা, পিতৃভগিনী, হ্রকামিনী, প্রভামিনী ঘোর্যামিনী।

⁽১) ভু, পূ, কম, গম, বেপ, কম্প এই সকল ধাতুর উত্তর বিহিত কং প্রভারের ন মুর্জন্য হয় না। পরাভবনীয়া, পরিপাবন, অ্ভঃকমনীয়া, নির্মনন, পরিবেশন, প্রকম্পন।

⁽২) ধাতুর উত্তর বিহিত কাল ও পুরুষবাচক প্রভায়।

नूर्धन, मख, क्षूत्र, शिक्षा, ब्रूथुन्। এত सित्र कन, कान, रान, शन, दिन्, वीना, शन, मन, त्नानिक, खन्, कनान, मनि, कन देउानि मत्कृत न स्कारकः पूर्वना।

বছবিধি |

৬१। **অ আ তির স্বর্বণ, কও র, এই দকল বর্ণের** পর পদমধ্যস্থিত ক্বত (১) দন্তা দকার মূর্দ্ধনা হয়। ষধা । জিজীবিষা, চিকীর্ষা, বিজেষ্যমান, ঐচরণেষু, নিকাম, হৃষ্পু তিবিধের। দাৎ প্রত্যয়ের দ মূর্দ্ধনা হয় না । যথা, অগ্নিদাৎ, ভূমিদাৎ।

উপসর্গের ই বা উকারের পরবর্ত্তী স্থ, স্থা, সেনি, সিধ, সিচ, সঞ্জ, সদ, এই সকল ধাতুর স মূর্দ্ধন্য হয়। যথা, অভিষব, প্রতিষ্ঠা, নিষ্ঠা, অমুষ্ঠান, অভিষেগন, নিষেধ, প্রভিবেধ, অভি-ষেচন, নিষক্ষ, বিষাদ, নিষাদ।

নিপাতন।

নিম্ন লিখিত শব্দগুলির অন্তর্গত ব নিপাতনে সিদ্ধ। নিষে-বণ, পরিষ্কার, পরিষ্কৃত বিষ্কন্ত, সুরুপ্তি, প্রোষিত। সুষম, বিষম। গোর্চ, ভূমির্চ, রুধিন্তির, মাভূষসা, পিভৃষসা (২)।

⁽১) প্রভারের স ও বিদর্গস্থানে জ্বাভ স।

⁽২) অপুক সমাসে বিকল্পে মূর্ছনা ব হয়। মাতুঃখস। মাতুঃখবসা, পিতুঃখসা পিতুঃখবখা ।

স্বাভাবিক মূর্দ্ধন্য ষ।

টবর্গের পূর্ব্বে স্বভাবতঃই মূর্দ্ধন্য ব থাকে। যথা, ব্রিষ্টেল, ইফ্টাম্পা, রেজিফারি, মেজেফর। এতদ্কির বিষ, দূষ, শিষ, স্তোব, ভূব, তুব, এই সকল প্রকৃতির ব স্বভাবতঃ মূর্দ্ধন্য।

যে সকল শব্দ সংস্কৃতমূলক নহে, তাহাদের স, অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত হইলেই [১] মূর্দ্ধনা হয়। যথা, কাবেণ্ডিষ, ব্রিটিষ, কর্ণ গুয়ালিয়, গুয়েলেষলি ইত্যাদি।

দস্তা স অন্যবর্ণের পরস্থিত হইলে মুর্দ্ধন্য হয় না। যথা, কোর্স্ ডেক্স, বাক্স।

অধবা তবর্গ যুক্ত হইলেও মূর্দ্ধন্য হয় না। যথা, সেরিস্তাদার, তুর্কিস্থান, আফগানিস্থান, দোন্তমহম্মুদ, বেলুচিস্থান, চোন্ত।

তৃতীয় পরিচ্ছেদ।

শব্দ প্রকরণ ।

৬৮। শব্দ ছই প্রকার; ব্যস্ত ও সমস্ত। যথা; ব্যস্ত—মনুষ্য, গো, লতা, রক্ষ ইত্যাদি। সমস্ত—রাম-লক্ষ্মণ, নীলাম্বর, পুরুষোত্তম ইত্যাদি। সমস্ত শব্দ-সমাস প্রকরণে নির্বাচিত হইবেক।

৬৯। শব্দের উত্তর চারি প্রকার প্রত্যয় [২] বিহিত হয়। যথা; বিভক্তি, স্ত্রীপ্রত্যয়, তদ্ধিত প্রত্যয়

^{(&}gt;) >> शृक्षोत्र वर्शनशरवांग सन्ध।

⁽২)। বিশেষ বিশেষ অর্থে প্রকৃতির উত্তর বাহা বিহিত হয়, তাহাকে প্রত্যয় বলে।

ও লিধুপ্রতায়। তদ্ধিতপ্রতায় তদ্ধিত-প্রকরণে ও লিধুপ্রতায় ধাতু-প্রকরণে নিরূপিত হইবেক।

৭০। শব্দের উত্তর কে রে এ তে প্রভৃতি এবং ধারুর উত্তর ই, ইলাম, ইৰ, ইত প্রভৃতি প্রত্যয় হয়; এই দকল প্রত্যয়কে বিভক্তি বলে।

৭১। শব্দ দকল প্রয়োগযোগ্য হইলে উহাদিগকে
পদ বলে। পদ পাঁচ প্রকার, বিশেষ্য, বিশেষণ, দর্মনাম, অব্যয় এবং ক্রিয়া। ইহাদের মধ্যে বিশেষ্য,
দর্মনাম ও ক্রিয়াপদ বিভক্তিযুক্ত হইরাই প্রযুক্ত
হয়; কিন্তু বিশেষণ ও অব্যয়শক বিভক্তিযুক্ত
না হইয়াই দচরাচর ব্যবহৃত হইয়া থাকে। ক্রিয়া
ধাতৃপ্রকরণে নির্বাচিত হইবেক।

विद्रशंशा।

৭২। যে শব্দ দ্বারা জাতি, গুণ, ক্রিয়া, দ্ব্য, অথবা ব্যক্তি বুঝার, তাহাকে বিশেষ্য বলে। যথা, জাতি—মনুষ্য, গো, ত্রাহ্মণ; গুণ—গুরুতা, মৃহতা, শেত; ক্রিয়া—গ্রন, শরন, বহন; দ্ব্য—জল, কলন, ঘট, পিতল; ব্যক্তি—রাম, গোপাল, শ্রাম ইত্যাদি।

বিশেষ্যের লিঞ্চ, বচন, পুরুষ ও কারক আছে।

[29]

লিক ও স্ত্রীপ্রতার।

৭৩। বাঙ্গালা ভাষায় লিঙ্গ হই প্রকার, পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

৭৪। যে সকল শব্দ [১] স্ত্রীবোধক, তাহারা স্ত্রী-লিঙ্গ। যথা, মাত্র্যী, ত্রাহ্মণী, মৃগী, হংসী ইত্যাদি। ৭৫। যে সকল পদার্থে স্ত্রীত্বের আরোপ হয়. তদ্বাচক শব্দও স্ত্রীলিঙ্গ। যথা, রাত্রি, বিদ্যুত, লতা,

পৃথিবী, নদী ইত্যাদি।

৭৬। এতন্তির শ্রেণি, শোভা, দেনা, তিথি ও মনোরতি প্রভৃতি বোধক শব্দ এবং তিপ্রত্যরাস্ত, আকারাস্ত ও ঈকারান্ত সংস্কৃত শব্দ সকল প্রায় স্ত্রীলিঙ্গ হইয়া থাকে।

৭৭। পুংবোধক হইলেই যে শব্দ পুংলিঙ্গ হয়, এরূপ নহে। উপরি নির্দিষ্ট জীলিঙ্গ শব্দ ভির্ যাবতীয় শব্দ পুংলিঙ্গ বলিয়া প্রিগণিত হইয়া থাকে।

৭৮। অকারাস্ত শব্দের উত্তর স্ত্রীলিকে আ হয়। যথাঃ রুশা, দীনা, প্রবলা, প্রিয়া, দক্ষিণা, মনোহরা, অনুকূলা ইত্যাদি।

^{(&}gt;) मात्, कनळ शक्ति भक्त खोबाठक हरेल ও পूर्शनण।

৭৯। আ প্রত্যয় পরে থাকিলে আক প্রত্যয়ের অকার ছানে ইকার হয়। যথা, নায়িকা, দাধিকা, প্রাপিকা।

৮০। ন্ত্রীলিঙ্গে বিহিত ঈ প্রত্যয় পরে থাকিলে অস্তস্থিত অবর্ণের লোপ হয়।

৮১। জাতিবাচক অকারাস্ত শব্দের (১) উঠের ঈ হয়। যথা, দিংহী, মৃগী, মানুষী, ত্রাহ্মণী, রাহ্মণী, পিশাচী।

৮২। বহুত্রীহিদমাদে (২) অবয়ববাচক (৩) শব্দের উত্তর বিকম্পে ঈ হয়। যথা, সুমুখী সুমুখা, সুকেশী সুকেশা, তাত্রনধী তাত্রনধা।

৮৩। উদর ও নাদিকা শব্দ ভিন্ন ছয়ের অধিক স্বরবর্ণবিশিষ্ট যে অবয়ববাচক শব্দ, উহার উত্তর ঈ হয় না। যথা, মৃগনয়না, চক্রবদনা,চারুদশনা, লোলয়মনা। কিন্তু ক্শোদরী ও কৃশোদরা, দীর্ঘনাসিকী ও দীর্ঘ-নাসিকা এরূপ হুই হুই পদ সিদ্ধ হুইবে।

⁽১) অজা, কোকিলা, চটকা, ক্রোণা, অখা, মুষিকা, বলাকা, ৰক্ষিকা পুষ্টিকা, বর্জিকা, বালা, বংসা, সন্দা, জোগ্না, কলিষ্ঠা, গুদ্রা, ক্রিয়া, বৈশ্যা ইত্যাদি শব্দের হয় নধা

⁽২) ন, সহ ও বিদ্যান শব্দের সহিত সমাস হইলে ঈ হয় না। থথা, অংকশা, সন্থা, বিদ্যানকরা।

⁽৩) পুরু, নেত্র, জিহ্বা, ঋগ্রু, মুগু, তুও, ক্রোড়, খুর, শিখা, শফ প্রভৃতি শব্দের উত্তর হয় না। যথা. যিনেক্রা, বিজিহ্বা ইত্যাদি।

্চঃ। ঋকারান্ত (১), নকারান্ত (২) ও অএভা-গান্ত শব্দের উত্তর ঈ হয়। যথা, ঋকারান্ত—দাত্রী, কভ্রী; নকারান্ত—রাজ্ঞী (৩), গুণিনী, গামিনী, মেধাবিনী; অএভাগান্ত—মহতী, ভবতী, গুণবতী, শ্রীমতী, ভবিষ্যতী, শ্বলন্তী, লিখন্ডী [৪]।

৮৫। ময়, দৃশ, চয়, ও কয় ভাগান্ত শব্দেয় উত্তর

ঈ য়য়। য়থা, হিরপ্রয়ী, তাদৃশী, নিশাচয়ী, স্কয়ী।
৮৬। অপত্যার্থক প্রত্যয়নিষ্পন্ন (৫) শব্দ, পূরণবাচকশব্দ, (৬) ও ঈয়স্প্রত্যয়ান্ত শব্দেয় উত্তর ঈ
য়য়। য়থা, গালেয়য়ী, মায়বী, দাক্ষায়ণী, রাবণী, কাশ্যপী,
রাঘবী, বৈয়াতুয়ী, পোরাণিকী, মীমাংসকী, পারাশরী, দোরী; পঞ্চমী, একাদশী, শতত্মী; লঘীয়সী,
মহীয়সী।

⁽১) অস্থ, মাতৃ, তুহিছু, ননন্ত বামাতৃ শব্ধ ভিন্ন বৰা, অসা, মাতা ইত্যাদি।

⁽২) মন্ভাগাত শব্দ ও বছত্রীইসমাসে স্থিত অন্ভাগাত শব্দের উত্তর ঈহল্পনা। যথা, সীমা, স্থদামা, মহিমা, বছপর্কা, স্তরাজা, দৃচ্বর্মা, ইড্যাদি।

⁽ ७) ঈ প্রভায় পরে থাকিলে অনের অকারের লোপ হয়।

⁽s) জীলিলে বিহিত ঈ প্রতায় পরে থাকিলে অং প্রতায় স্থানে অন্ত হয়।

^() अनुष्ठार्थक क्षेत्रम अना अर्थ हरेल ७ में रुम्न। यथा, भी न्नाविकी,

⁽৬)পূরণবাচকের মধ্যে প্রথম, দিজীয় ও তৃতীয় শ্বের ইতর ই হয় না।

৮৭। হ্রস্থ ইকারান্ত শব্দের উত্তর বিকল্পে ঈ হর।
যথা, রাজী রাজি, শ্রেণী শ্রেণি, আবলী আবলি
ইত্যাদি। কিন্তু তিপ্রত্যয়ান্ত শব্দের উত্তর ঈ হয় না।
যথা, মতি, বুদ্ধি, ম্লানি, মুানি।

৮৮। উকারান্ত শব্দের উত্তর দীর্ঘ উ হয়। যথা, অলাব্, কর্কক্স, পঙ্গু, রন্তোরা, করভোরা। কতকগুলির উত্তর বিকশ্পে হয়। যথা, তনু তন্তু, চঞ্চু চঞ্চু বামোর বামোরা। রজ্জু প্রভৃতির হয় না। যথা। রক্জু,ধেনু, কমগুলু।

৮৯। ব্রহ্মন্, রুদু, ভব, দর্ম্, মৃড়, ইন্দ্র, বরুণ এই
করেক শব্দের উত্তর নিত্য, এবং মাতুল, উপাধ্যায়,
আচার্য্য শব্দের উত্তর বিকশ্পে আনী হয়।
যথা, ব্রহ্মাণী, রুদুণণী, ভবানী, দর্মণী, মৃড়ানী,
ইন্দ্রাণী, বরুণানী। মাতুলানী মাতুলী, উপাধ্যায়ানী উপধ্যায়া, ক্ষত্রিয়াণী ক্ষত্রিয়া, আচার্য্যানী
আচার্য্যা।

নিপাতন।

নিম্নলিখিত শব্দগুলি নিপাতনে সিদ্ধ হয় ৷—
নদী, সখী, সপত্মী, নগরী, পুরী, তব্দণী, গোরী, কবরী,
পিতামহী, মাতামহী, পুত্রী, কালী, তটী, বটী, বেতদী, পটী,
কামুকী, তহী, মগুলী, পুনরী, দোণী, দেবী, নদী, সুচী,

ছুলী, 'নীলী, কুমারী, 'কিশোরী, বিকলী, বুবতী বা যূনী, ছয়ী, জয়ী, চতুক্ট্রী, জিপদী, স্মদতী, বিছ্বী।

নিতা জীলিল।

হরীতকী, আমলকী, যূখী, অতসী, মালতী, পুনর্গবা, দূর্ব্বা, গোধা, শল্পকী, ইত্যাদি।

বাঙ্গালা স্ত্রীপ্রত্যয়।

৯০। বাঙ্গালাভাষায় তিন প্রকারে জীলিঙ্গ স্থাচিত হয়। প্রত্যয় দ্বারা, উপপদ দ্বারা ও ভিন্নাকার শব্দ দ্বারা। প্রত্যয় দ্বারা যথা—

৯১। মহুষ্য ভিন্ন প্রাণিবাচক শব্দের উর্ত্তর ঈ হয়। যথা, যোড়ী, ভেড়ী, পাঁটী, বাঘী, ছাগী ইত্যাদি।

৯২। নম্পর্ক ও বয়দের পরিমাণ বুঝাইতে ঈ হয়। মামী, খুড়া, কাকী, জেসী, পিদী, মাদী; বুড়ী, ছুঁড়ী, ছুকরী, মাগী।

১৩। মহ্য্সংক্রান্ত জাতিবাচক শব্দের উত্তর নী হয় (১)। এবং মী পরে থাকিলে পূর্ববন্তী অকা-রের লোপ হয়। যথা, চাঁড়াল্নী, কুমার্নী, কামার্নী, কলুনী, ধোপানী, হাড়িনী, কাওরানী, মোগল্নী। কিন্তু যে সকল শব্দের উপাত্তে ন আছে,

⁽১,) মোগলানী, ঠাকুরাণী, হাতিনী, পাগলিনী, চণ্ডালিনী নাগিনী, বাছিনী, নাঞ্জিনী, চাডকিনী, সাপিনী, এই কয়েক পদ নিপাতনে সিজ।

উহাদের উত্তর नो ना হইয়া ঈ হয় i যথা, পাঠানী,
য়ুষলমানী, খুটোনী।

৯৪। যদি অকারান্ত শব্দের অস্ত্য অকার স্পায়-রূপে উচ্চারিত হয়, প্রাণিবাচক শব্দের উত্তর ইনী হয়। যথাঃ কৈবর্তিনী, দত্তিনী, বৈদ্যিনী, কায়স্থিনী।

সম্ভ প্রত্যরাম্ভশন্দ ব্যক্তিবোধক হইয়া, যদি বিশেষারূপে প্রযুক্ত হয়, তবে উহার উত্তর ক্রীলিঙ্গে ঈ হয়। যথা, দেখন্তীর লাজ; দাজন্তীর দাজ।

কিন্ত বিশেষণক্রপে ব্যবহৃত হইলে, ঈ হয় না।
নথা, স্থলন্ত চিতা, জীয়ন্ত দিংহী।

উপপদ দারা যথা:-

মর্ব্যতির প্রাণিবাচক শব্দের জ্রীলিঙ্গ জ্রী, মাদি অথবা মেরে এই উপপদ দার। স্থাতিত হইরা থাকে (১)। যথা জ্রীচিল, জ্রীশশাক, স্ত্রীশকুনি। মাদিকোকিল, মাদিঘোঁড়া, মাদিচড়াই, মাদিহাঁন। মেরেকুকুর, মেরেহরিণ।

ভিন্নাকার শব্দ দ্বারা—

আজ্ঞা-আই, বলদ-নাই, পুৰুষ-ক্ৰী, ভক-শারী, বর-কনে, পুত্ৰ-বধু বা কন্যা, ছেলে-মেরে, বাপ-মা, ছোলা-মাচী।

^{(&}gt;) এইরপ পুংস ও মুর্দা শব্দ ছারা কুল প্রাণিবাচক শব্দের পুংলিল রুঝাইয়াথাকে। যথা; পুংকোকিল, পুংমগুর, পুংম্গ! মর্দা-কুলুর মর্দা-বাচ্ছা, মর্দা-বির্লি।

वहन-मश्था।

৯৫। বান্ধালা ভাষায় হই প্রকার বচন আছে. একবচন ও বহুবচন।

৯৬। শব্দের স্বা ভাবিক রূপ দারা এবং কে, রে র,এ, য়, তে এই কয়েক প্রত্যয় দারা একত্ব দংখ্যা প্রকাশ পায়। যথা, বিদান লোক। পৃথিবী অচলা। রামকে ডাক। তাহারে দেও। কর্তার ইচ্ছা। লোভে পাপ। টাকায় কুল। শোকেতে ব্যাকুল। দারা, দিয়া, করিয়া, কর্ত্তক, হইতে, থেকে, অপেকা প্রভৃতি বিভিক্তিপ্রতিরূপক অবয় দারাও একত্ব-দংখ্যা প্রতীত হয়। যথা, বাণদারা আহত হইয়াছে, তীর দিয়া যাইতেছি, নোকা করিয়া আন, হরি কর্ত্তক গৃহীত, বাগান থেকে আন, রক্ষ হইতে পতিত, বক্ষ অপেকা শুক্ল।

৯৭। রা, দিগকে, দিগের, দের, এই চারি
বিভক্তি দারা এবং গুলি গুলা গণ বগ সকল
সমস্ত সব সমুদার জাতি যুথ সমূহ পটল মগুল
মগুলী যাবতীর তাবং প্রভৃতি গণবাচক শব্দদারা
বহুত্ব সংখ্যা প্রকাশ পায়। যথা, মুখেরা কিনা
বলে। স্থানাদিগকৈ বল। তাহাদিগের বা তাহাদের

ভাল হউক। পুস্তকগুলি আন। দোয়াতগুলি কোথায়। বুাহ্মণগণ উপস্থিত। লোক দকল কি করিতেছে।

একজাতীয় সমুদায় বস্তু বুঝাইতে এক বচন হয়। বংগা, পুশা জাত উপাদেয় বস্তু। আত্র অত্যন্ত স্থাত্ন ফল। কিন্তু এক জাতীয় সমুদায় সজীব বস্তু বুঝাইতে উভয় বচনই হইয়া খাকে। যথা, বর্ষাকালে ব্যান্ধ বা ব্যান্ধেরা ডাকে। অশ্ব বা অশ্বরণা অতি উৎক্লফ জন্তু। বসস্তে কোকিল বা কোকিলগণ গান করে। পক্ষী বা পক্ষিজাতি দেখিতে স্থার। জলের অভিবেচনে তক্ষ বা তক্ষণণ মঞ্জুরিত হয়।

সংখ্যাবাচক ও গণবাচক শব্দের যোগে বহুবচনের বিভক্তি হয় না। যখা, তুইটা মৃগ। এক শত পুস্তক। হাজার লোক। ব্রাহ্মণগণ আসিতেছেন; সকল লোকের দয়া হইল; তাবৎ ছাত্রকে পারিতোধিক দিল। '

সঞ্জা-বাচক (১) শব্দ স্বভাবতঃ এক বচনান্ত ছইরা থাকে।
বথা—তাঁহার সৈন্য সত্তর অভিযান করিল; ব্রাহ্মণসভার
শোভা; তৃতীয় রেজিমেন্টকে সম্পূর্ণ পরাভূত করিল।

গোরব বা অনাদর বুঝাইতে বহুবচন হয়। যথা, গোরব—

ক্রিচরণের, সমীপের; মহাশরেরা এ বিষয় ভালই অবগত
আছেন। অনাদর—তাহাদের কথা কি বিশ্বাসের যোগ্য;

⁽১) এন্থনে সৈন্যের।, সভাদিগের, রেজিনেকদিগকে এরপ ক্ষৰে না। কিন্তু সংখ্বাচক শব্দের সভিত সমূহ বাচক শব্দ বাব-ক্লত চইতে পারে। য্বা, সৈন্যান, সভা সকল, তাবং রেজিনেক ইত্যাদি।

তাহাকে বিলক্ষণ জ্ঞানি, সেরূপ লোকের। না পারে এমন কর্ম নাই।

शूक्य।

১৮। পুরুষ তিবিধ; প্রথম পুরুষ, দিতীর বা মধ্যম পুরুষ ও তৃতীর পুরুষ। বজ্ঞা স্বরং প্রথম পুরুষ, সংঘাধ্য ব্যক্তি মধ্যম পুরুষ, আর যাহাকে উদ্দেশ করিয়া বাক্য প্রয়োগ হয়, সে তৃতীয় পুরুষ। যথা, আমি ইচ্ছা করি, তুমি পুস্তক লইরা শিক্ষকের নিকট যাইবে। এন্থলে আমি প্রথম পুরুষ, তুমি মধ্যম পুরুষ, এবং শিক্ষক তৃতীয় পুরুষ।

১৯। গোরব বুঝাইতে মধ্যম পুরুষ স্থানে তৃতীর পুরুষ হয়। যথা, আপনি অতি দদ্বিচক; মহাশঃ যাহা অনুমতি করিলেন; হুজুর হুকুম করিবেন; জীযুত যদি ভরদা দেন; ধর্মাবতার কি এই বিচার করিলেন?

১০০। বিনয় ও নির্বেদ বুঝাইতে প্রথম পুরুষ
স্থানে তৃতীয় পুরুষ হয়। যথা, বিনয়—প্রভো! এ
অকিঞ্চন যাহা বলিতেছে, শ্রবণ করুন। এ দীন হীন
কি আপনার মহিষা জানে না ? নির্বেদ—জ্বনি
বিশ্বভরে! বিদীণা হও, হঃখিনী দীতা তোমার গর্ডে

বিলীনা হউক। হা লক্ষ্মণ! রাম কি হঃখডোপার্থ শরীর ধারণ করিয়াছিল।

১০১। বক্তার নিজের নিদে বিষ বা পৌরুষ প্রকাশ করিতে হইলে, প্রথম পুরুষ স্থলে তৃতীয় পুরুষ হয়। যথা, রাজা কহিলেন, হয়ত গোপনে কোন কর্ম করে না। লক্ষ্মণ বলিলেন, অরে হ্য মেঘনাদ! তুই আজি অতিকায়-হন্তার বিক্রম অনুভব করিবি।

১০২। শ্লেষস্থলে অর্থাৎ ভদ্দীক্রমে ভৎ দনা বা গুণান্থবাদ করিতে হইলে, মধ্যম পুরুষ ও প্রথম পুক্ষ স্থলে তৃতীর পুরুষ হয়। যথা, মধ্যমপুরুষ স্থলে— ভবাদৃশ লোকের ক্রোধের বশ হওয়া উচিত নয়; দাধুলোকেরা পরের দোষ ব্যাখ্যা করিতে কুঠিত হন। প্রথম পুরুষস্থলে— এবংশে কখন ঈদৃশ কুলা-স্থার সন্তান জ্বামে নাই, যে তাহাকে উদরের অল্লের জন্য পরের দারস্থ হইতে হইবে; রঘুবং শীয়েরা কখন শক্রকে পৃষ্ঠ দেখান নাই। মাদৃশ লোকের সন্তোষ ভিন্ন আর কি সম্পত্তি আছে।

বিভক্তি ও কারক।

ু 🦫 । শব্দের উত্তর প্রথমা, বিতীয়া, তৃতীয়া

পঞ্চা, मछी ও मश्चमी এই ছয় বিভক্তি (১) হইরা খাকে।

বিভক্তি একবচন হুল্বচন প্রথম। • রা দ্বিতীয়া •, কে, রে, দিগকে, দের

তৃতীয়া দ্বারা, দিয়া, কর্তৃক মারফৎ, করিয়া,

পঞ্চমী হইতে, থেকে, অবধি, অপেন্ধা চেয়ে।

ষষ্ঠী র দিগের, দের সপ্তমী এ, য়, তে …

বান্ধালাভাষায় চতুর্থী বিভক্তি স্বীকার করা গোরবমাত্র। কিন্তু যে হেতু বান্ধালাভাষা সংস্কৃতমূলক, পঞ্চমীকে চতুর্থী,

^{(&}gt;) বালালা ভাষায় অনেক লংকৃত বিভক্তিৰুক্ত পদ প্ৰচলিত আছে। যথা, দৈবগতাা, অগাত্যা, তৎক্ষণাং, প্ৰমুখাং, অচিরাং, দৈবাং, হঠাং, অকমাং, অচিরায়, শর্মাণ্ড, দেবাঃ, দাসসা, কস্যাচিং, তব, মম, জীমজ্যাঃ, যথার্থবাদিনঃ, ভসা, প্রথমতঃ, ক্লাপি, সর্বদা, অনু, ইদানীং, তদানীং, কৃচিং, জীচরণেয়ু ইড্যাদি।

বন্ধীকে পঞ্চমী এবং সপ্তমীকে বন্ধী বলিলে, সমাসাদিছলে গোলবোগ ঘটিবে।

প্রথমার একবচনে সর্ব্বদা ও দ্বিতীয়ার এক বচনে সচরাচর কোন বিভক্তিচিত্র থাকে না।

প্রথম। ও বন্ধীর বহুবচনের বিভক্তি এবং দ্বিতীয়ার উজয় বচনের বিভক্তি কেবল ব্যক্তিবাচক ও সর্বনাম শব্দেরই উত্তর বিহিত হইয়া থাকে; নির্জীব বস্তুবাচক শব্দের উত্তর হয় না। কিন্তু উদ্দেশ্য কর্ম নির্জীব বস্তুবাচক হইলেও দ্বিতীয়ার একবচনান্ত হইয়া থাকে। যথা, কাঠকে নোকা কর, রজ্বকে সপ্রভান করে, জলকেই জীবন বলে।

তৃতীয়া, পঞ্চমী ও সপ্তমীর বছবচন নাই। গণবাচক শব্দ প্রয়োগ করিয়া, এই তিন বিভক্তির বছবচন প্রকাশ করা যায়। যথা, বালকগণদ্বারা, বালকগণ হইতে, বালকগণেতে। তৃতীয়া ও পঞ্চমীর বিভক্তি বস্তান্তপদের সংযোগেও বছবচন বুঝাইতে পারে। যথা, বালকদিগের দ্বারা, বালকদিগের ইউতে।

রা, রে,র, এবং তে এই চারি বিভক্তি পরে থাকিলে অকারান্ত ও হসন্ত শব্দের উত্তর এ হয়, এবং এই একার পরে অকারান্ত শব্দের অকারের লোপ হয়। যথা, লোকেরা, রামেরে, বিদ্বানের, পুস্তকেতে।

ছোট, বড় প্রভৃতি শব্দের উত্তর এই চারি বিভক্তির পরে একার আগাম হয় না। বখা, ছোটরা, বড়তে।

রা, রে, র, এবং তে এই চারি বিভক্তি পরে থাকিলে শব্দের অন্তা ইকার ও উকারের পরে য়ে আগম হয়। যথা, ভাইয়েরা, বউরেরা; লাউয়ের, বোম্বাইয়েতে। কিন্ত শব্দের অস্ত্য ই-কার বা উকার ব্যঞ্জনবর্ণের পরবর্তী ছইলে, হয় না। যথা, হরির, বিধুর ইত্যাদি।

১০৪। যে সমস্ত পদ ক্রিয়ার সহিত সাক্ষাৎ বা অসাক্ষাৎ সম্বন্ধে অহিত হয়, তাহাদিগকে কারক বলে। কারক অইবিধ ; যথা, কর্তা, সম্বোধন, কর্মা, করণ, অপাদান, সম্বন্ধ, অধিকরণ ও উপপদ। কর্তা, কর্মা, করণ, অপাদান, অধিকরণ ; এই পাঁচ প্রকার কারক ক্রিয়ার সহিত সাক্ষাৎসম্বন্ধে অহিত ; সমো-ধন, সম্বন্ধ ও উপপদ এই তিন কারক ক্রিয়ার সহিত অসাক্ষাৎ সম্বন্ধে অন্থিত।

প্রথমা-কর্ত্কারক।

১০৫। যাহার ক্রিয়া, দেই কর্ত্রণ (১); কর্ত্রায় (২)

উপরি উক্ত ভিন্ন অন্য প্রকার ধাতৃর প্রযোজ্য কর্তায় দিতীয়া হয়, অথবা উহার উত্তর তৃতীয়া বিভক্তির প্রতিরূপক দিয়া অব্যয় হয়। যথা, তাহাকে ব৷ তাহাকে দিয়া একথা বলাও, তাহাকে বা তাহাকে দিয়া ভাত খাওয়াও, তাহাকে বা তাহাকে দিয়া পুস্তক লিখাও।

সকর্মক ধাতু অকন্ম করপে ব্যবহৃত হইলে, প্রবোজ্যকর্তায় দ্বিতীয়াই হয়। যথা, তাহাকে বলাও, তাহাকে লিখাও, তাহাকে ধরাও।

প্রবোজ্য কর্ত্ত। অনেক স্থলে উচ্য থাকে। যথা, পুস্তক দেখাও, বল দেখাও, লাটী ধরাও, হাসাও।

(২) অসমাপক ক্রিন্নার কর্তাতেও প্রথমা হয়। যথা, তিনি করাতে করিবাতে, করায় বা করিতে করিতে, আমি যাইলাম।

⁽১) কর্ত্তা ছই প্রকার, প্রযোজক ও প্রযোজ্য। যে জ্বনাকে ক্রিয়ায় প্রবিভিত্ত করে সে প্রযোজক, আর যে প্রবিভিত্ত কয় সে প্রযোজ্য। জ্বানার্থ দর্শনার্থ, প্রবাণ ও জ্বর্ণাক ধাতুর প্রযোজ্য কর্তার কর্মানহ জ্বা চয়, ও দিতীয়া হয়: যথা, ভাহাকে আভিপ্রায় জ্বানাও, ভাহাকে পুস্তক দেখাও, ভাহাকে পুরাণ ভ্রনাও, ভাহাকে ক্লে যাওয়াও, সোণা গলাও, কাপড় ভ্রাও।

প্রথমা হয়। যথা, রাম যাইতেছে। ক্রিয়া উহ্য থাকিলেও প্রথমা হয়। যথা, হায় কোথায় সেই দোণার প্রতিমা দীতা! তিনি এক জন ভদ্রলোক। তিনি অতি নম্ম।

১০৬। কর্মবাচ্যে কর্ত্তায় ও কর্মে প্রথম। হয়। যথা, রামকর্তৃক হরি উৎসাহিত হইয়াছে। বাল্মীকি দারা [১] রামায়ণ রচা হইয়াছে।

১০৭। ভাববাচ্যে কন্ত্রার ষষ্ঠী হয়। যথা, উাহার যাওয়া হইতেছে; সামার জানা সাছে।

১০৮। ভাববাচ্যে অবশ্যম্ভাব বুঝাইতে কন্তার দ্বিতীয়া বা ষষ্ঠা হয় (২)। যথা, আমাকে বা আমার পাড়তে হইতেছে। রামকে বা রামের যাইতে হইবে।

১০৯। ভাববাচ্যে বিধি বা নিষেধ বুঝাইতে কন্ত য়ি দ্বিতীয়া বা ষষ্ঠী হয় [২]। যথা, আমাকে বা আমার দেখিতে আছে। তোমাকে বা তোমার বলিতে নাই।

⁽১) বালালা আপ্রত্যমনিশার পদ ও হও খাতুর প্রয়োগে কর্ডায় ষ্টীও চইতে পারে। যথা, বাল্যীকির রামায়ণ রচঃ চইয়াছে।

⁽২) আমাও তোমা শব্দের উত্তর সপ্তমীও হইতে গারে। যথা, আমায় বা তোমায় দেখিতে হইবে; আমায় বা তোশায় করিতে আছে।

জ্বভাগে [১] বা সম্ভাবনা বুঝাইতে সাধারণ সংজ্ঞা (২) বাচক কর্ত্বপদের উত্তর সপ্তমী হয়। যথা; বাদকে পড়ে, বুড়োতে কাশে, যোড়ায় চাটমারিতে পারে।

অপ্রাণিবাচক শব্দ সকর্মক জিয়ার কর্তা হইলে, প্রায় সপ্তমী হয়। যথা, সিন্দুকে কাপড় ধরে না; ছাতিতে জল বাধে না; বাজোতে হই খান বই তাংড়ায় না; রকে জল শোবে না; ছাতে জল আটকায় না, ইত্যাদি।

সংখ্যাবোধক পদের পর সাধারণ সংজ্ঞাবাচক কর্তৃপদ থাকিলে বিকম্পে সপ্তমী হয়। যথা, হুই জনে বা হুই জন করি-তেছে; পাঁচ জন শিক্ষকে বা শিক্ষক পড়াইয়াছেন; আটা যোড়ায় বা যোড়া দেডিতেছে; হুই দল সৈন্যে বা সৈন্য অগ্র-সর হইতেছে; হুই সম্প্রদায় যাত্রাগুরালায় বা যাত্রাগুরালা গাইতেছে।

কাল এবং পরিমাণ [৩] বাচক শব্দের উত্তর প্রথমা হয় া
যথা, পরদিন যাত্রা করিব; হৢই ঘণ্টাকাল [৪] পাঠ কার্য্য
হইবে; তিনমান দিল্লীতে ছিলেন; কাশী কলিকাতা হইতে
ন্যানাধিক ৫ শত মাইল; হুই কোশ পথ অভিক্রম করিলাম;
সমুদ্র পৃষ্ঠ হইতে ৫ হাজার ফুট উচ্চ; ভুপৃষ্ঠ হইতে সভর

⁽ ১) অভ্যাসপদে নিয়ত বা বারখার একজাতীয় ক্রিয়াকরব।

⁽২) যে শব্দ অনেক ব্যক্তি বা বস্তু ৰাচক, ভাহাকে সাধারণ সংজ্ঞা বলে।

⁽৩) পরিমাণবাচক শব্দ-- জুট, হাড, মাইল, ক্রোশ, সের, মন, কাটা, বিঘা, পণ, কাচন ইত্যাদি।

⁽a) কিন্তু ক্রিয়া নিশাদন অংথ সপ্তমীই হয়। যথা, তুই ঘটায় পাঠ সমাপ্ত হইবে, ভিন্মাদে দিলীতে পৌছিলেন ।

হাত নীচ; আট সের [চিনি; তিন মোন মৃত; চারি ছট্টাক বেশী; চারি কাহন কড়ি; ছর অঙ্গুল রূপার তার; তিন রেক মুগ; পাঁচ পালি ধান; কুড়ি শলি চাল ইত্যাদি।

১১॰। নৰোধনে প্ৰথমা হয়। যথা, হে নথে, ভায়ি বংন, হা পিতঃ।

১১১। লিঙ্গার্থে অর্থাৎ কোন ক্রিয়ার সহিত
সাক্ষাৎ সম্বন্ধে অন্বিত না হইয়া শব্দার্থমাত্রের প্রতীতি
হইলে প্রথমা বিভক্তি হয়। যথা, কিরাজা কি রাজমহিনী, উভয়েই উপস্থিত ছিলেন। কাম, ক্রোধ,
লোভ, মোহ, মদ, মাৎস্ব্য্য এই কয়টিকে রিপু বলে।
জ্ঞানের চারি অবস্থা; যথা, অধ্যয়ন, আলোচন,
আচরণ ও প্রচার। নেপোলিয়ন, যাহার প্রভাবে
সমস্ত ইয়ুরোপ কম্পায়ান হইয়াছিল, তিনি বন্দীভাবে শেষদশা অতিবাহিত করেন। প্রণয়—এই
শব্দটি কি মনোহর। যম, জামাতা ও ভাগিনেয়—
ইহারা কথন আপনার হয় না।

দ্বিতীয়া-কর্মকারক।

১১২। যাহাকে করা যায়, দে কর্ম। কর্মকারকে দিতীয়া হয়। যথা, বিদ্যা উপার্জ্জন কর। আমাকে বল। তাহারে দেও। তাহাদিগকে ডাক। তাহাদের এখানে আন।

ক্রর্মনাম শব্দের উত্তর কর্মকারকে কোন কোন ছলে সপ্তমী ও হইতে পারে। যথা, আমার আদেশ কুর; তোমার বিলক্ষণ জানি; তাহার ডাক, উহার দের।

স্থলবিশেষে কর্মে সপ্তমীও হয়। যথা, "তার গো পতিত জনে," অন্ধ জনে দয়া কর।

১১৩। কর্ম (১) দিবিধ, মুখ্য ও গোণ। মুখ্যকর্ম বস্তুবাচী ও গোণ কর্ম ব্যক্তিবাচী। উভয়
কর্মছলে গোণ কর্মেরই উত্তর বিভক্তি হয়। যথা,
শুরু শিষ্যকে বেদ পড়াইতেছেন, তিনি স্থানাকে
বাক্য বলিতেছেন।

১১৪। ভাববাচ্যেও কর্মে দ্বিতীয়া হয়। যথা, ভাহাকে দেখা আছে; ভাঁহাকে ধরা হইতেছে; ভাহাকে বাঁধা যাইতেছে।

১১৫। ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়া বা সপ্তমীর

⁽১)—ৰে স্থলে কোন বস্তু বা ব্যক্তির রূপান্তর, অবস্থান্তর বা নাদান্তর নির্দ্ধি ইইয়া ক্রিয়ার ব্যাপ্য হয়, তথায়ও তুইটি কর্ম ইইয়া থাকে। তাহাদেন মধ্যে একটি উদ্দেশ্য, আর একটি বিধেয়। যে প্রথমে প্রযুক্ত হয় সে উদ্দেশ্য। উদ্দেশ্য কর্মেই দিজীয়া বিজ্ঞ হয়। যথা, কাষ্ঠকে নৌকা গজিতেছে। প্রবর্ধকে কুগুল করিতেছে। পারাকে জন্ম সম্পাদন করিতেছে। কৌললকেই বল করিয়া নিদ্দেশ করে। পৃথিবীকে গোলাকার বলিয়া আন। উর্দ্ধ ভাষায় পৃত্তককে কিভাব বলে। কালিদাদকে সরস্বতীর বরপুদ্র বলে। তাহাকে জনাদার নিযুক্ত করিলেন।

একবচন (১) হয়। যথা, জামি তাহাকে বড় ভালবাসি, রথা থোক কর কেন? অবশ্য লইব, শীদ্র প্রস্থান কর, নিরাপদে পৌছিয়াছি,, অবিলয়ে যাইব, সভয়ে চলিল, সহনে তাড়ন করিল, নিঃশঙ্কমনে যুবিল, অপ্পে অপ্পে টান, সহজে চল।

ज्ठीयां—कत्रनकात्रक ।

১১৬। ক্রিয়া নিজ্পাদন বিষয়ে যে কন্তার সহায় হয়, দেই করণ। করণ কারকে তৃতীয়া বা সপ্তমী বিভক্তি হয়। অশ্বদারা গমন করিতেছে, পা দিয়া চাপিয়া ধর, আকর্ষী দিয়া টান, নৌকা করিয়া যাইব; বেগে চলিল, চোধে দেখে না, বিদ্যাতে বিখ্যাত, মায়ায় মোহিত।

अशामान-कात्र।

১১৭। যাহা হইতে কোন ব্যক্তি বা বস্তু যথা-দন্তব চলিত, ভীত, পরাজিত, গৃহীত, প্রাপ্ত, উদ্ভূত,

⁽১) সমাসকলে এবং রূপাদি শব্দের প্রয়োগে ক্রিয়ার বিশেষণে কেবল সপ্তমী হয়। যথা, আনায়াসে বলে, সভয়ে চলে, আকাভরে ধরে, উভমরপে লিখান, নমভাভাবে বলেন, বিবিধপ্রকারে কক্ট দিলেন, ভাগ্যক্রমে গোলেন। পূর্ব ও পুরঃসর শব্দের সহিত সমাস হইলে কেবল বিতীয়াই হয়। যথা, মানপূর্বক কথা কহ, বিনয় পুরঃসর নিবেদন ক্রিলেন।

রক্ষিত, বিরত, অদৃষ্ঠ, আধিক্যযুক্ত (১), পরিবর্তিত (২), লজ্জিত, বিভিন্ন, কিম্বা আরব্ধ হয়, তাহাকে অপাদান বলে। অপাদান কারকে পঞ্চমী হয়। ষথা, রক্ষ হইতে পত্র পতিত হয়। ব্যাস্ত্র হইতে ভয় করে। শত্রু হইতে পরাস্ত হইয়াছে। উদ্যান হইতে পুষ্পা চয়ন কর। এটি বন্ধু হইতে লবা। গুরু হইতে অধীত। দ্বশ্ধ হইতে দধি উৎপন্ন হয়। পাপ হইতে পরিত্রাণ কর। পাঠ হইতে বিব্লত হইও না। গুরুমহাশার হইতে ল্কায়িত হইতেছে। এদেশ হইতে স্বাধীনতা অন্তর্হিত হইয়াছে। কাক অপেকা কৃষ্ণ-वर्ग। এই इक्षर्य इहेरछ लब्बिंड इहेरछि । हेरफोत একটি দামান্য পলা হইতে, এক দমৃদ্ধিশালিনী রাজ-ধানী হইয়া উঠিল। তিনি আশা হইতে পৃথক নন। কলিকাতা হইতে হুইক্রোশ দূরে অবস্থিত। পরশ্ব হইতে পাঁচ দিন পরে যাইব।

⁽১) আধিক্য অর্থ থি অপেক্ষাকৃত উৎকর্ম বা নিক্ম ; ইহাকেই নির্দার বলে। বক অপেক্ষা শুক্ত; গাধার চেয়ে নির্দ্ধোধ। নির্দ্ধার আর এক রক্ষে স্থাচিত হইয়া থাকে। যথা, গাভীর মধ্যে কৃষ্ণ গাভী অধিক মুধ দেয়। কাব্যের মধ্যে মাষ উৎকৃষ্ট, কবির মধ্যে কালিদাস শ্রেষ্ঠ। নির্দ্ধারে সংস্কৃত বিভক্তিরও প্রয়োগ দেখিতে পাওয়া যায়। বথা, সারৎসার, পরাংপরঃ

⁽২) পরিবর্ত্তিভ পদে অবস্থান্তর প্রাপ্ত। উদাহরণস্থলে ইন্দোর পন্নীর অবস্থা হইতে রাজধানীর অবস্থা প্রাপ্ত হইয়াছে।

यष्ठी-मश्क्षकात्रक।

১১৮। সম্বন্ধে ষষ্ঠী হয়। যথা, রামের পুস্তক, গরুর হ্রা, অগ্নির শিখা, বায়ুর বেগ, শ্যামের পিতা।

ভাববাচ্যে রুৎ প্রত্যয় হইলে, কপ্তায় ষষ্ঠী এবং কর্মে (১)
বিতীয়া ও বন্ধী হয়। যথা, কপ্তায়—আমার দর্শন, পুজের
উৎপত্তি। কর্মে—পুষ্পা বা পুষ্পের দর্শনে, খাদ্যক্রব্য বা
খাদ্যক্রব্যের আহরণ, বিদ্যা বা বিদ্যার অধ্যয়ন।

কর্ম ও কর্ত্তা উভয়ত্র ষষ্ঠী সম্ভাবনা ছইলে, কেবল কর্মেই ষষ্ঠী হয় ; কর্ত্তায় পূর্বস্থতানুসারে তৃতীয়া ছইবে। যথা, আমা কর্তৃক পূম্পের দর্শন ; ভৃত্যদ্বারা খাদ্যদ্রব্যের আহরণ, ছাত্র কর্তৃক বিদ্যার অধ্যয়ন।

বান্ধালা ভাবপ্রত্যয় ছলে কর্মে বন্ধী হয় না, দ্বিতীয়াই হয়। যথা, এ কথা বলানতে, পুস্তক ধরাণতে, পুষ্প দেখাতে, রামায়ণ শুনাতে।

^{(&}gt;) क्पांचरत्रत श्रारागञ्चल. क्ष्य विचोत्त। इत्र, यही वत्र ना, कर्डात्र फुजीशा वा यही इत्र। यथा, मांचा कर्कृक वा मांचात मित्रक्र के खिक्कामान ; मित्रकर्कृक वा मिर्यात खन्न क्ष्य क्षिक्कामान ; गवर्ग स्मे कर्कृक वा भारतात खन्न क्ष्य क्षिक्र कि विचान क्ष्य क्ष

কর্ত্বাচো ক্ত প্রত্যয় হইলে, কর্মে কেবল দ্বিতীয়া হয়। যথা, আমি ইহা বিদিত, জ্ঞাত বা অবগত আছি। তাঁহাকে দশ টাকা প্রতিশ্রুত হইয়াছি। তাহা প্রাপ্ত হইব। সে কথা বিশ্বুত হইব না।

যদি কর্ম বাচ্যে রুৎপ্রতার হয়, কর্তায় প্রায় য়য়ী ও তৃতীয়া উভয় বিভক্তিই হইয়া শাকে। উপহার আমার বা আমাকর্তৃক প্রাপ্য; কর রাজার বা রাজা কর্তৃক গ্রাহ্য; বেদ ত্রাহ্মণের বা ত্রাহ্মণকর্তৃক অধ্যয়নীয়; উপকার সকল লোকের বা সকল লোককর্তৃক স্মর্ভবা। বেদান্তদর্শন ব্যাসদেবের বা ব্যাসদেব-কর্তৃক রচিত; আমেরিকা কলছসের বা কলমস কর্তৃক আবিচ্চৃত; ধূমকেতু লোকের বা লোক-কর্তৃক দৃশ্যামান হই-য়াছে; প্রেবিয়ানদের বা প্রেবিয়ানদের দ্বারা বিজেষামান প্রেদেশে করাসিরা বাস করিবেন না। ক্রাহ্মদেশ জয় প্রেবিয়ানদের বা প্রেবিয়ানদের দ্বারা হ্রুর; আফগানেরা ইংরাজদের বা ইংরাজ-কর্তৃক হর্দম হইয়াছিল।

मश्रमी-विधिकत्वनकात्क।

১১৯। ক্রিয়ার আধাকে অধিকরণ বলে। অধি-করণ দ্বিবিধ, কালাধিকরণ ও আধারাধিকরণ। অধি-করণকারকে সপ্তামী বিভক্তি হয়। যথা—

কালাধিকরণ—প্রভাতে স্থ্যোদয় হয়, রাত্রিতে লোক নিদ্রা যায়; গতমাদে তাহাকে দেখি নাই, উনবিংশ শতাব্দীর প্রারম্ভে অনেক অন্তুত ঘটনা উপস্থিত হইয়াছিল। আধার তিনপুকার; র্জকদেশিক, অভিব্যাপক, এবং বৈষ-রিক। যথা, ঐকদেশিক—বনে বাস, গৃহে শরন, নদীতে স্নান, অর্থাৎ বনাদির একদেশে [একাংশে]।

অভিব্যাপক—তিলে তৈল, হুগ্ধে মাধুর্য্য, বহ্লিতে দাহিকা শক্তি; অর্থাৎ তিলাদি ব্যাপিরা [মমুদার তিলাদিতে]।

বৈষয়িক—জলে ইচ্ছা, মাংসে বিষেষ, শান্তে জ্ঞান, বিবাদে সাক্ষী, ভোজনে পটু, ঋণদানে প্রতিভূ, ধনে উৎস্থক, মদ্যে আসক্তন, সংখে তৃপ্ত, বিদ্যায় বিহীন, রূপে শূন্য, বলে স্থান, জোরে কম, খেলায় সেরূপ নর, বিতগুর কায নাই, পাঠে অনবহিত, কথনে লক্ষিত, অর্থাৎ জলাদি বিষয়ে!

১২০। যে জিয়ার কাল ছারা জিয়ান্তরের কাল
স্কিত হয়, সেই জিয়ার বাচক যে পদ, উহার উত্তর
সপ্তমী হয়। ইহাকে ভাবে সপ্তমী বলে। ভাবপদের
অর্থ জিয়া। যথা, তিনি আলায় বা আলাতে (১)
আমার মন প্রফুল হইয়াছিল ; তিনি আলিবায় বা
আলিবাতে, আমার মন প্রফুল হইতেছে বা
হইবে।

. আসার সময়ে প্রকৃত্ব হওয়াতে, আসা এই ক্রিয়ার কাল জানিতে পারিলেই প্রকৃত্ত হওয়া ক্রিয়ার কাল জানা যায়; অতএব আসার কাল দারা প্রকৃত্ত হওয়ার কাল স্থৃচিত হই-

⁽১) উক্ত অর্থ এক প্রকার জ্বসমাপিকা ক্রিয়াছারাও প্রকা-শিক্ত হইয়া থাকে। ব্যা, তিনি আদিলে আমার মন প্রাকৃত্ত ইয়াছিল।

তেছে। ব্যাসদেব দর্শনে (১) পাগুবেরা সমস্ত্রমে গারোধান করিলেন। শঠবোধে তাহার সদ ত্যাগ করিয়াছি, ধনলাভে ক্লপণের লোভ বাড়িবে, স্থানিকা প্রাপ্তিতে কুসংস্কার অপনীত হয়; নানা দর্শনীয় সছে।

১২১। হেতু ও নিমিত অর্থে দপ্তমী হয়, যথা-

য়গার লজ্জার হেদে মরি; ভাবে গাঢ় আলিক্ষন; আনি-চহার শিথিল বন্ধন; ভ্রমবশে না বুঝিলি ধর্ম; কার স্থাধে স্থী নই; কার হঃথে হঃখী নই; নিজদোষে করিলাম নফ; তপোবন দর্শনে যাইব।

১২२। উट्डा क्रियात कर्त्य मश्चरी हत। यथा,

কোন্ প্রাণে এলে ফেলে, অর্থাৎ কোন প্রাণ লইয়া; কি সাহসে যাও তথা, অর্থাৎ কি প্রকার সাহস পাইয়া; যে বিচারে কর দোষী, অর্থাৎ যে বিচার করিয়া; প্রাণপণে তোষ পর অর্থাৎ প্রাণপণ করিয়া; মনোহুঃখে গোল কাল, অর্থাৎ মনো-হুঃখ সহিয়া।

উপপদ বিভক্তি।

অব্যর শব্দের যোগে যে, প্রথমা, দ্বিতীরা, ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়, উহাকে উপপদ বলে।

⁽১) নাত্র শব্দ পরে থাকিলে সগুনীর লোপ হয়। যথা, দুর্শন্মাত্র বলিলাম, প্রান্তিমাত্র দিলাম ইত্যাদি।

ধিক্ ও ধঁয় শকের যোগে দিতীয়া ও সপ্তমী হয়। বথা, তাহাকে বা তাহারে ধিক্। ধিক্ ধিক্ ধিক্রে জীবনে। ধিক্ মোর জন্মে, ধিক্ নারীর জনমে ধিক্। তোমাকে ধন্ম, তাহারে ধন্ম; তাহার বুদ্ধিতে ধন্ম; তোমার চতুরতায় ধন্ম।

বিনা (১) শব্দের যোগে দিতীয়া হয়। যথা, তাহাকে বিনা সাহস হয় না। কিন্তু বিনা ভিন্ন বিনার্থক শব্দের যোগে প্রথমা হয়। যথা, মিফান ব্যতীত জলের আন্দাদ জানা যায় না, জ্ঞান ব্যতিরেকে স্থখ হয় না; বিদ্বান্ ভিন্ন কে বুঝিতে পারে।

দিরা শব্দের যোগে দ্বিতীয়া হয়। যথা, ভৃত্যকে দিরা পুস্তক আনাও।

করিয়া শব্দের যোগে দপ্রমী হয়। গাড়িতে করিয়া আন, নৌকাতে করিয়া যায়, হাতে করিয়া ধর।

দ্বারা, কর্ত্ক, চেরেও সপেক্ষা শব্দের যোগে ষ্ঠী হয়।
যথা, বিদ্যার দ্বারা যশোলাভ করিয়াছে। তৃতীয় জর্কের
কর্ত্তক ইংলও রাজ্য বাটি বংসর শাসিত হইয়াছিল। তাহার
চেরে ভাল। মূর্য মিত্রের অপেক্ষা পণ্ডিত শক্ত ভাল।

বে স্থলে দিয়া, করিয়া, দারা, কর্ত্ক, চেয়ে ও অপেক্ষা শব্দ স্বরং বিভক্তিরপে ব্যবহৃত হয়, তথায় ইহাদের যোগে অন্য বিভক্তি হয় না। যথা, হাত দিয়া ধর, উপকূল দিয়া চল, নৌকা করিয়া আদ, রাজা কর্তৃক শাসিত হইবে, পুরোধা দারা

⁽৫) বিনা শব্দ প্রবন্তী হইলে সপ্তমী হয়। যথা, বিনা মেৰে বুজু যোগত, বিনি সূতে গাঁথি হার।

প্রশৃংসিত হইবে, বিদ্বান চেরে ধনীলোক মান্য নর, পিতা অপেক্ষা পূজ্য কে (১)।

হেতুবাচক শব্দের যোগে প্রথমা বা ষষ্ঠী হয়। যথা, তোমার অনুগ্রেই নিমিত্ত, তাহার জন্য, বলিবার কারণ, তাহার কথন হেতু, 'যার লাগি এত জ্বালা' 'তার তরে ঝোরে অঁ।খি'।

প্রযুক্ত ও নিবন্ধন শব্দের যোগে কেবল প্রথমাই হয়। যথা, তাহার কথন প্রযুক্ত; তোমার প্রার্থনা নিবন্ধন।

সহার্থ ও তুল্যার্থ শব্দের যোগে বন্ধী হয়। যথা, পিতার সঙ্গে; রাজার সমভিব্যাহারে, পুস্তকের সহিত, চন্দ্রের তুল্য। সহার্থ শব্দের যোগে পদ্যে কদাচিৎ প্রথমাও হয়। যথা, "বিধি সঙ্গে মন্ত্রণা করিলা গদাধর" "নারদ সনে বাদ" "লোক-সহ নাহি পরিচয়"।

প্রতি, উপরি, অনুকূল, প্রতিকূল, পক্ষ, প্রভৃতি শব্দের যোগে সামান্তঃ সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়। যথা, শিষ্যের প্রতি, গৃহের উপর, নির্দোধের অনুকূলে, শঠের প্রতিকূলে বালকের পক্ষে, ইডাাদি।

বিষয় ও স্বরূপ শব্দের যোগে প্রথমা ও যতী হয়। যথা, বিদ্যার মহিমা বিষয়ে অনভিজ্ঞ; বছবিবাহের বিষয়ে জাপত্তি • হইরাছে। তিনি আমার পিতাস্বরূপ; মুখ চন্দ্রমাস্বরূপ, বিদ্যা ত্বঃখীর পক্ষেধনের স্বরূপ।

^{(&}gt;) এস্থনে দারা, কর্জ্ক প্রভৃতিকে বিভক্তি না বলিয়া ভিন্ন ভিন্ন শব্দ বলিয়া মানিলে, রাজ কর্তৃক, পুরোধোদারা, বিদ্বচ্চেয়ে, পিত্রপেকা ইত্যাকার পদ সিদ্ধ হইবেক কিন্তু সেরপ পদ বালাল। ভাষায় শুদ্ধ ও স্থাক নহে।

विक्त्र ।

১২৩। কতকগুলি সংস্কৃত শব্দ সংস্কৃত সূত্রামুসারে প্রথমার এক বচনাস্ত না হইলে, উহাদের
উত্তর বাঙ্গালা বিভক্তি বিহিত হইতে পারে না।
অতএব উহাদের রূপ প্রদর্শিত হইতেছে।

কতকগুলি সংস্কৃত শব্দ সম্বোধনের এক বচনে রূপান্তর প্রাপ্ত হয়, উহা ও প্রদর্শিত হইতেছে। উপরি উক্ত উভয় স্থলেই এক বচনান্ত পদের অন্তে বিসর্গ থাকিলে উহার লোপ হয়।

শব্দ	প্রথমার এক	বচনান্ত মন্তব্য।
পিতৃ	পিডা	সমুদার প্লকারন্তশকের এইরূপ।
রাজন্	র ৃক্ত া	সমুদায় অন্ভাগান্ত শব্দের এইরূপ।
७ निन्	હ ની	সমুদায় ইন্ভাগান্ত শব্দের এইরূপ।
विषर [5]	अ मान्	সমুদার মৎভাগান্ত শব্দৈর এইরূপ।
গুণবৎ	গুণবান্	সমুদার বৎভাগান্ত শব্দের এইরূপ।

⁽১) বালালাভাষার রহৎ, যাবৎ, ভাবং, সং, অসং ও ভবিষ্যৎ শব্দ প্রথমার একবচনান্ত না হইরাই প্রযুক্ত হয়। কিন্তু মহৎ শব্দ বিকল্পে হয়। ব্যা, মহৎ উদ্যোগ বা মহান উদ্যোগ।

[🐯]

প্রেম ন্	প্ৰেম	যে সকল মন্ভাগাভ
		শব্দ বিশেষা, উহাদের
		এই क्रथ। किरन मीमन्
		শব্দে সীমা হইবেক।
গরিমন্	গরিমা	সমুদায় ইমন্ভাগান্ত
		শব্দের এইরূপ ; যথা,
		মহিমা, লঘিমা, রক্তি-
		মা, ইত্যাদি।
চন্দ্ৰমস্	ठ ट्य	ব্যক্তিবাচক অস্ভা-
		গান্ত শব্দের এইরূপ।
পরস্	পর	উপরি উক্ত ভিন্ন সমু-
		দায় অস্ ভাগান্ত
		শব্দের এইরূপ। কিন্তু
		বয়স্ শব্দের পরিবর্ত্ত-
		হয় না। যথা, বয়দে
		বাপের বড়।
হ বি দ্	হ বি	সমুদায় ইস্ভাগান্ত
		শব্দের এইরূপ।
ধৰুস্	ধরু	সমুদায় উস্ভাগান্ত
		শব্দের এইরূপ।
न्त्रम्	यूक्	•
স্থি	স্থা	•
স্থাচ্ (ক)	ত্ত্বক্	যাবতীয়, চকারাস্ত
		শব্দের এইরূপ।

বণিজ	(ক)	বণিক	যাবতীয় জকারান্ত
			শব্দের এইরপ।
সত্রাজ্	(ক)	সত্ৰাট্	0
मिन्	(本)	দিক	•
ষষ ্	(本)	ষট্	0
বিশ্বস্		বিদ্বান্	•
অনতুহ		অন্ত্ৰান্	o
মছৎ		মহান্	o
পথিন্		পন্থ	o
मक ।		সম্বোধনের এক	বচনাস্ত। মস্তব্য।
লতা		नरङ	সমুদায় ব্রীনিঙ্গ আকা-
			রান্ত শব্দের এইরূপ।
মুনি		सूट्न	সমুদায় হুস্ফ্কারান্ত
•		- /	শব্দের এইরূপ।
निग		নদি	मयूनाय खीलिक नीर्यक्रेका-
			রান্ত শব্দের এইরূপ।
সাধ্		मार्था	সমুদায় শুস্পউকারাস্ত
*			गरमत अहेत्रथ ।
বধূ		ৰধূ	नमूनांत्र खीलिक नीर्ध
-			উকারাস্ত শব্দের এইরূপ।

⁽क) এই চিছबারা উপলক্ষিত শৃষ্ঠ দি সমাসস্থলেও প্রথমার এক বচনার পদের ন্যায় রূপ প্রাপ্ত হর। যথা, বাক-ঈশ বাগীশ, ঋত্তিক-গণ ঋত্বিগ্রণ, দিক-বলয় দিয়লয়, সমাট-দত সমাভদত,য়ট-বিংশতি ঘড্বিং শৃতি।

পিতৃ	পিত	মাতৃ, ভ্রাতৃ, জ্বামাতৃ, হুহিতৃ, ধাতৃ, বিধাতৃ, সবিতৃ প্রভৃতি ঋকারাস্ত শব্দের এইরুপ।
ब्रि ष	अभग्	সমুদায় মং ভাগান্ত
		শব্দের এইরূপ।
গু ণবৎ	গুণবন্	সমুদায় বংভাগান্ত
		শব্দের এইরূপ।
রাজন্	রাজন্	সমুদায় অন্ভাগাস্ত
		শব্দের এইরূপ।
গুণিন	গুণিন্	সমুদায় ইন্ভাগান্ত
		শব্দের এইরূপ।
অনডুছ	অনভ্বন্	•
স্থি	সংখ	•
বিদ্বস্	বিশ্বন্	٥

আর আর শব্দের প্রথমার একবচনে ও সম্বোধনের এক বচনে কোন প্রভেদ নাই। (১)

বিশেষণ ।

১২৪। যে পদ দারা বস্তুর গুণ, অবস্থা, পরি-মাণ প্রভৃতি প্রকাশিত হয়, তাহাকে বিশেষণ বলে।

⁽১) কিন্তু পদ্যে সংখাধনের রূপ অভি বিরল; উহার পরিবর্তে প্রায়ই প্রথনার একব্চনান্ত পদ ব্যবহৃত হইয়া থাকে। যথা, 'হায় রে বিধাজা! নিদারুণ, কোন দোবে হইলি বিশুণ।

১২৫। বিশেষণ তিন প্রকার(১); প্রাক্কতবিশেষণ, বিশেষণের বিশেষণ ও ক্রিয়ার বিশেষণ। যথা,
প্রাক্রত বিশেষণ—স্থানর কার্য্য, মৃহ স্বভাব, শুক্লবস্ত্র।
বিশেষণের বিশেষণ—কম দমনীয়, বড় উৎপীজিত,
অতি জ্বন্য, অধিক দূষণীয়, অত্যন্ত গহিত, অতিশয় প্রশংসনীয়। ক্রিয়ার বিশেষণ—শীঘ্র চল,
নির্ভয়ে ডাক, সম্মানপূর্কেক কথা কহ, বিনয়পুরঃসর
আবেদন কর, নত্র ভাবে উত্তর দাও, বিলক্ষণরপে
পাঠ অভ্যাস কর, ভাল করিয়া মুখস্থ কর।

১২৬। বাঙ্গালা ভাষায় বিশেষণের উত্তর বিভক্তি হর না: কিন্তু বিশেষণ শব্দ সংস্কৃত হইলে মৌলিকপদরূপে অর্থাৎ প্রথমার এক বচনান্ত হইয়া, ব্যবহৃত হইয়া থাকে। যথা, জ্ঞানী লোককে, বিদ্বান অধ্যাপক হইতে, সূহৃৎ সুগ্রীব কর্ত্তক, মনস্বী দেনা-পত্তির, ক্লতকর্মা ব্যক্তিতে।

১২৭। অতএব বিশেষণের কারক ও বচন নাই। কিন্তু বিশেষণের নিঙ্গ আছে; অর্থাৎ বিশেষ্যের

^{(&}gt;) ক্রিয়ার বিশেষণের ও বিশেষণ হইতে পারে। যথা, অ্ত্যন্ত শীস্ত্র চল, বড় সহজে পাইলাম, একটু সন্তর লও।

যে শিঙ্গ বিশেষণেরও সচরাচর সেই লিঙ্গ (১) হ ইয়া থাকে। যথা, গুণবান পুত্র, রূপবতী ভার্য্যা।

যে সকল জীলিক শব্দ ব্যক্তিবাচক (২)নয়, উহাদের বিশেবণ আ প্রতায় হয় না। যথা, পৃথিবী গোলাকার, গোলাকারা এরপ হইবেক না। পশুজাতি নানা শ্রেণিতে বিভক্ত, বিভক্তা এরপ হইবেক না। কিন্তু ঈ প্রতায় হইতে পারে। যথা, পৃথিবী শস্যাশালিনী হইয়াছে; গোজাতি হয়বতী হয়: তাদৃশী ভাবনাতে তাঁহার ইচ্ছা অত্যন্ত বলবতী হইয়া উঠিল। যে সকল বিশেষণ সংস্কৃতমূলক নহে, উহাদের উত্তর কোন জ্রীপ্রতায় হয় না। যথা, বড় ভগিনী; ছোট বধু; তাহার কন্যা আইবড়; তাহার মাতা বড় মুখফে ড্রা

১২৮। বিশেষণের বিশেষণের উত্তর জীপ্র-ত্যার হর না। যথা, লীলাবতী অত্যন্ত বিদ্যাবতী ছিলেন, অহল্যা বাই দাতিশয় ধর্মপরায়ণা ছিলেন।

⁽১) যদি গণবাচক শব্দের সহিত জীলিক বিশেষ শব্দের সমাস হয়, বিশেষণ শব্দ জীলিকই হইয়া থাকে। হথা, গুণবতী রমণীগণের, অশীলা বালিকাদল। এস্থলে সমাস হইলে পুস্তাব হইড, এবং গুণবতা-মণীগণ, অ্লীল-বালিকাদল, এরপ পদ সিদ্ধ হইড। গুণবতী শব্দ রম-দীর না হইয়া গণ শব্দের বিশেষণ হইলে গুণবান, এবং অ্লীলা শব্দ বালিকার না হইয়া দল শব্দের বিশেষণ হইলে অ্লীল এরপ হইড। গণ ও দল শব্দ পুংলিক।

⁽২) কিন্তু ব্যক্তিবের আরোপ হইলে, বস্তবাচক শব্দের বিশেষণে জ্ঞালিকে আ। প্রত্যন্ত হইতে পারে। যথা, ''মাধবী লভা বায়ুদ্বারা বিকম্পিতা হইয়া যেন নৃত্য করিতেছে। পূর্ককালে পৃথিবী, দৈত্যগণের আত্যাচারে কাতরা হইয়া বিকুর শ্রণাপন্ন। হন। সৌদামিনী ক্ষেণ্ড্রেলে হর্ষিতা হইয়া যেন হাস্য ক্রিভেছে।

১২৯। বিশেষণ পদ বিশেষ্যরপে প্রযুক্ত হইলে, উহার উত্তর বিভক্তি হইতে পারে। যথা, মানীদের মান ; গুণবতীকে সমাদর কর, কর্তব্যের মধ্যে অধ্যয়ন, ভাতিকে বুঝাও।

সম্বাবাচক শব্দ প্রাকৃত বিশেষণের অন্তর্গত। সম্বাবাচ চক হই প্রকার, শুদ্ধ সম্বাবাচক ও পূরণবাচক। এক হই তিন প্রভৃতি শুদ্ধসাবাচক। প্রথম, দ্বিতীয়, তৃতীয় ইত্যাদি পূরণ-বাচক। গোটা, খান, গাছ, খান, গুলা, গুলি, টি, টা, এবং জন; এই কয়েক শব্দ সম্বাবাচক শব্দের প্রতিপোষকরপে ব্যবহৃত হয়। যথা, গোটাদশ লেরু, পাঁচ খান বহি, ছয় গাছ লাঠি, আট খান মোহর, কতকগুলা দোরাত, কতকগুলি লোক, হই জন বাজ্ঞিকর, দশটি টাকা, সাতটা ময়ুর।

অনিশ্চিত সঙ্গা বুঝাইতে হইলে যুগপং একাধিক সঙ্গা-বাচক শব্দ ব্যবহৃত হইয়া থাকে (১)। যথা, ছই তিন দিন সেখানে গিয়াছিলাম; পাঁচ ছয় টাকা খরচ হইয়াছে; নশ কুড়ি জ্ঞান গোরা দেখিলাম, শত শত লোক জমায়েত হইল। হাজার হাজার দৈনিক চলিল। লক্ষ লক্ষ প্রাণী ক্ষয় প্রাপ্ত হইল।

সঞ্জাবাচক শব্দ আরও ছই প্রকার, ভগ্নাংশবোধক ও সম-ফ্রিবোধক। যথা, ভগ্নাংশ—শিকি, চৌথ বা চতুর্থাংশ, অর্দ্ধেক আধ বা দ্বিতীয়াংশ, তেহাই বা তৃতীয়াংশ; সপ্তয়া, দেড় বা

⁽১) ছুই, পাঁচ, ও দশ এই তিন শব্দেও কোন কোন স্থলে, জানি-শিচত বুঝাইয়া থাকে। যথা, 'ছুজন লোককে যে তুষিতে না পারিল, পাঁচ জন ভাপ্রলোক যার নিন্দা করিলেন, দশ জন অতিথি কুটুষ যার বাটীতে পদাপ্র না করিল, তার জন্ম রখা।

সার্দ্ধেক, আড়াই বা সার্দ্ধিরর, পেনি, সান্দে, আন। বা বোড়শাংশ ইত্যাদি। টু. টুকু, খণ্ড, অংশ, ভাগ প্রভৃতি শব্দ ও
ভগ্নাংশসঞ্জার প্রতিপোষক। সমষ্টি—যথা, গণ্ডা, ভজন,
বুড়ি, কুড়ি, পণ, কাহন ইত্যাদি।

১৩ । ক্রিরার বিশেষণ তিন প্রকার, কাল-বোধক, স্থানবোধক এবং প্রকারাদি বোধক।

কালবাধক—যথা, এখন, তথন, যখন, নিদানে, চরমে, পরিগামে, অবশেষে, অঞ্চে, প্রথমে, তৎক্ষণাৎ, বারস্বার, মুক্তুল্ব, প্রতিদিন, অনুক্ষণ, যথাকালে, সহসা, অচিরায়, অচিরাং, হুচাৎ, অকস্থাৎ, ঝাটিডি, ক্রমশঃ, প্রথমতঃ, দ্বিতীয়তঃ, মধ্যে, পশ্চাৎ, সতত, প্রতিনিয়ত, অতঃপর, ইডিপূর্ফে, এই, এইমাত্র, অমনি, যেমন, সেই, তেমন, অনন্তর, নিরন্তর, ইদানীং, অধুনা, শীত্র, আন্তে, অদ্য, আজি, কল্য, নিত্তা, পুন, দিবানিশ, ক্রমে ক্রমে, উত্তরোক্তর, আস্তে আন্তে, ধিরে ধিরে, পুনঃপুনঃ, মন্দ মন্দ, মদবধি, যে অবধি, দে পর্যন্ত ইত্যাদি।

স্থানবোধক—যথা, হেখা, তথা, যথা ইতন্ততঃ, দর্কত্র, একত্র প্রত্যক্ষে, অদূরে, সমক্ষে, গোচরে, সমীপে, নিকট দূরে, সন্মুখে, অভিমুখে, সন্ধ্রিধানে ইত্যাদি।

প্রকারাদিবোধক—যথা, তদমুসারে, যথাবিধি, বিনয়পুরঃসর, আমূলতঃ, আদ্যোপান্ত, ভাগ্যক্রমে, মন্তভাবে নিরাপদে,
ভাগ্যে, যৎপরোনান্তি, জ্ঞানপূর্ব্বক, অত্যন্ত, সাতিশয়, দৈবাৎ,
বস্তুতঃ, ফলতঃ, ফলে, ফলিতার্থ, নামতঃ, সংক্ষেপতঃ, ভক্তিসহকারে, কেবল, শুদ্ধ, অবশ্য, সত্য, পরস্পর ইত্যাদিঃ।

বিশেষণ আরও ছুই প্রকার, উদ্দেশ্য ও বিধেয়। পূর্বাবিধ সিদ্ধ অর্থাৎ নিশ্চিত রহিয়াছে বলিয়া যাহার নির্দ্দেশ হয়, সে উদ্দেশ্য। যথা, 'নিশ্চিত মাধব্য গমন করিতেছেন'; অর্থাৎ মাধব্য পূর্বাবিধি নিশ্চিত রহিয়াছেন; কিন্তু তাঁহার গমন করা সম্প্রতি ঘটিতেছে। সাধ্যরূপে যাহাকে নির্দ্দেশ করা যায়, অর্থাৎ যাহা পূর্বে ছিল না, সম্প্রতি নিম্পাদ্যমান হইতেছে বা ভবিষ্যতে হইবে, তাহাকে বিধেয় বলে। যথা, মাধব্য নিশ্চিত গমন করিতেছেন, অর্থাৎ এখন নিশ্চিত হইয়া যাইতেছেন, পূর্বে নিশ্চিত ছিলেন কি না, তাহার কিছু অবধারিত নাই।

বিধেয় বিশেষণ সর্বাদা বিশেষ্যের পরে প্রযুক্ত হয়, এবং বিশেষ্য শব্দ ও বিধেয় বিশেষণরপে ব্যবহৃত হইতে পারে। যথা, তিনি ফুান্সদেশের সেনাপতি নিযুক্ত হইলেন। তোমার উনার পদপল্লব আমার মন্তকে ভূষণ স্বরূপ অর্পণ কর; তাঁহার প্রণয়িরীর পদপল্লব তদীয় মন্তকে অর্পিত বর্ণন করিলে, প্রথমতঃ তিনি ভারতসংহিতাকে চতুর্বিংশতি লোকময়ী রচনা করিলাছিলেন; আদিয়া অক্তকার্য্য প্রতিগমন করিয়াছেন; আমি তোমার নিকট যাচক উপস্থিত হইলাম; গালিলিয় কর্মশূন্য অবস্থান ক্রিতেন না; তৈলাক্ত পতিত আছে; অনাথা পড়িলাছেন।

বিধের বিশেষণ সর্ব্বদা একবচনান্ত। যথা, তাহার। চিহ্নিত-কর্মচারী। '

সৰ্ক্ৰাম।

ু ১৬১। পুনরুক্তি দোষের পরিহারার্থ সংজ্ঞার

পরিবর্ত্তে যে পদ প্রযুক্ত হয়, তাহাকে সর্বনাম বলে।
যথা, 'বনে এক ব্যান্ত দেখিতে পাইয়া ব্যান্ত হইতে
সাতিশয় ভীত হইয়া ব্যান্তের প্রতি শর নিক্ষেপ
করিলাম ইহার পরিবর্ত্তে "বনে এক ব্যান্ত দেখিতে
পাইয়া তাহা হইতে সাতিশয় ভীত হইয়া তাহার
প্রতি শর নিক্ষেপ করিলাম' এরপ বলিলে 'ব্যান্ত,
শব্দের পুনরুক্তি হয় না। অতএব 'তাহা' শব্দ
সর্বনাম।

১৩২। দৰ্অনামের কারক, বচন ও পুরুষ আছে ; কিন্তু লিঙ্গভেদ নাই। আমি, তুমি, তিনি প্রভৃতি শব্দ দারা স্থীপুরুষ উভয়ই বুঝাইতে পারে।

১৩৩। যে পদের পরিষর্ত্তে সর্বনাম শব্দ বদে, তাহার বচন অনুসারে, সর্ব্ধনাম একবচনাত্ত বা বহুবচনাত্ত হইয়া থাকে। যথা, "লক্ষ্মণ কহিলেন, আর্য্যে রাক্ষ্যনেরা স্বভাবতঃ মায়াবী; তাহারা ইচ্ছা-ক্রমে নানারূপ ধারণ করিতে পারে। অতএব তোমার ভ্রম হওয়া অসম্ভব নহে।"

পুরুষভেদে দর্ঝ নাম তিন প্রকার।

প্রথমান্ত পদ দিতীয়ার একবচনাত পদ
প্রথমপুরুষ আমি আমাকে

(6)

	∫ তুমি	ভোষাকে
দিতীয় পুৰুষ	र् पूरे	তোকে
	্তিনি, ভেঁহ	ভাঁহাকে
	সে, সেই, তাহা	তাহাকে
	इंग	.ই হাকে
	ज. जरे, रेश,	इंशांक
	যিনি	যঁ ছোকে
তৃতীয় পুৰুষ	र् (य. (यहे, याहा	যাহাকে
	কিনি .	কাঁহাকে
	কে, কেছ, কাছ	া কাহাকে
	কি, কোন্ কোন	া কিসে
	উনি	উ হাকে
	্রি, ঐ, উহা	উহাকে

তৃতীয় পুৰুষের মধ্যে নকার (১) বা চন্দ্রবিন্দুরুক্ত সর্বানান উৎকর্ষস্থাচক; এবং কেব্ল ব্যক্তিবাচী হয়। সে, এ, ও, কে এই চারি শব্দ ব্যক্তিবোধক ছইলে অপকর্ষবাচক হয়।

প্রথম পুরুষের উৎকর্ষ বা দার্ট্য বুঝাইতে হইলে, অরং,
নিজে, খোদ, খোদে, আপনি, এই কয়েক ক্রিয়ার বিশেষণ
প্রস্তুক্ত হইরা থাকে; অপকর্ষ বুঝাইতে হইলে প্রথমপুরুষের
ছানে তৃতীয় পুরুষ হয়, এবং এ দাস, এ অধীন, এ দীন, এ ভৃত্য,
এ অকিঞ্চন প্রভৃতি শব্দ ব্যবহার করা হয়।

মধ্যম পুৰুষের উৎকর্ব বুকাইতে হইলে, তৃতীয় পুৰুষ হয় এবং আপনি, মহাশঁয়, হছুর প্রভৃতি শব্দ প্রযুক্ত হয়। অপ-

⁽ ১) কোনুও কোন শব্দধারা অনিশ্চিত বস্তা বা ব্যক্তি বুকার. অপ্তর্গ উৎকর্ষ সুচিত হয় না।

কর্ম বা বাৎসল্য প্রকাশ করিতে হইলে তো শব্দ ব্যবহার করিতে হয়, এবং সমকক্ষতা বুঝাইতে হইলে তোমা শব্দ প্রযুক্ত হয়।

এতম্বাতীত উভয়, একতর, একতম, অন্যতর, অন্যতম, কয়েক, তত, যত, এত, কত, অত (১) আপন প্রভৃতি শব্দ সর্ব্ধ-নাম শ্রেণির অন্তর্যত।

অমুক ও ফলানা শব্দ অনিশ্চিত বা গোপনীয় বস্তু বা ব্যক্তিকে বুঝাইয়া সর্কনামমধ্যে পরিগণিত হয়।

সে সেই, এ এই, যে যেই, ও এ, কি অমুক, ফলানা, তত, যত, এত, কত, অত, উভয়, করেক; এই করেক সর্কান বিশেষণ রূপেও ব্যবহৃত হইয়া থাকে। কোন্ ও কোন শব্দ নিয়তই বিশেষণ।

অনেকানেক সংস্কৃত সর্বনাম সমাসন্থলে প্রযুক্ত হয়। উহারা তদ্ধিত প্রতারাস্ত এবং কদাচিৎ বিভক্তিযুক্ত হইরাও বাবহৃত হইরা থাকে।

দৰ্শনাম সমাসস্থল। ত জিতপ্ৰতংয়াত্তপদ। বিভক্তিযুক্ত পদ। শক্ষ।

अन्यान् र्वाचानित अन्यानीतः, मनीतः, मानेतः, मानेतः, मानेतः, मानेतः, स्वाचान् स्थान् स्थान् स्थान् स्थान् स्थान् स्थान् स्थानेतः स्थानेतः, स्यानेतः, स्थानेतः, स्यानेतः, स्थानेतः, स्थानेतः, स्थानेतः, स्थानेतः, स्थानेतः, स्थानेत

⁽১) তত-তাহা হইতে, যত-যাহা হইতে, মত-উহা হইতে এবং কত ও কয়েক-কি শব্দ হইতে, নিপান হইয়াছে।

তদসুসারে তত্ত্ব তদীয় তথা,) তস্য-স্থদের স্থদ SH তদা, তত্ত্ৰ, তাদৃ- ুতস্য স্থদ, তস্য শ্, তাবং, তদা- ছিছতা বিঞ্চ-नीश। প্রিয়া, তর তর করিয়া। यनीय, यथा, यना, যংকালে . যদ यांवर, यज, यांप्रभा এতদ্বাতীত এতদ এতাবং এত বভা 1 इंड, अधुना, इंनानीर ... **३**नग অত্র, ঈদৃশ, ইয়ত্রা, এবং, ইতি। অমূত্র ञानम् কিম্পুৰুষ, কুত্রাপি, কচিং, কিম্মন (কালে)
কিংকর্ত্তর। কদাপি, কদা'চিং, কীদৃশ, স্মাং। অকুতো-কিম কতিপয় কিয়ং। ভয়। কারণ কস্য। উভচর, উভ- } উভয়ত্র, উভ-রড়ে } য়তঃ।

১৩৪। সক্রনাম শব্দ পুরুষবোধক হইলে, উহার বিশেষণ পুংলিঙ্গ হইনে, এবং জীবোধক হইলে, জীলিঙ্ক হইবে। যথা, ''শীতা বলিলেন, আমি একাকিনী অশোকবনে রহিয়াছি, এমন সময়ে সরষুষ্ট্র, আরমন করিলেন। তিনি আমার হঃখ দেশিয়া, নিতান্ত কাতরা হইলেন। হে ভগিনি
মাওবি ! তুমি অবহিতচিতা হইয়া শ্রবণ কর, সেই

মাধুশীলা রমণীর রতান্ত আদ্যোপান্ত কীর্ত্তন করিতেছি, যিনি স্মৃতিপথবতি নী হইলে, আমার অস্তঃকরণ রতজ্ঞতারদে উচ্ছলিত হইয়া যায়।"

অব্যয় শব্দ।

১৩৫। অব্যয়শকের লিঞ্চ, বচন, কারক ও পুরুষ নাই।

১৩৬। অব্যয় দাত প্রকার, ক্রিয়ার বিশেষণ অম্বয়বোধক, ব্যাক্যালঙ্কার, বিভক্তিপ্রতিরূপক, অমৃ-কারক, দম্বোধনবাচক, আবেগস্থচক এবং উপদর্গ।

১৩৭। ক্রিয়ার বিশেষণ অব্যয়শব্দ দ্বারা ক্রিয়া-গত বৈলক্ষণ্য প্রকাশ পায়। যথা—

শীস্ত্র, আন্তে আন্তে, তৎক্ষণাং, অকক্ষাং, হঠাং, অচিরাং অচিরায়, ঝটিতি, আচ্ছিতে, আশু, সহসা, ইদানীং, অধুনা অদ্য, সদ্য ইত্যাদি।

১৩৮। যাহাদারা একাধিক বাক্য বা পদ পরস্পার সংবদ্ধ হয়, তাহাকে অবয়বোধক অব্যর বলে। যথা— ধবং, ও, আর, আরও, তথা, যথা, যেমন, যে, অশিচ, কিন্তু, পরন্তু, বরং, বরঞ্চ, নচেৎ, প্রত্যুত, কি (১), অথচ, নয়ত, না (১), হয় না হয়, বা, কিয়া, নতুবা, অথবা, য়িদ, য়দ্যপি, য়িদ্যাৎ, অতএব, য়েহেতু, এনিমিত্ত, একারণ, য়েকারণ, য়েহেতু, সেজন্য, সেকারণ, তজ্জন্য, তর্মিত্ত, অথ, অনন্তর, অতঃপর, পরে, তদনন্তর, তৎপরে, সমনন্তর, ইতিমধ্যে, এদিকে, য়খন, তখন, ইত্যবদরে, ইত্যাদি।

১৩৯। যে সকল অব্যয় বাক্যের অথবা বাক্যের অন্তর্ভুক্ত পদের অর্থগত বৈলক্ষণ্য প্রকাশ করে তাহাদিগকে বাক্যালঙ্কার কহে।

যথা—টি, টা, গুলি, গুলা, ও [২], ই, যে [২], যেন.
বটে, কই [২], ভাল [২], বা [২], তা [২], ত [২]
বলি [২], এস [২], দেখ [২], দেখি [২], তাইত [২], না
জানি, বা [২], এমন কি, অধিক কি, ঠিক যেন, জানইতো
বোধ হয়, বোধ করি, বুঝি [২], বলিতেকি [২], ইত্যাদি।

⁽১) 'কি ধনী কি নিধ'ন ভাঁচার কাছে সকলই সমান'। এখানে কি শব্দ অধ্যয় বোধক অব্যয়। 'না আমি ভোমার কথায় ভূলিব না । ভাঁচার না পুস্তক, না বন্ধ, না আহার সামগ্রী, কিছুরই সঙ্গতি ছিল না । এত্লে না অধ্যাবোধক অব্যয়।

⁽২) তাহাতে 'ও' আগতি নাই; আদি 'যে' গোলাম; তিনি 'যে' ধরা পভিলেন; 'কই' কি অভিজ্ঞান দেশাইবে দেশাও; 'ভাল' যদি ভুমি যথাৰ্থই পরিগয়ে সন্দেহ কর়; কি বলিয়াই 'বা' প্রবোধ দিব; 'তা' জিজ্ঞাসা করি এ চিত্রপটে কি চিত্রিত আছে; ইনি 'ত' আমার এই করিলেন; 'বলি' আর্থ, পুত্র ত ভাল আছেন; 'এস' আলেশ্য-দর্শন বরি; 'দেখ' কেহ শিখাইয়া দেয় না, অথচ কোকিলারা স্বভাব-সিজ্ঞ চাতুরীবলে বায়স ঘারা আপনাদের শাবক প্রতিপালিত করিয়া কয়; একাকী যাও 'দেগি'; 'কেনই' বা বেগপ করিলাম; 'তাইত' চিক্লাফ্লোক্যাগ্যপ্ত হরপ্র উত্তোলন করিয়া ভালিতে উদ্যত ইইয়াছেন;

১৪০। যে সকল অব্যন্ন স্বতন্ত্র প্রযুক্ত হইয়া পদার্থভাষ্টের পরস্পার সম্বন্ধ প্রকাশ করে, তাহাদিগকে বিভক্তিপ্রতিরূপক অব্যন্ন বলে।

যথা—ছারা, দিয়া, করিয়া, কর্তৃক, ছইতে, থেকে, চেয়ে, অপেকা, ধিক, বিনা, ব্যতীত, ভিন্ন, ব্যতিরেকে, জন্য, নিমিত্ত নিবন্ধন, প্রযুক্ত্য, কারণ, হেতু, তরে, লাগিয়া, সঙ্গে, সহিত্য সমভিব্যাহারে, সনে, সহ, পর্যান্ত, অবধি ইত্যাদি।

১৪১। অব্যক্ত শব্দের অনুকরণ নিবন্ধন অনু-কারক অব্যয় বলা।

যথা—বম্বম্, ভোঁ ভোঁ, কল কল, ধক ধক ধিয়া তাধিয়া, মর্মর্, খস্খস্, চড়্চড়, ঝন্ঝন্, খন্খন্, হাহা, গাঁ। গাঁ, গুণ্ গুণ্, কুত কুত, অন্ অন্ উত্যাদি।

১৪২ ৷ সম্বোধনবাচক অব্যয়, যথা--

গো, হাঁগো, হাঁরে, হে, ওছে, রে, অরে, অয়ি, ভো, লো, অলো, ইত্যাদি।

১৪৩। হব[°], বিষাদ, রোষ, দ্বেষ, স্পৃহা, তৃপ্তি, লজ্জা, ভয়, বিশায়, প্রাভৃতি চিত্তের ভাবপ্রকাশক অব্যয়কে আবেগস্থাক বলা যাইতে পারে। যথা—

তঃ, উঃ, আঃ, উছ, আহে, আয়ে, হা, হার, হার হার, ছি,
'বুমি' জানকী নারীকুলকে পতিব্রতা ধর্ম দিখাইবার জনাই জীজন্ম
পরিগ্রহ করিরাছিলেন; বংদ 'বলিতে কি' যদি অভঃস্বত্তা না ইইতান এই
মৃহুর্ত্তে প্রাণভাগে করিভাম। এস্থলে ধানাচিছিত শব্দ ভালি বাক্যালভাব ক্রেপ পরিগণিত হইবে।

দূর, ধিক, হা ধিক, ধিক ধিক, হা হতোহিশ্ম (১), হা দঝোশি, কি কফ [১], কি দোরাস্থ্য, কি পাপ, কি লজ্জা, কি লাঞ্চনা, হা ক্লফ [১], গুৰুদেব, কালি কুলাও ইত্যাদি।

১৪৪। উপদর্গ স্বতন্ত্র প্রযুক্ত হইতে পারে না, প্রকৃতির পূর্কস্থিত হইয়া প্রকৃতির স্থাগত নানা বৈলক্ষণ প্রকাশ করে।

[ক] কোন ছলে ধাত্বের বিপরীত অর্থ প্রকাশ করে।
যথা; দা-দেওয়া, আদান-প্রহণ; গম যাওয়া, প্রত্যাগমন-কিরে
আসা; যুজ-সংযুক্ত করা, বিয়োগ-পৃথক্ করা; বন্ধ-বাঁধা;
প্রতিবন্ধ-বাঁধিতে না দেওয়া, ব্যাঘাত করা; হু-হরণ করা
অর্থাৎ লইয়া যাওয়া, উপহার-ভেট স্বরূপ প্রদত্ত বস্তু;
মন-মানা, অবমাননা-অপমান ইত্যাদি।

[ধ] অনেকানেক ছলে ধাত্রর্থের সহিত কোন সহন্ধ নাই এরপ অর্থ প্রকাশ করে। যথা—

গ্রেছ-লওয়া, বিগ্রেছ, অনুগুছ; সদ-গমন করা, অপসদ, বিষাদ, প্রসাদ; ছ-ছরণ করা, অধ্যাহার, আহার; ধা-ধারণ করা, বিধান, উপাধান; পদ-যাওয়া, সম্পদ আম্পদ, ইত্যাদি।

ি গ े কোন স্থলে প্রকর্ম বুঝাইয়া দেয়। যথা—

ঈক্ষ-দেখা, নিরীক্ষণ; শুভ-শোভা পাওয়া, স্থাভিত; কুপ-রাগ করা, প্রকোপ; দ্বি-নিন্দাকরা, বিদ্বেব; যুজ-যোগ করা, সংযোগ; দৃশ-দেখা, প্রিদর্শক ইত্যাদি।

⁽১ নিজের ক্ষরস্থা কথন, মনের বিকার উল্লেখ মনোবিকারের কারণ নির্দেশ, দেবভানামকীর্ত্তন ইত্যাদি নানা প্রকারে চিতের ভাব দ্যোতিত হয়।

[•ঘ] কোন স্থলে ধাত্র্থমাত্র প্রকাশ করে। যথা— ই-পড়া, অধ্যয়ন; স্থ-সন্তান জন্মান, প্রসব; পাল-পোষ্ণ করা, প্রতিপালন; পূচ-সমন্ত্রযুক্ত হওয়া, সম্পর্ক; লোক-দেখা, অবলোকন; স্থা-থাকা, অবস্থিতি ইত্যাদি। উপদর্গ আরও নানাপ্রকারে ধাতুর অর্থ পরিবর্ভিত করে। उभमर्ग। অর্থ। উদাহরণ। প্র—উংকর্ষ, গতি, আরম্ভ, সর্ব্ধ-প্রকৃষ্ণ, প্রস্থান, প্রক্রম তোভাব, ইত্যাদি। व्यक्तिंध। शरा-छम, जनामत्। পরাভব, পরাহত। पा-1-(पानाकाका, जनामत्र, जश्म পশমান, অপচয়, অপ-इंडानि। 7144 1 সম-সমাক প্রকার, যোগ। সম্ভুত, সঙ্গত, সন্মুখ, সম্ভান। নি—নিশ্চর, নিবেধ, পরাভব। নিগ্রহ, নিবেদন, নির্রত্তি, निकाद। অব-অনাদর, নিক্ষয়। অবমাননা, অবজ্ঞা, অব-ধারিত। यन-भन्ति माम्मा. (भीनःश्रमा। অনুশোচনা, অনুকম্পা, অনুরূপ, অনুক্রণ। নির—অভাব, নিশ্বর, বহির্ভাব, নিশ্চল, নিৰ্দ্ধাৱিত, নিৰ্গ মন, নিৰ্বাণ। নিঃশেষ। ছর-নিন্দা, ক্লেশ। ভূমাম, ভ্রম্ভর। বি—অভাব, বিশেষ, বৈপরীতা। বিয়োগ, বিন্যাস,বিকার।

অধিষ্ঠান, অধিপতি।

অধি—উপরি, ভাগ, স্বামিত।

य-अभारमा, (मोक्या, वाधिका। উৎ—উদ্ধ, প্রশংসা, প্রাত্তর্তাব,

কুৎসা, তাগা

পরি-সর্কোভাব, অনাদর, আতি-শ্যা, ত্যারা। প্রতি-ফিরিয়া দেওয়া, বৈপরীতা,

সাদৃশ্য, বিরোধ, পৌনঃপুন্য।

ममख्रे, অভি-সর্বতোভাবে আভিমুখা, পরাভব।

অতি-অতিশ্যা, অতিক্রম।

অপি-সমুচ্চয়, আচ্ছাদন।

উপ-হেয়তা, সামীপ্যা, রুদ্ধি, অনুকম্প।

আ-স্বদর্থ, পর্যান্ত. বৈপরীত্য, সম্যক। আক্রোশ, আহরণ। উদ্লিখিত বিংশতি উপসর্গের মধ্যে কতিপয় কেবল ধাতুর পূর্বেই প্রযুক্ত হইয়া থাকে। কিন্তু কয়েকটি শব্দের পূর্বে ও

ব্যবহার করা গিয়া থাকে। যথা-

জপ-অপধর্ম, অপকর্ম, অপকলঙ্ক, অপকীর্ত্তি, অপ্যশ। मः-मय्थं, मयक, मयीशं।

স্বাশ, স্থাম,সুশোভিত। छेलायन, छेश्कर्स, छेश-সাহ, উদ্ভব, উন্মার্গ,

डेकाम, डेरम्झन। পরিভব, পরিদর্শক,

পরিপূর্ণ, পরিহার। প্রত্যর্পণ, প্রতিগমন,

প্রতিবিম্ব, প্রতিনিধি,

প্রতিবাদী, প্রতিদিন। অভিনিবেশ, অভিবেষ্টন,

অভিমুখ, অভিযান,

অভিভব।

অতির্থি, ব্যতিরেকে.

বাতীত।

তথাপি,কদাপি, অপি-

शन।-

উপধর্ম, উপকুল, উপ-

চর, উপনগর, উপকেশ

অনু—অনুকণ, অনুদিন, অনুরূপ।
নির—নিরাহার, নিঃসহন্ধ, নির্বাধি, নিলেণ্ড নিরহকার
নিত্তেজ।

হ্ব—হ্নাম, হুদৈব, হ্বাস্থা, হুঃসাহসিক হ্ৰন্ত।
অধি—অধিক, অধীন, অধিপতি, অধিনায়ক।
স্কু—স্থাম, স্পুত্ৰ, স্থাল, স্থাতি।
প্ৰতি—প্ৰতিদ্বা, প্ৰতীপ, প্ৰতিমন্ন, প্ৰতিবিশ্ব, প্ৰতিদিন

অতি(১)—অতির্থি, অতিরথ, অত্যন্ত, অতিরাজী, অতিধীর।
অপি—তথাপি, কদাপি, যদ্যপি, অপিচ।
উপ—উপত্র্ব, উপকেশ, উপনগর, উপধর্ম।
আ—আজন্ম, আমূলতঃ, আরক্ত, আরক্তিমা, আকঠ।
বি—বিধন্মী, বিকল, বিভৃষ্ণ।

উৎ—डेग्राम, डेम्नाम, डेम्स् **अ**न।

ভাষান্তর হইতে কতকগুলি উপসর্গ গৃহীত হইয়াছে। যথা— উপসর্গ। অর্থ। উদাহরণ।

বে—অভাব, বৈশরীতা। বেবন্দোবস্ত, বেছ র্মং, বেহায়া বেকার, বেকিতা, বেহুক্ষত, বেয়োতন, বে-ইমান, বেয়াদব,

বেতাল।

বে-হাত, বে-চান, বেকার.

⁽১) অতি শব্দ বিশেষণরণে স্বভন্ত ও প্রবৃক্ত হইছে পারে। যথা; সে অতি উত্তম, এ অতি উৎকট রোগ, ইহা অভি আনন্দের বিষয়।

গর—বৈপরীতা। না—অভাব। গরহক, গরকবুল, গরহাজিরু। নাহক, নাছোড়, নাপছন্দ, নাকচ, নাডান, নাচার।

নুত্ৰঃ

নঞ শব্দ নিষেধার্থক, ইহা শব্দের পূর্বেই(১) প্রযুক্ত হয়।
নঞ ব্যঞ্জন বর্ণের পূর্বের অকার রূপে, এবং স্বরের পূর্বে(২)
অনুরূপে পরিণত হইয়া থাকে। যথা, অকাতর, অমায়িকতা,
অনর্গল, অনন্ত।

বাঙ্গালা ভাষায় নঞের অর্থ তিন প্রকার; অভাব, বৈপরীত্য, ও নিকর্ষ। যথা: অভাব—অস্থ্য, অক্লেশ, অনারাস, অমোঘ, অবোধ; বৈপরীত্য—অসাধু, অস্থ্য, অসং, অক্লত্রিম, অভাব, অসত্য; নিকর্য—অমানুষ, অকীর্ত্তি, অযুশ, অকর্মা, অপুথ।

मयांग श्रकत्।

১৪৫। হই বা বহু পদের যে একপদীভাব, ভাগাকে সমাস কহে।

⁽১) কোন কোন সলে নঞ্জ এক প্রকৃতির পূর্ণের ব্যবহৃত ইইয়াও জন প্রকৃতির সহিত জবিত হয়। ব্যব্যঃ জসমীক্ষ্যকারী, জবিষুণ্যকারী, জসুষ্-ম্পাশ্যরপা, জ্বাজ্ঞাজী, অকিঞিংকর, জকুডোভয়।

⁽২) অতি শব্দের পূর্বের কোন কোন স্থাল, নঞের আকার-পরিবর্ত্ত হয় না। ধথা; নাতিশীতোক, নাতিপ্রবল, নাতিদুর ইক্যাদি

১৪৬। সমান করিলে পূক্রপিদস্থিত বিভক্তির লোপ (১) হয়, কেবল শস্তা পদে বিভক্তি থাকে। ১৪৭। সমান ছা প্রকার। দ্বন্দ্ব, বহুবীহি, তৎপুরুষ, কর্মধারয়, দিশু ও অব্যয়ীভাব।

যে কয়েক পদে সমাস হইবে, তৎসমুদয় পরস্পর অন্বয়-যোগ্য (২) ছওয়া উচিত। অতএব, কথা পুল্লের মনোহর,

কিন্তু সম্প্রকারকের সহিত একদেশার বিক্লক নয়। যথা, তোমার পুত্রপ্রাপা, তাঁহার কহছদন্ত ইজাদি। অপিচ, অষয়বোধক অবার শব্দ বাবছত হইলে, পুনক্তি দোষের পরিহারার্থ বালালা ভাতার একদেশার স্বীকার করা গিরাথাকে। যথা, ''ঐ কানন অপ্ররাও সন্ধর্বগণের অভিপ্রিয় স্থান' এস্থলে অপ্ররোগণ ও গদ্ধর্বগণের বলিলে পুনকৃষ্টিই ইউ। অভএব হয় অপ্সরা এই পদের পর গণশব্দ উচ্চ আছে স্ব কার করিতে হইবে, নাচয় অগভার অপ্সরা পদের সচিত গণশব্দের একদেশারর স্বীকার করিছে চইবে। গুনী ও বিহদ, গণ, ভেজীয়ান ও মনস্বিগণ প্রস্তুতিতে ও এইরপ বিবেচনা করিতে চইবে। পরস্তু, অসম্বরোধক

⁽০) কোন কোন স্থান বিভক্তিব লোপ হয় না, তাহাকে আলুক্স্নাস বলে। যথা, মুধিতির, সদা শব সক্রেসন, তত্ত্বস্প অত্তাগত, অভে , বাসী, ভাগেরন, কর্নেজপ, প্রেরজং, সরাসজ্ঞ, মনসিজ, বাচোরুলি, প্রাট্ড বির, তনংশেক দিবোদাস, ভ্রাট্ডপ্র, মাতৃঃল্সা, পিতৃঃহ্সা। এই সকল স্থলে সংস্কৃত বিভক্তিব আলুক হইয়াছে: কিন্তু বালালা বিভভির আলুক হইয়া, অলুক সনাব ইইয়াছে একপ স্থল দেখা যায় না।

[ে] ২) সমানে একদিশার অসাবু: অর্থাং সমস্তপদেব অন্তর্গত পূকা বা উদর পদেব সহিত অসমস্ত পদের অবয় হইতে পারে না। অতএব বিধান গণসেবিত, ধনালোকপুন, ঐ পদাকান্দ্রী, আগানী বংসরলভা ভাবী শুভটিন্তা, দাতা জনোপাসনা প্রভৃতির পারবর্ত্তে বিস্কাল্যাবিত, ধনিলোকপুন, তদ্পদাকাও ক্রী, আগানিবংসরলভা, ভাবেশভটিন্তা, দাড়জনোপাসনা, ইত্যাদি প্রকার চইবে। অপিচ, দীনজনকে দেয়ধন, বাল্যার। আহত মৃগ, ব্যাস চইতে ভাত লোক, বনে শ্যানসিংহ, ইল্যাদিস্থলে, দেয় ও ধন, আছত ও মৃগ, ভাত ও লোক, শ্যান ও সিংছ প্রভৃতিকে ভিন্ন ভিন্ন পদ বলিয়া বিবেচনা কবিতে ইইবে।

এই অর্থে মনোহরপুত্তকথা না হইরা পুত্তমনোহরকথা এরপ হইবে। কারণ, পুত্তপদের সহিত মনোহর পদেরই অন্বর্ম কথাপদের সহিত নয়। মনোহরপুত্তকথার অর্থ পুত্তের কথা মনোহর, কিন্তু কথা পুত্তের মনোহর এরপ হইতে পারে না।

इन्स् ।

১৪৮। যে কয়েক পদে সমাস হইবে, তাহাদের সকলেরই অর্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া, পর-স্পার অহিত হইলে, দুন্দু সমাস হয়।

ভীমাজুন চলিলেন; এন্থলে ভীম এবং অজুন উভয় পদার্থই 'চলিলেন' এই ক্রিয়ার সহিত প্রধানভাবে অবিত ইইতেছে।

অপিচ, জরপরাজয় আশু সম্ভব নয়, ভালমন্দ কিছুই জানিন। হ্রাসরদ্ধি দৃষ্টিগোচর হয় না, উদয়ক্ষয়ের উপলব্ধি হইতেছে না, পক্ষায়াতগ্রন্ত অবয়বে শীতোঞ্চ অনুভূত হয় না।

১৪৯। দ্বন্দু সমাসে উত্তর-পদের যে বচন, সমস্ত পদেও সেই বচন হইয়া থাকে। যথা, রামলক্ষণকে দেখিলাম, ভীশ্বদোণের অমত ছিল। ত্রাক্ষণকতি-

আবার্থােগে বিভক্তিরও একদেশাখর অসাধ, বা অস্তুদর নয়। যথা; ত্রান্ধ। ও খুদ্রেরা, ধনী ও নিধানকে, বিধান ও ভেজীরান লােক থাবা. ব্যান্ত্র এ মতিম চইতে; ইংলও, ফাল্স ও জর্মানির অন্তঃপাডী; কুন্দ, কমন কুমুদ ও কর্বীর পুজেতে জমরগণ জমন ক্রিকেছে।

য়ের। ভিন্ন ভিন্ন স্থানে স্থাসীন ছিলেন ; ক্ষাত্রিন বৈশ্যদিগের পৃথক্ পৃথক্ নিমন্ত্রণ হইরাছিল।

- (ক) দ্বন্দ্রমানে অপেক্ষাকত অপেন্দরবিশিষ্ট পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা, তালতমাল, গজতুরন্ধ, গোমহিষ, ঋছিক্-পুরোধা ইত্যাদি।
- (খ) স্বরসামান্তলে স্বরাদি অকারান্ত পদের পূর্বনিপাত হয়। যথা, অশ্বগজ, অমতিক্ত, অনলপবন।
- (গ) স্বরসাম্যস্থলে ইকারান্ত ও উকারান্ত পদের পূর্ব্বনিপ:ত হয়। যথা হরিহর, রবিবৃধ, মৃত্রুদৃঢ়।
- (য) স্বরসামান্তলে লঘুস্বরবিশিষ্ট পদের পূর্ব্বনিপাত হয়। যথা, কুশকাশা, নলনীল, বলয়কেয়ুর।
- (ঙ) অপেক্ষারত পূজাবোধক পদের পূর্ব্বনিপাত হয়। বখা, তাপদভিকুক : পিতামাতা।

দক্ষসমাসে সর্বত্ত আরুপূর্ব্য অনুসারে পেনির্বাপর্যা নিরম হওরা উচিত। যথা, বসস্থীম, নিদাঘবর্বা; মৃগশিরাপুরা।, অলেষামঘা; ত্রাহ্মণশুক্ত, ক্ষতিয়বৈশ্য, মুধিচিরাজ্জুন, ছুর্য্যোধন ত্রঃশাসন।

১৫০। বিদ্যাদয়ন বা গোত্রনয়ন্ন থাকিলে এবং ঋকারান্তগব্দ পরবর্তী হইলে, ঋকারান্ত শব্দের ঋ স্থানে আকার হয়। যথা, বিদ্যাদন্তন—হোতা-পোতা, নেফোন্সাতা; গোত্রনয়ন্ধ—মাতাপিতা ভাতাছহিতা। পুত্র শব্দ পরে থাকিলে ও হয়; যথা, পিতাপুত্র, মাতাপুত্র।

দম্পতী (১), বাঙ্মনস, নক্তন্দিব রাত্রিন্দিব, অন্ত্রিব অহোরাত্র, এই কয়েক পদ নিপাতনে সিদ্ধ।

বহুত্রী হ (২)।

১৫১। বে ভালে যে কয়েক পদে দমাদ হই বে,উ হণ-দের মধ্যে কোন পদেরই ভার্য প্রধানভাবে প্রতীয়গান

बङ्बीहि भगाम প্রকারান্তরে আরো ছুই প্রকার হয়; সমানাধিকরণ পদষ্টিত ও বাধিকরণ-পৃষ্টিত। বিশেষা বিশেষণপদে যে বছবীছি, হয়, উচা সমানাধিকরণ-পদষ্টিত; যথা, পীতাশ্ব, দিবিভি, মেতকায় ইত্যাদি। যেস্থলে অন্যবিধপদে বছবীচি হয়, উচাকে ব্যধিকরণ-পদষ্টিত বলে: যথা, দুওপানি, সুগলোচনা, সপুত্র, কেশাকেনি।

যে স্থলে সমাস ধারা অন্যু পদার্থের প্রভীতি হইতে পারে, তথায় বিশিষ্টার্থক শব্দ প্রয়োগ বা বিশিষ্টার্থক তদ্ধিত প্রভায় বিধান করা অসাধু। যথ', প্রবৃদ্ধি, নির্বিগার, অপুত্র, উদ্বেল, দীর্ঘবান্ত, না বিলিয়া স্তব্দিমান, নির্বিগরেবান অপুত্রী, উদ্লেলাযুক্ত, দীর্ঘবান্তবিশিষ্ট এইরপ্রনিলে ভুল হইবে। বেশন কোন স্থানে এই নিয়দের ব্যভিচার দেখা যায়। মথা, বিধন্দী, নিরপ্রাধী, নির্দোষী, নির্পাগী, সদালাগী।

⁽১) জায়া এবং পতি এই অর্থে দম্পদী।

⁽१) বহরীতি দ্বিধি, তদ গুণসংবিজ্ঞান ও অবদ্ধানসংবিজ্ঞান। ধেশুলে অন্য পদাধের ন্যায় সমস্থান পদার্থেরও প্রক্ষপ্রায় ক্রিয়াদির সভিত অবয় হয় উঠাকে তদ্ধানস্বিজ্ঞান বলে। যথা, লমকনকে দেবিলান, এগানে লংকনবিশ্বী যে প্রক্ষ, বাতার দর্শনক্রিয়ার সহিত আয় তইন্তেচ, তবং লগা যে কর্ম তারের প্রক্ষপ্রায় দর্শনক্রিয়ার সভিত অবয় তইন্তেচ অতদ গুণসংবিজ্ঞান বছরীতিতে সমস্যান পদার্থের সভিত ক্রিয়াদিব তবয় হয় না। যথা দুর্গুর্গ আসিল, এখানে যে বাজি তীর্থ দেখিয়াতে সে আসিল কিল্ল তীর্থ আসেন।ই।

না হইয়া অন্য এক পদার্থের প্রতীতি হয় ও প্রধানতা বুঝায়, তাহাকে বহুত্রীহি সমাস বলে। যথা, শূল হইয়াছ পাণিতে বাহার, এই অর্থে শূলপাণি; এস্থলে শূল কিয়া পাণি প্রধানরূপে প্রতীয়মান হইতেছে না; কিন্তু হস্তে শূলধারণ করিতেছে যে ব্যক্তি সেই অন্য পদার্থ, এখানে প্রধানভাবে প্রতীয়ন মান হইতেছে।

সমাসবাকা ছলে, অন্য পদার্থ "যাহা" এই সর্বনাম দ্বারণ স্থানিত হয়। বান্ধানা ভাষায় যাহা শব্দ তৃতীয়ান্ত, ষষ্ঠান্ত, বা সপ্তমান্ত হইয়াই অন্য পদার্থের প্রতীতি করিয়া দেয়। যথা, তৃতীয়ান্ত—ক্লতকর্মা, ধৃতবর্মা; ষষ্ঠান্ত—নীলাম্বর, দীর্ঘ-বাহু; সপ্তমান্ত—প্রফুল্লকমল, নির্মালসালিলা।

১৫২। ষষ্ঠান্ত [১] পদের দহিত দহ শব্দের বহুত্রীহি দমাদ হয়। বহুত্রীহি দমাদে দহ শব্দের ছানে দকার আদেশ হয়। যথা, দপুত্র, দানুজা।

১৫৩। ব্যতিহার অর্থাং পরস্পার একজাতীয় ক্রিয়াকরণ বুঝাইলে বহুব্রীহি সমাস হয়। ব্যতি-হারন্থলে পূর্ব্বপদের অস্ত্যুম্বর দীর্য হয়; এবং পর-পদের অস্ত্যুম্বর স্থানে ইকার হয়। যথা—কেশাকেশি,

⁽১) সংক্তে সভার্থ শব্দের যোগে তৃতীয়া হয় বলিয়া তৃতীয়াত্ত পদের সহিত সহ শব্দের বছর। হিসমাস হয়ঃ কিঙাব লালাভাষায় সেরপ নয়

১৫৪। উপমা বুঝাইলে বহুত্রীহি সমাস হয় (১)। যথা, চক্রমুখী, মৃগনয়না, করভোর।

১৫৫। বহুত্রীহি নমানে পরপদ স্ত্রীলিন্ন হইলেও পূর্ব্বপদ দর্বদা পুংলিন্স থাকে [২]; এবং অন্যপদার্থ পুংলিন্স হইলে, উত্তরপদের আকার হুম্ব হয়। যথা, স্থিরবৃদ্ধি, প্রিয়ভার্য্য, একভার্য্য, ভগ্নশাথ, বীতলজ্জ।

উত্তরপদ ঋকারাস্ত অথবা নিত্যক্তীলিক (৩) দীর্ঘ-ঈকারাস্ত শব্দ হইলে উহার উত্তর ক হয়। যথা, মৃতভর্তৃকা, বহুপত্নীক।

⁽১) এন্ডলে সনাস-বাক্যে প্রযুক্তামান যে উপমাবাচক তুলাদি শব্দ, উহা লুপ্ত হইয়া গিয়াছে। যথা, চল্ডের তুল্য মুখ যাহার, মগের ন্যায় নয়ন যাহার, করভের সদৃশ উর যাহার। ইহাকে মধ্যপদলোপী সমাস বলা যাইতে পারে। তৎপুরুষ এবং কর্মধারয়ন্থলে ও মধ্যপদলোপী সমাস হইয়া থাকে। যথা, ঘনশ্যাম ঘনের ন্যায় শ্যাম, নবনীতকামল নবনীতের ন্যায় কোমল; পুরুষসিংহ সিংহের ন্যায় পুরুষ, মুখচজ্ঞা চল্জমার ন্যায় মুখ; ছভায়, ফলায় অর্থাং ছভাদিনিশ্রিত অয়; অশ্বাসন্য, হস্তিসৈন্য অর্থাং অশ্বাদিতে আরেচ্টসন্য; একাদশ, অর্থাং ক্রমাধিকদশ, অর্থাধিক দশ; স্থেলাতিক অর্থাং প্রথমে স্থে পরে উলিত, প্রধ্বের মধ্যে উত্য পুরুষোত্ম ইত্যাদি।

⁽২) পুর্বাপদ ককারান্ত প্রভার বিশাস, সংজ্ঞাবাচক, পুরাবাচক, জ্ঞাতিবাচক, বা আনবাচক হইলে, জ্ঞাতিবাচক, বা আনবাচক হইলে, জ্ঞাতিবাচক, বা আনবাচক হইলে, জ্ঞাতিবাভার্য্য; সক্তলাগন্ধীক; ভিতীয়াভার্য্য; ব্রাহ্মণীভার্য্য, ক্ষত্রিয়াভার্য্য; স্ত্রেম্মণীভার্য্য, ক্র্যালীভার্য্য।

^{় (}৩) ছে সকল শব্দ নিয়ত জীলিলই থাকে, কখন পূংলিল হয় না; উষ্টাদিগকে, নিভাজীলিল শব্দ বলে।

ক্রীনিকে ইন-ভাগান্ত শব্দের উত্তর ক হয়। যথা, বছ-ধনিকা নগরী, বছ-বাগ্যিকা সভা।

অর্থ প্রভৃতি শব্দের উত্তর ক হয়। যথা, অনর্থক, দশবর্থ-বয়ন্থ, বিনয়পূর্ব্বক, অন,মনন্ম ইত,াদি।

বক্তরীহি ও তৎপুক্ষ সমাসে মহৎ শব্দের স্থানে মহা-জাদেশ হয়। যথা, মহাবল, মহামতি।

জক্ষি (১) ও নাভি শব্দের ইকারস্থানে অকার হয়, এবং জারা শব্দের স্থানে জানি আদেশ হয়। যথা পদ্মপলাশীক, পদ্মনাভ, যবজানি।

উং, সু, পূতি ও সুরভি শব্দের উত্তর গন্ধ শব্দের অস্তা অকার স্থানে ইকার হয়। যথা, উদ্দান্ধি, সুগদ্ধি, পূতিগদ্ধি, সুরভিগদ্ধি। উপমানবাচক পদের পরবর্ত্তী হইলে বিকপ্পে হয়। যথা, পদ্মগদ্ধি, পদ্মগদ্ধ।

স্কং, দ্বিপদী, ত্রিপদী, চতুষ্পদী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধঃ

বান্ধালা শব্দন্ধরে বছত্রীহি সমাস হইলে সমস্ত পদের উত্তর
বধাসম্ভব এ এবং ও প্রত্যের হয়। যথা, গান্ধা-জল গান্ধাজলে,
নি-হাড় নিহেড়ে, নি-কামাই নিকামারে, নি-কড়ি নিকড়ে, নি' মুখ নিমুখো, একচোখ একচখো, বানরমুখো, মিফিমুখো,
কটাচোখো, কোঁকড়াচুলো, চিক্কণদেঁতো ইত্যাদি।

উত্তরপদ বিশেষণ হইলে, উক্ত প্রত্যস্তম্ম হয় না। যথা, মাচভাজা তেল, মাখনতে:লা মুখ, ঔষধমাড়া খল, গালবীকা,

^{(&}gt;) क्योगिटक व्यक्ति भरजात हैकान व्याप्त नीप जैकात हुत्। मधा, मृशाक्ती।

লোহাপিটান হাতুড়ি, লুচিভাজান কড়া, হাতভাজা, গলায়র।, কাণপাতলা।

অ কিম্বা না উপসর্গ বাঙ্গালা ধাতুর সহিত সংযুক্ত হইলে বহুত্রীহি সমাস হয়। যথা, নাছোড়, নাপড়, অপড়, অধর' অটুট, অবুঝ।

পরিমাণবাচক শব্দে ও সংখ্যাবাচক শব্দে সমাস হইলে সম্ভব্যত আ, ই এবং এ প্রত্যর হয়। যথা, আ—পাঁচশের। বিশাগজা; ই—হুহাতি, তিনমোণি, আটরেকি; এ—ছবুরুলে, বার আন্থলে, চারিছটাকে, আটগতে।

তৎপুরুষ দমাদ।

১৫৬। তৎপুরুষ সমাসে উত্তর পদের অর্থ প্রধান ভাবে [১] প্রতীরমান হয়। নদীকূল, এই স্থলে পর পদার্থ যে কূল, উহাই প্রধানরূপে প্রকাশ পাইতেছে।

১৫৭। পূর্বাপদ দিতীয়ান্ত হইলে দিতীয়া তৎপুরুষ বলে ; অর্থাৎ পূর্বাপদ কর্ম হইলে এবং
উত্তরপদ সকর্মক ধাতুর উত্তর ক্রেক্ত্রাচ্যে দ্বিহিত

⁽১) এই নিয়দের কদাচিং ব্যক্তিচার দৃষ্ট হইয়া থাকে। নিদ্রাক্লতে উ্থিত উন্নিদ্র, রাত্রির পূর্কভাগ পূর্ববাত্ত, ইত্যাদিস্থলে পূর্নপদার্বেরই প্রাধান্য প্রতীয়দান হইতেছে।

রুৎপ্রতায় দারা সাধিত হইলে, দিতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা, গঙ্গাপ্রাপ্ত, মিত্রভাবাপর,
আররভুকু, জলপিপাস, ধামাধরা, ছেলেধরা, কান্
কাটা, পাতড়া-মানু হাতচালা, মনচোরা। অথবা
পূর্বেপদ কাল্যাচক শব্দ হইলাব্যাপ্তি রুবাইলে দিতীয়াতৎপুরুষ সমাস হয়। যথা, চির-বসন্ত, মুহূর্ভসুখ, মাসগমা, বম্ভাগ্য; অর্থাৎ বয়াদি
ব্যাপিয়া। পূর্বেপদ জিয়ার বিশেষণ হইলেও
দিতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা, সুখনেবা, জনায়াসলভা, মন্দ্রামী।

১৫৮। পূর্বাদ তৃতীগান্ত হইলে, অর্থাৎ পূর্বাপদ করণ কিলা করণ হইলে (১) তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যথা, কর্তায়—ব্যাহহত, ব্যাসর্চিত, ব্রাহ্মণ-ভোকা, ছাত্রকার্থনা, লোকহুর্মা। করণে—নথক্ষত, গুণশালী, দোষযুক্ত, অনিচ্ছিন্ন, অঞ্জলিপেয়, শিরো-ধার্মা, গুড়মিশ্র, বাক্কলহ, মাসপূর্ব, বর্ষাবর, ক্ষেহ্রহিত, দোণামোড়া, রূপার্থান, মধুমাখা, তুলি-জাঁকা!

⁽১) কিন্তু পরপদ ভাষবাচ্যেবিহিত কংগ্রতায়নিপান হইকে কর্তৃপদের, সহিত তৃতীয়াসনাস না হইয়া, ষ্টীতংপ্, রুষ সমাস হয়। থথা, সুর্যোদয় রুষ্টিপাত, ইত্যাদি।

১৫১ ! পূর্ববপদ অপাদান কারক ছইলে, পঞ্চী তৎপুরুষ বলে। যথা, ব্যাস্থভয়, গৃছনির্গত, বন্ধন-মুক্তা, রথগতিত, বিদেশাগত, হুগোৎপন্ন, বন্ধুপ্রাপ্ত, উদ্বেল, উচ্ছু খ্বল, উদ্দাম [১]।

১৬০। পূর্ববপদ ষষ্ঠান্ত হইলে, ষষ্ঠীতিৎপুরুষ বলে,
অর্থাৎ সম্বন্ধ বুঝাইলে ষষ্ঠীতৎপুরুষ সমাস হয়।
যথা, বায়ুবেগা, কন্যাদান, জলপান, সুর্য্যোদয়, র্টিপাত, অমৃতবাজার, ভবানীপুর, পিতৃসম, ইন্দ্রতুল্য
মাতৃসনামা [২] অশ্বাস, পুত্রহিত, বিয়েপাগলা, ভ্রাতৃস্থকর (৩)।

১৬১। একদেশ (অংশ) বাচক পদের সহিত্
ষক্ষান্ত পদের সমাস হইলে. একদেশবাচক পদ
পূর্ববৈত্তী হয়। যথা, পূর্বকায়, উত্তরকায়, পূর্ববাহু,
মধ্যাহু, সায়াহ্ন, অপরাহ্ন, পূর্ববাত্ত, অগ্রকেশ ;
অর্থাৎ কায় প্রভৃতির পূর্ববাদি ভাগ।

^{(&}gt;) व्यर्थाः दिनां मि इडेटल छेन् गछ।

⁽২) সংক্ষত ভাষায় তুল্যার্থক শব্দের বোগে ভৃতীয়াসমাসও হইয়া থাকে। কিন্তু বালালা ভাষায় দেরূপ নয়।

⁽৩) ইত্যাদিস্থলে বাঙ্গালাভাষায় চতুথীসমাস শীকার করা গৌরবমাত্র নিমিভাদিপদের লোপ করিয়া মধ্যপদলোপী ষ্টীতংপু রুষ সমাস বলাই স্নাষ্য। ষ্থা, অধ্যের নিমিত ঘাস অধ্যাস, পুত্রের পক্ষে হিত পুত্রহিত ইত্যাদি।

১৯২। পূর্বাপদ সপ্তায়ন্ত হইলে, সপ্তাতি পুরুষ হয়। যথা, শান্তপ্রবীণ, ভোজনপট, রণপণ্ডিত, হুণ্ডিলশায়ী, স্থালীপক্ক, পূর্বাহ্রকত, রাত্তি (১) ভোজী, ভোজনেচ্ছা, মাংসবিদ্বেষী, বিদ্যাহীন, গুণশুন্য, একোন [২], মুখচোরা, গাছপাকা।

নঞ্জের সহিত প্রাতিপদিকের এবং উপসর্গের সহিত ধাতু বা প্রোতিপদিকের তৎপুরুষ সমাস হয় [৩]। যথা, অস্থর, প্রতিগমন, উচ্ছুখ্বল, আরক্ত, স্পুরুষ, অমুপ্রবেশ।

আবিদ্ প্রভৃতি অব্যয় শব্দের সহিত ধাতুর তৎপুক্ষ সমাস হয়। যথা, আবিজিন্না, স্থীকার, অন্ধীকার, ধর্মীকৃত, ভশ্মী-ভাব (৪), সংকার, অন্ধার, অন্ধান, পুরস্কার, তিরস্কার, সাক্ষাংকার, নমস্কার, অন্তগত।

⁽১) ব্যাপ্তি বুঝাইতে কালবাচক পদের সহিত দ্বিতীয়াতংপুরুষ সমাস হয়, পূর্ব্বেই নির্দিউ হইয়াছে।

^{় (}২) সংক্ষতভাষার খুন্যার্থক শব্দের যোগে তৃতীরা ছয়, বনিয়া বদ্যাদীন, গুণগুন্য প্রভৃতি স্থলে তৃতীয়াতংপুরুষ হইয়া থাকে। কিন্তু বালালাভাষার ঈদৃশস্থলে বিষয়াধারে সপ্তমী করা যায় বলিয়া, সপ্তমী-সমাসই বলাউটিত।

⁽७) किञ्च खनाश्रमादर्वत ध्याधाना वृषाहरम वहवीहि समास इत। धर्धा, निन्तिस, प्रकृतित. खनमक हेन्डामि।

⁽ १) অভূতভদ্ধার বুকাইলে উপপদের অস্তাত্মকার স্থানে ইকার হয়; ৬বং অন্তে অকার ভিন্ন হৃত্য করবর্গ থাকিলে দীঘ হয়। পুর্কৈ ঘেরণ হিলনা, দেরপ হওয়াকে অভূতভদ্ভাব বলে।

ধাতুর মহিত উপপদের (১) তৎপুক্র সমাস হয়। যুথা, কুজকার, হিতকর, অঞ্চার, বনচর, রাত্রিচর শিলাশয়, সর-সিক্ত, কুরম, বিরীশ, বিজ্ঞান, ভুজগা, তুরদান, পণ্ডিতমান, বিশ্বস্থার, বশাসদ, তাদৃশ, সদৃশ।

কর্মধারয়।

১৬৩। যে ছলে বিশেষ্য বিশেষণ পদে সমাস হইয়া বিশেষ্যের প্রাধান্য প্রতীয়মান হয়, তাহাকে কর্মধারর বলে। কর্মধারর সমাস তৎপুরুষের প্রকা-রাস্তঃ। ষথা, নীলোৎপল, শীতলবায়ু।

১৬৪। বর্ণবাচক পদের পরস্পর কর্মধারয় নদান হয়। যথ, নীল অথচ লোহিত নীললোহিত, খেত অথচ পীত খেতপীত, রক্ত অথচ হরিত রক্ত-

১৬৫। পূর্বকাল ও উত্তরকাল বুঝাইলে ত প্রত্যোক্ত পদের কর্মধারত্ত সমাস হর। যথা, প্রথমে শ্রিত পরে উত্থিত শায়িতোঝিত, প্রথমে মৃত পরে

^() भाकु रह जरून शरमत शतवडी हहेबा क्रथ्यकाम्युक इम, छेबा-विभारक छेश्नुम बरल ।

উথিতে মৃতোখিত, প্রথমে দত পরে অপহত দতাপ-হুত, প্রথমে ভুক্ত পরে উদ্দীর্ণ ভুক্তোদ্যীর্ণ।

১৬৬। উপনানবাচক পদের সহিত উপনের পদের কর্মধারয় নমাস হয়। যথা, সিংহের ন্যার পুরুব পুরুষদিংহ, কমলের ন্যায় মুখ মুখকমল।

১৬१। উপমানবাচক পদের দহিত সমানধর্ম-বাচক (১) পদের কর্মধারয় সমাদ হয়। যথা, অর্থ-বের ন্যায় গভীর অর্থবর্গভীর, নীরদের ন্যায় শ্যামল নীরদশ্যামল, অনলের,ন্যায় উজ্জ্বল অনলোজ্জ্বল।

১৬৮। ভাব, ভূত, ও ক্বত এই তিন পদের দহিত অভূততন্তাৰ বুৰাইতে শ্রেণিপ্রাভৃতি পদের কর্মধারর দমাদ হয়। যথা, কুটীন্তাব, মোনীভাব, শ্রেণীভূত, রাশীভূত, থবর্বীকৃত, স্তকীকৃত।

১৯৯। অন্তর শব্দের দহিত কর্মধারর সমাদ হয়, এবং অন্তরশব্দ পরবর্তী হয়। যথা, জন্য লোক লোকান্তর, অন্য পুস্তক পুস্তকাম্ভর।

कर्यधात्रत्र मयात्म छेक्त्रभन जीनिक इरेल, भूक्मन

^{(&}gt;) যে সকল গুণ কাৰবা ক্ৰিয়া উপমান ও উপমেয় উভয়ে, বিদ্যান থাকে, তাহাদিগকে সম্নধ্য বলে।

[60]

নিরত (১) পুংলিক্ট থাকে। যথা—মহানবদী, রুক্ষচতুর্দশী, পাচকন্ত্রী, পঞ্চমকন্যা, ব্রাহ্মণভার্যা, স্থকেশপত্নী।

দশ শব্দ পরে থাকিলে এক শব্দ ছানে একা হয়। যথা, একাদশা।

দশ, বিংশতি ও তিংশং শব্দ পরে থাকিলে, দিছানে দ্বা, তিন্তানে ত্রয়ঃ, অই-ছানে অই। আদেশ হয়। যথা—দ্বাদশ, ত্রমোদশ, অফীদশ।

চন্ত্রবিংশং, পঞ্চাশং, বর্চি, সগুতি ও নবতি শব্দ পরে থাকিলে পূর্ব্বোক্ত আদেশ বিকপে হয়। যথা, দ্বাপঞ্চাশং দ্বিপ-ফাশং। অশীতি শব্দ পরে হয় না। যথা, দ্বাশীতি, ত্রাশীতি, অফাশীতি।

षिछ।

১৭०। সংখ্যাবাচক শব্দ পূর্বের থাকিয়া (২)
বিশেষ্য বিশেষণ পর্দের যে নমান, তাহাকে দ্বিগু
বলে। দ্বিগু কর্মধারয়-নমানের প্রকারাস্তর। যথা,
ত্রিলোকী, চতুর্বা।

১৭১। দিওসমাসে ভুবনাদিভিন্ন অকারান্ত শব্দের উত্তর ঈ হয়। যথা, ত্রিবেদী, চতুষ্পদী, পঞ্চবটী,

^{(&}gt;) বছত্রীহিনমানে যে প্রতিষেধ আছে, কর্মাধারয় সমানে ছোহ। খাটে না।

⁽২) আন্যপদার্থ বু কাইলে বছরীছি সমাসই হয়, দিও হয় না। বথা, তিনয়ন, তিবিক্ন, পণ্ঠত প্রমাণ।

নপ্তশেতী। ভুৰনাদি যথা, ত্রিভুবন, চতুরুর্গ, পঞ্চপাত্র, ত্রিকূট, পঞ্চাপ (পঞ্চাব)।

১৭২। বাঙ্গালা শব্দের উত্তর দ্বিগু সমাধ্যে ঈ, বা নী হয়। ঈপরে পূর্ববর্তী স্বরবর্ণের লোপ হয়। যথা, তেমহনী, চোহদ্দী, চোবন্দী, তেমাথানী, চৌমাথানী।

একদেশবাচক শব্দ, সর্ব্ধ, পুণ্য, সংখ্যাবাচক, ও অব্যয়শব্দের পরবর্ত্তী রাত্তি শব্দের স্থানে রাত্ত আদেশ হয়। যথা, পূর্ব্বরাত্ত, দিরাত।

অব্যয়, সর্ব্ধ ও একদেশবাচক শব্দের পরবর্ত্তী অহন্ শব্দের ছানে অহ্ন আদেশ হয়। যথা, পূর্ব্বাহ্ন, প্রাহ্ন, সর্ব্বাহ্ন। অন্যত্র অহ আদেশ হয়। যথা, পূণ্যাহ, অফাছ্, দশাহ।

রাজন্ ও স্থি শব্দ ছানে ব্লাজ ও স্থ হয়। যথা, মহারাজ, প্রিয়স্থ।

অণ্ডাদি শব্দ পরে থাকিলে, করু টা প্রভৃতি শব্দের পুষদ্ভাব অর্থাৎ পুংলিক্ষের মত রূপ হয়। যথা, করুটাও, হংসশাবক, ছাগছয়।

উপরি নির্দ্ধিট চারিটিনিয়ম যথাসম্ভব তৎপুক্ষ, কর্মধারয় ও দিগু সমাসে খাটিবে।

অব্যয়ীভাব ৷

১৭৩। পূর্ববপদার্থ প্রধানভাবে প্রতীয়মান ছইলে বীপ্রাদি অর্থে অব্যয়ীভাব সমাস হয়। প্রতিদিন, ষথাশক্তি ইত্যাদি ছলে প্রতি, যথা, প্রভৃতির অর্থ বীপ্সা অনুসার প্রভৃতি যে পূর্ববপদার্থ উহাই প্রধান নভাবে প্রকাশ পাইতেছে।

বীশ্বা (১) — দিনে দিনে প্রতিদিন, ক্রণে ক্রণে অনুক্রণ।
অনুসার—যথাশক্তি, যথাসাধ্য, যথাযোগ্য। সাদৃশ্য—উপকেশ, উপনগর, উপদেবতা, উপধর্ম। পর্যন্ত—আসমুদ্র,
আজার, আজম। অভাব—নির্বিদ্ধ, নিরাপদ। যোগ্যতা—
অনুগুল, অনুরূপ, প্রতিমৃতি। সামীপ্য—সমক, উপকূল
ইত্যাদি।

প্রত্যক্ষ, পরোক্ষ, সমক্ষ, সাক্ষাৎ, অধ্যান্ত প্রভৃতি শব্দ নিপা-তনে সিশ্ধ।

কতকগুলি পদ সমাসলক্ষণযুক্ত না হ^ইরাও, সমস্ত পদরপে প্রযুক্ত হইরা থাকে। যথা, বিনাস্থাক্ষরকারী, অকুতোভর, যথা-কথঞ্জিৎ, বিমৃশ্যকারী, সন্তুমন্ত্রমুখান, যংপরোনান্তি, অল-সুদ্ধি, অস্থ্যস্পাশ্যরূপা, সমভূমি, সম্প্রতি, অকিঞ্চন, অবিনা-ভাব, যত্রসারংগৃহ ইত্যাদি।

নাধারণ বিধি।

১৭৪। সমাস করিলে অন্তন্থিত পথিন্ শব্দের স্থানে পথ আন্দেশ হয়। যথা, ত্রিপথ, বিপথ, কুপথ।

১৭৫ / দ্বি, অন্তর ৩ উপসর্বের পরবর্তী অপুশব্দের ছানে

^{ू (&}gt;) दीन मां नटकत वर्ष साक्षि, त्नीमः म् मा। 🗥

ন্ধানেশ হয়। যথা, বি-অপ্ দ্বীপ, সম্-অপ্ সমীপ, অন্তর-অপ্ অন্তরীপ, প্রতি-অপ্ প্রতীপ।

১৭৬। তৎপুৰুষ সমাদে, অরবর্ণ পরে থাকিলে কুশন্দ স্থানে (১) কংহর। যথা, কদর, কদর্ম, কছদক।

দক্ষিণাপথ, প্রতিলোম, অন্ধতমস, দ্বিভূম, ত্রিভূম, চতুর্ভূম প্রভৃতি শব্দ নিপাতনে সিন্ধ।

১৭৭। প্রশংসাবাচী স্থ এবং অতি শব্দ পূর্ব্বে থাকিলে সমস্ত-পদের অন্তে বিহিত প্রত্যয় হয় না। যথা, স্থরাজা, অতিস্থা, স্পাফা।

১৭৮। সমাসে গোতাদি শব্দ পরে থাকিলে, সমানশব্দ স্থানে স (২) ছয়। যথা, সগোত্ত, সরপ, সবর্গ, সপক্ষ, সপিত, সনামা, সবয়া, সতীর্থ, সস্থান, সবন্ধু, সবচন, সরাত্তি, সজ্ঞোতি সজ্ঞবিদ।

>१৯। সমাসে একবচন ছলে পূর্ববর্তী মুর্যদ্ ও অস্থাদ্ শব্দ ছানে ক্রমে হং ও মং আদেশ হয়। যথা, হংপ্রনীত, মংক্লত।

তদ্ধিত প্রকরণ।

১৮০। অপত্যাদি অংশ শব্দের উত্তর যে সকল প্রত্যন্ত হয়, তাহাদিগকে তদ্ধিত প্রত্যন্ত বলে।

^{(&}gt;) न क्रमाटकत नतंबंखी हरूता, क्रमकत्वात विकटल के रहा। यथा कान क्रम, कुन क्रम।

⁽২) ধর্ম ও ভাতীয় শব্দ পরবভী ইইলে বিকল্পে হয়। যথা সমানধর্মা সধর্মা, সমানজাতীয় সজাতীয়।

১৮১। অপত্যার্থক (১) প্রত্যন্ন এবং. ক, ইক, ঈক, এই তিন প্রত্যন্ন হইলে, শব্দের আদ্য স্বরের রন্ধি (২) হয়।

১৮২। তবিত প্রত্যায়ের য ও স্বরবর্ণ পরে থাকিলে শব্দের অন্তন্থিত ইবর্ণ ও অবর্ণের লোপ হয়, এবং উবর্ণের স্থানে অব্ হয়।

ভদ্দিতপ্রত্যর পরে থাকিলে শব্দের অন্তন্থিত নকারের লোপ হয় (৩)।

⁽১) অপত্যাৰ্থক প্ৰত্যন্ন অন্য অৰ্থে বিহিত হইলেও বৃদ্ধি কাৰ'্য হইন্ন', থাকে।

⁽২) অরের র্মি হয়, বলিলে, অকারস্থান আকার, ইবর্ণ ও একারস্থানে ঐকার, ইবর্ণ ও একারস্থানে ঔকার, এবং খাকারস্থানে আর, হওয়া রুখায়। কোন কোন স্থলে শব্দের অভগত উভয় পদেরই আদ্যালরের রিদ্ধি হয়। এবং কোন কোন স্থলে কেবল দিভীয় পদের অক্ষাল্যরের রিদ্ধি হয়। সৌভাগ্য, দৌর্ভাগ্য, আধিদৈবিক, আধিভৌতিক, পারলৌকিক, সার্কলিকিক, সার্কলিকিক, সার্করের রিদ্ধি হয়। ত্রিবাহিক, ত্রিবাহিক, দশবাহিক, প্রভৃতি শব্দে, প্রথম পদের লা হইয়া, দিভীয়পদের রিদ্ধি হয়। স্থাম শব্দ হয়। ত্রিকার্য স্কর্কি হয় না।
স্কিন্ত সৌহদ্য এই তুই পদ সিদ্ধ হয়। রিদ্ধিকার্য স্কর্কি হয় না।
স্কিন্তা, বল্য, অসুনাসিক।

⁽৩) যথা, গথে কুশ্ন পৰিক, নামধেয় ইভ্যাদি। আ প্রভার গরে থাকিলে নকারের লোপ হয় না। বথা, বৌবন, পার্বিন। য প্রভার পরে থাকিলেও হয় না; যথা, রাজন্য, রাজন্য, কর্মন্য। কিন্তু ভাবার্থে য প্রভার ইইলে নকারের লোপ হয়; যথা, রাজ্য।

[86]

১৮৩। অপত্য অর্থে শব্দের উত্তর ই, য, আয়ন, এয়, এবং অ প্রত্যয় হয় (১)। যথা—

अ विक	প্রতায়	शंम
मन्त्रश	*	দাশর্থি
দোণ	. "	কেণি
স্মিত্রা	22	সে মিত্রি
দিতী	য	দৈত্য
অদিতী	,,	আদিত্য
मध्	9 1	মাধব্য
নর	আয়ন	শরায়ণ
म अक	59	मा का अभी
বৎস	91	বাৎসাক্ষ
क्छी	श्रम (२)	- কোন্তের
গঙ্গা	এয়	গালের
রাধা	**	রাধেয়
পৃথা	অ	পার্থ
কশ্যপ	39	কাশ্যপ
ভরৰাজ	39	ভারদাজ

নিম্নলিখিত কয়েকটি শব্দ অপত্যাৰ্থক প্ৰত্যন্নান্ত হইরা নিপাতনে সিদ্ধ হয়। যথা—

^{(&}gt;) এই সকল প্রভার প্রয়োগ অনুসারেই বিহিত হওয়া উচিত। অঞ্জব দাশরথি, ঝালেছ, পার্থ প্রভৃতির পরিবর্জে ফালরথেয়, গাক্তায়ন, পার্থিক প্রভৃতি বলিলে অসাধু হইবে।

⁽२) शाम की अकाताल भरमतरे डेखत अब विहिष्ठ हरेबा भारत !

[54]

শব্দ প্রত্যের পদ দিমাতৃ ইত্যাদি অ দৈমাতুর, ক্রেমাতুর, বাগাতুর ইত্যাদি।

কন্যা ,, কানীন মুকণ্ড এয় মার্কণ্ডেয়

'১৮৪। পূর্বেবাক্ত অপত্যার্থক প্রত্যয় এবং ইয়, ঈয়, ক, ইক, ঈক, এই পাঁচটি প্রত্যয় বিশেষ বিশেষ অর্থে বিহিত হইয়া থাকে।

প্রতায় পদ অর্থ ইক তার্কিক যে তৰ্কশাস্ত্ৰ জানে। আলমারিক অলমারশান্ত এ এ অলক্ষার " পৌরাণিক পুরাণ ঐ ঐ ঐ পুরাণ কারিক े কার দারা রুত। रेक কার ৰাক্য এ এ বাচিক বাচ 13 महमा र्क সাহসিক -সহস কুত্ৰা (মধু মকিকা) ৰারা ক্রোদ্র 要正 কুত। শৈব শিব যাহার দেবতা। শিব ं दिक्कव विक्रु के की বিষ্ণু

গাণপতি • য গাণপত্য

গণপতি জ জ

[06]

প্রাক	य	গ্ৰোম্য	প্রামে সন্ত।
নগর	ইক	নাগরিক	नगदत र्ज
হেমস্ত	,	হৈমন্তিক	र्माउड क
অকাল	,,	আকালিক	অকালে এ
অন্তর	29	আন্তরিক	অন্তরে র্ঞ
মনস্	,,	মানসিক	मत्म क्
আদি	য	আদ্য	আদিতে 🗳
তালু	>>	তালব্য	তালুতে জ
সভা	99	সভ্য	সভাতে নিপুণ।
অতিথি	এয়	আতিথেয়	অতিথিতৈ ঐ
সমাজ	हेक	না মাজিক	मगांदक क्
বেদ	इ क	टै विं कि	वितन क
সংগ্ৰাম	99	সাংগ্রামিক	সংগ্রামে জ
মাস	,,	ষাসিক	মানে অবশ্য দেয়।
বৰ্ষ	"	বার্ষিক	বৰ্ষে 🗳
শ্বাবন	2,	শ্রাবণিক	শ্রাবণে ঐ
দিন	ইক	रेमनिक	मित्न निष्णेत्र।
মাস	19	মাসিক	मोरम र्थ

বংসর	,,	বাৎসরিক	বংসরে ও	•
পঞ্সবর্ষ	नेश	পঞ্চমবর্ষীয়	যাহার বয়স	পাঁচ বৎসর।
<u>যোড়শবর্ষ</u>	,,	ব োড়শবর্ষীয়	र्क र्क	ষাল বংসর
পুর	অ	পেরি	शूत मचकी	য় 1
জনপদ	অ	জানপদ	জনপদ এ	þ
দেব	,	े दिनव	मिव उ	?
মনস	,,	মানস	মন এ	?
পৃথিবী	,,	পাৰিব	পৃথিবী এ	?
সৰ্বব্যঞ্	क्रम	मर्का कीन	मर्काष	7
অভ্যন্তর	,,	অভ্যন্তরীন	অভ্যন্তর ও	a
গো	য	<u> শব্য</u>	গো সম্বন্ধী	য় (
বায়ু	ঈয়	বায়বীয়	বায়ু ও	•
তদ্	,,	তদীয়	তাহার ও	?
******		ब्र्य मीब	্তোমাদিগের	र्ष
যুখ্দ	,,		তোমার এ	•
অস্দ্	ঈয়	्रजन्मनीयः,	আমাদিগের	(
Tarles as	हे क		(আমার তাসূল যাহা	ৰ্জ ত প্ৰধা ।
তামূল লবণ		তামূলিক ভারবিক	न्दर्ग खे	ا ساد اد چ
ब्राय ण	3,	লাবণিক	লাখন তা	

^{(&}gt;) यूलाम, अञ्चलम् मन्द्रात्न अक्वण्टन चम् अमम् ज्यादममं इत्र

[৯৫]

তৈল•	,,	তৈলিক	তৈল	ঐ	ঐ
ৰে	हेक	নাবিক	নেকা দ্ব	ারা যে	জীবিকা
					क्दत्र।
জান	,,	জালিক	জাল	ঐ	B
আয়ুধ (অন্ত্ৰ)	, ,	আয়ুধিক	অগ্যুধ	ব্র	Á
বন্ধু	অ	বান্ধব	স্থা গ	₹	-
চণ্ডাল	"	চাণ্ডান	ঐ		
মনস্	,,	মানস	D		
কুতুক	,,	কোতুক	ঠ		
কুতূহল	**	কেভূহল	Ó	•	
दक्रम्	,,	রাক্ষস	ق	•	
মৰুৎ	,,	মাৰুত	. ঐ		
এলো কী	य	रेबरलाका	S.		
'दिखन	31	ব্ৰেগুণ্য	Ď		
সন্নিধি	179	সাহিধ্য	3	}	
সমীপ	3 >	সামীপ্য		Î	
কৰণা	20	কাৰণা	į.	ब्रे	
সেশ	>>	দৈন্য	ک		

উপমা	39	ঔপম্য	ক্র
বাল	₹	বালক	ত্র
এক	ক	এক্ক	ক্র
র্নো	ক	ৰ্দোকা	A
নব	य, जैन	नवा, मदीन	ক্র
মিখিলা	অ	रेमिथिन	মিথিলা-বাদী
পঞ্চাল	,,	পাঞান	পঞ্চালবাসী
বন্ধ	য়	বঙ্গ্য	रक्रवामी
অযোধ্যা	ইক	আযোধ্যিক	অযোধ্যাবাদী।
নিম্নলিং	ত পদ হ	ধলি নিপাতনে	मिक रहा। यथा-

对开 # 4 প্রতায় * 4 প্রত্যয় PH ইক নৈয়ারিক ন্ত্ৰী ক্রেণ নায় তা দেবিারিক অহন্ संब ইক আহ্নিক 92 বৈয়াকরণ পর <u> ই</u>য় পরকীয় ব্যাকরণ তা দৌর नेत्र सीत्र, सकीत्र সূৰ্য্য তা 78 অকস্থাৎ ইক আকস্মিক অন্য <u>जना</u>नीय বহিস, বাহ্য পথিন পাস্ত য ত্য ভবদীয় नेश পুনঃপুনঃ অ পেনিঃপুন্য ভবৎ ভাব(১) অর্থে শব্দের উত্তর যথাসম্ভব অ,য, ত্ব ওতা এই করে: কটী প্রতার হর। যথা-

⁽২) ভাব শব্দের অর্থ, জাতি, গুল কর্ণন, ক্রিয়া, পদ, ব্যবসায়, ব জবস্থা।

भक	•	প্রত্যন	र्जम ।	神神	প্রত্যন্ত্র	भग ।
শিশু		জ	শৈশ্ব	অধির	অ	আধিক্য
গুৰু		,,	গৌরব	স্থি	"	স্থ্য
学研		**	আৰ্জব	বণিজ্	"	বাণিজ্য
শীত		ষ '	শৈত্য	সেনাপরি	5 ,,	সৈনাপত্তা
জড়	•	"	জাড্য	স্থির	তা-ছ শ্বি	রতা, স্থিরত্ব
थीत्र		53	टिश् री	মূছ	"	যূহতা; মূহ্ৰ
মধুর		22	মাধুৰ্য	হ্ৰম্	"	হুষ্টতা, হুষ্টব
				পাচক	, etts	কভা,পাচকৎ

১৮৫। গুণবাচক শব্দের উত্তর ভাব অর্থে ইমন প্রত্যয়ও হইয়া থাকে।

১৮৬। देमन्, देश ७ जेशन् श्रान् श्रान् ज्ञाह रूहेत्न ज्ञाहा छेर्टर्गत त्नाश दशा यथा, तिक्या, नीनिया, निया, मधुत्रिया, छेक्थिया, ज्ञानिया।

১৮৭। বছর মধ্যে একের উৎকর্য বুঝাইলে, তম ও ইষ্ঠ প্রতায় হয়। যথা, লঘুতম, লঘিষ্ঠ, অম্পাতম, অম্পিষ্ঠ।

১৮৮। হয়ের মধ্যে একের উৎকর্ষ রুঝাইলে, তর ও ঈরস্ প্রত্যে হয়। যথা, সাধুতর, সাধীয়ান ; মন্দতর মনীয়ান।

[26]

নিম্নলিখিত পদ গুলি নিপাতনে সিদ।

भक	প্রভার	সাধিতপদ।
মছৎ 🤄	देगान्, देखं, नेयम्	মহিমা, মহিষ্ঠ, মহীরান
প্রিয়	नेयम्	প্রেয়ান্ (ন্ত্রীলিজে প্রেয়সী)
₹	रेमन् अकृष्ठि	शित्रमा, शित्रकं, शत्रीत्रान
मीर्च	ইমন্প্ৰভৃতি	जाविमा, जाविर्छ, जायीयान्
श्रममा	इंछ, अग्रम्	শ্ৰেষ্ঠ, শ্ৰেয়ান।
इक	>9	বৰ্ষিষ্ঠ, জ্যেষ্ঠ, বৰ্ষীয়ান,
		জাগান ৷
alsol	,,	কনিষ্ঠ, কনীয়ান।
বছ	,,	ভূমিষ্ঠ, ভূম: 1

১৮৯। বিশিষ্টার্থে শব্দের উত্তর মৎ প্রত্যয় হয়। যথা ; মতিমান, জীমান, ধসুঝান, গোমতী।

১৯০। অবর্ণান্ত ও স্পর্শবর্ণান্ত এবং অবর্ণোপধ ও মকারোপধ শব্দের উত্তর মৎ না হইয়া বং হয়। যথা—জ্ঞানবান, বিদ্যাবান, বিহ্যুতান, আত্মবান, ভাস্থান, লক্ষ্মীবান, শমীবান।

িনিম্নসিখিত পদ গুলি পরিমাণার্থে বংপ্রত্যরাম্ভ হইরা। নিপাতনে সিমা।

LIACA INÍALI		
यम्	বং	यावर ।
তদ্	19	তাবৎ
এতদ্	19	এতাবৎ

কিম বং কিয়ৎ ইদ**ম্** ,, ইয়ৎ

১৯১। অসভাগান্ত, মায়া, মেধা, অজ এই সকল
শব্দের উত্তর বিকণ্ণে বিন্ হয়। পক্ষে বং হয়।
যথা, তেজস্বী তেজস্বান, মায়াবী মায়াবান, মেধাবী
মেধাবান।

১৯২। একের অধিক স্বর বিশিষ্ট অবর্ণাস্ত শব্দের উত্তর বিকশ্পে ইন্ হয়। পক্ষে যথাসন্তব মৎ, বং বা বিন্ হয়। যথা, জ্ঞানী জ্ঞানবান, মায়ী মায়াবী ইত্যাদি।

১৯৩। বিশিষ্টার্থে ইত প্রত্যয় হয়। যথা, তার-কিত, পুষ্পিত, তরঙ্গিত, উৎকণ্ঠিত, পিপাদিত, মুচ্ছিত, কলঙ্কিত, কর্দমিত, মঞ্জরিত, ব্যাধিত, মুদ্রিত, তৃষিত, রোগিত, হর্ষিত, স্থানিতিত ইত্যাদি। বিশিষ্টার্থে মথাসম্ভব শব্দের উত্তর ল, র, শ প্রভৃতি প্রত্য

হয় |

अ विन	প্রতায়	PH
শীত (১)	न	भी डन
मा ग्य	"	न्। भागमन
পিক	,,	शिक्त
मृ ष्	29	যূত্ৰ

^{(&}gt;) व्यर्थार नी जानिश्व विभिक्ते ।

, ,		
मक	প্রভায়	र्म ।
AS .	स्	मक् म
कूम	23	कूलन
70	,53	মণ্ডল
वरम .	، ود	বৎসল
প্ৰ	हे ल	পকিল
পিচছা	,,	পিক্লি
(कम	25	ফেনিল
উব	র	উষর
मूथ.	,,	মুখর
কুঞ	"	কুঞ্জর
otto	*	পাওর
নগ	59	নগর
মধু	93 *×	মধুর
मञ	উর	मखत
Certan_	36	লোমশ
Cदोमन्	,,,	ব্যোমনা
কৰ্ক	,,	কৰ্কশ
मञ्	বল (১)	मर ीवन
निश	97	শিখা বল
क्रिव	99 ,	क्रशीयन
त्रक्रम्	,,	इ ङ् यन

^() वन अछात्र भद्र थाकितन भद्रमत्र अखद्रिक कर मोर्च इत्र ।

উক্ষ্প বল উক্ষ্পল

শ্ব আমিন্ সামী

মল ইন, সমস মলিন, মলীমস

বাচ্ মিন্, আট, আল বাগ্যী (১), বাচাট,

বাচাল।

কর্মণ্ ঠ, य কর্মচ, কর্মণ্য।

১৯৪। উপমা বুৰাইলে বং প্রত্যয় হয়। বং-প্রত্যয়ান্ত শব্দ ক্রিয়ার বিশেষণীভূত অব্যয় হয়। যথা, চক্রবং, সমুদ্রবং, পিতৃবং ইত্যাদি।

১৯৫। অবয়বার্থে তয়ট [২] প্রত্যয় হয়। যথা, দিতম, ত্রিভয়, চতুষ্টয়, পঞ্চম, শততয়। দ্বয়, ত্রয়, উভয় এই তিনটিপদ, যথাক্রমে দ্বি, ত্রি, উভ শব্দের উত্তর তয়প্রভায় হইলে, নিপাতনে দিদ্ধ।

১৯৬। দশান্ত সংখ্যাবাচক শব্দের উত্তর পূরণার্থে আট [২] হয়। অট প্রত্যেয় পরে অন্ত্যম্বর ও তদাদি বর্ণের লোপ হয় এবং বিংশতি শব্দের তির লোপ হয়। যথা, একাদশ, স্বাদশ, ত্রয়োদশ, চতুর্দ্দশ, পঞ্চ-দশ, ষোড়শ, সপ্রদশ, অন্তাদশ।

(>) এস্থানে বাচ্ শব্দের চ স্থানে ক হইয়াছে।

⁽২) তয়ট প্রভৃতি প্রতায়ের ট কার্যকালে থাকেনা; ইহার ফল স্ত্রীলিলে ঈ প্রতায়। যথা; ছয়্মী, দ্বিতয়ী, একাদশী, শভতশী, দুষ্টচরী ইত্যাদি।

১৯৭। বিংশতি প্রভৃতি শব্দের উত্তর অট ও তমট [২] হয়। যথা, বিংশ বিংশতিতম, একবিংশ একবিংশতিতম, ত্রিংশ ত্রিংশত্তম, চত্বারিংশ চত্বা-রিংশত্তম, পঞ্চাশ পঞ্চাশত্তম।

১৯৮। ষষ্টি ও তদধিক সংখ্যাবাচক শব্দের উত্তর কেবল তমট্ হয়। যথা, ষষ্টিতম, সপ্ততিতম, অশী-তিতম, নবতিতম, শততম, সহস্রতম।

১৯৯। কিন্তু ষষ্টি, মপ্ততি, অশীতি ও নবতি শব্দ অন্য সংখ্যাবাচক শব্দের পরবর্তী হইলে, অট ও তমট উভয়প্রত্যয়ই হইয়া থাকে। যথা, একষ্ট একষ্টিতম।

দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বা তুরীয়, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অফীম, নবম, দশম [১] এই কভিপয় পদ নিপাতনে সিদ্ধ।

২০০। প্রকারার্থে সংখ্যাবাচক শব্দের উত্তর ধা, এবং দর্বনাম শব্দের (২) উত্তর থা হয়। যথা, ধা—একধা, বহুধা, শত্ধা ; থা—দর্বেথা, উভ্য়থা, অন্যথা ইত্যাদি।

⁽১) चीनित्न छ्छूथीं, शक्ष्मी, मखी, मखमी, व्यसी, न्यमी, न्यमी, न्यमी, न्यमी,

⁽२) कि, युव्यम् अन्यम् जित्र।

২০১। স্বরূপ ও ব্যাপ্তি বুঝাইতে ময়ট্ প্রত্যয় হয়। যথা, স্বরূপ—স্বর্ণময়, দারুময়, মঙ্গলময়। ব্যাপ্তি—জ্লময়, তৈলময়, ধূমময়, রোমময়।

२०२। जूजभूक्त जार्थ हेत्रहे इया यथी, मृष्टेहत, ज्यीकहता

স্বার্থে বা ক্ষুদ্রার্থে যথাসম্ভব ক ও ইক প্রতায় হয়। ক প্রতায় পরে শব্দের অন্তন্মিত স্বর হ স্ব হয়।

	—	
अं स	প্রত্যয়	शन ।
পুত্ৰ	ক	পুত্ৰক
বাল	"	বালক
কন্যা	,,	কন্যক\
ভারা	**	তারকা
বালা	ইক	" বালিকা
তরলা	79	তরলিকা
লতা	,,	লতিকা
নিপুণা	,,	নিপুণিকা
চতুর	,,	চতুরিকা
চপলা	,,	চপলিকা
গোধা	;3	গোধিকা
মালবী	"	মালবিকা
সাগরী	,,	<u>সাগরিকা</u>
ह ं हैं	27	চণ্ডিকা
মাধবী	?)	<u>শাধ্বিকা</u>

শব্দ প্রত্যর	भग
• •	
শেকালী ইক	শেফালিকা
मृशानी "	মৃণা লিকা
ंब्री "	য ূপিক ণ
ंब्री " वमती "	বদরিকা
দূতী "	দূতিকা
भाजी "	শারিকা

২০৩। সপ্তমী বিভক্তি ছানে তদ্ হয়। যথা, প্রথমে প্রথমতঃ, অন্তে অন্তঃ, পরে পরতঃ।

২০৪। দর্বনাম (১) শব্দের দপ্তমীতে [২] ত্র প্রেত্যয় হয়। যথা, দর্বত্তে, অন্যত্ত্ত, উভত্ত, একত্ত্ত, পরত্ত্ত।

২০৫। কালার্থে সর্ব্ধ, এক প্রভৃতি শব্দের উত্তর সপ্তমীতে দা হয়। যথা, সর্ব্বদা একদা।

২০৬ : কালবাচী অব্যয় ও উদ্ধাদি শব্দের উত্তর ভাবার্থে তনট্ হয় ! যথা, কালবাচী অব্যয়—অদ্য-তন, সায়স্তন, পুরাতন। উদ্ধাদি—উদ্ধাতন, অধস্তন প্রাক্তন, পূর্বতন।

(>) वि, यूचान् ज्यन्यम् अञ्चन

⁽ २) কি ষদ, তদ, এ এবং ও এই কয়েক সর্কনাম শব্দের উত্তর থা করিয়া কোথা, যথা, তথা, হেখা এবং হোথা এই কয়েক পদ যথাক্রমে নিপাতনে সিল্প হয়়। ইহারা স্থানবাদী হয়়। কিত ঘথা এবং তথা স্থান ও প্রকার উত্তর অর্থেই প্রযুক্ত হয়়।

২০৭। জাদি ও মধ্য এবং অগ্র ও অস্ত, ইহাদের উত্তর ক্রমে ভাবার্থে ম এবং ইম হয়। যথা, আদিম, মধ্যম ; অগ্রিম, অস্তিম।

২০৮। পশ্চাৎ, দক্ষিণ, অমা ও এপ্রত্যরাম্ভ শব্দের উত্তর বিদ্যমান অর্থে ত্য হয়। ত্য প্রত্যয় পরে পশ্চাং ও দক্ষিণ শব্দ স্থানে ক্রমে পাশ্চা ও দাক্ষিণা আদেশ হয়। যথা, পাশ্চাত্য, দাক্ষিণাভ্য, অমাত্য, অত্রত্য, তত্রত্য।

২০১। পরিণাম ও প্রদান রুঝাইতে দাৎ প্রত্যয় হয়। যথা, পরিণাম—জলদাৎ, অগ্নিদাৎ, ভূমিদাৎ। প্রদান—রাজদাৎ, ব্রাহ্মণদাৎ।

নিম্নলিখিত পদ গুলি নিপাতনে সিদ্ধ।

SH I भावन প্রতার হিরণায়। হিব্ৰা ময় অত্ৰ, অতঃ। ত্ৰ, তস্ এতদ . मा, मानीर उब, उमा, उमानीर ভদ কচিৎ, কথঞ্চিৎ (১) কিম, ত্র, খা, इ, मानीः था इंइ वा अधुना, देमानीः, देणंः **३** मग् সমান-অহন য ममा ইদ্ম-অহন ্য অদ্য

⁽১) চিং ও চন প্রভাষের কোন বিশেষ অর্থ নাই ৷ মুখা, কচিং কিনিংং, কথনিং, অকিন্ধন ৷

509

* 4	প্রত্যর	शेष ।
অপর	অন্তাং'	श क्तर
36	₹ .	উপরি
পূৰ্ব	অস্	পুরঃ
অধর	» ;	অধঃ
शंक्षात	ই ম	পশ্চিম
চির	তন	চিরস্তন
স্বৰ্	म	अम्

বাঙ্গালা তদ্ধিত প্রত্যয়।

भंद ।	প্রতার।	श्म ।	অর্থ।
বামন	আই	বামনাই]	ভাব অর্থে।
ভাল	, , , , , , , , , , , , , , , , , , ,	ভালাই	
বড়	,,	বড়াই	.د.
* 6	,,	শক্তাই	G
পোক	39	পোক্তাই	
নফ	73	নফাই	
বোকা	আমি বা মি	বোকামি	
ভাঁড়	"	ভাঁড়ামি	ک. '
পাগৰ	>9	পাগদামি	
नक	,,	নম্ভামি	

	L	•• ()	
भ यः ।•	প্রতায়।	भाग ।	जुर्थ।
হুষ্ট	আমি বা মি	হ্কামি	ভাব অর্থে।
<u> গাখা</u>	,,	<u>গাধামি</u>	
ছেলে	91	ছেলেমি	&
ফচ্কে	,,	কচ্কেমি	
अं ठ	**	শঠামি	
ঘটক	আলি	ঘটকালি	
ঠাকুর	7,	ঠাকুরালি	G
নাগর	**	নাগরালি	G
চতুর	,,	চতুরাঙ্গি	
মুহুরি	গিরি	মুছরিগিরি	•
কেরাণি	**	কেরাণিগিরি	. A
यूटि	"	মুটেগিরি	•
দগুরি	••	দপ্তরিগিরি	
বজাত	3	বজ্ঞাতী	
[*] ম জু রি	,	म ज् ती	} ·
গবর্ণর	,,	গাবর্ণরী	<u>a</u>
নবাব	"	नवांवी	
হাকিম	5:	হাকিমী	
সওদাগর	,,	সওদাগরী	J

	[>0b]	
व्यं यह	প্রত্যর ৷	शेम ।	অর্থ। '
নাজির	*	नाकिती रे	চাব অর্থে।
ভাক্তার	,3	ডাক্তারী 🖁	ক্র
মান্তার	,	মাষ্টারী	
মূৰ্ত	dell	ধূৰ্ত্তপণা)	ক্র
94	,,	গুণপণা)	
হিছ	আনি	हिँ इवानी }	
বিবী	আনা	বিবীজানা	&
সাহেব	99	সাহেবআনা)	
क्रांका	ঙ্	धामाद]	পটু অর্থে।
मंज	,,	শূ মজাড়ে	
ভাত	डेट ड़	ভাতুড়ে	
जान	29	সাপ্ত ে	Ø
হাত	. 97	হাতুড়ে	
ভূত	* **	<i>ब्</i> ळूरक	
খাস	5)	যাস্তে 🕽	
় মজু ম	मात	मञ्जूमनात	অধীকারী-
थाना	>\$	থানাদার	अदर्थ।
কোপ	77	• ट्रांशनाक)	

শ্ক্ ৷	প্রতায়।	र्गम ।	অর্থ।
বোকা	পানা	বোকাপানা	}
লহা	,,	नश्रीभा	১ মত অর্থে।
হেঁ কাটে	3 >	হেঁ কাটেপানা	49 9041
রোগা	••	রোগাপানা	
হিন্দুস্থান	ञ	हिन्मूऋ । नी	
टेंजनङ	,,	रिङमभी	
পঞ্চাব	,,	পঞ্জাবী	
বিলাভ	>>	বিলাতী	তৎসম্বন্ধীয় অর্থে
মূলতান	**	মূলতা নী	
মাড়োরার	1,9	মাড়োয়ারী	
গুজরাট	**	গুজরাতী	•
সহর	এ	সহরে	
শান্তিপুর	,,	শান্তিপুরে	
ুফলার	۶,	ফলারে	মজ ক বা পাই
মগুলহাট	,,	मञ्जलाया	সন্ত্ত, বা পটু অর্থে।
পাড়াগাঁ	9)	পাড়াগেঁরে	जांद्र र
কালীয়াট (ক)	,,	कानीत्पर्ह	

⁽क) এ এবং ও প্রভায় ছইলে শব্দের উপাত্তর আকার স্থানে প্রায়ই একার হয়।

ঢাকা	আই	ঢাকাই	र्ने मञ्ज व्यर्थ।
মগ	,,	मशा है	المراقي المراب
তেজ	আৰু	তেজাল	}
খা র	,,	धांत्री न	
খো র	>>	ষোরাল	
জমক	,,	জমকাল	
মাথা	73	মাথান	बुक्त अर्थ।
वाँ १व	,,	वाँगिन	
र्वावः	"	চোটাল	
হের।	39	ছেয়াল	
সাঁস বোকা	 Č	সাঁদাল * বোকাটে)
বোগা	,,	রোগাটে	जेयर व्यर्थ।
হেঁ কা	33	ट्यां कारहे	
পাকা গাচ (ক)	" ©	পাকাটে গেচো) भट्टे या
জন	,,	ज त्न १) বিশিষ্ট
मन	,,,	मत्ना	जर्र ।
মাচ	,, G	মেচে\ ডেকো	্) পুত্ৰৰ্থে।
ভাক		হেঁকো)

^{(&}gt;) জাটার পর্যন্ত সংখ্যাবাচক শব্দের উত্তর ই হয়; তৎপরে এ হয়।

⁽২) সমর্থ অর্থে ওয়ালা প্রতায় হইলে, জনভাগান্ত শ্বের উত্তর একার জাগম হয় :

চতুর্থ পরিচ্ছেদ। ধাতু প্রকরণ।

২১০। যাহার অর্থ ক্রিয়া তাহাকে ধাতু বলে। হওয়া, থাকা, করা, বলা প্রভৃতি ক্রিয়া।

২১১। ধাতু হই প্রকার, সকর্মক ও অকর্মক।
যে সকল ধাতুর কর্ম জাছে, তাহাদিগকে সকর্মক
ধাতু কহে। যথা, দেখ, লও, ধর্ইত্যাদি। কতকশুলি ধাতুর হইটি কর্ম হইতে পারে, তাহাদিগকে
দিকর্মক ধাতু বলে। গান্ত সকর্মক ধাতু, জিজ্ঞানাথ,
কথনাথ, লিখনাথ, দানাথ ও জ্ঞানাথ ধাতু দিকর্মক। যে সকল ধাতুর কর্ম নাই, তাহাদিগকে
অক্মাক ধাতু বলে।

হওয়া, যাওয়া, থাকা, জাগা, কাঁপা, বাঁচা, নাচা, খেলা, ময়া, পড়া, বাড়া, হালা, বলা, ঘুমান প্রভৃতি ভাথে ধাতু অকর্মক হয়।

২১২। কর্ম উহা থাকিলে সকর্মকধাতু অকর্মক রূপে ব্যবহৃত হয়। যথা; চোথে দেখে, কাণে শুনে। উপদর্শ যোগে সকর্মকধাতু অক্মাক হয় এবং অক্মাক ধাতু সকর্মক হয়। যথা, সকর্মক অর্থ উপদৰ্গ অকৰ্মক जुर्थ । 100 (Eper) আ আক্ষেপ ত্রংখ করা। হরণ করা বি বিহার হ ভ্রমণ করা [বধ করা বি, আ ব্যাহাত হণ বিষ করা। গম যাওয়া সম্ সক্ষ সঙ্গম করা । ভূ অসুভৰ হওয়া অনু অনুমান করা। সম্নির্ সম্পার,নিষ্পার ক্ত, সাধিতঃ 94 যাওয়া নোওয়া অব অবলম্বন আতায় করা ৷ লম্ব

২১৩। ধাতুর অর্থ ও কর্মপদের অর্থ একরপ হইলে অকন্ম ক ধাতু সকন্ম ক হয়। ধ্বা, " হাদিয়া কোমুদীহাদ, " " মায়াকারা কাদিয়া" ইত্যাদি। কিন্তু ঈদৃশ পদ পদ্যেই প্রযুক্ত হইয়া থাকে।

২১৪। ব্যুৎপত্তি অনুসারে ধাতু আরও পাঁচ প্রকার। যথা, প্রাক্ত ধাতু, নংক্ত ধাতু, নংকৃতমূলক ধাতু, নামধাতু ও বিমিশ্র ধাতু। যে সকল ধাতু
এ প্রদেশের আদিম ভাষা হইতে অথবা পারস্য
আরব্য প্রভৃতি বিজাতীয় ভাষা হইতে সংগৃহীত
হইয়াছে, তাহাদিগকে প্রাক্ত ধাতু বলা যায়;
যে সকল ধাতু নংকৃত ভাষা হইতে অবিকল প্রচলিত হইরাছে তাহাদিগকৈ নংকৃতধাতু বলে;
যাহারা সংকৃত ধাতুর অপল্লংন, তাহারা সংকৃতমূলক ধাতু; যাহারা নাম অথ এ শংক্তা হইতে

[558]

সাধিত তাহারা নামধাতু; এবং ক্রিয়াবাচক শব্দের সহিত কর্থাতু মিলিত হইয়া যে সকল থাতু নিষ্পান হয়, তাহাদিগকে বিমিশ্র থাতু বলা যায়। নামধাতু লিধুপ্রকরণে উল্লিখিত হইবেক; সম্প্রতি অন্য চারি প্রকার থাতু প্রদর্শিত হইতেছে।

প্রাকৃত ধাতু।

অ গটরা	চুলকাইয়া	চাকিয়া	লুষিয়া
গছিয়া	ছড়াই য়া	তিতিয়া	বেচিয়া
कुलारे ग्रा	ছাপিয়া	থামিয়া	ন্ম কিয়া
খাটিয়া	हुँ हिजा।	माशिश्च	मिट्टो हेरू।
চাপিয়া	ঠেলিয়া	দে িভিয়া	চুকিয়া
অ মিয়া	ভাকিয়া	নিকলিয়া	ধুঁকিয়া

সংক্রত প্রতি।

অর্জিয়া	ঘটি য়া	তুলিয়া	
অন্তিয়া	চরিয়া	ভূষিয়া	ধরিয়া
অসিয়া	চলিয়া	ত্যজিয়া	নিন্দিয়া
আরাধিয়া	চুষিয়া	দগুরা	পচিয়া
क्रिश	চুবিয়া	म श् र्विग्र ी	পিরিয়া
কুপিয়া	ছলিয়া	म लिया	পুৰিয়া
খেলিয়া	জপিয়া •	দহিয়া	পুজিরা
<u>শ্</u> ৰিয়া	জিজাসিয়া	হুলিয়া	ক লিয়া
	জুলিয়া	দূৰিয়া	বন্দিয়া
গর্ভিকা গলিয়া	के निश	ছু হিয়া	বাঞ্মি

[>>e]

বৰ্জিয়া	মিলিয়া	ৰু চিয়া	শাসিয়া
বঞ্জিয়া	-মানিয়া	ৰুধিয় া	শুধিয়া
বসিয়া	মু চিয়া	ৰু বিয়া	শু বিয়া
বহিয়া	মুদিয়া	রচিয়া	শ্মিয়া
বিরাজিয়া	যজিয়া	রঞ্জিয়া	সহিয়া
বে ফি য়া	যাইয়া	লডিয়েয়া	হজিয়া
বধিয়া	যাচিয়া	লভিয়া	সেবিয়া
ভজিয়া	রসিয়া	লিখিয়া	সমর্পিরা
ভং দিয়া	রহিয়া	লুপিয়া	হিংসি য়া

সংস্কৃতমূলক ধাতু।

অস—আছ	মিশ্র-মিশিয়া
অন্ধঅ'াকিয়া	যুধ—যুঝিরা
অৰ্জ্জ-আৰ্ডিকুয়া	রক্ষ—রীধিয়া
অহ —অশিয়া	ৰুছ—কই য়া
প্রাপ-পাইরা	বচ—বলিয়া
কথ—কহিয়া	প্ৰবিশ-পশিয়া
কম্প-কাঁপিয়া	বে—ৰুনিয়া
ক্লৎ—কাটিয়া	বেষ্ঠ—বেড়িয়া
ক্রন্দ-কাঁদিরা	ব্যধ—বিঁধিয়া
ক্ট্ৰী—কিনিয়া	বন্ট—বঁ টিয়া
গঠ—গড়িয়া	वस-वासिश वार्वाहिश
ঘূর্ণ-যুরিয়া	শপ—শ পিয়া
মূৰ-মবিয়া	শী—শুয়িরা

চৰ্ব-চিরিয়া	ক্ট-কৃটিয়া
ছিন্দ-ছি ড়িয়া	সমপিসঁপিয়া
দৃশ-দেখিয়া	হন-হানিয়া
নৃৎ-নাচিয়া	খাদ-খাইয়া
পঠ-পড়িয়া	চিত—চেতিয়া
পং-পড়িয়া	ছদ-ছাইয়া
পা-পিয়া	জি—জিনিয়া
বুধ-বুঝিয়া	উড্ডী—উড়িয়া
ভৃষ্জ—ভাজিয়া	मा-मिश्रा
বাদ—বাজিয়া	আনী—আনিয়া
মস্থ-মথিয়া	শিক্ষ-শিখিয়া
মস্জ—মজিয়া	স্থা—খাকিয়া
ভা-ভানিয়া	উত্থা—উঠিয়া
স্পর্ক-পরিয়া	ভঞ্জ—ভান্ধিয়া

(১) বিমিত্র ধাতু।

অবজ্ঞা করা	কামনা করা	ঘূণা করা	ধার করা
আশা করা	গমন করা	চাস করা	চুপ করা
ইচ্ছা করা	খেলা করা	ধূম করা	কর্জ্জ করা(২)
উদ্ধার করা	গর্ব্ধ করা	পাশ করা	,

⁽১) বিনিশ্ল ধাতু স্থলে কর্ধাতুর প্রয়োগ ক্রিয়াবোধক শব্দের পরেই হইয়া থাকে। কিন্তু প্লোকখন কখন এই নিয়মের বিপরীত দেখ বায়। যথা, করিলা গমন।

⁽ २) বাধ্যকরা, দাশ্নীকরা, জন্মকরা, নউকরা, প্রস্কৃতিকে বিমিশ্র খাতু না বলিয়া, নীদৃশন্তলে কর ধাতুকে গুল্প থাতু বলা এবং বাধ্য প্রস্কৃতি শক্ষকে কর্মের বিশেষণরূপে বিবেচনা করাই উচিত।

প্রথম তিন শ্রেণির মধ্যে এমন অনেক ধাতু আছে বাছারা সকল কালে ও সকল অর্থে ব্যবহৃত হয় না। কৈতকগুলি ধাতু কেবল পদ্যেই প্রযুক্ত হয়। যথা, যুঝিয়া, হানিয়া, তিতিয়া, নিক্লিয়া, পশিয়া, ক্ষিয়া, কুপিয়া ইত্যাদি।

২১৫। জিয়া হুই প্রকার, সমাপিকা ও অসমা-পিকা। যে জিয়া দারা বাক্যার্থ সমাপ্ত হয়,তাহাকে সমাপিকা জিয়া বলে। যথা, তিনি শুনিলেন; আমি ভাঁহাকে বলিলাম।

২১৬। যে ক্রিয়া পদাস্তরের নহিত অমিত না হইয়া আকাজকা নির্ত্তি করিতে পারে না, তাহাকে অসমাপিকা ক্রিয়া বলে। যথা, তথা গিয়া, র্ফি হইলে, ভোজন করিতে।

২১৭। ধাতুর উত্তর তিন প্রকার প্রত্যয় বিহিত হয়; আখ্যাতিক প্রত্যয়, ণাদি প্রত্যয়, ও কৃৎ প্রত্যয়।

২১৮। এ, অ, ই, ইল, ইলে, ইলাম, ইবেক, ইবে, ইব, এই নয় বিভক্তিকে আখ্যাতিক বিভক্তি বলে।(১)

⁽১) আদর অর্থে ভৃতীয় পুরুষের বিজক্তির উত্তর বর্জনান, ভূতদম্মন্ধন বর্জমান, ভবিষথ ও সংশল্পিতাভীত কালে ন, অতীত কালে এন এবং অন্থজায় উন হয়। থখা; বর্জমান ৫—তিনি করেন, করিতেহেন, করিয়া-ছেন, তিনি করিবেন, করিয়া থাকিবেন; অতীত—তিনি করিকেন, করিয়াছনেন, করিতেন; অনুজ্ঞ:—তিনি করুন।

আখ্যাতিক প্রতায় ক্রিয়াগত পুৰুষ, কাল ও বাচ্য প্রকাশ করে; কিন্তু উভয় বচনেই একরপ।

২১৯। কাল প্রধানতঃ তিন প্রকার, বর্ত্তমান অভীত ও ভবিষ্য । তদ্ভিন্ন কালগত বৈলক্ষণ্য বিবেচনা করিয়া দেখিলে কাল আরও তিন প্রকার হয়। যথা, ভূতসম্বদ্ধ বর্ত্তমান, অতীতচর ও সংশয়িতাতীত। পরস্তু, ক্রিয়ারপ ও হয় প্রকার ঃ স্বার্থ, অভ্যাস, নিরবচ্ছেদ, যোগ্যতা, অবিনাভাব, অহুজ্ঞা এই ছয় অথে ভিন্ন ভিন্ন ক্রিয়ারপ হইয়া ক্রিয়াগত বৈলক্ষণ্য প্রকাশ করে।

স্বার্থ	অভ্যাদ	निরবচ্ছেদ।
বৰ্ত্তমান	বৰ্ত্তমান	বৰ্ত্তমান
আমি করিতেছি	আমি করি বা	আমি করিতে থাকি।
	করিয়া থাকি।	
ভূতসম্বন্ধ বৰ্ত্তমান	•	ভূতসম্বন্ধ বৰ্ত্তমান।
আমি করিয়াছি		অামি করিয়া আসিতেছি
অতীত		অতীত
আমি করিলাম	٥	আমি করিতে লাগিলাম,
		করিতে থাকিলাম, চলি-
		লাম বা রহিলাম।

অনাদর আর্থে অনুজ্ঞার তৃতীয় পুরুষের বিভক্তির স্থানেউ ক আদেশ হয়। যথা; সে কুরুক।

অত্তীতচর অতীতচর অতীত্ত র

আমি করিয়াছি- আমি করিতাম। আমি করিতেছিলাম, বা
লাম। করিতে থাকিতাম।

সংশারিতাতীত
আমি করিয়া থাকিব
ভবিষ্যৎ

আমি করিব।

আমি করিব।

তামি করিব।

তামি করিব।

অনাদর অর্থে দ্বিতীয় পুরুষের বিভক্তির উত্তর অভীত, অভীতচর ও ভবিষ্যৎ কালে ই এবং অন্যত্ত ইস্, আগম হয়। বথা; অভীত—ভুই করিলি, করিয়াছিলি, করিবি; অন্যত্ত—করিস্, করিতেছিস্, করিয়াছিস্, করিতিস।

অনাদর অর্থে দ্বিতীয় পুরুষে অসুজ্ঞার বিডক্তির লোপ হয় এবং ধাতুর অন্তর্গু ওকারেরও লোপ হয়। যথ; তুই কর, তুই দে।

পদে ইল, ইলেন, ও ইলে স্থানে বিকল্পেইলা আদদেশ হয়। যথা, জুমি ভাহা আজ্ঞাদিলা আপনি বেমন '। ' আজ্ঞাদিনা ক্ষচক্র ধরণী-ঈশবু'। ইলাম স্থানে ইন্নু হয়।যথা, '' হায় কেনু মানী খেয়ে এখানে হিন্থ। না খাইসুনা ছুইন্নু বিপাকে মরিনু,।

জ্ঞাস, যোগ্যতাও অধিনাভাব অর্থে ইনাম বিভক্তির পরিবর্তে ইতাম হয়।

ইবেক এই বিভক্তির ক প্রয়োগকালে সর্বদা বিদ্যমান থাকে না।
পদ্যে হসন্তথাতুর অভ্যাসার্থক বর্তমানকালের ভৃতীয় পুরুষের বিভক্তিরস্থানে বিকল্পে অয়ে আদেশ হয়। যথা, করে বা করয়ে, হাসে বা হাসয়ে ডাকে বা ভাকরে।

চসন্তথাতুর অনুজ্ঞার বর্তমান কালে দ্বিভীয় পুরুষের ক্রিয়ার উত্তর বিকল্পে হকার আগম হয়। হথা, কর বা করছ, হাস বা হাস্ছ, ভাক বা ভাকছ।

অবিনাভাষ (১) অনুজ্ঞা। যোগ্যতা। বৰ্তমান বৰ্তমান বৰ্ষমান আমি করিতে পারি যদি আমি করি, কর বা তুমি কর। সে কৰুক, তিনি বা পারিতেছি। কৰুন | ভূতসম্বন্ধ বৰ্ত্তমান। ভূতসম্বন্ধ বৰ্ত্তমান।

আমি করিতে যদি আমি করিয়া ছি. পারিয়াছি। বা করিয়া থাকি। অভীত। অতীত।

আমি করিতে পারিলাম। যদি আমি করিলাম। • অভীতচর। অভীতচর ৷ আমি করিতে পারি- যদি আমি করিতাম।

তাম, বা পারিয়া-

ছিলাম।

সংশ্বিতাতীত। সংশয়িতাতীত।

আমি করিতে পারিয়া যদি আমি করিয়া

থাকিব। থা কব।

ভবিষাৎ ভবিষাৎ ভবিষাৎ

আমি করিতে यमि व्यामि क त्रिव। তুমি করও।

পারিব।

ক্রিয়া উপরি দর্শিত বড়িখ রূপ সমালোচনা করিলে ইহা ম্পষ্ট প্রতীত হইবে যে, ধাতুরপ হই প্রকার, শুদ্ধ ও দিলা।

^{(&}gt;) क्रिया शरात के এडे क्या मान श्रामा क्रिलिंश क्यांना-ভাবের প্রভীতি হয়। যথা, করিড, করিয়াছি ত, করিলামত ইত্যাদি।

যে ছলে মূলধাতু ষয়ং বিভিক্তিযুক্ত হইয়া অর্থ প্রকাশ করে, তাহাকে শুদ্ধ ধাতুরূপ বলে। আর্থে অতীত ও ভবিষ্যৎ, অভ্যাসার্থে অভীতচর; অবিনাভাবার্থে বর্ত্তমান, অভীত, অভীচর, ও ভবিষ্যৎ এবং অমুজ্ঞার্থে বর্ত্তমান ও ভবিষ্যৎ, শুদ্ধ ধাতুরূপের উদাহরণ। যে ছলে কোন এক সহকারী ধাতু বিভক্তিযুক্ত হইয়া মূলধাতু হইতে নিম্পন্ন অসমাশিকা ক্রিয়ার সহিত মিলিত হইয়া কালগত বৈলক্ষণ্য বা ক্রিয়ার্মত অর্থভেদ প্রকাশ করে, তাহাকে মিশ্রধাতুরূপ বলে। উল্লিখিত ছল ভিন্ন সর্ব্বত্ত মিশ্রধাতুরূপ। কেবল অভ্যাসার্থ ক বর্ত্তমানে উভয়বিধ ধাতুরূপ ছইতে পারে।

অতএব আছ (১), থাক, চল, রহ, আস, লাগা, পার (২) এই করেক ধাতুকে সহকারী ধাতু বলা যায়। এতম্ভির আরও অনেক ধাতু সহকারী ধাতু বলিয়া নির্দিষ্ট হইতে পারে। যথা; উঠ, বস, ফেল, পড়, চুক, দেও, যাও, পাও, হও লও, [৩] ইত্যাদি।—

^{(&}gt;) সহকারীরূপে প্রয়োগকালে সর্বত্ত আছ্ধাতুর আকারের লোপ হয়।

^{, (}২) এই সকল ধাতু মূলধাতু রংগেও ব্যবহৃত হইরা থাকে। যথা ; তিনি এখানে আছেন, তিনি কলিকাতায় থাকেন, যোড়া চলে না, পেখানে কেই বহিবে না, ইহাতে বিস্তর পরিঞান লাগে, আমি তাহার জোরে পারিনা।

আছ খাতু কেবল বর্তমান ও অতীতকালে বতম্করণে প্রযুক্ত হয়। বর্তমান—আছে, আছ, আছি। অতীত—ছিল, ছিলে ও ছিলাম। পদ্যে অতীত কালে আছিল, আছিলে, আছিলাম, এই ভিন পদেরও প্রযোগ দেখা যায়।

⁽৩) উঠধাতু—উত্তেজিত হওয়া বা বাধা অভিজ্লুদ করা বুঝার। ধধা, তিনি জুগু চুইয়া উটিলেন; সশাধা করিয়া উটিলেন।

ধাতুরূপ কালে নানা প্রক্রিয়া হইয়া থাকে, তৎসমস্ত বর্ণন করা বাছল্য। কেবল দিঙ্গাত্র প্রদর্শিত হইতেছে।

২২০। ধাতু হই প্রকার, হসন্ত ও ওকারান্ত। হসন্ত ধাতুর রূপ কর্ধাতুর ন্যায়। ওকারান্ত ধাতুর রূপ প্রায় নিমে লিখিত প্রণালী অনুসারে হইয়া থাকে। যথা—

হওধাতু।

বৰ্ত্তমান। ভূতসম্বন্ধ বৰ্ত্তমান। অতীত। ১ম পুৰুষ। আমি হই হইয়াছি হইলাম।

্ৰস্থাতু—বিবেচনা না করিয়া কার্য্যের অনুষ্ঠান বুকায়। যথা, তিনি বিনাদোশে তিরকার করিয়া বসিলেন।

কেল খাডু—বাখা নামানা অথবা নিঃশেষরপে সম্পাদন। যথা বলিয়া কেলিলেন, দেখিয়া কেলিলেন, করিয়া কেলিলেন, মারিয়া কেলিলেন।

চুক ধাতু-ক্রিয়ার নিঃশেষরপে সম্পাদন বুকায়। যথা, আমি সব দিয়া চুকিয়াছি।

পড় ধাতু—আয়ন্তীকৃত হওরা। বথা; ধুনিয়া পছিল, ধরা পড়িল, মারা পড়িল।

দেও ধাতু—অনুমতি বা আনুকূল্য করা। ধথা, পড়িতে দিলেন পুস্কক দেখিয়া দিলেন, কর্মি করিয়া দিলেন।

পাও ধাতু—জনিবন্ধণা, সৌক্র্য বা যোগ্যতা। যথা, পড়িতে পাই না; চোথে দেখিতে পাই।

ষাও ধাজু-শক্তা , সুকরতা। যথা, ডাহাকে ধরা যায় ; পুত্তক পড়া রোল না।

ছও খাডু—বাধ্য হওয়া বা ওঁচিতী। যথা, করিতে হইবে, বলিতে হয়, দেখিতে নাই।

मृत धाष्ट्र- अनुषिग्न माहांचा श्रह्म क्रिक काम कार्या ममाधा कता। यथा, किही श्रह्मा महत्मन; श्र कथा बलाहेचा महत्मन।

২য় পুৰুষ। তুমি হও	হইয়াছ	क्टेटन ।
৩য় পুৰুষ। দে হয়	হ ইয়াছে	इटेन।
অতীতচর।	সংশয়িতাতীত।	ভবিষাৎ।
১ম পুৰুষ। হইয়াছিলাম	হইয়া থাকিব	হইব
২য় পুৰুষ। হইয়াছিলে	হইয়া থাকিবে	ছইবে।
৩য় পুৰুষ। ছইয়াছিল	ছইয়া থাকিবেক	इहेटक ।
	অৰুক্তা।	

বৰ্ত্তমান।

ভবিষাৎ ৷

₹9

कईख ।

যদি ওকারান্ত ধাতুর উপাত্তেও ওকার থাকে, তাহা হইলে এই প্রকার রূপ হইবে। যথা—

শোও ধাতৃ।

	বৰ্ত্তমান।	ভূতসম্বন্ধ বৰ্ত্তমান।	অতীত।
১ম পুৰুষ।	अ _ई	শুরিয়াছি	শুয়িলাম।
২য় পুৰুব।	catte	শুরিয়াছ	अशित्म ।
৩য় পুৰুষ।	(*/\#	শুরিয়াছে	শুয়িল।
	অতীতচর।	সংশয়িতাতীত।	ভবিষ্যৎ।
১म পুरुष।	শুরিরাছিলাম	শুরিয়া থাকিব	শুয়িব।
२য় পুৰুষ।	শুরিয়াছিলে	শুয়িয়া থাকিবে	শুয়িবে।
৩র পুৰুষ।	শুরিয়াছিল	শুরিয়া খাকিবেক	শুরিবেক।
		অবুজা।	

বৰ্তমান। শোও ভবিষাৎ। শুন্নিও।

[\$28]

যদি ওকারান্ত ধাতুর উপাত্তে একার থাকে, তাছা হইলে এইরপ।

দেও ধাতু।

,	বৰ্ত্তমান।	ভূতসম্বন্ধ বৰ্তমান।	অতীত।
১ম পুৰুষ।	मि	দিরা ছি	निनाम।
२व्र श्रूक्य।	(म9	দি রাছ	मिटन ।
তয় পুৰুষ।	দেয়	निशांट इ	मिन।
	অতীতচর।	সংশয়িতাতীত।	ভবিষ্যৎ।
১म श्रुक्र ।	দিয়াছিলাম	দিয়া থাকিব	. मिरा
২র পুরুষ।	দিয়াছিলে	দিয়া খাকিবে	मिट्य ।
তর পুরুষ।	দিয়াছিল	দিয়া থাকিবেক	দিবেক।
`		অমুজ্ঞা।	
	বৰ্ত্তমান।	ভবিষ্যং	1
	(मङ	मि ।	

পূর্ব প্রদর্শিত ত্রিবিধ ধাতুরূপ প্রক্রিরাতে, অভ্যাসার্থে বর্দ্তমান, স্বার্থে ভূতসম্বন্ধবর্ত্তমান, অভীত, অভীতচর, সংশরিতাভীত ও ভবিষ্যং; এবং অনুজ্ঞার্থে বর্ত্তমান ও ভবিষ্যং এই করেক ছলের দৃষ্ঠান্ত প্রদন্ত ছইল। অন্যত্র স্থাম, বাক্স্যা-ভরে পরিত্যক্ত ছইল।

পূর্বে উলিখিত হইয়াছে, ক্রিয়ারূপ বড়িধ এবং কালও
বড়িধ। সম্প্রতি উহার বিশেষ বিবেচনা হইতেছে। ক্রিয়ার্থমাত্রের প্রাক্তীতি হইলে স্বার্থ বলা যায়। আছ ধাতুর বর্ত্তমান
কালের পদ মুদ্ধাতুরই তে প্রতার নিপান্ন ক্রিয়ার সহিত

যুক্ত •হইলে, আর্থে বর্ত্তমানের ক্রিয়াপদ সাধিত হয়। ইছা-দারা বক্তার কর্থনকালে ক্রিয়ার সন্তাব প্রকাশ পায়। যথা, শ্যাম বাইতেছে।

আছ ধাতুর বর্তমান কালের ক্রিয়াপদ মূলধাতুর ইয়া প্রত্যয়নকাল কিয়াপদের সহিত যুক্ত হইলে ভূতসম্বন্ধবর্তমানের ক্রিয়াপদ সাধিত হয়। ভূতসম্বন্ধ বর্তমানের প্ররোগে, ক্রিয়াসন্পর হইয়াছে, কিছ ক্রিয়াজন্য কল অদ্যাপি বিদ্যমান আছে, এরপ অর্থ প্রতীয়মান হয়। যথা, "আমি সিম্কুলোটক দেখিরাছি।" এন্থলে দর্শনক্রিয়া অতীত, কিছ দর্শনক্রিয়া হইতে আমার যে সিম্কুলোটকের অবয়বাদির জ্ঞান, তাহা অদ্যাপিরহিয়াছে। "আমি বাল্যকালে জ্যোতিঃশান্ত অধ্যয়ন করিয়াছি।" এন্থলে অধ্যয়নক্রিয়া অনেক দিন পূর্বের্ব সম্পন্ন হইনয়াছে, কিন্ত অধ্যয়ন হইতে আমার যে র্যুৎপত্তি জ্বিয়াছে, তাহা অদ্যাপি রহিয়াছে। " দ্বৈপায়ন মূনি ভারত রচনা করিয়াছেন;" এখানে রচনারপ ক্রিয়া তিন হাজার বংসরেরও পূর্বের্ব অনুষ্ঠিত হইয়াছে, কিন্ত ভারতপ্রাস্থ এখনও প্রচলিত রহিয়াছে। (১)

স্বার্থে অতীতক্রিয়া শুদ্ধ ধাতুরপের উদাহরণ। ইহা দারণ কর্ত্তার কথনের কিঞ্চিৎ পূর্ব্বে ক্রিয়াট সম্পন্ন হইয়াগিরাছে,

⁽১) ক্রিয়া-জন্য কল বিদ্যান না থাকিলে, অভীতচর ব্যবহৃত হয়। যথা, আমি সিদ্ধুঘাটক দেখিয়াছিলাম, অর্থাৎ পূর্বেন দেখিয়া-ছিলাম, এখন ভাহার কিছুই মনে পড়ে না। আমি বাল্যকালে জ্যোভিঃ-শাল পড়িয়াছিলাম; অর্থাৎ এখন উহা ভূলিয়াগিয়াছি। দর্পণকার, প্রভাবভী-পরিণয় নামক নাটক লিখিয়াছিলেন, অর্থাৎ সেই গ্রন্থ এখন পাওয়া বায় না।

এরপ অর্থ বুর্যার। "তিনি পুস্তক দিলেন।" অর্থাৎ ক্লিঞ্চিৎ পূর্ব্বে দিরাছেন। পরস্ত কোন অতীত ঘটনার আনুপূর্ব্বিক বর্ণনাছলে, অতীত ক্রিরার প্ররোগ হয়। যথা, "তিনি প্রথ-যতঃ অত্যন্ত ভীত হইলেন, কিন্তু অবিলয়েই সাহলে ভর করিয়া অগ্রসর হইলেন এবং শক্রর উপর গুলি বর্ষণ করিতে লাগি-লেন।" (১)

আছ যাত্র অতীত ক্রিয়া মূলধাতুর ইয়াপ্রত্যর নিস্পন্ন পদের সহিত মিলিত হইয়া অতীতচর ক্রিয়া সাধিত হয়। ক্রিয়া সর্বতোভাবে অতীত হইলে, অথবা অতীত ক্রিয়ান্তরের পূর্বের নিস্পন্ন হইলে, অতীতচরের প্রয়োগ হয়। যথা, " কল্য কলি-কাতার গিয়াছিলাম;" "বাল্যকালে একবার কাশীধাম দেখিয়া-ছিলাম;" "পরশুরাম একবিংশতি বার পৃথিবীকে নিঃক্ষত্রিয়া করিয়াছিলেন।" " সপ্রবিংশতিবংসর বয়সের সময় ছারদার-আলির প্রতিভা ক্ষৃত্তিমতী হইল, তংপূর্বের তিনি কেবল মৃগরা ও ইক্রিয়সেবার কালহরণ করিয়াছিলেন।"

থাকথাতুর ভবিষ্যৎ ক্রিরা, মূলধাতুর ইরাপ্রতার্যনিষ্পন্ন পদের সহিত যুক্ত হইরা সংশরিতাতীতের ক্রিয়া সাধিত হয়। ইহাদ্বারা অতীত ক্রিয়ার নিষ্পাদন বিষয়ে বর্তমানে সন্দেহ প্রকাশ করা হয়। যথা; " আমি গত মাঘমানে তাহাকে দেখিরা থাকিব, অর্থাৎ তাহাকে দেখিরাছি কি না তদ্বিয়ে প্রথম সন্দেহ হইরাছে।

⁽⁾ বক্তার কথনের 'অবাবহিত পূর্বে ক্রিয়ার অস্থান ব্কাইলে অভীত কালে বর্তমানের বিভক্তি হয়। কিন্তু এরপ্তলে প্রায়ই ক্রিয়ার বিশেষন 'এই' শব্দের প্রয়োগ হইয়া থাকে। বথা, 'তুমি সম্বর যাও ভিমি এই আাসিতেহেন;' অর্থাৎ তিনি এখনি আাসিনেন।

বাথে ভবিষ্যৎকাল শুদ্ধ থাতুরপের উদাহরণ। ইহাছার। ভবিষ্যৎ ক্রিরার অষুষ্ঠান অথবা ভবিষ্যৎ ক্রিরার অষুষ্ঠান বিষয়ে অষুজা স্টিত হয়। বখা, তিনি আসিবেন; আমি যাইব। সদা সভ্যকথা বলিবে; কলা প্রভাবে উপছিত হইবে। [১]

অভ্যাদপদে পেনিঃপুনা বা নিতাতা। যথা, "বসভকালে তক্তগণ নবমঞ্জরী ধারণ করিরা থাকে;" " বালকেরা খেলা করিতে ভালবাসে;" "বিদ্যাধনের ক্ষর নাই," " সত্য হইতে সকল ধর্ম উংপন্ন হয়।"

অভ্যাসাধে বর্ত্তমান ছই প্রকার, শুদ্ধ ও নিপ্র। শুদ্ধ বর্ত্তনারের ক্রিরাপদ অভীত ঘটনার বর্ণনাবিষয়ে স্বাধে বিছিত অভীতচরের পরিবর্ত্তেও বিহিত হয়। যথা, "নেপোলিয়ন অগতা ইংরাজদের হতে আলসমর্পণ করেন; ইংরাজেরা হ্রনীতির পরতন্ত্র হইয়া, তাঁহাকে নানাপ্রকার যাতনা দেন, এবং একজন সামান্য অপরাধীর ন্যায় অবকদ্ধ করিয়া রাখেন।" [২]

⁽১) ক্রিয়ার অবাবহিত ভাবে অমুঠার বুকাইলে ভবিষাং কালে, অভীত ও বর্ত শার ক্রিয়া হয়। সথা; তোমাকে ধরিলাম বা এই ধরিলাম; ভোমাকে ধরিতেটি বা এই ধরিতেটি; ভোমাকে ধরি বা এই ধরি।

কালবাচক পজের যোগে অজীকার বা জন্মপ্রদর্শন অর্থে ভবি-ব্যাতে বর্ত্তশান ক্রিরা হয়। যথা, 'কল্য ভোমার কাছে যাইতেছি; 'সকলে মিলিয়া গ্রীআবকাশের সমন্ন ভোমার বার্টাতে হাইতেছি: এই বংসরের মধ্যেই ভাহাকে শিখাইতেছি;' 'ছুইদিনের মধ্যেই ভাহার বুজির দৌড় দেখিতেছি'।

⁽২) নাই এই শব্দের সহিত যুক্ত হইলে, স্বার্থে বিহিত তৃতসম্বদ্ধ-বর্তমান ও অভীভচরের পরিবর্তে অভ্যাসার্থক গুরুবর্তমান প্রাযুক্ত

অতীত ঘটনার প্রত্যক্ষবং প্রতীতির জন্য অন্ত্যাসাধ র শুদ্ধ
বর্জমান অধবা আথে বিহিত বর্জমান প্রযুক্ত ছইয়া থাকে।
যথা, "অমন্তর অন্ছোদ সরোবরের তীরে উপন্থিত ছইলাম।
গমনমাত্র আমার মনে এক অনির্বাচনীর ভাবের উদর হইল।
যে দিকে নেত্রসঞ্চালন করি, সেই দিকেই প্রীতিকর পদার্থ
সকল দেখিতে পাই: কোনছলে কোকিলগণ তহুলাখায় স্থান্দীন ছইয়া স্থালিত গান করিতেছে, কোখায় বা ভ্রমরগণ নানাপ্রক্রের সৌরভে আমোদিত ছইয়াপুপা ছইতে পুশান্তরে পরিভ্রমণ করিতেছে, কোখায় বা শিখিকুল অ অপুচ্ছু বিস্তার
পূক্ষক বনছলীকে নানাবর্ণে রঞ্জিত করত কেকারবে শ্রোত্বর্গের
মন মোহিত করিয়াদিতেছে। (১)

হয়। যথা, করিয়াছি না, করিয়াছিলাম না । এই ছুইপ্রকার পদের পরি-বর্জে করি নাই বলা চইয়া থাকে।

ষাৰং, যেপ্ৰ্যান্ত, যে অৰ্থি, ষ্ট্ৰিন, ষ্থন, ক্থন প্ৰভৃতি শব্দের খোগে ভবিষাং কালে বিকল্পে - অভ্যাসাৰ্থক বৰ্ত্তমান হয়। যথা, 'বাবং তিনি না আদেন বা না আসিবেন, ভাবং সকলে বিদ্যাধিত থাকিবেক।'

প্রার্থনা ও আশংসা বৃষাইতে অভ্যাসার্থক বর্তমান হয়। যথা যেন রঞ্চি হয়: যেন তিনি ভগাশ না হন।

⁽ ১) নিম্নলিখিত ছুইটি উদাহরণ প্রকৃত বিষয়ের উপযোগী।

[&]quot;কোন দীন বালক এক বছ মাসুষের বাটীতে নিযুক্ত হইয়াছিল। তাহার প্রতি গৃহমার্জন প্রছতি অতি সামান্য ও নিরুক্তকর্মের ভার ছিল। সে একদিন গৃহস্থামিনীর বাসগৃহ পরিস্কার (করিতেছে) এবং গৃহমধ্যে সাজ্জত নানাবিধ মনোহর দ্রব্য অবলোকন করিয়া আহলাদে পুলকিও (হইতেছে)। তংকালে সেই গৃহে অন্যকোন ব্যক্তি ছিল না। এজন্য নির্ভয়ে এক একটি দ্রব্য হলে লইয়া, কিয়ণ্ডল নিরীক্ষণ করিয়া পুনরায় যথাস্থানে রাখিয়া (দিভেছে)"। "ভিনি পর্কাটন করিতে করিতে আলি কার অভঃগাভী বাদারা রাজ্যের রাজধানীতে উপস্থিত ইইলেন, এবং ভ্রত্য রাজার সহিত সাক্ষাৎ করিবার জন্য

অপিচ ' মদন পলার, পিছে অগ্নি ধার, ত্রিভূবন প্রকাশি। চৌদিকে বেড়িরা, মদম পুড়িরা, ছইছে ভশ্মের রাশি ''।

নিরবচ্ছেদ পদের অর্থ বিরামাভাব, অবিল্রাস্তভাবে হওরা।
নিরবচ্ছেদ অর্থে ভূতসক্ষ বর্তমানের ক্রিয়াপদ দারা এই
বুঝার, যে ক্রিয়া ইতিপূর্বে আরব্ধ হইয়াছে, কিন্তু অদ্যাপি
নিঃশেষিত হয় নাই। যথা, "তিনি এরপা দেখিরা আদিতৈছেন"।

করিতে চলিলাম, করিতে থাকিলাম, করিতে রহিলাম, এই তিনি প্রকার অতীত ক্রিয়াপদ দারা ইহাপ্রতীত হয় যে, ক্রিয়া আরব্ধ হইয়াছে, বর্ত্তমানে অমুষ্ঠিত হইতেছে এবং ভবিষ্যতে ও কিছুকালের জন্য হইতে থাকিবে।

ষোগ্যতা অথে ক্রিয়ানিস্পাদনবিষয়ে সক্ষমতা বা সম্ভাবনা । যোগ্যতাঅথে বর্ত্তমান ও অতীতচর হুই প্রক্রার । বর্ত্তমান ও অতীতচরের ক্রিয়াপদ আছু ধাতু সম্বলিত ছইলে, ক্রিয়া নিস্পাদন বিষয়ে যোগ্যতার সঙ্গে সঙ্গে ক্রিয়ার নিস্পাদন ও বুঝিয়া বায় । যথা, "তিনি পড়িতে পারিতেছেন." অর্থাৎ উাহার পাঠ করিবার ক্ষমতা আছে, এবং তিনি এখন পাঠ ও করিতেছেন। "তিনি পড়িতে পারিয়াছিলেন," অর্থাৎ তিনি পাঠ করিতে শক্তছিলেন এবং তখন পাঠকার্য্যও সমাধা করিয়া-ছিলেন।

আজিলাৰ করিলেন। মধ্যে এক নদী ব্যৱধান (আছেন)। উহা উত্তীৰ্ণ হুইয়া বাজবাটী যাইতে হুইবেক। সে দিবস পার্বাটায় এড জনভা হুইয়াছিল, যে অচ্যুন ছুই ঘটাকাল ভাঁহাকে দেখানে অংপক্ষা করিতে হুইয়া

অবিনাভাব—যেন্ধনে একজিরার নিশাদন বিষয়ে ক্রিরান্তরের অপেকা আছে, তাহাকে অবিনাভাব বলে। ছইটি বাক্য প্রয়োগ না করিলে, অবিনাভাবরূপ অথের প্রতীতি হয় না। যদ্যর্থক পদযুক্ত যে বাক্য, তাহাকে পূর্ব্ধ বাক্য বলে, এবং তদ্তির বাক্যকে উত্তরবাক্য বলে। যদি উত্তরবাক্য অভ্যাদার্থক বর্ত্তমানের ক্রিরা থাকে, তাহা হইলে পূর্ব্ধবাক্যেও অভ্যাদার্থক প্রতীতি হয়। যথা, "যদি আমি করি, তবে তিনি করেম"।

পরস্ত যদি উত্তর বাক্যে স্বার্থে বিহিত ভবিষ্যৎ ক্রিয়া থাকে, তাহা হইলে পূর্ব্য বাক্যন্থিত বর্ত্তমান ক্রিয়া দ্বারা ভবিষ্যৎ কাল স্থানিত হইবে। যথা, 'বিদি আমি যাই, তবে তিনি ঘাইবেন।' এই স্থলে 'যাই' এই বর্ত্তমান ক্রিয়া দ্বারা ভবিষ্যৎকাল বুঝা-ইতেছে।

অবিনাভাবার্থক ভূতসম্বন্ধ বর্ত্তমানের ক্রিয়াপদ থাকধাতুর সম্থানিত ইইলেঅতীতকার্য্যের অনুষ্ঠান বিষয়ে অনবধারণ প্রকাশ করিয়া দেয়। যথা, "তিনি যদি করিয়া থাকেন, অবশ্য শান্তি পাইবেন।" অর্থাৎ করিয়াছেন কিনা তাহা অবধারিত হয় নাই।

অবিনাভাবার্থক অতীতচর ও সংশক্ষিতাতীত নিয়তই
নিরেধার্থ স্থাচিত করে। যথা, "যদি তিনি আসিতেন, তবে
এত গোলযোগ হইত না," "যদি তিনি আসিয়া থাকিবেন,তবে
এত গোলযোগ হইবে কেন ?" অর্থাৎ তিনি আসেন নাই।
অবিনাভাবার্থক ভবিব্যং কখন অতীত ও কখন ভবিয়াৎ
কিয়ার নিষেধ প্রকাশ করে। যথা, "যদি তিনি আসিবেন

তবে আমি গোলমি কেন ?" অর্থাৎ তিনি আসিবেন না, এছলে ভবিষ্যৎ ক্রিয়াসম্বদ্ধে নিষেধের প্রতীতি হইতেছে। "যদি তিনি আসিবেন, তবে তোমাকে পাচাইব কেন ?" অর্থাৎ তিনি আসেন নাই, এখানে ভবিষ্যৎ ক্রিয়াধারা অতীত ক্রিয়াগত নিষেধ স্থৃচিত হইতেছে।

অবিনাভাবার্থ ক ভবিষ্যৎ ক্রিয়াদ্বারা কখন কখন এই বুঝায়, যে কর্ত্তা অন্যের আপত্তি বা অনুরোধ না শুনিয়া কোন ক্রিয়া নিপার করিতে পারেন। যথা, "যদি রাম তাহাদের সঙ্গ ত্যাগা না করিবেন ত কৰুন;" অর্থাং রাম সকলের আপত্তি অগ্রাহ্য করিয়া, তাহাদের সঙ্গেই ফিরিয়া বেড়াইবেন। অপিচ, "হরি সেখানে যাইবেন ত, অপদন্ত হইবেন;" অর্থাৎ হরি কাহার ও অনুরোধ না মানিয়া সেখানে যাইতে পারেন।

অবিনাভাব অথে পূর্ব্ববাক্য ও উত্তরবাক্য উভয়েতেই অতীত বা ভূতসম্বন্ধবর্ত্তমানের ক্রিয়া প্রযুক্ত হইলে, অভ্যাসা-থের প্রতীতি হয়। যথা, " আমি করিলাম ত তিনি করিলেন;" আমি যদি করিয়াছি ত তিনি করিয়াছেন।

ু পুরুষ ও কাল নির্মাচিত হইল, সম্প্রতি বাচ্যের বিষয় কিঞ্চিৎ অভিহিত হইতেছে।

২২১। আখ্যাতিক ক্রিয়া কর্ত্বাচ্যে, কর্মবাচ্যে, ভাববাচ্যে এবং কর্মকর্ত্বাচ্যে প্রযুক্ত হয়। দেছলে কর্ত্তা ক্রিয়ার সহিত সাক্ষাৎ সম্বন্ধে অন্বিত হইয়া প্রধান ভাবে প্রতীয়মান হয়, তাহাকে কর্ত্রাচ্য বলে। যথা, আমি চন্দ্র দেখিতেছি; তিনি চলিতে-ছেন, তুমি পাঠ অভ্যাস করিতেছ।

কর্ত্বাচ্যে ক্রিয়ার রূপ ইতি পূর্ব্বেই প্রদর্শিত হই-য়াছে।

২২২। কর্মবাচ্যে কর্ম প্রধানভাবে ও দাক্ষাৎ
দম্বন্ধে জিয়ার দহিত অন্বিত হয়। যেমন কর্ত্ৰাচ্যে কর্ত্তার যে পুরুষ জিয়ার ও দেই পুরুষ,
তেমনি কর্মবাচ্যে কর্মের পুরুষাত্মারে জিয়ার
পুরুষ নিয়মিত হয়। যথা, আমি ধরা পড়িয়াহি,
তুমি ধরা পড়িয়াহ, তিনি ধরা পড়িয়াহেন। আমি
নিপীড়িত হইলাম, তুমি নিপীড়িত হইলে, পুস্তক
রচিত হইল।

২২৩। কর্মবাচো কেবল হও, যাও, পড় ধাতু সমাপিকা ক্রিয়ারূপে ব্যবহৃত হয়।

২২৪। ছই কর্মছলে বস্তুবাচক কন্ম উক্ত হয়, অর্থাৎ ক্রিয়ার দহিত সাক্ষাৎ দয়কে পদ্মিত হয় (১)। যথা, উন্থাকে পুস্তক দত হইয়াছে; রামকে পত্র-লেখা হইয়াছে; বৈশিপায়নকে ভারত ক্রিজ্ঞানিত

⁽১) বে কর্ম উক্ত ভাগতে প্রথমা বিভক্তি হয়, পুর্বেই বির্দেশ করা গিয়াছে। বে কর্ম অনুক্ত ভাগতে সাধারণ স্ব্রাস্সারে বিভীয়া হয়।

হইন; শ্যামকে এ কথা বলা হইয়াছে, ছাত্ৰকে পাঠ শিখান হইয়াছে; পুত্ৰকে ছবি দেখান হইয়াছে।

উদ্দেশ্য বিধেয় কর্মছলে বিধেয়কর্মই উক্ত হয়।

যথা, স্বর্ণথগুকে কুগুল করা গিয়াছে; তাহাকে

অপরাধী বলা হইতেছে; রামকে শঠ জানা হইয়াছে। (১)

ভাৰৰাচ্য।

২২৫। যে ছলে ক্রিয়ার্থের প্রধানরপে প্রতীতি হয়, তাহাকে ভাববাচ্য বলে। ক্রিয়াবোধক ধাতুর আপ্রত্যন্ত নিষ্পন্ন পদ, হও, যাও, বা আছ ধাতুর দহিত যুক্ত হইলে, ভাববাচ্যের ক্রিয়া দাধিত হয়। যথা, যাওয়া হইতেছে; দেওয়াগিয়াছে; জানা আছে।

২২৬। যে খানে কর্ম মানুষের দাধ্য নয়, অথবা কোন কর্তার অপেক্ষা না রাখিয়া স্বয়ং দিল্ল হয়, তাহাকে কর্মকর্ত্বাচ্য বলে। যথা, মেঘ করিতেছে,

^{(&}gt;) যে কর্ম উক্ত হয়, তাহা উহা থাকিলে, ভাববাচ্যেরই প্রয়োগ শীকার করিতে হইবে। বথা, দেখা হইতেছে: হাত্রকে শিখান হইতেছে; ইত্যাদি স্থলে উক্ত কর্ম ব্যবহৃত না হওয়াতে, ক্রিয়াই প্রধান রূপে প্রতীয়্মান হইতেছে, অতএব ভাববাচ্যের প্রয়োগ বলাই ন্যায্য।

বাতাস করে, রুফি করে, শীত করে, চতুর্দ্দিক **অন্ধ**-কার করিয়া আদিতেছে, পা ভাঙ্গিয়াছে, **কুখা পা**য়, প্রস্রাব পায়, তৃষ্ণা পায়, নিদ্রা পায়।

ণাদি প্রতায়।

২২৭। ধাতুর উত্তর প্রেরণ (১) অর্থে ণি প্রত্যয় ইয়। ণি প্রত্যয়ের ণকার ইত যায়, ইকার পাকে।

২২৮। নি প্রত্যে হইলে বাঙ্গালা হসন্ত গাতুর উত্তর আ এবং ওকারান্ত ধাতুর উত্তর যা, আগম হয়। যথা, কর্-ই করাই,দেও-ই দেওয়াই।

ধাতুরপ—স্বার্থ।

কুর্ ধাতু।

বর্ত্তমান। করাইতেছে, করাইতেছ, করাইতেছি।
ভূতসম্বন্ধ বর্ত্তমান। করাইরাছে, করাইরাছ, করাইরাছি।
অতীত। করাইল, করাইলে, করাইলাম।
অতীতচর। করাইরাছিলে, করাইরাছিলে, করাইরা-

ছিলাম।

⁽১) এেরণ অর্থাৎ প্রবর্তিত করান। অক, অর্থ, অবধীর, আন্দোল কথ, কম, কল, গণ, দণ্ড, মিশ্রা, রচ, রপে, বর্ণ, বল্ট, সান্ত্র, স্পৃত্, সূচ প্রভৃতি অক্ষারান্ত ধাতু এবং চুর্ খাতুর উত্তর আর্থে ণি হয়। আর্থে ণি ইইলে অক্ষারান্ত ধাতুর অকারের লোপ হয়, কিন্তু উপধাশ্বরের গুণ বার্দ্ধি হয়না। ব্ধা, অর্থ-ই অর্থি, কথ-ই কবি ইত্যাদি।

```
[ 500 ]
```

সংশব্নিতাতীত। করাইয়াথাকিবেক, করাইয়াথাকিবে, করাইয়াথাকিব।

ভবিষ্যৎ। করাইবেক, করাইবে, করাইব।

(मड शक्।

বর্ত্তমান। দেওরাইডেছি।

ভূতসম্বন্ধ বৰ্ত্তমান। দেওয়াইয়াছি।

অতীত। দেওরাইলাম।

অতীতচর । দেওরাইরাছিলাম।

সংশয়িতাতীত। দেওয়াইয়া থাকিতাম।

ভবিষাং। দেওয়াইরা থাকিব।

অভ্যাদ।

কর্ ধাতু।

দর্ভমান। করার, করাত, করাই, অথব। করাইয়া

খাকে, শাক, থাকি।

অতীভচর । করাইত, করাইতাম।

नित्रवरण्डम ।

ন্বর্ত্তমান। করাইডে খাকে।

ভূতসম্বন্ধ বর্ত্তমান। করাইয়া আসিতেছে।

অতীত। করাইতে দাগাল।

অতীতচর। করাইতেছিল, করাইতে খাকিল।

সংশারিতাতীত।

ভবিষাং। করাইতে খাকিবেক।

অ সুজ্ঞা

বর্তমান। তুমি করাও। ভবিষ্যং। তুমি করাইও।

যোগ্যতা ও অবিনাভাবার্টের ধার্তুরূপ স্থগম।

২২৯। নিপ্রত্যয় হইলে কতকগুলি ধাতুর বিকশেপ উপাস্ত্য স্বরের রন্ধি হয়, এবং র্দ্ধিকার্য্য হইলে, প্রয়োগকালে নি প্রত্যয়ের সর্কাভাব হয়। যথা—

ধাতু।	প্রভার।	911
পড়	ণি—রা	পাড়িয়া বা পড়াইয়া
ৰড়	21	নাড়িয়া বা নড়াইয়া
চল	99	চালিয়া বা চলাইয়া
जुल	9.	শুলিয়া বা জ্লাইয়া
গ্ৰন	"	गोणिका वा गमारेश

২৩০। সংকৃত ধাতু ণি প্রত্যয়ান্ত হইলে প্রায়(১) বাঙ্গালা ক্রিয়ারপে প্রযুক্ত হয় না। রুদন্ত প্রত্যয় নিষ্পার হইয়াই সচরাচর ব্যবস্থুত হইয়া থাকে।

২৩১। ণি প্রতায় হইলে সংস্কৃত ধাতুর অস্তাস্বর ও উপাস্ত্য অকারের (২) ইদ্ধি হয়। যথা—ঞা-ই

⁽১) কোন কোন স্থলে আখ্যাতিক ক্রিমারণে ও ব্যবহৃত হইয়া থাকে। যথা, চালিভেছে, আলিভেছে, গালিভেছে, বাপিভেছে, অর্পিভেছে ইত্যানি।

[্]২) অনভাগাত ও ঘটানি খাত্র উপধা নকারের রুক্তি হয়, নাঃ লথা, গম-ই গ্রি, দম-ই দমি, শম-ই শমি, নম-ই নমি ঘট-ই ছটি, ব্যথ-ই বাথি, জু শ-ই জালি, খর-ই ছবি ইত্যাদি॥

[509]

প্রাবি, জ্ঞ-ই জাবি, পূ-ই পাবি ; ক্ল-ই কারি; পত-ই পাতি, চল-ই চালি।

২৩২। নি প্রত্যয় হইলে সংস্কৃতধাতুর উপধা লঘুস্বরের গুণ [১] হয়। যথা; লিপ-ই লেপি, হুহ-ই দোহি, দৃশ-ই দর্শি।

২০০। ণি প্রত্যয় পরে আকারাস্ত ধাতুর উত্তর প কাগম হয়। যথা; স্থা-ই স্থাপি, খ্যা-ই খ্যাপি, জ্ঞা-ই জ্ঞাপি, মা-ই মাপি।

নিম্নলিখিত ছলে নিপাতনে সিছ হয়।

ধাতু।	প্রতার।	প্রতারান্ত।
.	*	জরি
कार्	,,	ज ने गति
হন	,,	্যাতি
मृ य	>3	দূৰি
व्यक्षि-इ	9 1	वशांशि :
त्रर	, . ,,	রোপি বা রোহি
न्क् द्र	9 7	শ্চ ারি
স্ফুর ধূ প্রী	>>	४् नि
वी	9)	खीनि
4	99	অর্পি

^{(&}gt;) चारतत श्रेश बिनारन है नर्टर्शत खारन अकात, छ नर्टर्शत खकात श्रो तर्ट्यत ज्ञारन श्रो स्थारन हता।

[400]

পা (পাৰাৰ্থ)	>#	পারি
পা (রক্ষার্থ)))	পাল
ভী) >	ভীবি
শ্বি	53	चानि

সনম্ভ প্রকরণ।

্ ২৩৪। ইচ্ছা অর্থে ধাতুর উত্তর সন হয়। সনের সংখাকে।(১)

সন প্রত্যয় হইলে নানা প্রক্রিয়া হয়। বাঙ্গালা ভাষার ব্যাকরণে তৎসমস্ত নিদ্দেশ করা সনাবশ্যক। কিন্তু কভকগুলি সনস্তধাতু উ কিয়া আপ্রত্যয়যুক্ত হইয়া বাঙ্গালা ভাষায় প্রচলিত আছে; অভতব কেবল তাহাদেরই উল্লেখ করা গেল।

মূলধাতু	সমন্তথাতু	প্রত্যন্ত্র	পদ
बी व	जिजी विश	আ	জিজীবিষা
ৰুধ	बू ष्ट्र<	,,	বুছুৎসা
41	পিপাস	3)	পিপাস1
कि	জিগী য	**	जिगीय।

⁽১) সমন্ত খাতু ক্রিয়ারপে ব্যবহৃত ক্র না। কেবল দিজাল ও প্রতিনিধিংল খাতুর উক্ত রূপে প্রয়োগ দৃষ্ট হয়। বথা, অন্তর নৈনিযা-রণ্যবাদী সুনিগণ লোমহর্ণকুমার স্তহক ক্রিজানিবেন।

इन्.	জিবাংস	35	জিঘাং সা
প্ৰতিবি+ধা	প্ৰতিৰিধিৎস	93	<u> প্রতিবিধিৎসা</u>
বি+জাপ	বীপা	øj	বীপ্সা
36	জিজা স	24	জিজাসা
₹	চিকীৰ্ব	79	किकीर्ग !
	७ अंग	***	ल वारा
म्	गू पूर्व	8	सूर्य
ভূজ	ৰুভূক	99	ৰুভুকু
কিং, ডিজ	, গুপ, বহ ও মান ধ	াভুর উত্তর	चार्य मन् रत्र ।

বধা।—
কিং তিজ গুণ বধ্ মান
চিকিংস তিতিক জুগুপ বীভংস মীমাংস
বঙস্ত।

২৩৫। এক সরযুক্ত অথচ আদিতে ব্যক্তনবর্ণ আছে, এরপ ধাতুর উভর পোনঃপুন্য ও আতিশয় অর্থে যঙ হয়। যঙের য থাকে। বাদালা ভাষায় যঙত ধাতুরও প্রয়োগ অতি বিরল। স্তরাং যে কয়েকটি প্রচলিত আছে, কেবল তাহারই নিদ্দেশ করা গেল। যঙত্ত ধাতু মান, আ, অ প্রভৃতি কতিপয় প্রত্যয়াত্ত হইয়াই ব্যবহুত হইয়া থাকে। উহা-দের মধ্যে মান ভিন্ন প্রভ্যেয় পরে থাকিলে যঙের লোপ হয়।

মূলধাড়ু	মঙ ন্তথাতু	প্রত্যার	नम्।
दन	कोबुना	योग	का जुनामांम
मील :	(ममीभा	ėė	(मनीपामान
本 拼	রোকদ্য	,,	রোকদ্যমান
नम	मानम	আ	नाममा
স্ প	मत्री ऋ श ्	a	मद्री रूপ
नू भ	লোলুপ্	"	লোলুপ
হাম 😬	कलम्	,,	জঙ্গম
इन	७कन ्	,,	ठक ल

নামধাত।

২৩৬। শব্দের উত্তর য প্রভৃতি প্রত্যয় হইয়া শব্দকে ধাতুরপে পরিণ্ড, করে, উহাকেই নামধাতু বলে।

২৩৭। য প্রত্যে পরে, শব্দের অন্তব্ছিত হুম্বর দীর্ম হয়, ঋকার ছানে রী হয় এবং স্কার ও নকারের লোপ হয়। (১)

*	প্রভার	<u> ৰামধাতু</u>	जर्य ।
পুত	व	পুজার	পুত্রের ন্যায় আচরণ করা
TO	99	দণ্ডার	मर्छत्र अ

 ^{(&}gt;) বঙ্ভ ও য প্রতারাত নাদধাতু বাদালা ভাষার কলাচ
আবাংতিক ক্রিয়ায়েশে ব্যবহৃত হয় না।

অমৃত	. य	অমৃতার	অষ্তের	(4)
मधी	22	স্থীর	স্থার	· 3
সাধু	3 57	লাপুর	সাধুর	ক্র
পিতৃ	"	পিতীয়	শিকার	· 🔌
वर्षन्	33 Y	वर्षाय .	-वटर्षत्र	UE)
সুখ	9 1	न्द्र रा	অমুভৰ ক	রা ৷
इध्य ः	٠, ٠,	হুঃখার	ھُ .	
বাষ্প	,,	বাজায়	উদ্বয়ন ক	a i
ধূম	**	ধুমায়	D	
उपान ्	"	উন্মায়	ঐ	
ফেন	,,	ফেনার	4	1
চপল	. , ,,	চপলায়	অভূতত	ম্ভাব।
পণ্ডিত	ر د وو	পণ্ডিতায়		
श्चमन	,,	সুমনায়		*
इयंनम्	22,	ভূৰ্মশায়		
বিমনস্	,,	বিমনায়	`	
रेवब्र .	39	বৈরায়	করণ	
*	39 39	मक् षित्र	S.	-
কলহ	"	কলছায়	D	٠
রোমস্থ	99	রোমস্থায়	(de	

২৩৮। শব্দের উত্তর ই প্রত্যের হইলে নামধাতু হয়। প্রয়োগকালে ই প্রত্যয়ের কর্মাভাব হয়। যথা— হাসিয়া, নাদিয়া, পাকিয়া, নাশিয়া, কাশিয়া, কর্বয়া, বর্বিয়া; বর্ধিয়া, মার্ক্জিয়া বা মাজিয়া, আদেশিয়া, তেয়াগিয়া মাতিয়া, মার্কিয়া, আয়াধিয়া, বোধিয়া, লেপিয়া, প্রবেশিয়া, নিবেদিয়া, বর্জিয়া, বিশেবিয়া, শোভিয়া, প্রসারিয়া, সরিয়া বরিয়া, ধরিয়া, মরিয়া, তরিয়া, বিচারিয়া, রচিয়া, বিবরিয়া বিস্তারিয়া, উত্তরিয়া, ম্পশিয়া, শারিয়া।

ভাববাচ্যে সংস্কৃত ধাতুর উত্তর স্থল বা ঘঞ প্রত্যয় হইলে যে সকল শব্দ নিষ্পান্ন হয়, তাহারাই বাঙ্গালা ভাষায় নামধাতুরূপে পরিণত হইন্না থাকে। (১)

অল ও ঘঞ প্রত্যয় ভিন্ন অন্যবিধ ভাব প্রত্যয় নিপান শব্দকে নামধাতুরূপে পরিবর্ত্তি করা বাঙ্গালা ভাষার দাধারণ বিধির বহিভূতি। ভাতিয়া, জিতিয়া, যুক্তিল প্রভৃতি কয়েক পদ নিপাত্তের দিদ্ধ।

অত এব স্তৃতিল, প্রদানিল, সাস্তৃনিল প্রভৃতি পদ বাঙ্গালা রীতির বিপরীত ; স্তরাং অসাধু ও অমনোরম।

⁽১) বাহা দারা আবাত করা যায় এরপ শব্দ যদি সংস্কৃত মূলক না হয়, উহার উত্তর নি প্রতার হইরা থাকে। ইয়া প্রভৃতি প্রতার পরে নির লোপ হয়। যথা, লাঠাইরা, ঠেলাইয়া, নিড়ইয়া, কোদালাইয়া ইত্যাদি।

রুদন্ত প্রকরণ।

সাধারণ নিরম।

২৩৯। ধাত্র উত্তর ইতে, তব্য, তৃ, ক্ত, অনট প্রভৃতি কতকগুলি প্রত্যয় হয়, উহাদিগকে ক্রৎ প্রত্যয় বলে।

২৪~। ক্লংপ্রতায় কর্ত্বাচ্য, কর্মবাচ্য, করণবাচ্য, অধিকরণবাচ্য ও ভাববাচ্যে বিহিত হইতে পারে। বে বাচ্যে প্রতায় হয়, প্রতায় নিষ্পার পদ উহার বিশেষণ হয়। ভাববাচ্যে প্রভায় হইলে ক্রিয়ার্থ মাত্রের প্রতীতি হয়।

২৪১। কৃথ প্রত্যয় হইলে ধাতুর অস্তুদ স্বরের ও উপধা লঘু স্বরের গুণ হয়। যথা, ক্ল-তব্য কর্ত্তব্য, তুহ-অনীয় দোহনীয়। কিন্তু ত, তি প্রভৃতি প্রত্যয় হইলে, গুণকার্য্য হয় না। যথা, ক্ল-ত ক্লত, প্রে-তি

২৪২। ক্ল প্রত্যায়ের ণ অথবা ঞ ইল হইলে ধাতুর অন্তাম্বর ও উপধা অকারের রিদ্ধি হয়। আর আকারাস্ত ধাতুর উত্তর য আগম হয়। য়থা, কৃ-ণক কারক, বদ-বঞ বাদ, দা-ণিন্দায়ী।

২৪৩। যকার ভিন্ন ব্যঞ্জন বর্ণ আদিতে আছে, এমন

প্রভার পারে ধাতুর উত্তর ইট্ হয়। ইটের ই থাকে। কিন্তু গমাদি ধাতু ও এক স্বর মুক্ত স্বরবর্ণান্ত ধাতুর উত্তর প্রায় ইট হয় না।

২৪৪। ক্রং প্রত্যয় পরে থাকিলে, নির লোপ হয়। যথা, স্থাপি-নক স্থাপক, ধারি-অন ধারণ। কিন্তু ইট ব্যবধানে থাকিলে নির লোগ হয় না। যথা, রচি-তৃ রচরিতা, স্থাপি-তব্য স্থাপরিতব্য।

২৪৫। ক্লং প্রত্যায়ের ঘ ইং হইলে, ধাতুর ব্যস্ত-স্থিত চ **স্থানে** ক ও জ স্থানে গ হয়। যথা, পচ-ঘঞ পাক, ভুজ-ঘঞ ভোগ।

২৪৬। ক্লং প্রভারের ত পরে থাকিলে ধাতুর চ ও জ স্থানে ক হয়। যথা, বচ-তৃ বক্তা, ত্যজ-ক্ত ডাক্ত। ২৪৭। ক্লং প্রতারের ত পরে থাকিলে শকারান্ত, বজ, প্রচ্ছ, স্ক্র, ভ্রম্ক ও মৃক্র ধাতুর অন্তাম্বরের পরভাগ স্থানে য হয়। যথা, দৃশ-ক্ত দৃই, প্রচ্ছ-ক্ত প্রচা

২৪৮। কৃৎ পুতায়ের তকারের পূর্বেদ ধও ভ থাকিলে, উভয়ে মিলিয়া বথাক্রমে ত, দ্ধ ও ক হয়। যথা, মদ-ত মত, বুধ-তি বুদ্ধি, সারভ-ত, স্মারকা। ২৪৯। রুৎ পূতায়ের ত এবং দহ, দৃিহ, ছহ, মুহ (১) ও স্থিহ ধাতুর হ উভয়ে মিলিয় ঋ হয়। মথা, দহ-ত দগা, মুহ-ত মুগা। এতন্তির ধাতুর হকার হইলে উভয়ে মিলিয়া ঢ হয় এবং ঢ পরে ঋকার ভিন্ন পূর্বাস্থারের দীর্ঘ হয়। যথা, রুহ-ত রাঢ়।

অসমাপিকা ক্রিয়া।

২৫০। নিমিত্ত অর্থে ধাতুর উত্তর ইতে, এবং আনতর্যা অর্থে ইয়া ও ইলে প্রায় হয়। উপরি উক্ত প্রত্যয় পরে ওকারাস্ত ধাতুর ওকারের লোপ হয়।
যথা, থাইয়া, খাইতে, খাইলে। (২)

২৫১। নিরবচ্ছেদ অর্থে ত প্রত্যয় হয়। যথা, দর্শন করত প্রস্থান করিলেন।

২৫২। ত প্রত্যর পরে ণি প্রত্যয়ের ইকার স্থানে ওকার হয়। যথা, দেখাওত, বলাওত, করাওত, দেওয়াওত, শোওয়াওত।

' ২৫৩। ইতে প্রত্যয়ান্ত ক্রিয়া পুনরুক্ত হইলে, নিমিত্ত অর্থের প্রতীতি না হইয়া পৌনঃপুন্য ও কার্য্যকারণভাবের প্রতীতি হয়। যথা, পড়িতে

⁽১) মূহ ধাতুর বিকল্পে হয়। তৎপ্রযুক্ত মৃত ও হইয়া থাকে।

⁽২) দিতে, দিয়া, দিলে, গুয়িতে, গুয়িয়া, গুয়িলে প্রভৃতি পদ নিপাতনে সিদ্ধা

পড়িতে অভ্যাস হয়, অর্থাৎ পুনঃ পুনঃ পাঠ দারা অভ্যাস হয়।

কদাচিৎ ক্রিয়ার অপরিসমাপ্তি বুঝায়। যথা, মরিতে মরিতে বঁচিয়াছে, দিতে দিতে দিল না, থাইতে খাইতে উঠিয়াছে, যাইতে যাইতে দেখিতে পাইল।

কখন ক্রিয়াছয়ের অবিলম্ব বুঝার। কিন্তু এরপ ছলে সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার কর্ত্ত পৃথক পৃথক হইয়া থাকে। যথা, তিনি যাইতে যাইতে উপস্থিত হইলাম, তুমি দেখিতে দেখিতে কর্ম সম্পাদন হইল।

২৫৪। ইয়া—প্রত্যয়ান্ত ক্রিয়া পুনরুক্ত হইলে,
আনন্তর্য্য অর্থের প্রতীতি না হইয়া পোনঃপুন্য ও
কার্য্যকারণভাবের প্রতীতি হয়। যথা, দেখিয়া
দেখিয়া বিতৃষ্ণা হইয়াছে, অর্থাৎ পুনঃ পুনঃ দেখা
পুযুক্ত বিতৃষ্ণা হইয়াছে।

২৫৫। ইলে প্রত্যয়ান্ত ক্রিয়া পদের অব্যবহিত পরে ইতে প্রত্যয়ান্ত ক্রিয়া থাকিলে, ক্রিয়া নিষ্পা-দন বিষয়ে কর্ত্তার যথেচ্ছতা বুঝায়। যথা, তিনি বলিলে বলিতে পারেন, লিখিলে লিখিতে পারেন। কিন্ধ এরপ ছলে উভয় প্রত্যয় একই ধাতুর উত্তর হওয়া উচিত।

২৫৬। প্রচিত্য ও যোগ্যতা অর্থে কর্মবাচ্যে ধার্র উত্তর তব্য, অনীয়. য (১) হয়। যথা—তব্য, স্থা স্থাতব্য, শী শরিতব্য, ভূ ভবিতব্য, গম গন্তব্য, ক্ষম ক্ষন্তব্য (২), পুচ্ছ পুষ্টব্য, ভূজ ভোক্তব্য, ত্যজ, ত্যক্তব্য, যজ যন্টব্য, স্থল অন্টব্য (৩), ছিদ ছেতব্য গ্রহ গ্রহীতব্য [৪], বুধ বোদ্ধব্য, লভ লক্ষব্য, দৃশ ক্রন্টব্য, বিশ বেন্টব্য, পৃশ স্পুন্টব্য, হহ দোগ্ধব্য, কারি কারয়িতব্য, যোজি যোজয়িতব্য, চিকীর্ধ-চিকীধিতব্য, মীমাংস মীমাংসিতব্য। অনীয়—করণীয়, স্থাপনীয়। য—দা দেয়, হা হেয় [৫], জি জেয়, নী নেয়, ভু ভব্য।

২৫৭। ঋকারান্ত ও ব্যঞ্জনবর্ণান্ত ধাতুর (৬) উত্তর

⁽১) স্বরান্ত ধাতুর উত্তরই য প্রান্তায় চইয়া থাকে।

^[2] मञ्चातन स्टेब्राइहा

⁽৬) ভারা ও তৃ প্রাডার পরে ক্ষ, মৃশ, তৃপ, স্পৃশ, দৃপ, হজ, হপ দৃশ ধাতুর থাকার স্থানে র হয়।

⁽a) ভাষা, ভাও ভূ প্রাক্তার পারে গ্রাহ্ খাত্র উত্তর বিহিত ইট দীর্ঘ হয়।

⁽c) য প্রভায় পরে অন্তব্হিত আকার স্থানে একার হয় !

^(%) ব্যঞ্জন বর্ণান্তের মধ্যে পণ, শক, সহ, গদ, নদ, ও প্রগান্ত ধাতুর উত্তর থ্য না হইয়া ব হয়। বথা, পণ্য, শক্য, সহ্যু, গদ্য, মদ্য, আরম্ভ্যু, শুডা, গদ্য, রুম্য, ইত্যাদি।

উক্ত অর্থে কর্মবাচ্যে ণ্য হয়। ণ প্রভারের গ্ল ইত গিয়া,রদ্ধি প্রভৃতি কার্য্য হয়। যথা—কৃ কার্য্য, গ্ল ধার্য্য, দিচ দেচ্য, ত্যজ ত্যাজ্য, বহ বাহ্য, বচ বাচ্য, পচ পাচ্য, ভুজ ভোজ্য, যুজ যোজ্য। পশ্যালিথিত পদগুলি নিপাতনে দিদ্ধ।

त्र
•

>৫৮। কর্ত্বাচো যথাসম্ভব ধাতুর উভর বর্ত্ত-মান কালে অং (১) ও মান হয়। যথা, অং—জীবং, চলং, গলং, জাগ্রাং, নমং, ফলং, পতং, জ্বাং।

^{(&}gt;) বাৰালা ভাষায় জং প্ৰভায় নিশাল শব্দ স্বাস-স্লেই এমুক ইইয়া থাকে। যথা, জীবন্ত, গলদ্ধন, জলদ্ধি।

মান - বহমান, বর্ত্তমান, বর্দ্ধমান, সহমান, বিরাজ-মান, যজ্মান, জাজ্বা জাজ্বাসমান, দেদীপ্য দেদীপ্য-মান।

নিম্লিখিত পদ গুলি নিপাতনে দিছা।

ধাতু	প্রত্যয়	शम
বিদ	মান	বিদ্যমান
মৃ	, ;	ত্রিয়মান
*))	শয়ান
আস	>>	আসীন
জন	9)	জারমান
বিদ্	অৎ	বিশ্বস্
অস	2,	সৎ

২৫৯। কর্মবাচ্যে ধাতুর উত্তর মান হয়। কর্ম-বাচ্যের পদ সাধিতে অনেক স্থত্ত আবশ্যক, অতএব বাঙ্গালা ভাষার প্রয়োগ অনুসারে কতকগুলি উদা-হরণ মাত্র প্রদর্শিত হইতেছে।

২৬০। কর্মবাচ্যে মান প্রত্যয় পরে ধাতুর উত্তর য হয়। যথা—জ্ঞা জ্ঞায়মান, থা ধীয়মান, দা দীয়-মান, পা পীয়মান, গা গীয়মান, হা হীয়মান, ক ক্রিয়-মাণ, ধু ব্রিয়মাণ, দু ডিয়মাণ, সূ সাগ্যমাণ, তূ তীর্ঘ্যনাণ, কু কীর্যমাণ, পূ পূর্য্যমাণ, গ্রহ সৃহ্যমাণ, লিখ

লিখ্যমান, হৃছ হৃহ্যমান, রুষ রুষ্যমাণ, স্থাপি স্থাপ্য-মান, ধারি ধার্যমান।

২৬১। বাঙ্গালা ধাতুর উত্তর কর্ত্বাচ্যে বর্তমান কালে অন্ত প্রত্যয় হয়। যথা, দেখ দেখন্ত, দাজ দাজন্ত, জাগ জাগন্ত, ফলন্ত, জ্বলন্ত, জীয়ন্ত, যুমন্ত, মেলন্ত, জোটন্ত, উঠন্ত।

২৬২। ভবিষ্থকালে অৎ ও মান স্থানে ক্রমে

ন্যং ও স্থান হয় (১)। যথা, ন্যং—ভূ ভবিষ্যং ;

ন্যমান—বচ্ বক্ষামাণ, বিজি বিজেষ্যমাণ, উৎ-পদ
উৎপৎ-ন্যমান।

২৬০। সতীতকালে ধাতুর উত্তর কর্মবাচ্যে ত হয়। তপ্রতায় হইলে গুণকার্য হয় না। যথা; খ্যা খ্যাত, জি জিত, আদ্ধ্রুত, ক্রিকীত, স্থু স্তুত, ক্ কৃত, মুচ মুক্ত, তাজ তাক্ত, স্ক স্ফ, বুধ বুদ্ধ, রভ রক্ষ, দিশ দিফ, দহ দগ্ধ, রুহ রচ়।

২৬৪। যে সকল ধাতু অনিট নয়, ত প্রত্যয় পরে তাহাদের উত্তর ইট্ হয়। যথা ; লিখ লিখিত, অর্চ অন্তিতি, বঞ্চবঞ্চিত, গ্রহ্ম গজ্জিত, ঘট ঘটিত, বেষ্ট বেফিত ইত্যাদি।

⁽১) সাই ও স্যান প্রাক্তায়ের প্রায়োগ অতি বিরল।

২ %। ইটযুক্ত ত প্রভার পরে নি প্রভারের লোপ হয়। ষথা, পালি-ই-ত পালিত, গনি-ই-ত গনিত, জনি-ই-ত জনিত।

২৬৬। শ্রি, র, উবর্ণান্ত, দীপাদি এবং ইষাদি ধাতুর উত্তর ত প্রত্যয় পরে ইট হয় না। যথা— শ্রিত, রত, যুত, ভূত, স্থত, দীগু, ত্রস্ত, পৃচ-পৃক্ত, ইষ্-ইয়্ট, গুপ গুগু, দৃপ-দৃগু, লুপ-লুগু, অস-অস্ত, এস-এস্ত, র্ষ-রয়্ট, য়্য য়য়্ট, ম্য-ম্য়্ট, গাছ গাড়, গুছ গৃঢ়, স্মিছ স্মিয়, মুছ মুয়, সহ সোড়।

ত প্রতার পরে ক্রম প্রভৃতি ধাতুর অম্ভাগ স্থানে আন্ হয়। যথা—ক্রম ক্রান্ত, ক্রম ক্রান্ত, ক্রম ক্রান্ত, চম চান্ত, তম, তান্ত, দম দান্ত, বম বান্ত, শম শান্ত, শ্রম শ্রান্ত।

ত প্রত্যর পরে গম প্রভৃতি ধাতুর অন্ত্য বর্ণের লোপ হর।
যথা—গম গত, নম নত, যম যত, রম রত, ক্ষণ ক্ষত, তন তত,
ধন মত, হন হত।

ত প্রতায় পরে দংশ প্রভৃতি ধাতুর উপধা নকারের লোপ হয় । যথা—দংশ দৃষ্ঠ, রন্জ রক্ত, সন্জ সক্ত, বন্ধ বন্ধ, স্তন্ভ ন্তাম, ভাংশ ভ্রষ্ঠ, ধংস ধন্ত, অন্ধ প্রস্তামিত, মন্থ মথিত।

ধাতু সম্বন্ধীর দকার ও রকারের পর এবং ৰুজাদি ধাতুর পর ত প্রতায়ের তকার স্থানে ন হয়। এই নকার পরে দকার স্থানে ন হয়। যথা, দকার—ক্ষুদ ক্ষুদ্ধ, খিদ খিন্ন, ছিদ ছিন্ন, ভিদ ভিন্ন, পদ পন্ন, সদ সন্ন। রকার—পুর পূর্ণ, চর চূর্ণ, कृ कीर्ग (>), ख्रू खीर्ग, क्रू छीर्ग, मू मीर्ग, मू भीर्ग, ख्रू खीर्ग। क्षामि—कंक क्यं, विक विद्यं, क्ष्म क्यं, खक ख्रां, मी मीन, खी खीन।

নিম্নলিখিত পদ গুলি ত প্রত্যরমুক্ত হইরা নিপাতনে সিম।

ধাতু	প্রত্যর	পদ
भी	ंड	শয়িত
খন	25	খাত
জন	>>	জাত
মদ	> 9	মত্ত
মস্জ	>>	মগ্র
ক্ষি	9)	कीन
मा	**	গ্লান
না	9)	नान
মা	**	মিত
嗄1.	>>	ন্থিত
241	97	শিত
म	29	म ख
ধা	**	হিত
পা	,,	পীত
গা	99	গীত
হা	55	री न
टेक	,,	कांभ

⁽১) দীর্ঘ পাকারার ধাতু ও ছ ধাতুর থাকার স্থানে সর হয়।

[560]

পাঁচ .	ভ	পক
শুষ্	19	শুক
নির্-বা	,,	নিব্ৰি
24	93	**
বিদ	19	বিত্ত
স্ফুর	23	কুল
কৰ	*)	কষ্ট
नश	,,	লগ্ন
ধৃষ	•9	४ ृक्षे
<u>ক্ষার</u>	91	ক্ষীত
পাায়	9.4	পীন
যজ	**	इस्के
ব্যধ	79	বিদ্ধ্
এছ	**	গৃহীত
ভস্জ	1)	ভ ষ্ট
প্রক্ষ	23	পৃষ্ট
হ ব)	12	হত
বস	1)	উ্ি
বচ	٠,	উক্ত
বদ	"	উ कि उ
বপ	> 9	উগু
বছ	91	উঢ়
স্থপ	,,,,	* 3
জাগ্	;•	জাগৰিত

২৬৭। অকর্মক, প্রাপ্তার্থক, জ্ঞানার্থক, বিস্মৃ, বিশ্রু ধাতুর উত্তর কর্ত্বাচ্যে (১) ত হয়। যথা; তিনি জীত হন, তাহা গত হইবেক, আমি পুস্তক প্রাপ্ত হইয়াছি, তিনি ইহা বিদিত আছেন, আমি দে কথা বিস্মৃত হইয়াছি, তুমি কাহার নিকট এ কার্য্য প্রতিশ্রুত হইয়াছ।

২৬৮। ভাববাচ্যে ধাতুর উত্তর তি প্রত্যয় হয়।

ত প্রতার স্থলে যে সকল নিয়ম খাটে, তি প্রতার ইইলেও সেইরপ। যথা, খ্যা-খ্যাতি, গা-গীতি, মা-মিতি, স্থা-ছিতি, ই-ইতি নী-নীতি, প্রী-প্রীতি, শু-শ্রুতি, শক-শক্তি বচ্-উক্তি, যজ-ইটি, স্জ-স্টি, ঋধ-ঋদ্ধি, কণ-ক্ষতি, মন-মতি, স্থপ-স্থাপ্ত, লভ-লিধি, ক্রম-ক্রান্তি, ত্রম-ল্রান্তি, রুম-ক্লান্তি, গ্রম-গতি, নম-নতি, ক্রহ-রুটি। গ্লা-গ্লানি, সা-মানি, হা-হানি।

২৬৯। কর্ত্বাচ্যে ধাতুর উত্তর ণক হয়। ণকের ণইৎ গিয়া অক থাকে, রিদ্ধি প্রভৃতি কার্য্য হয় যথা ; নী-নায়ক, স্মৃ-স্মারক, পঠ-পাঠক, রুধ-রো-ধক, দা-দায়ক, জনি-জনক, পালি-পালক।

২৭.। কর্ত্বাচ্যে ধাতুর উত্তর তৃ হয়। যথা, দা-

^{(&}gt;) কদাচিং ভাববাচ্যে ও ত প্রভার রয়। যথা। তদ্দুটো, সশব্ভিত সচেক্টিভ, ক্লমাবজ্ঞির, মভিজ্বর; ইত্যাদি স্থলে, দৃষ্ট-দর্শন, শব্বিত-শহা, চেক্টিভ-চেক্টা, অ্বজ্বি-অবজ্বেদ, ক্ল-জ্বভাব, এরপ অর্থের প্রভীতি হইতেছে।

দাতা, গ্রহ-প্রহীতা, স্বন্ধ অক্টা, দৃশ-দ্রুষ্টা, যুধ-যোদ্ধা, গম-গন্তা, হন-হন্তা, কারি-কারয়িতা, স্থাপি-স্থাপ-য়িতা।

২৭১। কর্ত্রাচ্যে (১) কর্ম পদের পরবন্তী ধাতুর উত্তর টণ হয়,টণের অ থাকে। যথা;কুন্তকার, মালাকার, চাটুকার, কর্মকার, বারিবাহ; তন্ত-বে তন্ত্রবায়।

২৭২। হেতু ও অনুকূল অর্থ বুঝাইলে কর্মবাচক পদের পরবন্তী রুধাতুর উত্তর কর্তৃবাচ্যে অট হয়। যথা, হেতু অর্থে—শোককর, অর্থকর, যশক্ষর, রোগকর। অনুকূল অর্থে—বলকর, পুর্ফিকর, হিত-কর, প্রীতিকর,মঙ্গলকর।

২৭৩। অধিকরণবাচক পদের পরবতী চর ধাতুর উত্তর কর্ত্বাচ্যে অট হয়। যথা ; জ্বলচর, ভূচর, স্থলচর, খচর, বনচর, রাত্রিচর (২)।

° ২৭৪। কর্মবাচক "পদের পরবন্তী হন্ ধাতুর

^{(&}gt;) দিবা প্রভৃতি কর্মবাচক পদের পরবন্তী কু খাতুর উন্তর কর্জুবাচ্যে জাট হয়। যথা, দিবাকর, নিশাকর, ভাল্কর, নিপিকর, চিত্রকর, কর্মকর।

⁽১) খেচর, বনেচর, ও রাত্রিগুর এই তিন পদ ও প্রযুক্ত হইয়া থাকে। অংগ্র ও পুরস্শব্দের পরবন্তী হি ধাতুর উত্তর আট হয়। যথা, অগ্রসর, পুরংসর।

উত্তর অট্রর, এবং হন্ধাতু স্থানে দ্ব আদেশ হয়। যথা ; শক্রুষু, দোষযু,।

২৭৫। পচ প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃবাচ্যে অ হয়। যথা ; চল-চল, স্থ-সর্প, দিব-দেব, চর-চর, ধৃ-ধর।

২৭৬। কর্মবাচক পদের পরবর্তী হা, অহ'ও ধৃ ধাতুর উত্তর কর্ত্বাচ্যে অ হয়। যথা; ভাগহর শোকহর, ক্লেশহর। পূজার্হ, নিন্দার্হ, পয়োধর, জল-ধর।

২৭৭। উপসর্গ বা উপপদের পরবন্তী আকারান্ত,
গম, ও জন ধাতুর উত্তর কর্ত্রাচ্যে আ হয়। আ প্রত্যের পরে অকারের লোপ হয়, এবং জন ও গম
(১) স্থানে ক্রমে জ ও গ জাদেশ হয়। যথা—করদ,
ভূমিপ, সর্বজ্ঞ, প্রকৃতিস্থ অন্ধল, প্রজ, অগুজ,
সরোজ, পারগ, খগ, নগ।

২৭৮। ত্রত, শীল ও পোনঃপুন্য অর্থে ধাতুর উত্তর ণিন্হয়। ণিনের ইন্ থাকে, ষথাসম্ভব গুণ রদ্ধি হয়। যথা; বদ-বাদী, অভিলয়-অভিলাষী, অন্থ-জাবী, প্রিয়-ক্ক-প্রিয়কারী, পুত্র-হন্ পুত্রঘাতী।

⁽১) গম ধাতুর উতর অ এতার চইলে নিম্লিখিত পদগুলি নিপাতনে দিজ হয়। যথা, পত (পক্ষ) গম-পত্য পতল পতলম,ভূজ (বক্রু) গম-ভূজগ ভূজল ভূজাম, বরা-গম-তুরগ তুরল তুরলম,উরস- (বক্ষ) গম-উরগ উরল উরলম, বিহারস (আকাশ) গম-বিচগ বিহল বিহলম।

২৭৯। আত্মমনন অর্থে কর্মবাচক পদের পরবন্তী মন ধাজুর উত্তর কর্জুবাচ্যে খ্য হয়। খ ইৎ গিয়া, উপপদের অস্তেম আগম হয়। যথা, আপ-নাকে পণ্ডিত বলিয়া মানে এই অর্থে পণ্ডিত-মান্য। তদ্রুপ কুতার্থমন্য, সুভগমন্য।

২৮০। ধাতুর উত্তর কভূবিচ্যে কিপ হয়। কিপের কিছুই থাকে না। কিপ প্রত্যয় হইলে গুণ হয় না, এবং হুস্বস্থান্ত ধাতুর উত্তর ৎ হয়। যথা; সদ-সভাসদ্, বিদ-শাস্ত্রবিৎ, জ্বি-শক্ত জিৎ, নী-সেনানী,রাজ-সমুাট, ভ্রাজ-বিভাট।

২৮১। ইন, ভিক্ষ ও সনস্ত ধাতুর উত্তর কতৃ-বাচ্যে উ হয়। যথা, ভিক্ষু, জিজ্ঞাম, পিপাম, বুভুকু।

২৮২। করণবাচ্যে নী প্রভৃতি ধাতুর উত্তর ত্র প্রত্যর হয়। ত্র প্রত্যে করিলে চরাদি ভিন্ন ধাতুর উত্তর ইট্ হয় না। যথা; নী-নেত্র, স্তু-স্তোত্র, পত্ত-প্রভু, দংশ-দংক্রা। চরাদি-চর-চরিত্র, পু-পবিত্র, বহ-বহিত্র, ধন-ধনিত্র।

২৮৩। উপপদের পরবর্তী ধা ধাতুর উত্তর অধি-করণবাচ্যে ও ভাববাচ্যে ই হয়। ই প্রভার পরে থা-ধাতুর আকারের লোপ হয়। অধিকরণবাচ্যে— বারিধি,পরোধি, জলনিধি। ভাববাচ্যে—বিধি, নিধি, দক্ষি, আধি, ব্যাধি।

२৮८। वाक्रामा धाजूब উखत कर्ख् वार्टा ও ভাব-वार्टा नी (১) প্রত্যয় হয়। यथा , कर्ख् वार्टा—धन-धन्नी, वन-वननी, बाँधनी, म्थनी। ভাববাर্टा— भन्नी, वक्नी, भारनी, क्ननी।

২৮৫। স্থ, ছর ও ঈষৎ শব্দের পরবর্তী ধাতুর(২) উত্তর কর্মবাচ্যে অ প্রত্যর হয়। যথা, স্থকর, ছর্গম, ছর্বহ, হল ভ।

নিম্নলিখিত পদ গুলি নিশাতনে সিদ্ধ—

मृत	39	3)	वर्गाना	
বদ	23	"	श्रित्रवन, वर्णकृत	
थी	,,	29	প্রিয়	
বুধ	অ	23	বুধ	
রঞ্জ	19	99	ब्र क्ष्	
ন্ রঞ্জ	অকট্	**	<u> ৰৰ্ত্ত</u> ক	
का	जन ष्	কৰ্তৃবাচ্য	গায় ন	
ধাতু	প্রত্যন্ত্র	ৰাচ্য ১	भम ।	
श्चीक	PIGIA	3451	Ohm 4	

^{(&}gt;) ७ ज्ञाना क्षणाञ्च भरत श्रांकित्न सी ज्यात त रहा। यथा, भणत-७ प्राना, त्यस्त छहाना।

⁽२) क्योंकि च ना श्हेशा चन हम । बथा, झरवाथन, झरवाथन, झम्मन ।

ভূ	অ, ই	কৰ্বাচা	বিশ্বন্তরা, আত্মন্তরি
র	অ	37 .	च्याच्या.
ध्	"	99	বস্থার
*	,,	29	ভর্ষর, কেমরর, প্রিয়ন্ধর
मृ ग (১)	9)	79	जान्न, यान्न, अजान्न, ভবान्न, अभान्न, मान्न, यूचान्न, जान्न, जेन्न, अनान्न, मन्न।
র্ধ	इक्रू	**	विश्व ह
গৃধ	त्र्	,,	श्यू
কম, ভু,	উক	31	কাযুক, ভাবুক,
হন, জাগ্	,,	••	যাতৃক, জাগৰুক

দয়, নিজা, তন্ত্ৰা, অন্ধা (২) আলু ,, দয়ালু, নিজালু, তন্ত্ৰালু,

		यकामु।
5	উর "	ভঙ্গুর
নম, হিন্স, অজস্	র ,,	নত্ৰ, হিংস্ৰ, অজ্ঞ
हे य	উ "	रेष्ट्र
चा, जेग, नग	বর 🥠	স্থাবর ঈশ্বর, নশ্বর,
ক	ত্রিম "	क्रिक

^{(&}gt;) व्यञ्जास मृन थाजू शदा थाकितम, जम, वक्ष, छन्दे व्यक्तम मुन्तम, हेमम, व्यन्ता, जमान नव द्वारत क्राय छ।, या, व्यक्त ह्वा व्यक्तम, क्र्या, क्रे, व्यक्ता छ न व्यक्तिम हन्न। व्यव् व्यक्तहर्द्ध व्यवम छ युवाम नव द्वारत मा अ वा हन्न।

⁽ २) নি-স্তা নিক্তা, তন্-স্তা ডক্তা, ঋৎ-ধা শ্ৰদ্ধা।

২৮৬। ভাৰৰাচ্যে (১) ধাতুর উত্তর অন্হয়। যথাঃ গমন, ভোজন, শয়ন, দর্শন।

২৮৭। করণ ও অধিকরণবাচ্যে ধাতুর উত্তর অনট্ হয়। যথা, করণবাচ্যে—লোচন, নয়ন, চরণ, করণ, সাধন, ভূষণ, যান, বাহন, অধিরোহণী। অধিকরণ-বাচ্যে—শয়ন, ভ্রন, স্থান।

২৮৮। ভারবাচ্যে ধাতুর উত্তর ঘঞ হয়। ঘঞের জকার থাকে। যথা; পচ-পাক, শুচ-শোক, ভুজ-ভোগ, স্বদ-স্বাদ। রঞ্জ, ভঞ্জ ও সঞ্জ ধাতুর উত্তর ঘঞ করিলে ক্রমে রাগ, ভঙ্গ, ও সঙ্গ এই তিন পদ সিদ্ধ হয়।

২৮৯। ভাবৰাচ্যে ধাতুর উত্তর অ হয়। যথা, জি-জয়, রু-রব, ভী-ভয়, জপ্-জপ, মুহ-মোহ, স্পৃশ-

২৯০। প্রত্যয়ান্ত ধাতু, গুরুষরবিশিষ্ট ব্যঞ্জ-

^{(&}gt;) নন্দ প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্রাচোও জন হয়। যথা, নন্দন, মদন, সাধন, শোভন, সহন, তপন, দমন, রমণ, স্থান, ভীষণ, নাশন। ক্রোধন, রোষণ, মঞ্চন, অনুকরণ, জ্বন্দন, বর্জন।

বল, বেদু ও বিপ্রাভায়ান্ত ধাতুর উত্তর আন করিলে প্রায় জীলিল হর।
বথা, বশনা, বেদুনা, অফি -অফ না, করি-কল্পনা, গণি-গণনা, ঘটি-ঘটনা,
প্রতারি-প্রভারণা, ধারি-ধারণা, পারি-পারণা, অবশানি-অবশাননা,
যঞ্জি-বন্তণা,বাসি-বাসনা।

নাস্ত ধাতু, আকারাস্ত ধাতু এবং চিস্তাদি ধাতুর উত্তর ভাববাচ্যে আ প্রত্যন্ন (১) হয়। যথা—

প্রত্যরান্ত ধাতু-জিজাসা, পিপাসা, চিকীর্যা।

গুৰুষরবিশিষ্ট—সেবা, নিন্দা, আকাজ্জা, পরীক্ষা, রক্ষা, কর্ব্যা, অস্থ্যা, প্রশংসা। আকারাস্ত—আভা, উপমা, সংজ্ঞা, সংখ্যা, অবস্থা, প্রতিষ্ঠা, আস্থা।

চিন্তাদি—চিন্তা, পূজা, কথা, চর্চা, স্পৃহা, পীড়া, শোভা, দোলা, ত্রপা, ব্যথা, জরা, ত্বা, রূপা, ত্যা, ক্ষা, দরা, ইচ্ছা (১)।

২৯১। বান্ধালা ধাতুর উত্তর ভাববাচ্যে (২)
আ প্রত্যর হয়। আ প্রত্যর হইলে ওকারাস্ত ধাতুর উত্তর র আগম হয়। যথা, করা, লেখা, বলা, হানা, দেখা, দেওয়া, লওয়া, শোওয়া।

২৯২। ণি প্রত্যয়াস্ত বাঙ্গালা ধাতুর উত্তর ভাববাচ্যে আন প্রত্যয় হয়। আন প্রত্যয় পরে

^{ু (&}gt;) আপ্রত্যরাম্ভ শব্দ দ্রীনিশ হয়। আপ্রত্যর করিনে ইব খাতু স্থানে ইচ্ছ আদেশ হয়।

⁽২) আ ও আন কর্মবাচ্যেও হইয়া থাকে। যথা—এ কথা বলা হইয়াছে, পুঞ্চক পড়ান হইল: ইত্যাদি কর্মবাচ্যের প্রয়োগ স্থান আ ও আন কর্মবাচ্যে বিহিত হইয়াছে, স্বীকার করিতে হইবেক।

আপ্রতার করাচিৎ কর্ত্বাচ্যেও হইরা থাকে। যথা—মনচোরা ধানাধরা। বঠাত ও সপ্তব্যক হইলে আ ও আন প্রতায়ের স্থানে বিকলে ইবা হয়। যথা—এরপ করিবাতে নিতান্ত ছংখিত আছি। এরপ করিবার জন্য প্রস্তুত আছি।

থাকিলে নির লোগ হয়। যথা; করান, ব্লান, দেখান, দেওয়ান, লওয়ান, শোওয়ান।

নিম্নলিখিত পদশুলি যা—প্রত্যরাস্ত হইরা নিপাতনে নিজ হয়।

ব্ৰজ পরিব্ৰজ্যা, চর চর্য্যা পরিচর্যা, দৃগ মৃগয়া, বিদ বিদ্যা, ক ক্রিয়া ক্লড্যা, হন ইত্যা, শী শ্যা।

যজাদি খাতুর উত্তর ভাববাচ্চে ৰ হয়। যথা, যজ যজ, বত যতু, ৰূপ অপু, প্রাহ্ম প্রশ্ন, যাচ যাচক্রা, তৃষ তৃষ্ণা।

পঞ্চম পরিচেছদ।

ब्राप्त्री।

বর্ণবিবেক, শব্দ ও ধাতু প্রকরণ সমাপ্ত হইল, অনন্তর অবশিষ্ট প্রকরণ অর্থাৎ রচনা আরক্ক হই-তেছে। যে প্রকরণে অন্বয়ক্রম এবং কাব্যের স্বর-পাদির নিরূপণ হয়, তাহাকে রচনা বলে।

তান্য় ক্রম।

পদবিন্যাস।

২৯৩। কতিপর [১] পদ পরস্পার অনিত হইয়া, কোন একটি অভিপ্রায় প্রকাশ করিতে পারিলে একটি বাকা হয়। যথা, 'তিনি উঠিয়া চলি-

^{(&}gt;) अविके बादका अच्छाः ब्रेडिंग के ब्रिझा ग्रेम थाका आवमाक। बादकात्र अच्छतंत्र ग्रेम प्रकल प्रतिका छेता क्या होता, क्या छेहा ও श्राटक। यथा, याखा अञ्चल जुमि এই ग्रम छेहा।

লেন.' 'তিনি উঠিয়া' এই ছইটি পদ পরস্পার অনিত বটে, কিন্তু একটি অভিপ্রায় প্রকাশ করিতে পারিতেছে না, অতএব ইহাকে বাক্য না বলিয়া, বাক্যাংশ বলাই উচিত।

২৯৪। বাক্য ছই প্রকার; মুখ্য ও গৌণ। যে বাক্যের অর্থ প্রধান ভাবে প্রতীয়মান হয়, তাহাকে মুখ্য বাক্য বলে, এবং যে বাক্যের অর্থ অন্য বাক্যারের কার্য্য স্বরূপ হয়, অথবা যে বাক্য অন্য বাক্যের অন্তর্গত পদবিশেষের অর্থ বিরত করিয়া দেয়, উহাকে গৌণ বাক্য বলা যায়। যথা; যদি রুফি হয়, তবে শান্য হইবে; এছলে শান্য হওয়া রুফি হওয়ার কার্য্য; অতএব " যদি রুফি হয়" এইটি মুখ্যবাক্য এবং "তবে শান্য হইবেক" এইটি গৌণ বাক্য।

অপিচ—তিনি বলিলেন, যে অবিলম্বে কার্য্য নিদ্ধি হইবেক। এছলে উত্তর বাক্য পূর্মবাক্যের অস্তর্গত ' বলিলেন » এই ক্রিয়া পদের অর্থ বির্ভ করিতেছে। অতএব 'তিনি বলিলেন' এই বাক্য মুখ্য ; 'যে অবিলম্বে কার্য্য নিদ্ধি হইবেক' এই বাক্য গোণ। ২৯৫। বাকো কর্পদ দর্ব প্রথমে, এবং ক্রিয়া পদ দর্বশৈষে প্রযুক্ত হয়। যথা, 'তিনি রামকে উচ্চৈঃস্বরে ডাকিলেন'। কিন্তু অনুয়-বোধক অব্যয় থাকিলে, উহাই দর্বাগ্রে বদে। যথা, 'অতএব তিনি দকলকে উচ্চঃস্বরে ডাকিলেন'।

২১৬। কর্মপদ ক্রিয়ার অব্যবহিত পূর্ব্বেই প্রযুক্ত হয়। যথা, তিনি পাঠ অভ্যান করিলেন।

২৯৭। অপাদান পদ চলনাদি ক্রিয়ার অব্যব-হিত পূর্ব্বে থাকে। কিন্তু কর্ম্ম থাকিলে, কর্ম্মের পূর্ব্বেই প্রযুক্ত হয়। যথা ; তিনি রক্ষ হইতে পতিত হইলেন, তিনি ডেক্স হইতে পুস্তক লইলেন।

২৯৮। করণপদ কর্তার, পরে কিন্তু অপাদানাদির পূর্ব্বে প্রযুক্ত হয়। বর্থা, তিনি হস্ত দিয়া ডেক্স হইতে পুস্তক লইলেন।

২৯৯। অধিকরণ পদ আধেয়ের পূর্ব্বেই ব্যবহত হয়। কিন্তু সমুদায় বাক্যার্থের আধার হইলে
বাক্যের প্রথমে বা কর্তার অব্যবহিত পরে প্রযুক্ত
হইয়া থাকে। যথা, 'আমি রক্ষণাখায় একটি
পক্ষী ক্রেখিলাম'। এছলে 'রক্ষণাখা' সমুদায় বাক্যার্বের আধার নয়, পক্ষীরই আধার, অতএব পক্ষী'

এই পদের পূর্বেই প্রযুক্ত হইল। পরস্ত 'সূর্য্য প্রভাতে উদিত হয়,' 'ভিনি এই বনে অনেক হিংল্র জন্ত শিকার করিতেছেন,' ইত্যাদি বাক্যে প্রভাত বন প্রভৃতি পদার্থ, সমুদার বাক্যার্থেরই আধার, অতএব এছলে কর্ত্তার অব্যবহৃত পরে বদিয়াছে; উহারা বাক্যের প্রথমেও ব্যবহৃত হইতে পারে।

৩০০। উদ্দেশ্য বা গৌণ কর্ম নিয়তই বিধের বা মৃখ্য কর্মের পূর্বে প্রযুক্ত হয়। যথা, তাহাকে পুত্তক দেও, কাষ্ঠকে নৌকা কর।

কিন্ত গৌণকর্ম করণ ও অপাদানের পূর্ব্বে অবস্থাপিত হওরা উচিত। যথা,তাহাকে অশ্বদার। গমন করাইলাম,তাহাকে হস্ত হইতে পূস্প দিলাম।

৩০১। সম্বন্ধিপদ ষষ্ঠ্যন্ত পদের পরেই থাকে,
কিন্তু যে সকল পদ সম্বন্ধিপদের অর্থের পরিচায়ক
তাহারা উভয়ের মধ্যে অবস্থাপিত হইবেক। যথা,
করাসিদের আর বল প্রকাশ করিতে প্রত্যাশা করা নিক্ষল,
করাসিদের আর বল প্রকাশ পূর্বক আত্মরকা করিতে প্রত্যাশা
করা নিক্ষল, এই ছলে " আর আত্মরকা করিতে " এবং "আর
বল প্রকাশ পূর্বক আত্মরকা করিতে" এই করেক পদ
'প্রত্যাশা করা' এই সম্বন্ধিপদের অর্থ বিহ্নত করিয়া দিতেছে।
অতএব করাসিদের এই ষষ্ঠ্যন্তপদ ও 'প্রত্যাশা ক্রা' এই
সম্বন্ধিপদ এই উভয়ের মধ্যে বসিয়াছে।

७०२। मत्रक्षिणरात मार्छात প্রতীতি করিতে रहेला, अथवा প্রশ্ন করিলে, यष्ठान পদ পরে বদে। যথা—

পিতা আমার কোখার রহিলেন।' 'রাজা কহিলেন সখে! আমি নিতান্ত অবোধ নহি, কিন্তু মন আমার কোনক্রমেই প্রবোধ মানিতেছে না।' এ পুত্তক কাহার? এ লেখা কি তাহার?

৩°৩। বিশেষণ পদ নিয়তই বিশেষোর পূকা-বন্তী হয়। কিন্তু বিধেয় (১) বিশেষণ ছলে এই নিয়মের ব্যতিক্রম হইয়া থাকে। যথা, আমরা বনবাদী বটি, কিন্তু লোকিক ব্যবহারে অনভিজ্ঞ নহি।

৩০৪। ক্রিয়ার বিশেষণ—কালবাচক হইলে কর্তার পুর্বে বা পরে বসে, কিন্তু ছানবাচক হইলে প্রায় পরেই প্রযুক্ত হয়। যথা, কালবাচক—আমি অবিলয়ে বাইব, অথবা অবিলয়ে আমি যাইব, তিনি তৎক্ষণাৎ যাত্রা করিলেন, অথবা তৎক্ষণাৎ তিনি যাত্রা করিলেন। ছানবাচক—আমি দুরে গেলাম, তিনি নিকটে আসিত্রেন।

^{(&}gt;] বিদ্যা, পদ প্রভৃতি স্তক উপাধি বিধেয়-বিশেষণ বলিয়া বিশেত্রের পরবন্ধী হয়। যথা,ঈখরচক্র বিদ্যাসাগর, ভারভচক্র রায় গুণাকর, উচ্ছো একোরার,এম ্এ।

৩.৫। প্রকারাদিবোধক ক্রিয়ার বিশেষণ কর্ত্ত্ব পদ ও ক্রিয়া-পদের মধ্যে যে কোন স্থানে ব্যবহৃত্ত হইতে পারে। যথা,—

তিনি অনারাসে তুলিলেন, তিনি অনারাসে কার্চফলক তুলিলেন, তিনি অনারাসে চ্নি ছবিত কার্চফলক তুলিলেন, তিনি অনারাসে ভূমি হইতে কার্চফলক তুলিলেন, তিনি অনারাসে দাঁত দিয়া ভূমি হইতে কার্চফলক তুলিলেন, ইত্যাদি।

৩০৬। সম্বন্ধি পদের উদ্দেশ্য বিশেষণ ষষ্ঠ্য স্তুপদের পরেই প্রযুক্ত হয়। যথা, আমার গুণবান পুত্র।

কিন্তু বিশেষণ পদ অনেক বা সুদীর্ঘ হইলে, ষষ্ঠ্যন্ত পদের পূর্ব্বে 'যে' এই সর্ব্বনাম প্রায়োগ করা উচিত, নতুবা অর্থ প্রতীতির ব্যাঘাত জন্ম। যথা—পুধীর, দয়াশীল, সরলপ্রকৃতি যে আমার পুত্র, তিনি কোথায় আছেন। নানাদেশ হইতে নিমন্ত্রিত যে আমার বন্ধুগণ তাহাদিগকে দেখিয়া সকলে প্রতীত হইল।

৩০৭। সংখ্যাধন পদ সক্ষণি বাক্যের প্রথমে প্রযুক্ত হয়। সংখ্যাধন পদের বিশেষণে বিকম্পে সম্বোধনের বিভক্তি হয়। যথা । হে জয়স্থল বালী বিণক্! হে চারুহাসিনী কামিনি! হে সুশীলা বালিকে! (১)

⁽১) পক্ষান্তরে—হে ভয়স্থলবাসিন বণিক। হে স্থলীলে বালিকে। হে চাক্ষহাসিনি কামিনি।

৩০৮। যে পদের দার্চ্য বুঝাইতে হইবে নেই পদ বাক্যের আদিতে প্রযুক্ত হয়, এরপ ছলে পূর্ব্বেক্তি নিয়ম সকল খাটে না। যথা,—

আৰম্বারাই আমি গিরাছিলাম। তাঁহার হস্ত হইতেও সে ব্যক্তি পুত্তক কাড়িরা দইল। কত পুঝাদ কল আমি সে দিবস আনিয়াছিলাম। ুবলিয়া বসিল সেই কথা, করিয়া কেলিল এক কাণ্ড।

বাক্যকে স্থাব্য ও বিশদ করিবার নিমিত্ত উপরি উলিখিত পদবিন্যাসক্রমের ব্যতিক্রম ঘটে, কিন্তু তৎসমস্ত অবগত হওর। ভাষার বিশেষ জ্ঞানসাপেক্ষ।

যদ্ তদ্ শব্দের নিতা সম্বন্ধ।

৩০৯। যদ্ শব্দের সহিত তদ্ শব্দের নিত্য সহস্ধ, অর্থাৎ যেস্থলে যদ্ শব্দের প্রয়োগ হয়, তথায় তদ্ শব্দের প্রয়োগ না করিলে (১) আকাজ্জা নির্ত্তি হয় না। ইহা জানা আবশ্যক যে, যদ্, তদ্, ইদম্, ও কিম্ শব্দের নির্দেশ হইলে, উহাদের বাঙ্গালারপ্ত বুরিয়া লইতে হইবেক; অর্থাৎ

⁽१১) ইদম বা এতদ শব্দ পূর্বাবাকো প্রযুক্ত হইলে, উত্তর বাক্যস্থিত কদ্শব্দের স্বারা তদ্শব্দের বিকল্পে আকাঞ্জা হয়। বথা,

[&]quot; ইনি কিলো রামচন্ত্র, যার বিমাতার। নবীন বরুসে জটা পরালে মাথার।" " সেই কি এই দ্বানন্য হাির প্রভাগে ত্রিভুবন কম্পিড হইয়াছিল।"

ষদ .শকে যে, ৰাহাঃ তদ শকে দে, তাহা ; ইদম্
শকে এ, ইছা ঃ এবং কিম্ শকে কি, কে. কাহা ;
এপ্রকারও বুবাইয়া খাকে।যথা—

তিনি যাহাকে ভাল বাসেন, আমিও তাহাকে ভাল বাসি; যিনি জীব দিয়াছেন, তিনিই আহার দিবেন। যৎকালে রাম-চন্দ্র রাজা ছিলেন, তৎকালে প্রজাবর্গের সর্ব্ব বিষয়ে মহাস্থি স্বচ্ছন্দ ছিল। যেমন মতি তেমতি গতি।

কিন্তু পূর্যবাক্যে যদ শব্দের দ্বিত্ব হইলে, উত্তর বাক্যে তদ শব্দের দিও হয় না, একবারই প্রয়োগ হয় (১) অথবা আদপে প্রয়োগ হয় না। যথা; তিনি, যাহা যাহা বলিলেন, তাহা সব শুনিয়াছি; অথবা, তিনি যাহা যাহা বলিলেন, সব শুনিয়াছি। তিনি যাহাকে যাহাকে ডাকিলেন, সে সকল লোকই আসিয়াছে। অথবা, তিনি যাহাকে যাহাকে ডাকিলেন, সকলেই আসিয়াছে।

निम्निविश केल এই निष्ठामत वा किनात इस ।

(ক) যেখানে যদ শব্দ ফুক্ত বাক্যের সমাপিকাক্রিয়া উহ্য হয়, অথবা আর একটি সমাপিকা ক্রিয়ার সন্নিরুফ্ট হয়, তথায় তদু শব্দ উহ্য থাকে। যথা—

"যাহা শুনিবার শুনিলাম." 'যাহা বাঞ্কীয় পাইলাম," এছলে চিল এই ক্রিয়া উহা।

^() কি ৪ 'নেই' এই সর্কনাম শব্দের ধিছ হয়। যথা, জিনি খাছা যাছা বলিলেন,সেই সেই কথা গুনিয়াছি। তিনি যাহাকে যাহাকে ডাকিলেন, সেই সেই লোক আসিল।

" যাহা ভবিতব্য ছিল ঘটিয়াছে," " আমরা প্রিয়সখীর জন্ম রতান্ত যে রূপ শুনিরাছি কহিডেছি," এ ছলে ছিল ও ঘটিয়াছে শুনিরাছি, ও কহিয়াছি এই ছুইটি জিরাবুগল পরস্পর স্বার্হস্ট।

(খ) যেখানে যদ্ শব্দে যথেচছ বিষয় বুৰায়, তথায় তদ্ শব্দের প্ররোগ হয় না। যথা, " যা বল কিন্ত আষার সন্দেহ দূর হই-বেক না "।

(গা) উত্তর বাক্যে যদ্ শব্দের প্ররোগা হইলে পূর্ব বাকে। তদ্ শব্দের আকাজকা হয় না। যথা, নেপৌলিয়নকে অচক্ষে দেখিলাম, যাঁহার অসাধারণ গুণ্থাবে সকলে চমংকৃত হই-য়াছিল।

কিন্ত দার্চা বুঝাইতে হইলে, এরপ ছলেও তদ্শব্দের প্রয়োগ আবশ্যক। যথা, সেই নেপোলিরমকে অচক্ষে দেখি-লাম, যাঁহার অসাধারণ গুণুগ্রামে সকলে চমৎক্বত হইতেছে।

(খ) যদ্শব্দ অধ্য-বোধক অব্যয় অধ্যা বাক্যালন্ধার রূপে ব্যবহৃত হইলে ডং শব্দের প্রয়োগ হয় না। যথা (১)—তিনি বলিলেন যে, শীত্তই কার্য্যসিদ্ধি হইবেক। তিনি বে মারা

⁽১) যখন, যদি, যে পর্যন্ত, বে অবধি প্রাভৃতি লক্ষ্য, অবেক শদ ব্যবহিতা না হইলেইতন শক্ষের আকাঙ ক্ষাকরে না । যথা, 'যখন বাহা বর্ণন করিয়া-ছেন, তাহাই অসাধারণ ' 'যদি আমার ভাগো এরপ ঘটে অবিদ্যে প্রাণভাগি করিব,' 'যেপুর্যান্ত ভিনি না আসেন, সকলেই পথ চাহিয়া থাকে '। উপরি উক্ত পদশুলি আনেক পদবাবহিত হইলে, তদ্শব্দের আকাঙ্কা করে । যথা—'যখন শুনিলাদ কুফ লোক হিতার্থ কুফুদিগের বিরোধ ভঞ্জন করিতে আসিয়া, অভ্তার্থ প্রতিগমন করিয়াছেন, তখন আব বিজয়ের আশা করি নাই ।'

পড়িলেন। আমরা যাতক নহি বে, বিনা যুদ্ধে প্রাণনাল করিব। আমি বে এই বলিলাম।

(৬) বদ্ শব্দ ক্রিয়ার বিশেষণ অরপ প্রযুক্ত হইলে বিকপ্পে ডদ্ শব্দের প্রয়োগ হয়। যথা—

"আমি বে এলাম,তাহা কেছই স্বীকার করিবেক না","দেখ এই অস্কুরীর বে পুনরার ভোমার হতে আসিবে, কাহারও মনে ছিল না।" "কেম বে আমার হত্ত পদ কাঁপিরা উঠিল, কিছুই বলিতে পারি মা।"

- (চ) অনবধারণ অর্থ বুরাইলে তদ্শব্দের প্রয়োগ হয় না। যথা, যে কোন পাত্রকে কন্যাদান করিবে কি? তিনি যে কোন দিন বাইবেন।
- (ছ) যদ্ ও তদ্ শব্দ এক বিভক্তিযুক্ত হইরা এক-বাক্যে অব্যবহিত ভাবে প্রযুক্ত হইলে, আর তদ শব্দান্তরের আকাজ্যা হয় না । যখা—

'যে সে নন্ন, ইনি ছুর্জাসা'। কান গুন নাই, যথা তথা দীই '।

- (क) কোন বস্তু বা ব্যক্তির বিষয় পূর্বে একবার উলেখ হইলে তদ্ শব্দ যদ্ শব্দের আকাজ্যা করে না। যথা, রাম পুস্তক লইয়া স্কুলে আসিলেন। তৎপরে, তিনি উহা পাঠ করিতে মনোনিবেশ করিলেন।
- (বা) তদ্ শব্দ ছারা প্রসিদ্ধ কিষা পূর্ব্ব-পরিচিত বিষয়ের নির্দেশ হইলে, যদ্শব্দ সম্পত্ত বাক্য কথন উত্তা হয়, কথন বা উক্ত হয়। যথা, সেই বিরাট নগরে উপস্থিত হইলাম;

অথবা সেই বিরাট নগারে উপস্থিত হইলাম, যেখানে পাত-বেরা এক বংসরকাল অজ্ঞাতবাস করিয়াছিলেন।

অব্যয় 1

৩১০। যেমন যদ্শক তদ্ শক্তির আকাজ্যা
করে, তেমনি কতকগুলি অনুয়-বোধক অব্যরশক
স্ব স্থার পাক্রে অপেকা করে। যথা,
যদি তবে, তাহা হইলে।
ফাপি
বিদিন্তাং
করি তথাপি, তত্তাপি, তথাচ, তত্তাচ, তরু।
বিদিন্ত
বরং, বরঞ্জ তথাপি, তত্তাপি, তর্তাপি, তরু।
হয়
নয় না হয়।
নয় (নয় ভাল নয় মন্দা)
না বরংবরঞ্জ, (কুপুত্তের চেয়ে বরং বয়্লাহওয়া

৩১১। অনেক পদ কিছা বাচ্চ্য একতা প্রথিত করিতে হইলে, শেষ পদের বা শেষ বাক্যের পূর্বেই সমুচ্চরার্থক অব্যয় বসাইলেই চলে। যথা, তিনি কুল, শীল, রূপ ও সদা গৈ বিভূষিত ছিলেন। (১)

^{(&}gt;) यूशनरे ज्यानक यूगानामत आरमाश हहामा (क्वम आरका के पूर्वार्व

৩১২। বৈভাষিক অব্যয়ের মধ্যে বা, কিয়া, অথবা প্রভৃতিকে সমুদ্যাথ ক অব্যয়ের ন্যায় কেবল শেষে বসাইলেই চলে। যথা, 'সেন্থানে হরি, কৃষ্ণ অথবা যাদৰ ছিলেন না'। কিন্তু না, কি প্র-ভৃতি অব্যয় শব্দকে বারম্বার প্রয়োগ করিতে হয়। যথা, না অর্থ না সামর্থ্য ; কি ধনী কি নিধ'ন ইত্যাদি।

৩১৩। অরয়বোধক অবায় শব্দ, সমস্ত-পদের অন্তর্গত উত্তর-পদের দহিত, পূবর্ববতী অসমস্ত পদেরও অরয় করিয়া দেয়। কিন্তু এরপ নিয়ম তৎপুরুষ সমাসেই খাটিয়া থাকে।

" সেই কানন অপারা ও কিমরগণে পরিপূর্ণ; " ' এই দক্মদল এককালে দরা ও ধর্মভয়বজ্জিত ছিল'!
ইত্যাদি ছলে

মধ্যেই সমুক্তরার্থক অবায় শব্দ প্রযুক্ত হয়। যথা; "অনতিচিরকালের মধ্যেই ইংরাজ সাঞ্জাজ্যের অন্তর্মুক্ত অনেকানেক স্থান, রাজা ও ঘাট সেতু ও বাঁথ, কুল্যা ও প্রধানী, প্রাসাদ ও সৈন্যাগারে পরিবাজি ইয়া পজিল।' অপিচ, ' এই সংগ্রাদে লাড আকলাণ্ডের ছুনীতি ও অরসাদ, লর উইলিয়নের প্রথাক ও কুটনয়না, আকলানগণের অদেশারুরাগ ও বৃশংসভা, ইংরাজ ভাতির অনুভোজয়ভা ও বৈরমির্যাজন; য়৸জিতের চাতুর্য ও সাহস্থলার বৈধ্যা, দোজসহম্মদের উদারভা ও আকরর খার বিশাস্থাতকভা, জেনেরেল এলফিনিউনের কাপ্রস্বভা ও দেজরসেল উনের নিবলপরায়ণভা, লাড এলেম্বার চলচিভভা ও জেনেরেল পলকের অধ্যবসায়, এই লম্ভ মনে করিলে এককালে কুরু ও বিশ্বিত ইইডে হয়।'

অপ্সরোগণ ও কিমুরগণ, দয়াবজ্জিত ও ধর্মভয়বজ্জিত ছিল, এই প্রকার অর্থের প্রতীতি ছইবেক।

৩১৪। দংক্ত ঋকারান্ত শব্দের পর বাঙ্গালা শব্দ থাকিয়া দমাদ হইলে, উহা দংক্ত দূত্রাস্দারে প্রথমান্ত (১) হইয়াই ব্যবহৃত হয়। যথা, কর্তাভজা, পিতাঠাকুর। এছলে কর্তৃভজা,পিতৃঠাকুর, এরপ হই-বেক না।

৩১৫। গুলি গুলা এই চুইটি শব্দ পরে থাকিলে সংস্কৃত শব্দ প্রথমান্ত হইয়া প্রযুক্ত হয়। যথা,পক্ষী গুলিউড়িয়া গেল,হন্তী গুলা ধরা পড়িল।

৩১৬। গণ ও সমুদ্য শব্দ পরে থাকিলে,বিকম্পো প্রথমান্ত হয়। যথা,বিদান্ গণ বা বিদ্দাগণ,যোদ্ধাগণ বা যোদ্ধাণ, রাজা সমুদ্য বা রাজসমুদ্য।

৩১৭। অনুয়বোধক অব্যয় শব্দ পূবর্ব পদের বি-শেষণের সহিত পরপদেরও অনুয় করিয়া দেয়। যথা—

ভূঁছির মনোরম রূপ ও আচরণে সকলে পুলকিড হইল। এছলে মনোরম,আচরণ পদেরও বিশেষণরূপে অন্বিড হইতেছে।

^{(&}gt;) मन्त्रम ७ ६३ शृशिय (क) त्नार्के (नथ ।

৩১৮। কিন্তু দার্টা বুঝাইলে ঈদৃশ হলে বিশে-যণের পুনরুক্তি হওয়া উচিত। যথা—

' যদিও আমরা জাতি, ভাষা, ধর্ম ও আচার বিষয়ে পর-স্পর বিভিন্ন, তথাপি সকলেই একরপ ক্লভ্জতাও একরপ ভক্তি-সহকারে তাঁহার সম্বর্জনা করিতেছি।'

৩১৯। অস্বয়বোধক অব্যয় শব্দ চরম পদস্থিত বিভক্তি বা বিভক্তিপ্রতিরপকের সহিত পূর্বব পদের অব্য় করিয়া দেয়। যথা—

" সেতৃ ও বাঁধ, কুল্যা ও প্রণালী, প্রাসাদ ও সৈন্যাগারে পরিপূর্ণ,, এছলে ' সৈন্যাগারে ' পদস্থিত এই সপ্তমী বিভক্তির সহিত সেতৃ, বাঁধ, কুল্যা, প্রণালী এই করেক পদের অহার হই-তেছে। অপিচ,

" উপদেষ্টব্য বিষয়ে সম্পূর্ণ অধিকার, অবং উপদেশ প্রণালীর চমৎকারিত্ব ওঅভিনবত্ব প্রযুক্ত, ভূরি ভূরি জ্যোভূসমা-গম হইল।" এখানে "প্রযুক্ত" এই বিভক্তিপ্রতি-রূপক অব্যয়ের সহিত 'অধিকার এবং চমৎকারিত্ব" পদেরও অশ্বর হইতেছে।

৩২০। কিন্তু দার্চ্য বুঝাইলে বিভক্তি ও বিভক্তি-প্রতিরূপক অব্যয়ের পুনরুক্তি হয়। যথা—

কি প্রাসাদে, কি কান্তারে চল্রের কান্তি সমভাবেই প্রকাশ পার; " কি বদেশে কি বিদেশে সর্বত্ত ভোমারে ছেরি" না গুৰুজনের না বন্ধুবান্ধবের কথা শুনিয়াছে। যেমন ভাঁছার মছৎ গুণে, ভেমনি ভাঁছার উৎকট দোবেও সকলেন্ন বিশ্বর জন্মিত। যেরপ বুদ্ধিদারা, তেমনি বিদ্যাদারা, কার্যাদিদ্ধি হইরা থাকে। হয় পারিষের অধিকার প্রযুক্ত, না হর জন্মণ-দিয়ের পরস্পার অকেশিল নিবন্ধন, এই সংখ্যোমের অবসান হইবেক।

৩২১। দার্চ্য বুঝাইলে ষষ্ঠান্ত পদের পুনরুছি । হয়। যথা—

" তাঁহার মার্জ্জিত বুদ্ধি, তাঁহার অবিচলিত অধ্যবসার ও তাহার ঐকান্তিক কার্যানুরাগ; তৎকর্ত্ক অনুষ্ঠিত কার্যাণর-ম্পারায় সম্পর্কারণে প্রতিবিশ্বিত হইয়াছে ।

৩২২। অনুয়বোধক অব্যয় ছারা অনেক গদ একত্র অথিত করিতে হইলে, যে পদ অপেকারুত অপ্পাক্ষর, তাহাই সবর্বাগ্রে অবস্থাপিত হওয়া উচিত। যথা,—

রাম, ভূবন, হলধর ও হরিচরণ তথার উপস্থিত হইল। ভীম্মদেব, তেজন্মী, ন্যারবান, প্রোপকারী ও উৎসাহসম্পর ছিলেন। কি ধনী কি নির্ধন। (১)

৩২৩। আবেগ বুঝাইলে অনুয়বোধক অব্যয়ের প্রয়োগ হয় না। যথা—

⁽১) কিন্তু পদার্থ নিচয়ের বভাবতঃ ছে পৌর্ফাপর্যক্রম আছে, তথিক্লেন্ত্র এ নিয়ম খাটে না। মলল, বুধ, রহস্পতি ও গুক্ত ইছার পরিবর্ষ্তের ধুধ, গুক্ত, মলল ও রহস্পতি বলা অস্তুচিত। যুধিন্তির, ভাম এবং
অর্ক্ত্র না বলিয়া, ভাম, অর্ক্ত্র ও মুধিন্তির এরপ প্রবিন্যাস কর
অসাধ,।

"যথন শুনিলাম কর্ণমতামুখারী ঘোষবাত্রা প্রস্থিত মং-পুত্রগণকৈ গান্ধবিরা বন্ধ করিরাছিল, অর্জুন তাহাদের উন্ধার করিরাছেন, তখন আর বিজ্ঞরাশা করি না ,,। এছলে অর্জ্জুন পদের পূর্বে 'কিন্তু' এই পদ উহা। ' কি দেখিলাম, কি শুনিলাম, কিছুই মনে পড়িতেছে না '। এখানে " দেখিলাম" এই পদের পর এবং এই পদ উহা।

৩২৪। যেন্দ্রলে অনেক পদ কোন এক পদের পরিচায়ক হয়, তথায় অন্নয়বোধক অব্যয়ের বিকণ্ণো প্রয়োগ হয় না। যথা—

'রাম, ভুবন, যাদব কেছই উপদ্থিত ছিলেন না,' রাম, ভুবন, যাদব সকলেই বিশ্বিন ছইলেন।' পক্ষান্তরে—' কি রাম কি ভুবন, কি যাদব, কেছই উপদ্থিত ছিলেন না;' রাম ভুবন, এবং যাদব সকলেই বিশ্বিত ছইলেন।' এখানে রাম, ভুবন ও যাদব এই তিনটি পদ 'কেছই' বা 'সকলেই' এই পদের পরিচারক।

৩২৫। অনুয়বোধক 'যে' এই অব্যয় শব্দ বিকম্পে [১] প্রযুক্ত, হয়। যথা—

⁽১) কিন্তু গৌণৰাক্য স্ব্ৰায়ত হইলে সচরাচর 'বে'এই পদের অধ্যাহারই দেখা যায় ৷ যথা—" কৰ্মচার দিগের উপর এই আদেশ ছিল অনাথ বালক দেখিলৈ ভাছার নিকট আনিয়া দিবেক'; ' সেছের স্বভা-বই এই অকারণে অনিষ্ট আশকা করে; 'রাজা কহিলেন তুমন্ত গোপনে কোন কর্ম্ম করে নাং।

তিনি বলিলেন যে সকলেই যেন উপস্থিত হন; অ্থবা, তিনি বলিলেন সকলেই যেন উপস্থিত হন।

৩২৬। যথার 'থে' এই অব্যয় মুখ্যবাক্যের অন্তর্গত কোন প্রকার-বোধক পদের 'অর্থ বির্ত করিয়া দেয়, তথায় নিত্য প্রযুক্ত হয়। যথা,—

তিনি সদৃশ কাতর হইলেন, যে তাঁহার নরনর্গাল হইতে
অঞ্চল্পল পতিত হইতে লাগিল। তিনি এরপ কথা বলিলেন, যে কেইই ক্রোধ সম্বরণ করিতে পারিল না। তিনি এত উচ্চ তকলাখা হইতে পতিত হইলেন, যে তাঁহার পা ভালিরা গোল। তিনি এপ্রকার ক্রভগানী অখ্যারা যাইতে লাগিলেন, যে এক ঘণ্টার মধ্যে হুর ক্রোপ পথ অতিক্রম করিতে পারিলেন।

৩২৭। প্রকারবোধক পদের পরিচায়ক না হইলে, 'ষে' এই অব্যয় পূর্ব সূত্রাস্থারে বিকম্পে প্রযুক্ত হয়। যথা—

'ভবাদৃশ লোক বলিরাছেন, তাহার শাসন করা উচিত', অথবা, 'যে তাহার শাসন করা উচিত।' 'তিনি ভাদৃশ শোকে বিহ্বলিত হইয়া জানাইলেন, তাঁহাকে অবকাশ দিতে হইবে', অথবা, 'যে তাঁহাকে অবকাশ দিতে হইবে।'

৩২৮। গোণ-বাক্ষ্যে কিম্ শব্দের প্রয়োগ থাকিলে অনুয়বোধক 'যে' অব্যয়ের প্রয়োগ না হইয়া, মুধ্য-বাক্যে বিকম্পে তদ্ শব্দের প্রয়োগ হয়। যথা— 'কেমই বে আমার জ্বদর কাঁপিরা উঠিল, বলিতে পারি না, 'কালিদাস কিরপ কবিদ্বশক্তিসম্পার ছিলেন, বর্ণনা করিরা, অন্যের জ্বদরক্ষম করা হংসাধ্য '। 'কই কি অভিজ্ঞান দেখাইবে, দেখাও '। 'কি অবস্থায় ও কি কারণে দন্ত বিক্রয় করিয়া টাকা দইতে আসিয়াছে' কনা। সজল নয়নে সবিশেষ সমস্ত বর্ণন করিল'। তিনি কিরপ লোক তাহা (১) আমি জানি না।

৩২১। যুখ্যবাক্যে কিম্ শব্দ প্রযুক্ত হইলে, যে অব্যয় নিত্য ব্যবহৃত হয়। যথা—

'গ্রমন সময় এখানে কোন ঋবিকুমার নাই, যে ছাড়াইয়া দেয়'; তাঁহার কতদুর ক্ষমতা যে সকলের কথা অবজ্ঞা করিবেন।

৩৩০। পরবর্তী মুখ্যবাক্যে প্রকারবাধক তদ্ শব্দ বা ইন্ম শব্দের প্রয়োগ হইলে, পূর্ববর্তী গোণ বাক্যে যে অব্যয় ও ষদ্ শব্দ উহা থাকে। যথা—

'নশ টাকা উপৰত্ব হয়, তাদৃশ সম্পত্তি নাই;' অৰ্থাৎ বাহ। হারা দশ টাকা উপৰত্ব হয়, সেরপ সম্পত্তি নাই। 'সাহায্য করে, ইদৃশ বন্ধু নাই,' অর্থাৎ বে সাহায্য করে এমন বন্ধু নাই। • ৩৩১। কিন্তু এরপ ছলে গৌণবাক্য পরবর্ত্তী হইলে যে অব্যয়ের প্রয়োগ হয়। যথা—

্ এবন সম্পত্তি নাই যে দল টাকা উপক্ষত্ব হয়। ঈদৃশ বন্ধু নাই ৰে সাধায্য করে।

७७२। भूर्वववर्ता (गीनवांदका यम् ७ किम् भक

⁽১) अव्रथ ऋत्व कम् भरकत्र अरहाभ क्षान्त वित्रम ।

মুগপৎ এক পদের বিশেষণ ছইলে, জনুয়বোধক যে অব্যয়ের প্রয়োগ হয় না এবং মুখ্যবাচন্য বিকল্পে তদ্বা কিম্শব্দের প্রয়োগ হয়। যথা—

'লোক যত কেন পাষ্ড হউক, স্থাজের নিকট অপ্যশের ভাজন হইতে চাহে না;' অথবা, 'কেছ অপ্যশের ভাজন হইতে চাহে না।' 'তাহার আর্থপরতা যত কেন প্রবল হউক না, স্ত্রীপুল্রকে অবশ্যই প্রতিপালন করিবে;' অথবা, 'সে স্ত্রীপুল্রকে অবশ্যই প্রতিপালন করিবে।'

गरका ७ कातक।

সংজ্ঞা শব্দের অর্থনাম, অর্থাৎ বিশেষ্য। সংজ্ঞা পাঁচ প্রকার, জাতিবাচী, গুণবাচী, ক্রিয়াবাচী দ্রব্যবাচী ও ব্যক্তিবাচী, ইহা পূর্বেবই বলা হই-য়াছে।

৩০৩। দংজ্ঞা আরো হই প্রকার, দাধারণ দংজ্ঞা ও বিশেষ নংজ্ঞা। যথা প্রাণী শব্দ দাধারণ দংজ্ঞা; মুস্যা, গো, অশ্ব প্রভৃতি প্রাণী শব্দের বিশেষ দংজ্ঞা; আহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য প্রভৃতি, মুস্যা শব্দের বিশেষ দংজ্ঞা; রাটা, বারেন্দ্র, বৈদিক প্রভৃতি আবার ত্রাহ্মণশব্দের বিশেষ দংজ্ঞা; তেমনি মুখোপাধ্যায়, বন্দ্যোপাধ্যায়, চট্টোপাধ্যায় প্রভৃতি রাটী শব্দের বিশেষ শংক্তা। ইত্যাদি প্রকার পরিগণনা করিলে সর্বশেষে ব্যক্তিবাচক শব্দই সর্ববাপেকা বিশেষ সংক্তা বলিয়া প্রতীয়মান ইবক।

৬০৪। দৃষ্টাভছলে ব্যক্তিবাচী শব্দ ছাতিবাচী বা নাধারণ সংজ্ঞা রূপে ব্যবহৃত হয়। যথা, রাজ্যা রুঞ্চন্দ্রে বাঙ্গালা প্রদেশের বিক্রমাদিতা; চৈতন্য দেব এলেশের ল্পার; মহারাজ অশোক বৌদ্ধ-ধর্মের কনতার্শ্চাইন; অর্থাৎ বিক্রমাদিজ্যের তুল্যা বিদ্যোৎনাহী, ল্পারের ন্যায় ধর্মের সংস্থাপরিতা, সম্রাট্ কনতার্শ্চাইনের তুল্য ধর্মপ্রচারক।

তদ্রেশ, দাধারণ সংজ্ঞাবাচী শব্দ একের অসাধারণত্ব প্রকাশ করিবার জন্য ব্যক্তিবাচী হ্ইরণ ব্যবহৃত হয়। যথা, দরস্বতীর বর পুত্র অর্থাৎ কবি কালিদাস।

তও। রচনার দার্চ্য সম্পাদনার্থ ব্যক্তির বিশে-ঘণযোগ্য শব্দ জাতি বা গুণবাচী শব্দের বিশেষণ হইরা প্রযুক্ত হয়। যথা, লুক্ক আখাস, নৃশংস প্রথা, প্রজানীড়ক রাজ্যভন্ত, অভ্যন্ত চিক্ক সকল, ইত্যাদি ছলে লুক্কাদি শব্দ ব্যক্তির বিশেষণযোগ্য হইলেও আখান প্রভৃতি শবের বিশেষগরণে ব্যবস্থা মইভেছে।

৩৩৬। তপ্রত্যোত্ত শব্দ সচরাচর বিশেষণ হয় ; কিন্তু সময়ে সময়ে সংজ্ঞারপেও প্রয়ন্ত হয়। ষথা, উচিতাধিক, নিমন্ত্রিতগণ, যথেক, যথাপ্রার্থিত ইত্যাদি।

৩৩१। বীপ্দা নানা প্রকারে প্রকাশ পায়।---

একাকার শব্দন্তর নারা (১)—দিন দিন, কণে কণে। সমাকার শব্দন্তর নারা—খাওরা দাওরা, নাওয়া টাওয়া, বলা টলা।
সমানার্থক শব্দন্তর নারা—অনুনর বিনয়, বিবাদ বিসন্থাদ, ত্যক্ত
বিহক্ত। সমানরপে প্রতিপোষক শব্দন্তর নারা—বলবুদ্ধি, রূপগুণ, দয়া দাক্ষিণ্য, মান সম্রম, আদব কারদা। বিকলার্থক
শব্দন্তরারা—দোষগুণ, ভালমন্দ্র, কমবেশ, স্থানাধিক, শীতগ্রীম্ম,
পুষ স্থাধ।

৩৩৮। একটি ধাতু বা শব্দের উত্তর একার্থক ছইটি প্রত্যয় হইতে পারে না। অতএব দৌজন্যতা, মাধুর্যতা, ধৈর্যতা, ব্যবহার্যানীয় প্রভৃতির পরিবর্ত্তে

^{(&}gt;) নীপ সারাচী পদমরের মধ্যে অবয়নোধক জবার শব্দের প্রয়োগ জয় বা ! জ্বানাকার শব্দ যুগল বেমন আধিকাও আভিশ্যা প্রকাশ করে, ক্লেইন ক্লাচিং আল্লভাও সৃষ্টিত করিয়া দেল । যথা, অল্লভা— ভোনাকে জুঃখিত দুঃখিত দেখিতেছি। শীত শীত করে। আধিকা —তোষাকৈ ছল করে, বুক দুড় দুড় করে।

यथांकरम, लोजना, माधुर्या रेवर्धा, वारशर्था अच्छि रमादे माधु ७ मण्ड ।

৩৩৯। বনি ভারবাচ্যে ক্লং প্রত্যন্ত ইরা কোন পদ নিপার হয়, উহা ক্লাচ বিশেষণ রূপে ব্যব্ছত হইতে পারে না। তিনি সজোব হইলেন, তুমি বিদায় হইলে, তুমি অপমান হইবে ইত্যাদির পরি-বর্ত্তে ষথাক্রমে, তিনি সম্ভক্ত হইলেন, বা উাহার সম্ভোব হইল ; তুমি বিদায় লইলে, অথবা তোমার বিদায় হইল, তুমি অপমানিত হবে বা তোমার অপ-মান হইবে, এরূপ বলাই উচিত।

৩৪০। বান্ধালা ভাষার সপ্তমী বিভক্তি প্রার সর্বত্ত প্রযুক্ত হয়। কর্ডা, কর্ম, করণ, জিয়ার বিশেষণ, ও অধিকরণে, এবং নিমিত, ও হেতু অর্থে সপ্তমী হইয়া থাকে।

७३५। कर्जा जातक इतन छेहा रहा।

- (ক) সাধারণসংজ্ঞাবাচী শব্দ-কথনার্থ ধাতুর অভ্যাসার্থক বর্ত্তমান ক্রিয়ার কর্ত্তা ছইলে—যথা, মিধিলাবাসীদিগকে মৈধিল বলে; বুদ্ধিকেই বল কছে, ভারতবর্ষকে পৃথিবীর প্রতিক্রাত বলিয়া বর্ণন করে। ইত্যাদি ছলে 'লোকে,' এই কর্ত্তপদ, উন্থ রহিয়াছে।
 - (थ) यञ्चल महिक्के वाकार्थ इरेड कर्कुनम महत्क

অভীনখান ছাত্ৰান্ত্ৰমা,'লে একলিন গৃহখাখিনীর বাসগৃহ পরি-কার করিতৈছে। তৎকালে কেই গৃহছ অন্য কোন, ব্যক্তি ছিল না; এজন্য নির্ভাৱ এক একটি জবা হতে লইয়া কিন্তংকণ নিরী-কান করিয়া যথা ছালে রাখিয়া বিভৈছে '। এছলে 'এজন্য' এই পাদের পর কর্তা উত্তা হইলেও জনায়াসে ব্রাথাইতেছে। অপিচ, 'কর্মচারীদিখোর উপর এই আদেশ ছিল, অনাথ বালক দেখিলে ভাঁহার নিকট জানিয়া নিষেত'।

[গা] आমদ্ ও ছুখন্-রাচী কর্জা সচরাচর উহা হয়।
নথা ' এইমাত্র আনিলাম'। তথার কি নাইবে ঃ কিন্তু দার্চ্য
বুরাইলে, হয় না। নথা, 'আমিও ইছা করিয়াছি।' 'ভুমিই একথা
বলিয়াছ'।

[च] গোণ ও মুখ্যবাকোর কর্তা এক ব্যক্তি ছইলে এবং গোণ বাকা কিছু বা বদ শব্দ সম্বাদিত ছইলে, গোণবাকো কর্তা উল্লেখনকে। বখা, শিক অবস্থায় ও কি কারণে দন্ত বিক্রম করিরা চাকা লইতে আনিয়াছে, কন্যা সজল নয়নে সবিশেষ সমস্ত বর্ণন করিল'। এছলে 'আলিয়াছে' এই ক্রিয়ার কর্তা সে এই পদ উল্লা অপিচ,'যেজনা ভাদৃশ অবস্থাপন ছইয়াছেন, তিনি ভাষা অনুধাবন করিয়া কেশ্বেদ মাই'।

[क] क्ष्माकारका क्षकावरवायक रेगम् वा छम् नंस्वत व्यक्तांगं स्केटन (स्थितारका कर्जुनन केस रहा। यथा, नासाया करत क्षमन लोक नारे श्लेब्बन लोक हिम ना स्व नासाय करता। छोसात क्षापुन होता मारे रन विवस प्रका करता।

अर्थ । क्ष जतकश्त छेश बादि।

[कर्ने हमकरण निवन्ते वाकार्न वरेटक अनामारण कर्यनामम

শ্রতীতি হর, তথায় কর্মণার উহা থাকে। যথা, এজনা নির্ভরে এক একটি জবা হতে দইরা কিরংকণ নিরীকণ করিরা যথা-ছানে রাখিরা দিতেছে'। একুলে 'নিরীকণ করিরা' ও 'রাখিরা দিতেছে' এই তুই ক্রিরার কর্ম উহা।

অচিপ—'কালিদাস কুমার রচনা করিয়া ঐ কুস্ককার মিত্রকে দেখাইতে বান'। 'তিনি বুঝিতে পারিদেন ডক্কবৎসদ তগবান ব্যাং আসিয়া দিখিয়া গিচাছেন।' 'তিনিই পরীকিং পুত্র রাজাধিরাজ জনমেজয়কে শ্লবণ করান'।

- (খ) বেন্থলে কর্ম জনিশ্চিত এবং কেবল ধান্বর্থের নির্মাষ্ট্রিবরে যোগ্যতা, সম্ভাবনা, বিধি, নিবেধ প্রভৃতির প্রতীতিহয়, তথার কর্ম উহ্য থাকে। যথা, চোখে দেখে, কাণে শুনিতে পারে; এ কলমে দেখা বার না।
- (গ) যেন্থলে গোণবাক্য কর্মছানীয় হয়, তথার বিকম্পে কর্ম পদের প্রয়োগ হয়। যথা; তিনি বলিলেন সে কর্ম সহজে সম্পন্ন হইবেক। অথবা তিনি এই কথা বলিলেন যে সে কর্ম সহজে সম্পন্ন হইবেক। এন্থলে "সে কর্ম সহজে সম্পন্ন হই-বেক, এই গোণবাক্য "বলিলেন" ক্রিয়ার কর্মছানীয়।
- ্ (খ) যে পদটি গোণ বাকোর কর্ম হইতে পারে, উহা যদি মুখ্যবাকো একবার প্রমুক্ত ছইয়া প্রকারবোধক ইদম্ শরের বিশেষ্য হয়, তাহা হইলে গোগবাকো কর্ম্ম পদ উহা হয় (১)।

⁽১) যে পদটি পৌণবাকো অধিকরণ হইছে পারে, যদি উহা মুখাবাকো একবার প্রাযুক্ত হইলা, প্রকারবোধক ইলন শব্দের বিশেষা হল্প, ভাছা হইলে গৌণবাকো অধিকরণ পদও উচ্চা হইলা থাকে যথা, ' এমন দিন নাই, বে, ভাহার কথা মনে করিয়াছে , ' পর্যাটন করেন নাই ভাচুল স্থান নাই' হ

বধা ' অবলয়ন করেন নাই এমন উপায় নাই। এছলে মুখ্য বাক্যে 'উপায়' শব্দের একবার প্রয়োগ হওয়াতে 'অবলয়ন করেন' এই ক্রিয়ার কর্ম উহা আছে।

৩৪৩। সমাপিক। ক্রিয়ার যে কর্ত্তা দেই অসমা-পিকা ক্রিয়ার কর্ত্তা হইয়া খাকে। যথা—

'সে ব্যক্তি একটি দ্রব্য লইরা যথাস্থানে রাখিয়া দিতেছে' না বলিয়া আমার যাওয়া ইইয়াছে,।'তিনি দর্শন করত প্রস্থান করিলেন'। কর্তা তৃতীয়ান্ত হইলে, অসমাপিকা ক্রিয়ার প্রয়োগ হয় না, স্তরাং এনিয়ম ও খাটে না। অতএব "রাম কর্তৃক স্কুলে গিয়া, পুস্তকপঠিত হইল' এরপ প্রয়োগ হইতে পারে না।

৩৪৪। ইলে ও ইতে প্রত্যয় হইলে, উজ্জ নি-য়ম খাটে না। যথা,

তিনি আসিলে সকলে মুখী হয়। তিনি আমাকে একযু করিতে নিষেধ করিতেছেন। এছলে সমাপিকা ও অসমাপিকা কর্তা ভিন্ন ভিন্ন।

৩৪৫। যাহাদারা অসমাপিকাক্রিয়া সম্পন্ন হয়,তদাচক পদ ষষ্ঠান্ত হইয়া যদি সমাপিকা ক্রিয়ার কন্তর্নির
সহিত অনিত হয়, তাহা ইইলে উক্ত নিয়নের ব্যক্তিচার হইয়া থাকে। যথা, বারম্বার বলিয়া রামের লক্ষা
হইতেছে; এই ছলে যে রাম দারা 'বলিয়া, এই
অসমাপিকা ক্রিয়া সম্পন্ন হইতেছে, উহাই ষদ্যান্ত

হইয়া লজ্জা পদের নহিত অনিত রহিয়াছে। অতএব এস্থলে নমাপিকা ও অনমাপিকা ক্রিয়ার কর্ত্তা এক না হইলেও দোষ হইতেছে না।

৩৪৬। বস্তান্ত পদ উহ্য থাকিলেও,এইরপ। যথা, বারন্থার দর্শন করত বিতৃষ্ণা জন্মিয়াছে; এই স্থলে 'আমার' এই পদ উহ্য।

৩৪৭। যদি বস্তুবাচক শব্দ অসমাপিকা ক্রিয়ার কর্তা হইয়া সমাপিকা ক্রিয়ার সাধন বিষয়ে হেতু হয়, তাহা হইলেও উক্ত নিয়ম থাটে না। যথা, বিহ্যুৎ হইয়া, পথ দেখাযাইতেছে, ক্লং প্রত্যয় হইয়া পদ দিদ্ধ হয়,জল অগ্নিতে উত্তপ্ত হইয়া বাষ্পা উৎপন্ন হয়।

৩৪৮। এক ক্রিয়া একাধিক পদের সহিত অনিত ছইলে, ক্রিয়া দক্ষ শেষে (১) প্রাযুক্ত হয়। যথা,—

'রামচত্র অবহিত চিত্তে রাজ্যশাসন ও অপত্যনির্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন '। 'তিনি দয়াবান ও ন্যায়পরা-র্মণ ছিলেন '।

⁽४) क्यानां थाजू अवे इंध थाजू इहेंड निल्म कियानम. अतन श्रुत्व इस नर्स्तान्य ना इस नर्स्व अथरम अयुक्त इहेंसा थाटक ! यथा, ' त्व विद्यान वार्डाकू अ कलाटक त्रक्षा करह '। ' उटकल र्मनवानी निर्गटक उप्ति वरल, मिथिनावानी निर्गटक रेमियन अ हेर नश्चनानी निर्गटक हेर राज '। ' भूर जात क्रूरा भिष्ठा स्वर्थी इन, मृश्य मश्ची अवर अवास्त्र के मानीन '! ।

৩৪৯। কিন্তু অনিত পদ বহু-দংখ্যক ছইলে জিয়া-দক্ষ প্রথমে ও দক্ষণেষে বদে, নতুবা পরিকার রূপে অধীবগম হয় ন।। যথা—

"বারু তোমার পক্ষর রক্ষা করুন, চন্দ্র পৃষ্ঠদেশ, অগ্নি মন্তক, ও বস্থাণ সর্কাশরীর রক্ষা করুন।,, এছলে " রক্ষা করুন " এই ক্রিয়াপদের পুনক্তিক ছওয়াতে বাক্যার্থ পরিক্ষৃট হইয়াছে।

৩৫০। যেম্বলে কর্ত্পদের বিধেয়-বিষেণ আছে, তথায় স্বার্থেও অভ্যাসার্থে বিহিত হও বা আছ ধাতুর বর্ত্তমান কালের ক্রিয়াপদ সচরাচর উহ্য থাকে। যথা,—

'এই প্রস্থ বহুবিধ আচার নিরমে পরিপূর্ণ'; 'র্জ কানন অব্দরা ও গন্ধর্মগণের অতি প্রিয়ন্থান ; 'যিনি সেনাপতি, এলফিনিষ্টন, তিনি একাস্ত কার্য্য বিধুর '' ঋণপূন্য ব্যক্তিই পুখী।

৩৫১। আবেগ বুঝাইতে স্বার্থে বিহিত হও ধাতুর অভীতকালেরও ক্রিয়া উহ্য হইয়া থাকে। যথা—

" সকলেই আত্মরক্ণে বিব্রত ও পদাইতে উদ্যত, কেছই হুর্গন্থিত চুর্ভাগ্য লোকগণের পরিত্রাণার্থ যত্নবান হইল না'। যেন্থনে কিম্ শব্দ সপ্তম্যন্ত হইয়া প্রযুক্ত হয়, তথায় প্রশ্ন বা আবেগা সুঝাইলে আছু ও বহু ধাতুর স্বার্থে বিহিত বর্ত্তমান বা অতীত কালের ক্রিয়া পদ উহঃ হয়। যথা, 'তিনি কোথায়? হায়! দীতা আমার কোথায়! অর্থাৎ কোথায় আছেন বা রহিলেন।

পূর্ব্বে উদ্ধিত হইয়াছে বাক্য ত্বই প্রকার মুখ্য ও গোণ; অধুনা গোণবাক্যের বিষয় কিঞ্চিৎ বিয়ত হইতেছে।

৩৫২। গৌণবাক্য আবার ছুইপ্রকার, বর্ণয়িতৃপ্রযোজ্য ও বর্ণনীয়প্রযোজ্য।

বর্ণয়িতাকে বক্তা স্বরূপ বিবেচনা করিয়া যে গোঁণবাক্যের পুক্ষাদি নিয়মিত হয়, তাহাকে বর্ণয়িত্প্রযোজ্য গোঁণবাক্য বলা যাইতে পারে। যথা, ' অধাক্ষ কর্মচারীদিনাের উপার এই আদেশ দিয়াছিলেন, যে তাহারা অনাথ বালক দেখিলে তাহার নিকট আনিয়া দিবেক।" এছলে বর্ণয়িতাকে অর্থাৎ গ্রেছ্-কর্তাকে বক্তা বলিয়া বিবেচনা করা হইতেছে। এবং যেহেতু বক্তা নিয়তই উত্তম পুক্ষা, বর্ণয়িতার সমস্কে, যিনি আদেশ করিয়াছিলেন ও যাহাদিগকে আদেশ করা হইয়াছিল, তত্ব-ভায়েই তৃতীয় পুক্ষা স্বরূপ; অতএব গোণবাক্যে তৃতীয় পুক্ষায় সর্বনাম ও ক্রিয়াপদ প্রযুক্ত হইল।

পরন্ত, বর্ণনীয় ব্যক্তিকে বক্তা শ্বরূপ বিবেচনা করিয়া যে গোণবাকের পুরুষাদি নিয়মিত হয়, তাহাকে বর্ণনীয় প্রযোজ্য গোণবাক্য বলা যাইতে পারে। যথা, "অধ্যক্ষ কর্মচারীদিশের উপর এই আদেশ দিয়াছিলেন যে, তোমরা অনাথ বালক দেখিলে আমার নিকট আনিয়া দিবে।" এছলে বর্ণনীয় ব্যক্তি যে অধ্যক্ষ তিনিই বক্তা বলিয়া পরিমাণিত হইতেছেন, স্বতরাং অধ্যক্ষ, প্রথম পুরুষ ও অধ্যক্ষের সম্বোধ্য কর্মচারিগণ মধ্যম পুরুষ।

৩৫৩। বর্ণারিত্প্রযোজ্য গোণবাক্যে তদ্ শব্দ এবং বর্ণনীর প্রযোজ্য গোণবাক্যে ইদম্বা এতদ্ শব্দ (১) ব্যবহৃত হয়। যথা—

বর্ণয়িত্প্রযোজ্য (অধ্যক্ষ কর্মচারীদিগকে বলিলেন যে, তা-হারা তৎকালে অপট্ট ইইয়া পড়িয়াছে! গোণবাক্য— অধ্যক্ষ কর্মচারীদিগকে বলিলেন যে, তা-হারা সেরূপ করিলে শান্তি পাইবেক।

বর্ণনীয়প্রযোজ্য বিশ্ব কর্মচারীদিগকে বলিলেন যে তোমরা এখন অপটু হইয়া পড়িয়াছ। অধ্যক্ষ কর্মচারীদিগকে বলিলেন, যে, তোমরা এরপ করিলে শান্তিপাইবে।

৩৫৪। যথায় মুখ্যবাক্যে কথনার্থ ধাতুর ক্রিয়া অথবা কথনার্থ ধাতু (২). হইতে নিপান্ন শব্দ ব্যবহৃত হয়, কেবল দেইস্থলেই উপব্লিউক্ত দ্বিধ গৌণবাক্য সম্ভবিতে পারে।

অন্যবিধ ধাতু মুখ্যবাক্যের সমাপিকা ক্রিয়া হইলে, কেবল বর্ণয়িত্-প্রযোজ্য গোণবাক্যেরই সম্ভাবনা থাকে। যথা;

⁽১) কারণ তদ্ শব্দে পরোক্ষ ও অভীত বস্তু ব্কায়, এবং ইনম বা এতদ্ শব্দে প্রত্যক্ষণোচর ও বর্তমান পদার্থের প্রতীতি হয়। (২) যে স্থলে উভয়বিধ গৌণবাক্য সম্ভবিতে পারে, তথায় বর্ণনীয় প্রযোজ্য গৌণবাক্যের ব্যবহার বালালা ভাষায় সচরাচর সম্বিক-ক্ষুগ্রাহী হুইয়া থাকে।

অধ্যক্ষরাদিগকে এরপ সহজ প্রণালীতে দেই যন্ত্রের বিষয় রুঝা^ইয়া দিলেন যে, ডাহারা অপ্পকালের মধ্যেই যন্ত্র চালাইতে সমর্থ হইল।

আদেশ, উপদেশ, বিজ্ঞাপন, প্রার্থনা, বর্ণন, অন্ধীকার, নিয়মকরণ, নিশ্চয়করণ, জিজ্ঞাসা, অভিপ্রায় প্রকাশ, উত্তর প্রদান প্রভৃতি কথনাশের অন্তর্ভুক্ত।

अञ्त जात करत्रकारे मुक्कोल श्रमर्गिक इहेर उद्ध ।

গেণিবাক্য। মুখ্যবাক্য ৷ বৰ্ণনীয় প্ৰযো**জ্য।** বর্ণয়িত প্রযোজ্য। ''জজেরা বলিলেন''—'ভাঁছারা ইংলতে ' আমরা ইংলতে चंद्रित नियुक्त'। चंद्रित नियुक्त। ' ভাঁছার উত্তর 'ভাঁহারা ঘাতক 'আমরা ঘাতক नन, य विना युष्क नहि, य विना করিলেন। যে, প্রাণনার্গ করি-যুদ্ধে প্রাণনাশ বেন'। করিব' । ' ভাঁহাকে ঋণ পরি-'আপনাকে খণ ' ক্লাইব নবাবকে শোধের নিমিত্ত অ- পরিশোধের নি-জানাইলেন, যে', বশ্য কোন বন্দোবন্ত মিত অবশ্য কোন করিতে ছইবেক'। বন্দোৰন্ত করিতে হইবেক !

७৫৫। यमि (भीनवांका श्रृक्त वर्जी (১) इहेश किम्

⁽১) ইছা জানা আবশ্যক যে. গৌধবাক্য কিম্বা যদ শব্দ সমলিত হইলে, প্রায় মুখ্যবাক্যের পূর্লগামী হয়।

যদ্ শব্দ সম্বলিত হয়, তাহা হইলে নিয়ত বর্ণয়িতৃ-প্রযোজ্য গৌণবাক্যেরই প্রয়োগ হয়, বর্ণনীয়-প্রযোজ্য গৌণবাক্য প্রয়োগ করিলে অর্থ প্রতীতির ব্যতিক্রম ঘটে।

যথা ত্র্ম কি কারণে দস্ত বিক্রম করিয়া টাকা লইতে আদিয়াছে, কন্যা সজল নয়নে সমস্ত বর্ণন করিল।" এছলে আদিয়াছে, এই তৃতীয় পুরুষীয় ক্রিয়াপদের পরিবর্তে 'আদি
য়াছি ' এই উত্তম-পুরুবের ক্রিয়া প্রয়োগ করিলে, উহা
বর্ণয়িতার অর্থাৎ গ্রন্থকর্তার ক্রিয়া বলিয়া প্রতীত হইত।
অপিচ—"যে জন্য পালি য়ামেণ্টে অভিযুক্ত হইয়াছেন
তাহা কহিয়া, ক্লাইব নিতান্ত খিদ্যমান হইলেন"।

ত৫৬। যেন্থলে মুখ্যবাক্যের সমাপিকা ক্রিয়া কথনার্থ ধাতু হইতে নিষ্পন্ন হয়,এবং গোণবাক্য সেই ক্রিয়াপদের অর্থ বিব্রুত করিয়া দেয়, তথায় গোণবাক্যের ক্রিয়াগত কাল মুখ্য বাক্যের ক্রিয়াগত কাল দারা নিয়মিত হয় না; অর্থ মুখ্যবাক্যের ক্রিয়া অতীত হইবে, বর্তু মান হইলে বর্ত্তু মান, এবং ভবিষ্যুৎ হইলে ভবিষ্যুৎ হইবে, এরূপ নিয়ম সেন্থলে খাটে না।

গৌণবাক্য
বৰ্ণন্তিভূ প্ৰযোজ্য—
ি তিনি আসিতেছেন, আসিবেন, আসি-
য়াছেন, আসিলেন। ' &
় বৰ্ণনীয় প্ৰযোজ্য—
' আমি আসিতেছি, আসিব।' &
বর্ণয়িত্ প্রযোজ্য—
্ 'তিনি আদিতেছেন, আদিবেন, আদি-
ब्राट्डन, व्यामित्नन । €
বৰ্ণনীয় প্ৰযোজ্য —
' আমি আসিতেছি, আসিব।' &
বৰ্ণন্নিতৃ প্ৰযোজ্য—
্ 'তিনি আসিতেছেন, আসিবেন, আসি-
য়াছেন, আদিলেন ,। &
বর্ণনীয় প্রযোজ্য—
্র পামি আদিয়াছি; আদিব,। &

৩৫৭। আদেশ,উপদেশ,প্রার্থনা (১) ইচ্ছা, নিশ্চয় ও নিয়ম বাচী পদ মুখ্য বাক্যের অন্তর্ভু হইয়া ইদম্ বা এতদ্ শুকের বিশেষ্যরূপে প্রযুক্ত হইলে, গোণ বাক্যে হয় স্বার্থে বিহিত ভবিষ্য ক্রিয়া, না হয় অভ্যাদার্থ বর্ত্যান ক্রিয়া ব্যবহৃত হয়।

^{(&}gt;) আদেশ, উপদেশ, প্রার্থনা বাচী শব্দের প্রয়োগে, অনুজ্ঞার ক্রিয়াও বিহিত হইতে পারে। যথা, সকলে অবিলয়ে আফুক এরপ আদেশ করিল।

যথা, " তিনি আমেন বা আসিবেন, এরপ প্রার্থনা করিল।" " এই নিয়র্ম ছইল, যে সকলে প্রতিদিন হুঘণী করিয়া কর্ম্ম করে বা করিবে।"

- (ক) মুখ্যবাক্যে কালবাচক শব্দের প্রয়োগ হইলে গোণ-বাক্যে স্থার্থে বিহিত বর্ত্তমানের ক্রিয়া হয়। যথা, " ঘোরতর যুদ্ধ হইতেছে এমন সময়ে সকতজঙ্গ স্থীয় শিবিরে প্রবেশ করি-লেন।"
- (খ) মুখ্যবাক্যে অঙ্গীকার ও স্বীকার বাচক শব্দের প্রয়োগ হইলে, গোণবাক্যে স্বার্থে বিহিত ভবিষ্যৎ ক্রিয়া হয়। যথ। "এই অঙ্গীকার করিলেন, যে শীজু কার্য্য সমাধা হইবে।"
- (গা) মুখ্যবাক্যে সামর্থ্য ও সন্থাবনা বাচক শব্দের প্ররোগ হইলে, গোণবাক্যে অভ্যাস বা যোগ্যতা অর্থে বিহিত বর্ত্ত-মান ক্রিয়া, অথবা স্বার্থে বিহিত ভবিষাৎ ক্রিয়া, ব্যবহৃত হয়। বথা, " হুই ক্রোশ পথ চলে, ফলিবে বা চলিতে পারে এমন শক্তি নাই" অথবা " এবার স্ক্রেসল হয়, হইবেক, কিম্বা হইতে পারে, এমন সন্থাবনা ছিল না।"

উপরি উক্ত ভিন্ন অন্য-প্রকার শব্দ ইদম্বা এতদ্ শব্দের বিশেষ্য রূপে মুখ্যবাক্যে ব্যবহৃত হইলে, গোণবাক্যে সচরাচর অভ্যাসার্থে বিহিত বর্ত্তমান ক্রিয়া প্রযুক্ত হয়। যথা, এমন লোক ছিল না যে তত্ত্বাবধারণ করে।

৩৫৮। যেন্থলে গোণবাক্য মুখ্যবাক্যের অন্ত-গত কোন পদের অর্থ বিরত করে না, কিন্তু গোণ-বাক্যের অর্থ মুখ্যবাক্যার্থের কার্য্য স্বরূপ প্রতীয়মান হয়, . তথায় মুখ্যবাক্যের ক্রিয়াগত কাল । দারা গোণবাক্যের ক্রিয়াগত কাল নিয়মিত হয়। অর্থাৎ মুখ্য বাক্যন্থিত ক্রিয়া বর্ত্তমানকালীয় হইলে, গোণবাক্যের ক্রিয়া বর্ত্তমানকালীয় (১) হয়, অতীত হইলে অতীত, এবং ভবিষাৎ হইলে ভবিষাৎ হয়। যথা,

'অধ্যক্ষ কর্মচারী দিগকৈ এরপ স্থান্টরপে বুঝাইয়া দিতে-ছেন, যে তাহারা সহজে কল চালাইতেছে'। 'অধ্যক্ষ কর্মচারী-দিগকে এরপ স্থান্টরপে বুঝাইয়া দিলেন যে, তাহারা সহজে কল চালাইতে লাগিল'। 'অধ্যক্ষ কর্মচারী দিগকে এরপ স্থান্ট রূপে বুঝাইয়া দিবেন, যে তাহারা সহজে কল চালা-ইতে পারিবে'। এন্থলে স্থান্ট করিয়া বুঝাইয়া দেওয়াতেই সহজে কল চালাইতে পারিতেছে, অতএব মুখ্যবাক্যের অর্থ গোণবাক্যার্থের কারণ হইয়াছে।

অপিচ, 'স্বরাপানে এরপ মত্ত হইলেন, যে সোজা হইয়া দাঁড়াইতে পারিলেন না'।

গোণবাক্য সম্বন্ধীয় আরও নানা বৈচিত্তা আছে, বাহুল্য-

^{(&}gt;) স্থলবিশেষে মুণ্যবাক্যের ক্রিয়া বর্জদান ছইলে, গৌণবাক্যের ক্রিয়া ভবিষাৎ-কালীয় ও চইতে পারে। যথা, 'অধ্যক্ষ ক্র্মারা দিলেক এরূপ স্থান্ট রূপে বুঝাইয়া দিভেছেন যে, ভাহারা সহজে কল চালাইতে পারিবে।' ' যদি তুমি কর, ভবে ভিনি দিবেন।' 'যদি তুমি বলিয়া থাক ভবে ভিনি আসিবেন।'

ভায়ে পরিত্যক্ত ছইল; উপরি উল্লিখিত নিয়মগুলি যত়পূর্বক পাঠ করিলে, তৎসমন্ত স্থাম ছইবেক। (১)।

যন্তপরিক্ছেদ।

কাব্য 1

৩৫৯। কাব্যপ্রকরণ দাত স্তবকে বিভক্ত। যথা, কাব্য-স্বরূপ, রীতি, গুণ, দোব, অলঙ্কার, হন্দ ও ছেদ।

কাব্যস্থরূপ।

৩৬০। শব্দ তিন প্রকার-ক্রাচ, যৌগিক, ও যোগরাচ়।

৩৬১। যে সকল `শব্দের অর্থ রূৎপত্তিলভ্য

⁽১) প্রনিধান করিয়া দেখিলে সহজে বোধ হইতে পারে, কোন স্থলে গৌলবাকা মুগায়াকোর আন্তর্গত পদ-বিশেষের অর্থ বিরক্ত করে; কোথায় বা গৌনবাকোর অর্থ মুখ্যবাক্যার্থের কার্যা স্বরূপ হয়।

^{&#}x27;ভিনি এরপ বলিলেন, যে সকলে পুলকিত হইল।' এন্থলে পুলকিত হওয়া এরপ বলার কার্যা; অতএব গৌণবাকোর কাল মুখ্যবাকোর ক্রিয়াগত কাল বারা নিয়মিত হইল, অর্থাং মুখাবাকো অভীত কালীয় ক্রিয়া থাকাতে, গৌণবাকো ও অভীত ক্রিয়া প্রযুক্ত হইয়াছে।' তিনি বলিলেন যে সকলে পুলকিত হইভেছে, হইবে, হইয়াছে। ৯ এন্থলে পুলকিত হতছে, বলিলেন এই ক্রিয়ার অর্থ বির্ভ করিভেছে, অর্থাৎ সকলে পুলকিত হইভেছে এই কথা বলিলেন। কি বলিলেন? না সকলে পুলকিত হইভেছে—এই প্রকার প্রমা ও উভরের প্রভীতি ইউভেছে, কার্যাকারৎ ভাবের প্রভীতি হইভেছে না। স্থতরাহ বলিলেন, এই ক্রিয়াগার্বারা গৌণবাকা স্থিত ক্রিয়াগত কাল নিয়মিত হইভেছে না।

(১) না হইয়া, অভিধানাদি হইতে প্রতীত হয়, তাহাদিগকে রুঢ় শব্দ বলে। ষথা, জল, ছল, লবণ, তৈল, বলয়, বিড়াল ইত্যাদি।

৩৬২। যেসকল শব্দের অর্থ প্রকৃতি ও প্রত্য-য়ের অর্থের সমষ্টি স্বরূপ, তাহাদিগকে যোগিক শব্দ বলে। যথা—পাচক।

এছলে পচ ধাতুর অর্থ পাককরা ও অক প্রত্যারের অর্থ কর্ত্ত্ব, এই উভয়ের অর্থ লইয়। পাচক শব্দের অর্থ পাককর্ত্তা এরূপ প্রতীতি হইতেছে। তদ্ধপ সহিষ্ণু, ক্লব্রিম, মুক্তি, ইচ্ছা, রচনা, তদীয়, মোধিক, জনতা, গালেয়, মাধুয়্য প্রভৃতি শব্দ যৌগিক।

৩৬৩। বুংৎপত্তিলভ্য অর্থের জ্প্তর্গত কোন বিশেষ সংজ্ঞার প্রতীতি হ**ইলে**, যোগরুড় শব্দ বলে। যথা,—পদ্ধজ।

শঙ্ক শব্দের ব্যুৎপত্তি অনুসারে পঞ্চে যে জন্মে অর্থাৎ পদ্ম কুমুদ কলার প্রভৃতি নানা পুস্পকে বুঝাইতে পারে। কিন্তু শিষ্ট-প্রয়োগ নিবন্ধন পঞ্চজ শব্দে কেবল পদ্মেরই প্রতীতি হইয়া থাকে। পুতরাং পঙ্কজ শব্দ যোগরত। তজ্ঞপ তুরগা, বিহন্দ, মধুকর, পরভৃত প্রভৃতি এই শ্রেণীর অন্তর্গত।

⁽১) সুল্ম বিচার করিয়া দেখিতে গেলে খাতু, অব্যয় ও সক্রনামের মধ্যে অধিকাংশই রুচ; কিন্তু বিশেষণও সংজ্ঞার মধ্যে অনেকানেক শক্ষের বুংপত্তি নিতান্ত নিগ্তু হইয়া পড়াতে, রুচ্বলিয়া পরিগণিজ হয়।

৩৬৪। ব্যাকরণ, অভিধান, আপ্তবাক্য, ব্যব-হার, সিদ্ধপদসানিধ্য এবং সঙ্কেত এই হ্র উপার দারা শব্দার্থের জ্ঞান হয়।

ব্যাকরণ ও অভিধান পাঠে শব্দার্থজ্ঞান সকলের ঘটিয়া উঠেনা। কিন্তু শেষোক্ত চারি প্রকার উপায় দ্বারা মাতৃক্রোড় হইতে জ্ঞার্ণাবস্থা পর্যান্ত সকলেরই সতত অজ্ঞাত শব্দের অর্থ শিক্ষা হইয়া থাকে।

আপ্রবাক্য—বিশ্বস্ত ব্যক্তির উপদেশ। এই উপায় দারা বালক জননী মুখ হইতে ভাষা অভ্যাস করিতেছে, এবং সকলে নিজ নিজ প্রভু, গুরু, পরিবারবর্গ, বন্ধুবান্ধব, প্রতিবেশী প্রভৃতির নিকট হইতে সতত শত শত শত শব্দের অর্থ শিক্ষা করি-তেছে। এই উপায় দারা দিসহস্র বংসরের ও পূর্ব্বে গ্রীষদেশে মহাকাব্য ইলিয়াড্ কতিপায় শতাদী কেবল লোক পরস্পারায় অভ্যন্ত হইত এবং ভারতবর্ধে বহুবায়ত অ্রুতি সকল শিষ্য পরস্পরায় ও পুরুষ-পরস্পারায় অধীত হইত।

ব্যবহার—অন্বর-ব্যতিরেক, অর্থাৎ অভাব ও সম্ভাবের জ্ঞান।

এক স্থানে একটি গৰু বাঁধা রহিয়াছে ও একটি ঘোঁড়া চরি-তেছে। প্রভু সম্থান্থত বালক ভৃত্যকে বলিলেন; ধেনুটি ছাড়িয়া দেও এবং অশ্বটিকে বাঁধ। বালক ভৃত্য এই অন্বয় ব্যতিরেক হইতে ধেনু শব্দে গৰু ও অশ্ব শব্দে ঘোঁড়া বলিয়া অনারানে ব্রিতে পারিল।

নিদ্ধ-পূদ-সানিধ্য-জ্যতার্থ শব্দের সনিকর্ব।

যথা, 'বসন্তকালে পিকগণ কুত কুত স্বরে গান করে।' এন্থলে বসন্ত,'কুত্সর, গান প্রভৃতি পদের অর্থ বাহার জানা আছে, সে অনায়াসে পিক শব্দে কোকিল বলিয়া বুঝিতে পারে।

সংক্ষত — অন্ধূলি দারা নির্দেশ অবয়ব ভদী প্রভৃতি।
এই উপায় দারা বণিগ্গণ বিদেশে স্ব স্ব বাণিজ্য
কার্য্য নির্ব্বাহ করে এবং পরিব্রাজকেরা নানাদেশীয় রীতি
নীতি আচার ব্যবহার অবগত হন। এই উপায় দারা বাণিজ্যার্থী ইংরাজেরা সর্ব্ব প্রথমে এদেশীয় ভাষা শিথিয়াছিলেন
এবং ভারতবর্ষীয়েরা ইংরাজি ভাষা অভ্যাস করিয়াছিলেন।

৩৬৫। শব্দের অর্থ তিন প্রকার, শক্যার্থ লক্ষার্থ ও ব্যঙ্গার্থ।

৩৬৬। ব্যাকরণাদি ছয় উপায় দ্বারা যে অর্থের জ্ঞান হয় তাহাকে শক্যার্থ বলে।

৩৬৭। শক্রার্থ অর্র্যোগ্য না হওরাতে, তৎ-সম্বন্ধীয় যে অর্থাস্তর কম্পানা করা যায়, তাহাকে লক্ষ্যার্থ বলে। যথা—

'গদ্ধাবাসী লোক'। এছলে, গদ্ধাশব্দের শক্যার্থ যে নদী বিশেষ, তাহাতে কিরপে লোকের বাস হইতে পারে ? অত-এব গদ্ধা শব্দে গদ্ধাতীর এই রপে অর্থ কম্পনা করিলে, 'গদ্ধাবাসীলোক' এই বাক্যে কোন অনুপপত্তি হয় না। স্থতরাং এছলে গদ্ধা শব্দের লক্ষ্যার্থ গদ্ধাতীর।

অপিচ— 'অতি পূর্বেকালে ভারতবর্ষ নানাবিধ বিদ্যার আকর ছিল'। এম্পুলে, ভারতবর্ষের শক্যার্থ যে দেশ বিশেষ উহা কি রূপে বিদ্যার আকর হইতে পারে ? অতএব ভারত-বর্ষ শব্দে ভারতবর্ষবাদী লোক এই রূপ লক্ষ্যাথের কঁপানা করিতে হইবেক। (১)

৩৬৮। কোন এক বাক্যের অন্তর্গত পদ সকল স্বীয় স্বীয় অর্থ বুঝাইরা দিলে পর, বক্তা ও শ্রোতা প্রভৃতির প্রভেদ-নিবন্ধন দেই বাক্ষের অর্থ হইতে যে অন্যপ্রকার বাক্যাথের প্রতীতি হয়, তাহাকে ব্যঙ্গার্থ বলে। যথা—

প্রকলন দম্য স্থীয় সহচরকে বলিতেছে 'রাস্তায় আর লোক চলে না, চাঁদ ডুবিল'; অর্থাৎ চুরি করিবার সময় উপস্থিত অপ্রসর হও। এন্থলে বক্তার বৈলক্ষণা বশতঃ এরপ অর্থের প্রতীতি হইতেছে। এক বাক্যের নানা ব্যক্ষ্যার্থ হইতে পারে। যথা, স্থ্য অস্তগত হইলেন, 'এই কথা শুনিয়া ব্রাক্ষণ পণ্ডিত মনে করেন সন্ধ্যাবন্দনের কাল উপস্থিত; গোপালক ভাবে প্রাস্তর হইতে গন্ধর পাল প্রত্যানয়ন করিতে হইবে; কবি বিবেচনা করেন চক্রবাক্ চক্রবাকীর বিরহকাল আরদ্ধ হইল। এন্থলে শ্রোতার বৈলক্ষণা নিবন্ধন 'স্থ্য অস্তগত হইলেন' এই বাক্য হইতে স্থ্যের অস্তগমন কালে সন্তাব্য ভিন্ন ঘটনার

⁽১) অনেক স্থলে শক্যাথৈর বিপরীত অর্থ করিছত হয়, ভাহাকে বিপরীত-লক্ষণা বলে। যথা, 'তুমি কি উপকার করিয়াছ, বলিতে গারি না।' অর্থাং তুনি অপকাব করিয়াছ। 'যরে চাল বাড়ন্ত' অর্থাং চাল নাই।' আছো আহ্মন তবে,' অর্থাং যাউন ইত্যাদি।

প্রতীত হইতেছে। তৎসমন্তই ' সূর্যা অন্তগত হইদেন ' এই বাক্যের ব্যক্ষ্যার্থ । (১)

বাক্যে প্রয়োগ্যযোগ্য যে শব্দ, উহাকে পদ বলে। পরস্পার আকাজ্জাযুক্ত যে পদ-সমুদায়, উহাকে বাক্য বলে, পূর্ফেই উল্লেখ করা হইয়াছে।

৩৬৯। রুদ বা ভাব-প্রকাশক যে বাক্য তাহাকে কাব্য বলে।

৩৭০। রদ নয় প্রকার। শৃক্ষার, বীর, করুণ,
অন্তুত, হাদ্য, ভয়ানক, বীভৎদ, রোদ্র ও শান্ত।
নায়ক নায়িকা দম্বনীয় পূর্বরাণ, দড়োগ বা বিরহ
বর্ণিত হইলে শৃক্ষার বা আদিরদ প্রকটিত হয়।
শকুন্তলা, বিদ্যাস্থানর প্রভৃতি প্রন্থে শৃক্ষাররদ
প্রধান।

৩৭১। যুদ্ধ, ধর্মা, দান প্রভৃতি বিষয়ে যে উৎসাহ তাহা বীররদ।

অজ্ন, নেপোলিয়ন প্রভৃতি যুদ্ধবীর, যুধিষ্ঠির, সক্রেটিব প্রভৃতি ধর্মবীর; জীমূতবাছন, হাউয়ার্ড প্রভৃতি দয়াবীর, এবং কর্ণ, হরিশ্চন্ত্র, পঞ্চমচার্লস প্রভৃতি দানবীর।

৩৭২। প্রিয়-বিয়োগ বা অপ্রিয়-সমা্গমে যে শোক হয়, তাহাকে করুণ রুদ বলে।

কাদম্বরী, রুষ্ণকুমারী প্রভৃতি কাব্য কর্ষণরসাত্মক।

^{(&}gt;) সুক্ষা বিবেচনা করিয়া দেখিলে, বাঙ্গালা ভাষায় ব্যঙ্গার্থকে শলের অর্থ না বলিয়া বাক্যের অর্থ বলাই উচিত।

202]

৩৭৩। বিষয়বোধিকা রচনা দ্বারা আন্তুত রদ প্রকটিত হয়। যথা—

'অপরূপ দেখ আর, হের ভাই কর্ণধার.

কামিনী কমলে অবভার।

ধরি রামা বাম করে, সংহারক্ষে করিবরে,

উগারয়ে করিয়া আহার॥'

৩৭৪।বিক্লত বাক্য, বেশ, চেফ্টাদি হাদ্যকর इहेल, होगा तम वल। यथा-

> ' র্জেপদী কাঁদিয়া বলে বাছা হতুমান। কছ কছ কৃষ্ণ কথা অমৃত সমান॥'

৩৭৫। ভরস্ক বর্ণনাতে ভয়ানক রস প্রবৃত্তিত হয়। যথা---

> ' বিপ্রদর্ম্ব দেখি পর্ম্ম, ভোজ্য বন্ত্র সারিছে॥ ছাড়ি মন্ত্ৰ ফেলি তন্ত্ৰ মুক্তকেশ ধায় রে। হার হার প্রাণ যার পাপদক দার রে॥'

৩৭৬ ৷ মুণাজনক বর্ণনাতে বীভৎস রস প্রকাশ পার। যথা---

'দেশহ গাছের কাছে, মড়া এক পড়ে আছে, কুলে ঢোল দাঁত ছরকুটে। গলিয়া পড়িছে কায়, শকুনিতে ছিঁড়ে খায়, পচা গদ্ধে নাড়ী পড়ে উঠে ॥'

্রেণ। ক্রেণ্ডের উদ্দীপক রচনাতে রোদ্রন প্রকটিত হয়। যথা ;

'দেখি পুষ্পশরে, ক্রোধ

কোধ হৈল হরে,

जारेन जारन रेतन।

ननां दनांकन,

হৈতে হুতাশন,

धक् धक् धक् खुला॥'

৩৭৮। নির্ফোদ, বৈরাগ্য, তত্ত্বজান প্রভৃতির বর্ণনা **হইতে শান্তরস প্রকটি**ত হয়। যথা,

> ' হুঃখ ভারে পরিপূর্ণ সংসার আলয়। জন্মিলে বার্দ্ধকা রোগ মরণ নিশ্চয়॥'

' প্রণয়ের পাত্র যারা, এ তিনে রোধিতে ভারা,

नकनि मण्णु र्व क्राप्त, जनमर्थ इत्र ।

কি কাজে কে লাগে তবে, এই দ্রখময় ভবে.

পরিশেষে কিবা লাভ, রাখিয়া প্রণয়॥'

৩৭৯। স্নেহ, ভক্তি, আরাধনা, স্বদেশাসুরাগ

বিদ্যাসুরাগ, প্রভৃতি ভাব পদের বাচ্য।

৩৮০। কাব্য হুই প্রকার দৃশ্য ও প্রব্য।

৩৮১। অভিনয়ের (১) যোগ্য যে কাব্য তাহাকে দৃশ্য কাব্য বা নাটক বলে। যথা, বিধবাবিবাহ, সধ-বার একাদশী, রুঞ্জুমারী ইত্যাদি।

⁽১) অঙ্গভঙ্গী, বাকা, বেশ, এবং মনোগত ভাবের অনুক্রণ করাকে অভিনয় বলে।

৩৮২। যে দকল কাব্য অভিনেয় না হইয়া, কেবল শ্রবণ ও পাঠের যোগ্য হয়, তাহারা শ্রব্য কাব্য ।যথা, দীতার বনবাদ, রামের রাজ্যাভিষেক, মেঘনাদবধ প্রভৃতি।

৩৮৩। শ্রব্য কাব্য ত্রিবিধ, পদ্য, গদ্য ও মিশ্র।
৩৮৪। ছন্দোবন্ধ-যুক্ত বাক্যময় যে বাব্য
তাহাকে পদ্য বলে। পদ্য চারি প্রকার, মহাকাব্য,
থশুকাব্য, কোষকাব্য ও গীতকাব্য। অনতিদীঘ্ দর্গে
বিভক্ত, ঋতু, নগর, দভা, উপবন, স্বর্গ, নরক, যুদ্ধ,
নদী, অরণ্য, সমুদ্র, পর্বত প্রভৃতি চমৎকারজনক
বিষয়ের বর্ণনাতে পূর্ণ এবং কোন এক অসাধারণ
ঘটনার রচনাত্মক যে পদ্য, তাহাকে মহাকাব্য
বলে। ইহাতে শৃদ্ধার, বীর, করুণ বা শান্ত প্রধান
রস স্বরূপ হইয়া, প্রকৃতিত হয়। যথা,

মেঘনাদবধ, তিলোত্তমা-সম্ভব, পদ্মিনী উপাখ্যান।

৩৮৫। খণ্ডকাব্য অনতিবিস্তৃত; ইহা কোন এক সাধারণ ঘটনার বর্ণনাত্মক হয়, অথবা এক প্রদ-ন্ধলক কতিপয় বিষয়ে দংঘটিত হইয়া থাকে। যথা, ঋতুদংহার, মেঘদূত, বীরাঙ্গনাকাব্য।

৩৮-৬। পরস্পর অনম্বদ্ধ শ্লোকাবলী একত্র

প্রথিত হইলে কোষকাব্য বলে। যথা, রসত্রঙ্গিনী, সন্তাবশতক।

৩৮৭। রাগ তাললয়সম্বলিত কবিতাবলীকে গীতকাব্য বলে। যথা, রাম্মোহন রায়ের ত্রন্সাস্থীত, রামপ্রসাদী পদ, নিধুর উপ্পা।

৩৮৮। কেবল গদ্য রচনাযুক্ত কাব্যকে গদ্য-কাব্য বলে। গদ্যকাব্য হুই প্রকার উপাখ্যান ও গণ্প।

৩৮৯। দেশবিশেবের ও কাল বিশেষের নীতি
নীতি বিষয়ক বর্ণনাযুক্ত, নানাবিধ-ঘটনা-দমনিত,
ইতিহালাশ্রিত কিয়া কবিকপোলকিপিত যের্ত্তান্ত,
উহাকে উপাখ্যান বলে। যথা, দীতার বনবাদ,
মৃণালিনী, বঙ্গাধিপ-পরাজ্য, রাজবালা, কাদয়্রী,
ভ্রান্তিবিলাদ ইতাদি।

ত৯০। উপদেশ বা দৃষ্টান্ত দিবার জন্য পশু-পদিশন্ধনীয় যে রভান্ত, অথবা ইতিহাদমূলক যে ঘটনাবলী, উহাকে গণ্প বাকথা বলে। যথা, হিতো-পদেশ, কথামালা, আখ্যানমঞ্জারী।

৩৯১। শাদ্য পদ্যময় যে কাব্য, তাহাকে

মিশ্র বা চম্পুকাব্যবলে। যথা, সুধীরঞ্জন, প্রবোধ-প্রভাকর, হিতপ্রভাকর প্রভৃতি।

রীতি।

৩৯২। পদ সংযোজনার যে প্রণালী, ভাহাকে রীতি বলে। রীতি হই প্রকার, দৃঢ়বন্ধনী ও মৃহ্-বন্ধনী।

৩৯৩। দৃঢ়বন্ধনী রীতিতে জনেক দমন্ত পদ ও জনেক বিশেষণ থাকে, এবং বাক্য দকল দীর্ঘ, গভীর ও গুর্বার্থ কি পদে প্রথিত হয়। এই রীতি বীর, অন্তুত, ভয়ানক ও রৌদ্র রদেই জন্মাদ-নীয়। যথা—

'মহাৰুদ্ৰরূপে মহাদেব সাজে। ভতত্তম্ ভতত্তম্ শিলাখোর বাজে॥ লটাপট্ জটাজূট সংঘট্ট গলা। ছলচ্ছল্ টলট্টল্ কলকল্ তর্কা '॥

'বাজীরাও একজন অসামান্য-ধীশক্তিসম্পান অমাত্য ছিলেন। তাঁহার জন্ম কা নদী হইতে আটক হুর্গ পর্যান্ত তাবৎ নেশে কথঞ্চিৎ পর্যাপ্ত হইয়াছিল। তাঁহার অসমসাহসিক সংকল্প সকল ভারত্বর্ধের সমস্ত লোককে ভীত ও চমৎক্বত করিয়াছিল। তিনি সমরাঙ্গণে অতুল বিক্রম ও মন্ত্র-ভবনে হুজের কোশল প্রকাশ পূর্বক কি শক্ত কি মিক্ত উভয়ের নিকট যৎপ্রোনান্তি প্রশংসা লাভ করিয়াছিলেন'। ৩৯৪। মৃহ বন্ধনী রীতিতে ললিত ও সরল পদ বিন্যাস করিতে হয়, এবং ঋজুঅন্য়যুক্ত নাতিদীয বাক্য প্রয়োগ করিতে হয়। এই রীতি শৃঙ্গার, করুণ, হাস্য ও শাস্তরুসে আদরণীয়। যথা,

'পতিশোকে রতি কাঁদে, বিনাইয়া নানা ছাঁদে, ভাসে চক্ষু জলের তরঙ্গে। কপালে কঙ্কণ মারে, ৰুধির বহিছে ধারে,

কাম অন্ধ ভবা লেপে অঙ্গে ॥

'সধে! কণকাল অপেকা কর, আমি তোমার অনুগমন করি, চিরকাল একত্র ছিলাম, একণে সহায়হীন বান্ধবহীন হংয়া কিরপে এই দেহভার বহন করিব। এত দিনের পর অন্ধ হইলাম, দশনিক শূন্য দেখিতেছি। সকলি অন্ধকারময় বোগ হইতেছে'।

৩৯৫। রীতি আরও ছই একার; সংস্কৃত-বহুলাও প্রাক্লতবহুলা।

৩৯৬। যেন্থলে সংস্কৃত ও সংস্কৃতমূলক শব্দেরই
সমধিক প্রয়োগ ; কিন্তু ভাষান্তরমূলক চলিত শব্দের
তাদৃশ আদর নাই, উহাকে সংস্কৃতবহুলা রীতি
বলে। এই রীতি গুরুতর বিষয়ের বর্ণনার উপযোগিনী। যথা,

'ধন্য রে দেশাচার! তোর কি অনির্বাচনীয় মহিমা। তুই তোর অনুগত ভক্তদিগকে হুর্ভেদ্য দাসত্ব-শৃঞ্বলে বন্ধ রাখিয়া কি একাধিপত্য বিস্তার করিতেছিন! তুই ক্রমে ক্রমে, আপন আধিপত্য বিস্তার করিয়া শাস্ত্রের মন্তকে পদার্পণ করিয়াছিম, ধর্মের মর্মভেদ করিয়াছিস, হিতাহিত বোধের গতিরোধ করি-য়াছিস, ন্যায় অন্যায় বিচারের পথ কন্ধ করিয়াছিস'।

অপিচ—'জ্ঞানের কি আশ্চর্য্য প্রভাব, বিদ্যার কি মনোহর মূর্ত্তি! বিদ্যাহীন মনুষ্য মনুষ্যই নহে। মানবজ্ঞাতি পশুজাতি অপেক্ষা যত উৎক্রষ্ট, জ্ঞানজনিত বিশুদ্ধ স্থুই ক্রিয়জনিত সামান্য স্থুখ অপেক্ষা তত উৎক্রষ্ট। পোর্ণমানীর স্থামরী শুরুষামিনীর সহিত অমাবস্যার তামসী নিশার যে প্রভেদ, স্থানিক্ষত ব্যক্তির বিদ্যালোক-সম্পন্ন স্বচাক চিত্ত-প্রাসাদের সহিত অশিক্ষিত ব্যক্তির অজ্ঞানতিমিরাইত হৃদয়-কুটারের সেইরপ প্রভেদ প্রতীয়মান হয়'।

৩৯৭। বেশ্বলে দরল দংকৃত শব্দের দহিত ভাষান্তর-মূলক চলিত শব্দের ভূরি ভূরি প্রয়োগ থাকে, তাহাকে প্রাকৃত-বহুলা রীতি বলে। এই রীতি উপাখ্যান ও গাল্পে এবং নাটকের অন্তর্গত কথোপক্ষন ভাগে ও দয়াদ পত্রে আদর্ণীয়। যথা,

'একদা এক বাঘের গলায় হাড় ফুটিয়াছিল। বাঘ জ্বালায় অন্থির ছইয়া ইতস্ততঃ দেড়িতে লাগিল। সমুখে যাহাকে দেখে, ভাহাকেই বলে, ভাই রে আমার গলা থেকে হাড় খলিয়া দেও, আমি ভোমাকে বিলক্ষণ বক্সিয় দিব'। 34

৩১৮। বাহা ছারা কাব্যের উৎকর্ব সম্পাদিত হয়, তাহাকে গুণ বলে।

৩৯৯। গুণ তিবিধ, মাধুর্য্য, ওজ ও প্রদাদ।
৪০০। দমাদ-বিহীন বা অণ্পা-দমাদযুক্ত অথচ
স্থালিত [১] যে পদাবলী, উহার বিন্যাদ দ্বারা
মাধুর্য্য গুণ প্রকটিত হয়। শৃদ্ধার, করুণ ও শাস্তরদে এই প্রকার রচনা প্রশস্ত। যথা—

'কেঁদে বিদ্যা আঞ্চল কুন্তলে, ধরা তিতে নয়নের জলে। কপালে কঙ্কণ ছানে, অধীরা ক্ষির-বাণে,

কি হৈল কি হৈল ঘন বলে'॥
'এই যে প্রিয়ার কোলে নিদ্রিত কুমার। প্রভাতের তারা যেন উরসে উষার॥ কিবা স্মকোমল ভাষে, কেমন মধুর হাসে,

স্থাতিল করে সদা হাদর আমার।
কমনে এমন ধন,
একেবারে বিসর্জ্জন,
করিয়া যাইবে মন তাজিয়া সংসার'॥

৪০১। কঠোর (১) ও দীঘ-নমাসযুক্ত পদ সমুদারের যে সজ্জাইন, তাহা হইতে ওজোগুণ প্রকটিত হয়। বীর, বীভংস ও রোদ্রনে উদৃশী রচনা
আবশ্যক। যথা—

" মহাকত্র রূপে মহাদেব সাজে। ভভন্তম ভভন্তম শিক্ষা ঘোর বাজে। লটাপট জটাজুট সংঘট্ট গন্ধা। ছলচ্ছল টল্টল কলক্কল তরজা।

হে যাজদেনি ! ভীমপরাক্রম ভীমদেন স্বয়ং বজুতুল্য গাদ। প্রহারে হুর্মান্ড হুর্যোধনের উক্তর্য নিম্পিষ্ট করিয়া, তদীয় ক্ষতনির্গত রক্ত দারা আপ্লুত হস্তে তোমার বেণীবন্ধ বিমোচন করিয়া দিবেন।

১০২। যেগুণ নিবন্ধন প্রবণ্যাত্র অবাধেও পরি-ফাররপে অর্থপ্রতীতি হয়, তাহাকে প্রসাদ বলে। প্রসাদগুণ স্বর্গ প্রকার রুসেও রুচনাতে প্রশস্ত। যথা,

> "পাখী সব করে রব রাতি পোহাইল, কাননে কুসুম কলি সকলি কুটিল। রাখাল গৰুর পাল লয়ে যায় মাঠে, শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।

⁽১) উপরি উল্লিখিত ভিন্ন ২০- এথিত যে পদ, তাহা কঠোর ও ওজোওণের বাঞ্জক।

৪:৩। বিবেচনা করিয়া দেখিলে উপরি উল্লি-থিত গুণত্রর রীতির অন্তঃপাতী। অলঙ্কার শাস্তে দোষের অসম্ভাবই গুণপদের বাচ্য। অতএব দোষ কাহাকে বলে এই আকাজ্ঞা হইতেছে।

मिश ।

৪০৪। যাহারা কাব্যের অপক্ষ সম্পাদন করে, তাহাদিগকে দোষ বলে।

শ্রুতিকট্তা-কর্কশ শব্দের প্রয়োগ।

'কঠোর তপোত্বভানে মুনি চুড়ামণি। মোক্ষ লক্ষ্য করি কাল কাটায় অমনি '। (১) শাস্ত রসে কোমল পদ বিন্যাস করাই উচিত। চ্যাতসংক্ষ, তি—ব্যাকরণ হুষ্টতা।

" সেজিন্যতা হেরি তিনি হন পরিতোষ '। এম্বলে সেজিন্যতার পরিবর্ত্তে সোজন্য বা স্কুজনতা, এবং পরিতোধের পরিবর্ত্তে পরিতৃষ্ট ইইবে।

় অপ্রযুক্ততা—যে শব্দ অভিধানে প্রাপ্ত হওয়া যায় কিন্তু সচরাচর ব্যবহৃত হয় না, ভাহার প্রয়োগ ৌ

> " ঈশাক্ষের উষর্ব্ব ধে মারা গোল মার। নাকেতে নিজ্জরগণ করে হাহাকার ॥

⁽ ১) বীর, বীভৎস ও রৌ দ্রসে শুতিকটু তা দোষাবহ নয়।

[२४२]

উষর্কুধ (অগ্নি), নাক (ম্বর্গ), নির্জ্জন (দেবতা) এই তিন শব্দের প্রয়োগ প্রায় দেখা যায় না।

অনমর্থতা—যে শব্দ যে অর্থের বাচক নয়, দেই শব্দ দেই অর্থে প্রয়োগ করা।

'আমার বাক্যেতে দিয়া রাধার নন্দন,
বিরাটতনয় বুঝি কর বিতরণ'।
রাধার নন্দন—কর্ণ, বিরাটতনয়—উত্তর।
নিরর্থকতা—যে পদের সার্থকতা নাই তাহার
প্রয়োগ।

উত্তরিলা ন্মুভাবে বাসব দেবেক্স।
শব্দাক ঈর্ব্যাযুক্ত সদা সর্বক্ষণ।
এখানে দেবেক্স ও সদা শব্দ নিরপ্ত ।
অশ্লীল তা— সশ্লীল তিন প্রেকারে হয়; অমন্তলসূচক, ঘ্ণাজনক ও লজ্জাকর।

বিদ্যাস্থলরে পতিনিলা প্রভৃতি। নিহতার্থতা—নানার্থকি শক্তের জ্ঞানিদ্ধ তাথে প্রায়োগ।

'গো দিয়া দেখহ আশা হাসে মিত্রপাশে"। গো-চক্ষু, আশা-দিক; মিত্র-স্থা। ক্লিকতা—শকাড়ম্বর বা দীর্ঘ দমাদ প্রযুক্ত অর্থ প্রতীতির ব্যাঘাত।

কীরোদ-ত্রমরা-পতি বাহনের ভরে।

[२९७]

ক্ষীরোদতনরা—লক্ষী, তাঁহার পতি বিষ্ণু, তাঁহার বাহন গৰুড়।

সনবীর ততা—এক শব্দের বারন্থার ব্যবহার।

'দেখিয়া সরেন্দ্র ধনু, দেখিয়া লোহিত ভানু, দেখিয়া জলধি জনু, কত সংখে ভাগে দেই ভাবকের হিয়া।'।

এখানে 'দেখিয়া' পদের বারন্থার প্রয়োগ করাতে শুনিতে ভাল লাগিতেছে না।

পুনরুক্ততা—ভিন্নভিন্ন শব্দ দারা এক বিষয়ের বারমার বর্ণন।

'দে শোভা তাহারি, রপের মাধুরী, বচন টাফুরী, হেরিয়া উখলে ভাব "।

এখানে রূপের মাধুরী পুনকক্ত ছইয়াছে। অপ্রাসিদ্ধতা—কবিদিগের প্রাসিদ্ধির (১) বা লোক প্রাসিদ্ধির বিরুদ্ধি বর্ণনা।

চন্দ্রের উদরে, নলিনী নিচয়ে, বিকাশে সরসী জলে '। চন্দ্রের উদরে কুমুদেরই বিকাশ, পাদ্রের বিকাশ হয় না।

'বিদ্ধ্যের কন্দরে, স্বচ্ছনে বিহরে, তেজস্বী কেশরী যত '। বিষ্ক্য পর্বতে সিংহসঞ্চরণ লোকে অপ্রসিদ্ধ।

⁽১) আকাশেও পাপে মলিনতা, যশেও হাস্যে ধবলতা, কলপের পুষ্প ধয় ও পথাবাধ, দিবসে কুমুদনিমীলন ও পদাবিকাল, তারকঃ কুমুদিনীও চকোর চন্দ্রের অসুরাগী; মেঘ গর্জনে ময়্রের স্ভাঃ চক্র-বাক্ষিধ্নের রাক্তিবিরহ, ইত্যাদি কবি প্রসিদ্ধ।

ব্যাহতত্ব—উৎকর্ষ বা অপকর্ষ বিধান করিয়া পরে তাহার অন্যথাপাদন করা।

> ' নয়ন কমল হেরি কমল পুরুরে। স্থাকরে করে জয় মুখ স্থাকরে'।

উপমান উপমের শপেকা উৎকর্ষশালী হওরা উচিত; অত-এব কমল নয়ন হইতে, এবং প্রধাকর মুখ হইতে, উৎক্ষট এরপ প্রতীতি প্রথমতঃ হইতেছে। পরে কমল নয়নের ভয়ে সরো-বরে পলায়, স্বধাকর মুখের নিকট পরাজিত হয়, এ প্রকার অর্থ বোধ হওয়াতে উহাদেরই আবার অপকর্ষ স্থাচিত হই-ভেছে।

বিধেয়াবিমর্শ—প্রথমে উদ্দেশ্য পদ, পরে উহার বিধেয় পদ, বদাইতে হয়, এই রীতির বিপ গ্যয় হইলে বিধেয়াবিমর্শ দোষ ঘটে।

' छत्न कीत्र मिश्र नीत्र रहेन क्षीत्र '

এম্বলে নীর ক্ষির ছইল এরপ অর্থের প্রতীতি হইতেছে কিন্তু উহার বিপরীতই অভিপ্রেত। অতএব এইরপ হইবে—

'क्षित्र इहेल नीत्र, खरन मिथि कीत्र'

সন্দিগ্ধতা—কোন পদের অর্থ এই, কি অন্য প্রকার হইবে, এরপ সন্দেহ।

'কি ছার মিছার কাম ধনুরাণে কুলে।
ভূকর সমান কোথা ভূক তকে ভূলে"॥
এন্থনে, কামদেব নিজ ধনুর প্রতি রাগ—অনুরাগ অর্থাৎ

পক্ষপাত হেতু যে কুলে গর্মিত হয় তাহা নিক্ষণ। অংধা ফুল দারা কামধনুর যে রাগ অংশং কুল নির্মিত কাম ধনুর যে বক্রতা তাহাতে কোন কল নাই; এই হুয়ের কোন্ অংশ প্রকৃত, তদ্বিয়ে সন্দেহ ইইতেছে।

গ্রাম্যতা—অপভাষার প্রয়েগ কিয়া ইতর জনো-চিত ভাবের প্রতীতি।

> ' চাঁদে দেখি সোহাগে শালুক কুটে জলে। আখু আশে মাৰ্জ্জারে যেমন মুখ মেলে"॥

পূর্ব্বান্ধে উত্তম ভাব প্রকাশ করিতে অপভাবার প্রয়োগ; উত্তরার্দ্ধে সাধুভাষায় ইতরলোকস্থলত ভাবের প্রতীতি। অক্ত এব উভয়ত্তই প্রাম্যতা দোষ।

অনোচিত্য—দেশ, কাল, পাত্র, রস, ভাব, আচার এড়তির বিপরীত বর্ণন।

'' পুণাশ্রম দেখি সবে মাতে রসোল্লাসে।

পুণ্যাশ্রম দর্শনে শান্ত রদের উত্তেক হয়, বিলাস-স্পৃহার উত্তেজনা হয় না অতএব এখানে দেশ অর্থাৎ স্থান বিষয়ে অনোচিত্য।

> 'বিভীষণ বলে শুন বৈদেহী রমণ। মানেতে অপ্রজ মোর সম ছর্য্যোধন'॥

বিভীষণ ছুর্য্যোধনের পূর্ব্বে প্রাত্নভূতি হইরাছিলেন। অত-এব এখানে কালানে চিত্য।

' হেরি জামনগ্নে ক্রোধ, ভীম্মদেব মহাযোধ, ভয়েতে ব্যাকুল হয় চিতে'। ভীষ্মের ভয় অসম্ভব। অতএব এখানে পাত্রানেচিত্য।

'জলবিশ্ব সম হয় জীবনের স্থিতি।

শক্রর পীড়নে মজি হউক নির্রুতি'॥

জীবনের অস্থায়িত্ব বর্ণন শত্রুদমন রূপ রেগ্রি রুদের প্রতি-কুল। অতএব রুসানেগিচিত্য।

> 'বিবাদে বিদীর্ণ হিয়া টুকু মহারথ। ফ্রান্সদেশ উদ্ধারিতে সদা দৃঢ়ব্রত'।

বিষাদের বর্ণন স্বদেশানুরাগরূপ ভাবের প্রতিকূল। অতএব ভাবানেচিত্য।

----'হেরিয়া কালী মূরতি, সাহেবের মুগ্ধ মতি, ভক্তিভাবে নমে বারস্বার'।

কালীমূর্ত্তি দর্শনে ইংরাজের প্রণাম, খৃষ্টানদের রীতি নীতির বিষদ্ধ। অতথ্য আচারানোচিত্য।

ভগ্নজ্মত:—পদাথের পৌবর্বাপর্য্য নিয়মের বিপ-গ্যয়।

'জয়োলাদে দৃগুমতি, কছে বিষমার্ক কৃতী, সম্বোধি থিয়ার্স মন্ত্রিবরে। দেহ মোরে অর্থ চয়, নছে তরী সমুদয়,

নহে দেশদ্বর বিনা করে'॥
দেশদ্বর সর্ব্বাপেক্ষা বাঞ্চনীয়, অতএব সর্ব্বাতো উহারই
প্রার্থনা উচিত।

'ইংরাজ, মার্কিন ভিন্ন, বিনা কবিয়ার সৈন্য, কে রাখিবে পারিষের ঋদ্ধি'। ক্ষিয়ানেরা স্থাপেকা বলবান, অতএব সর্ব্ধ প্রথমে ভাঁহা-দেরই উল্লেখ উচিত।

রীতিভদ্প—যে রদে যেরপ রীতি অনুসারে রচনা করিতে হয়: ভাহার বিপর্যায়।

> 'রাগেতে অৰুণ আঁখি হয়ে রকোদর। বদন ভরিয়া পিয়ে ৰুধির বিন্তর'॥ রেজিরসে মৃত্বস্কুনী রীতি খাটে না।

ছক্তপতন—-লক্ষণার্যায়ী মাজা-পরিমাণ, লঘু-ওরু-বিভাগ, অক্র-সংখ্যা, অধ্বা, যতিসংস্থানের ব্যতিক্রম।

'অন্তরে অন্ধিত তার মূরতি।
সরদে বিশ্বিত যেমন নিশাপতি '॥
শেষ চরণে যোল মাত্রা মা হইয়া সতের মাত্রা আছে,
স্কুতরাং পজ্ঞটিকা ছন্দের ভন্ধ হইয়াছে।

'বল কি হইবে কলিকা দলিলে'। তোটকছন্দে প্রত্যেক তৃতীয়াক্ষর গুৰু হওয়া উচিত, কিন্তু এখানে প্রথম তৃতীয়াক্ষর 'কি' হুম্ম রহিয়াছে।

'রত্নাকর ভাবিয়া, পশিসু জলধিতলে'। পরারে চতুর্দশ অক্ষর, পঞ্চদশ অক্ষর হয় না॥ 'রত্নাকর ভাবিয়া, পশিসু জলধিতলে'। পরারে নবম অক্ষরের পর যতি হয় না।

ছথেলতা—নিত্রাক্ষরের মিল অসম্পূর্ণ ভাবে इইলে। ভাষে আকুলিত, চমুচর যত, ধাইতেছে চারি ভিতে।
পাইরা সম্বাদ, সেনানী অবোধ, পলায় তাদের সাথে'॥
দূরানুষ—যে হুই পাদের পারস্পার আকাজ্জা
আছে, তাহারা সমধিক ব্যবধানে থাকিলে দূরাম্ম
হয়।

'নিষ্পীড়িত জর্জ্জরিত, ক্রান্সদেশ শ্লুজিযুত,
কত হল জর্মাণযুজেতে'।

এছলে কত ও নিষ্পীড়িত শব্দ বহুব্যবধানে রহিয়াছে।
অনুকরণ স্থলে উলিখিত দোষ সকল গুণ বলিয়া গণ্য হয়।

ক্রেশ্বলে পাত্র ইতর লোক, তথায় প্রাম্যতা, চ্যুতসংক্ষৃতি,
অনৌচিত্য প্রভৃতি দোষাবহ নহে। পাত্র পাতিত্যাভিমানী
হইলে অপ্রসিদ্ধতা, অপ্রযুক্ততা, নির্থ কতা প্রভৃতি দ্বণ
না হইয়া বরং ভূষণই হইয়া উঠে। হর্ষ রোষ বিসায়াদির
আতিশ্যা প্রতীত হইলে, পুদকক্ততা ও সন্দিশ্বার্থতা অনুমোদনীয় হয়। ইত্যাদি প্রকারে দোষের পরিহার হইয়া
থাকে।

অলঙ্কার প্রকরণ।

৪০৫। যেমন হার বলরাদি শরীরের শোভা সম্পাদন করে, তদ্রপ অনুপ্রাস, উপমা প্রভৃতি কাব্যের শরীর স্বরূপ শব্দ শব্দাথের চমৎকারিতা উপচিত করিয়া দেয়।

[₹55]

অনুপ্রাদ ও যমক শব্দালন্ধার এবং উপমারপ-কাদি অর্থালন্ধার।

অন্থান—স্বরবর্ণের বৈদাদৃশ্য থাকিলেও যদি এক-স্থানোচ্চার্য্যমান ব্যঞ্জন বর্ণের পুনঃ পুনঃ আর্ত্তি হয়, উহাকে অনুপ্রাদ বলে।

> 'শার স্থানর কাতর মানস হে। তব সে সব চাঞ্চ-জ্বটী-বিরছে'॥ 'দেখ দিজ মনসিজ জিনিয়া মুরতি। পদ্মপত্র মুগ্যানেত্র পরশায়ে শুডতি'।

যমক--একাকার ছুইটি শব্দ যদি এক অথেরি বাচক নাহ**ই**য়া একশ্লোকের মধ্যে থাকে, তাহাহইলে যমকা-লক্ষার হয়।

'ভারত ভারত খ্যাত আপনার গুণে।
রাজেন্দ্র রাজেন্দ্র প্রার ভাঁহার বর্ণনে'॥

'চল চল যাই চিন্ত কাব্যের বাগানে।

যেখানে রাগিণীগণ মন হরে গানে'॥

'এভব তরিতে যদি কর আকিঞ্চন।

বিজ্ঞান-তরিতে তবে কর আরোহণ'॥

'মনে করি করী করি কিন্ত হয় হয়।

অদৃষ্ট অদৃষ্ট, কভু তুফ নয় নয়'॥

বিতীয় দৃষ্টান্তে 'চল চল' এছলে যমক হয় নাই; কারণ উভয় শব্দাএকই অর্থের বাচক।

উপমা—যে ছলে পদার্থ দ্বারে পরস্পার নাদৃশ্য যথা, দম, তুলা প্রভৃতি শব্দারা প্রকটিত হয়, তাহাকে উপমা বলে (১)। যে বস্তুটি প্রস্তুত অর্থাৎ বর্ণনীয়, দে উপমেয়, যে অপ্রস্তুত্ত, অর্থাৎ যাহার স্থিত বর্ণনীয় বস্তুর দাদৃশ্য কর্ণানা করা যায়, ভাহাকে উপমান বলে।

> 'নব-বিকশিত পুষ্পা সমান বদন, স্থ্যু কলেবরে এবে শোভিছে নন্দন'। নন্দনের বদন নব বিকশিত পুষ্পোর ন্যায়।

উৎপ্রেক্ষা—যেন, বৃঝি প্রভৃতি শব্দের প্রয়োগ দারা উপমান ও উপমেয়গৃত সাদৃশ্যের প্রকটরূপে প্রতীতি হ**ইলে উৎপ্রেক্ষা হ**য়।

> 'এই যে প্রিয়ার কোলে নিজিত কুমার, প্রভাতের তারা যেন উরদে উধার'।

দেখ স্থে পূর্কদিগ আলোময় করি। ধৰল কমলচ্চুবি উঠিছে চন্ত্রম।।

ধবল কমলের ন্যায় ছবি যাহার এই বিগ্রহবাক্যে ধবলকমলচ্ছবি পদ সিল্ল হটয়াছে। অভতাব সমস্ত পদে ভুল্যার্থক শব্দ লুপ্ত, কিন্ত সুনান ধর্মবাচক ছবি শব্দ প্রযুক্ত হইয়াছৈ।

^{(&}gt;) সমাদে তুলার্থক শব্দ শুপু চইতে পারে; কিন্তু তাদৃশ স্থল সমানধ্যবিচী শব্দ নিয়তই এযুক্ চওয়া উচিত ! ঘধা,

[205]

'অৰূপে উদয়াচলে ছেরি স্থাকর। ভয়েতে হইল বুঝি পাণ্ডু কলেবর'।

দিতীয় মোকে প্রভাতকালীন চন্দ্রের স্বাভাবিক পাপুত। উপমেয়, উহ্য আছে; ভয়জনিত পাপুতা উপমান, প্রযুক্ত হইয়াছে।

রূপক—উপমেয়ে যে উপমানের আরোপ, অর্থাথ উভয়ের যে অভেদ-নির্দ্দেশ, তাহাকে রূপক বলে। রূপকালঙ্কার-স্থলে ভুল্যার্থক শব্দ ও সমান ধর্মবাচক শব্দ ব্যবহৃত হয় না, কিন্তু কথন কথন রূপ, স্বরূপ প্রভৃতি শব্দ প্রযুক্ত হয়।

> 'প্রতাপতপনে মুখপদ্ম বিকাশিয়া, রাখিলেন রাজলন্দী অচলা করিয়া'। 'চল চল যাই চিত্ত কাব্যের বাগানে '। 'জানের ভাস্করে বুদ্ধির নলিন হাসে '।

এছলে, কাব্যরূপ বাগান, জ্ঞানরূপ ভাস্কর ও বুদ্ধিরূপ নলিন, এইরূপ অর্থবোধ হইডেছে।

অধরে নবীন, পলব দিল '॥

অর্থাৎ নয়নাদি লীল উৎপল প্রভৃতি স্বরূপ।

অপিচ I—' খলের ছলের প্রেম জলের লিখন।

ক্ষিণেক মিলায় স্থিতি নছে কদাচন '॥

'গাঁথিল মুক্তার দালা নয়নের নীরে'। জাতিশয়োক্তি—যে স্থালে উপমেয়ের উল্লেখ না হইয়া, উপমেয় ও উপমানের পরস্পার দস্পূর্ণ অভেদ প্রতীয়দান হয়।

> কি কুক্ষণে দেখিছিলি, তুইরে অভাগী, কাল পঞ্চবটি বনে কালকুটে ভরা,

এ ভুজগ!"———

দীতা উপমের উহা, ভুজগ—উপমান প্রযুক্ত হইরাছে। ব্যতিরেক—উপমান ইইতে উপমেয়ের আধিক্য

বুৰাইলে ব্যতিরেকাল**ন্ধার হ**য়।

' এই যে মোহিনী মূর্ত্তি ধরিয়াছে প্রিয়া,
চপলায় লাজ দিয়া, যৌবনে পেঁ।ছিয়া'।
চপলার চেয়ে প্রিয়ার মূর্ত্তি অধিক মোহিনী।
অপিচ—" কেবলে শারদ শশী সে মুখের তুলা।
পদনথে পড়ে তার আছে কতগুলা, ॥

সারণালক্ষার—নদৃশ বস্তু দেখিয়া পুকাদ্ট বস্তুর যে সারণ।

> ' প্রকুল্প নলিনে অলি খেলিভেছে ছেরি। স্তুতের চঞ্চল অঁথি সদা মনে করি।'

ভান্তিমান—কবির প্রোঢ়োক্তি নিবন্ধন দৌসাদৃশ্য হেতু প্রস্তুত বস্তুকে অগ্রস্ত বলিয়া বে ভ্রম, তাহাকে ভান্তিমান্বলে।

> 'জ্যোৎস্বাজ্ঞালে দশদিক হলে ধবলিত, মুক্তা বলি নিল ফল গোপবালা যত।'

বদরী ফলকে মুক্তা ফল বলিয়া বে ভ্রম হইতেছে, উছা কবির বর্ণনায় সিদ্ধ হইয়াছে।

অপিচ, ' অভিনব বারি, স্বভাব তাহারি, নীচমুখে বেগে ধার।
কীট রজত্ব, ভাসে অগণন, পাগুর বরণ তার॥
বক্রভাবে অতি, কণি মত গতি, ক্রতগতি চলে যায়।
যত ভেককুল, ছইয়া ব্যাকুল, সভয় নয়নে চার॥

নিদর্শনা—পদার্থ দ্বরের কিয়া বাক্যার্থ দ্বরের পর-স্পার অন্বর অনুপপর হয় বলিয়া, উভয়ের মধ্যে যে সাদৃশ্য কম্পানা, তাহাকে নিদর্শনালস্কার বলে।

' কমলের শোভা হেরি ভোমার বদনে, অলির বিলাস ধরে মদীয় নয়নে '

বদনে কিরপে কমলের শোভা সম্ভবিতে পারে, অতএব কমলের ন্যায় শোভা এরপ সাদৃশ্য কম্পানা করিতে হইবেক। পরস্তু, নয়ন কিপ্রকারে অলির বিলাস ধারণ করিতে পারে, স্তুরাং অলির ন্যায় বিলাস এই অর্থ কম্পানা করিতে হুইবেক। ন্দির, 'যার বাক্যে শক্তুলা, কঠোর তপের স্থালা সহে হার এ স্থানর দেহে। কোমল কমল দল, দিয়া দৃঢ় শমীমূল, কাটিতে দে কিলে পটু মহে।'

যে কণুঋষি শকুন্তলাকে কঠোর তপস্যায় নিযুক্ত করিতেছেন, তিনিই অনারাসে কমলদল ছারা শমীরক্ষ ছেদন করিতেপারেন, এই ছই বাক্যার্থের পরস্পার অস্বয় অনুপপন্ন ছইতেছে, তরিবন্ধন শকুন্তলাকে তপোসুষ্ঠানে নিযুক্ত করা কমলদলে শমীতক্তর ছেদনের ন্যায় অসঙ্গত, এই প্রকার অর্থ কপোনা করিতে ছইবেক।

্রান্তেন্দ্ — যদি প্রস্তুত বিষয়কে অপ্রস্তুত বলিয়।

নংশয় কবির প্রতিভাদানা কণ্পিত হয়, উংশকে

নন্দেহালঙ্কার বলে ।

পদেব কি দানব, নাগ কি মানৰ, কেমনে এল এখানে । পুন্দরকে দেবাদিরপে সংশার ছইতেছে।

সপহুতি—প্রস্তুত বস্তুর প্রতিষেধ করিয়া তথ সদৃশ অপ্রস্তুত বস্তুর স্থাপন। অথবা, কোন প্রকারে একটি গোপনীর বিষয় প্রকাশ করিয়া, প্রকা-রাস্তরে উহারই আবার অপহুব।

'এ নয় নভোষওল কিন্তু সরিৎপতি।
তারকা স্তবক নহে ইহা কেণ পাঁতি॥'
অপিচ, 'শিশির বিন্দুর ছলে, উবাদেবী কুভূহলে,
কুল্বু নলিনীর ভালে, পরাইছে সাবধানে মুকুতার মালা।'

[२२ ८]

এছলে, নভোমগুল, তারকান্তবক ও শিশির বিন্দু প্রস্তুত ইছাদের প্রতিষেধ করিয়া যথাক্রমে অমুনিধি, ফেণরাজি ও মুক্তমালাকে প্রস্তুত বলিয়া বর্ণন করা হইতেছে।

'হায় সখি একি দেখি বিধাতার কল, রাঁড়া গাছে ফলিছে অকালে মিট্ট ফল। সতনী গতিনী হেরি খেদ কর মিছে, না। না। মোর মুখ ভাই পাঠে মন দিছে॥'

এছলে বন্ধ্য রক্ষের ফলোদাম বর্ণন করিয়া প্রথমতঃ বন্ধ্যা সপাত্মীর গার্ড দর্শনজাত নিজের বিষাদ প্রকাশ করিতেছে; পরে আবার মূর্থ ভ্রাভার বিদ্যানুরাগ কীর্ত্তন পূর্বক উহা টাকিমা ফেলিডেছে।

ব্যাজস্তুতি—নিন্দার ছলে স্তুতি অথবা স্তুতির ছলে নিন্দা সূচিত হইলে।

> ' খরখারে করকা বর্ষিয়া জ্বলধর, স্থাতির ছলে চুতকলি দলি লভ কীর্ত্তি মহত্তর।' নিন্দা।

' আশ্চর্যা চোরচাতুর্য্য করছ প্রকাশ '। সদা পরোক্ষে থাকিয়া, নিজ গুণ রজ্জু দিয়া, হরে লগু লোকের মানস।'

দৃষ্টান্ত-বর্ণনীয় বিষয়ের দার্টের নিমিত ভিন্ন বাক্যে তৎসদৃশ বিষয়াস্তরের বর্ণন।

> ধন্য দময়ন্তি ধন্য ধর গুণাবলী, যার বলে হরিলে নলের মন জলি।

[२२७] .

আকর্ষে জলম্বির নহরী প্রবন।
তার চেয়ে আর কি চন্তের লাঘা বল।

সমানোক্তি—অচেভন বস্তু, তির্য্যা জাতি, অথবা,
মনুষ্যনিষ্ঠ গুণে যে, মনুষ্যোচিত ব্যবহারের আরোপ
তাহাকে সমানোক্তি বলে।

' জ্বলধর কান্তা তব সোদামিনী সতী।) অচেতন বস্তুতে মহুষ্যের বাব-কণে কণে লুকায় কি হেতু মনোগতি॥' । হারারোপ। ' অষু ভারে নতভাবে, চলে মেঘদল।

শুক্কতে চাতক যাচিছে ধারাজন ॥' বর্ষাকজাতিতে ধানাজন ॥' বর্ষাক কব তব অপার মহিমা।
পরের গোরবে তুমি ধর মলিনিমা। ॥' বিশ্বতানিত ধর্মে বিশ্বতান করে প্রাম্বানিত ধর্মে ব্যাস্ত প্রামণ্ড মন্ত্রানিত ধর্মে ব্যাস্ত প্রামণ্ড মন্ত্রানিত ধর্মে ব্যাস্ত প্রামণ্ড মন্ত্রানিত ধর্মে ব্যাস্ত প্রামণ্ড মন্ত্রানিত ধর্মে ব্যাস্ত প্রামণ্ড মন্ত্রান্ত প্রামণ্ড মন্ত্রানিত ব্যাস্ত প্রামণ্ড মন্ত্রানিত ব্যাস্ত প্রামণ্ড মন্ত্রানিত ব্যাস্ত্রানিত ব্যাস্থ্রানিত ব্যাস্ত্রানিত ব্যাস্ত্র

অপ্রস্তৃত্তপ্রশংদা— অবস্থার বৈদাদৃশ্য বা দোনাদৃশ্য অথবা কার্য্যকারণভাবদম্বন নিবন্ধন অপ্রস্তুত্বস্তুর বর্ণন দ্বারা প্রস্তুত বিষয়ের প্রতীতি হইলে অপ্রস্তৃতপ্রশংদা বলে।

रेवमानुभा निवस्ता।-

' যদা পদাহত, হয় ধূলিজাত, মস্তকে চড়িরা উঠে।

অপমানে মেনি, হয় যেই জন, ধূলি চেয়ে হেয় বটে॥'

বলরাম বলিতেছেন, আমরা নরকাস্থর হইতে অপমানিত

হইয়া নিশ্চিন্ত রহিয়াছি, অতএব অধুনা পথের ধূলি অপেক্ষাও

নিজেজ হইয়া পড়িয়াছি বলিতে হইবে।

অপিচ, 'গঙূব প্রমাণ জলে, গর্কে সকরীই খেলে।'

মহাত্মতব ব্যক্তিরা ক্রোরপতি হইয়াও আড়ম্বর করেন না। মেনিভাবে কভুকি থাকয়ে জলধর॥')
অর্থাৎ দাতা ফাম্সেক ' চাতকে যাচিলে জল হইয়ে কাতর। ' বহুষত্নে পুৰিলে ও ভুজন ভীষণ। পালকের বালকেরে করয়ে দংশন॥' খল ব্যক্তি উপকারীরও অপকার করে। কার্য্য হইতে কারণের প্রতীতি।— ' হায় অকিঞ্চন আমি, তুমি বহু ধনস্বামী, এশ্বহ্যের নাহি তব শেষ। কেমনে আমার খরে, এবে অধিষ্ঠান করে, সবে সংখ নানামত ক্লেশ ॥' নিধ্ন বন্ধুর নিমন্ত্রণ অগ্রাহ্য করা কার্য্য, তদ্বারা ধনমত্তা রূপ কারণের প্রতীতি হইতেছে। কারণ হইতে কার্য্যের প্রতীতি— ' তুমি যে স্ক্রন, জ্ঞানে সর্ব্বজন, তাই ভাবি আসি হেথা। পুর উপকার, ব্রত হে তোমার, নহে ছাপা এই কথা॥ ধনীর স্ক্রনতা ও পরোপকার ব্রত কারণ; তদ্বারা যাচকের প্রার্থনা ভন্ত না করা রূপ কার্য্যের প্রতীতি হইতেছে। পুস্তুত বিষয়ের উক্তি হইলে অপ্রস্তুত-প্রশংসা ना इहेश पृष्ठी छोलक्कांत इहेरवक। यथा, ' হার। यদি এ যোর মালিকা, হয় নরজীবননাশিকা, হৃদয়ে রাখিবু এরে, কেন না নাশিল মোরে,

একি এবে নহে বিষমাখা।

এই যত সংসারের লীলা, বিধাতার শুদ্ধ নানা ছলা, গরুস হতে অমৃত, কভু এর বিপরীত,

र्देश करात्र लाटक त्थना, ॥

ত্রপান্তরনাদ—দাধারণ বস্তু হার। বিশেষের, ও বিশেষ বস্তুর হার। দাধারণের দমর্শন।

প্রসা করনা কার্য্য থৈষ্য বাঁধ হলে । সাধারণদারা বি-বিবেক বিরহে কট ঘটে পদে পদে , ॥ লেকের সমর্থন।

' দলে মিলে করিলে মহৎ কার্য্য হর। বিশেষ দ্বারাসাধা-

কৃণের সন্ততি রজ্জু হরে বাঁধে হয় ,, ॥ রণের সমর্থন।
দৃষ্টান্তে সাধারণবিশেষভাব নাই।
কাব্যলিক্ষ—এক বাক্যার্থ বা পদার্থ যদি অন্য

বাক্যাথের বা পদাথের হেতু হয়।

' ডোমার নয়ন সম,

नीम गमिन कुत्रम,

मिलिए इन नुकांतिछ।

তব বদনের ভাতি, হার প্রিয়ে নিশাপতি,

মেহজালে এখন আরত।

যত রাজহংস সব, তর্ব, স্বরে করি রব, মানস সরসে গেছে চলি।

তব সাদৃশ্য হেরিয়া, নারিয়ু থামাতে হিয়া

इक्टेरेनंव हिंति मकनि ॥

এখানে প্রথম তিন বাক্যের অর্থ 'ছুফ্ট দৈব হরিলি সকলি' এই শেষ বাক্যার্থের ছেতু। অপিচ—' তুষিতে সে নরকুল, রোপীল রমণীফুল, স্বেহ-মধু-পূরিত অন্তর।

এখানে 'মেহ মধু পূরিত অন্তর' এই শেষ পদার্থ প্রথম পদার্থের হেতু।

বিভাবনা—কবির প্রোঢ়োক্তি নিবন্ধন কারণ ব্যতিরেকে কার্য্যের উৎপত্তি কথন।

'ভূষণ ব্যতীত শোভে তবু স্ফোমল। ভয় নাহি তবু আঁখি সতত চঞ্চল॥'

যেবিন কালে এই রূপ ঘটিয়া থাকে; অতএব যেবিন রূপ কারণ: এম্বলে উহা।

বিশেষোক্তি—কারণ সত্ত্বেও কার্য্যের অনুপ-লব্ধি।

> ' গৰ্বহীন বহুখনে চাপল্য খূন্য যৌবনে, মহত্ত্বের এই ত লক্ষণ '।

় অসমত—কার্য কারণ ভিন্নাধারে অবস্থিত। হইলে।

> ি মহাত্মারে সমাদরে পূজরে সকলে। কিন্তু সমূচিত্ত জ্ঞানে গরবেতে ফুলে।

সমাদর মহাত্মাতে কিন্তু তৎকার্যা গর্বে লমুচিত ব্যক্তিতে বহিরাছে।

বিরূপ (১)—কার্ষ্যের ক্রিয়া কারণের ক্রিয়ার বিরুদ্ধ হইলে।

" প্রিয়জন হতে কড হয় স্থখোদয়। কিন্তু তার বিরহেতে প্রাণের সংশয় "॥ প্রিয়জন কারণ, বিরহ তৎকার্যা।

বিষয--- আরক্ক কার্য্য নিশ্বল হইয়া, প্রত্যুত অনর্থাপাত হইলে, অথবা বিদদৃশ বস্তুদ্যের সংঘটন হইলে, বিষয়ালস্কার হয়।

্রভাকর ভাবি পশিসু জলধি তলে। আরব্ধ কার্য্যের অসিকোথা রত্ন, উদর পুরিল লোণা জলে ,,) দ্ধি ও অনথ পিশত।
ভর্তিবের শিশু এই অত্যন্ত পেশল।
কিমনে সহিবে তব শর বজুবলু ,, ॥
সংঘটন।

বিরোধ---বিরোধের আপাততঃ প্রতীতি **কিন্তু** প্রবিদানে সামঞ্জন্য হইলে।

" অচক্ষু সর্বত্তি চান অপদ সর্ব্বত্ত গতাগতি। কর বিনা বিশ্বগড়ি, মুখ বিনা বেদ পড়ি, সবে দেন স্থাতি কুমতি ,,।

ঈশ্বরের অলে\কিক শক্তি নিবন্ধন চক্ষুরাদি ব্যতীত দর্শ-নাদি সম্ভব হওয়াতে বিরোধের সামঞ্জস্য হইতেছে।

^{(&}gt;) আলক্ষারিকেরা উহাবেও বিষমালকার বলেন। কিন্তু প্রতিপাদ্য বিষয়ের িন্তর প্রতিদ আছে, দেখিয়া ইহার মূতন নামকরণ হইল।

় সার---ক্রমশঃ অপেকাকৃত উৎকর্ষ বা নিদর্ষের বর্ণনা।

"কর্ম ভূমি ভূমণ্ডল ত্রিভুবনের সার।
কর্ম হেতু জন্ম লৈতে আশা দেবতার॥
সপ্তদ্বীপ মাঝে ধন্য ধন্য জন্ম দ্বীপ।
তাহাতে ভারতবর্ষ ধর্মের প্রদীপ॥
তাহে ধন্য গোড় যাহে ধর্মের বিধান।

ক্রমশঃ উংকর্ম।

'মনুষ্য সমাজে য়ুণ্য রূপণ ছুর্মতি। তার মধ্যে নিন্দা যেই কটুভাষী অতি। কটুভাষী রূপণ হইরে হিংসে পরে। তার সম নরাধম নাছি এ সংসারে॥'

নিকর্ম।

কারণমালা---পূর্ব পূর্ব পদার্থ পর পর পদার্থের হেতু হইলে।

'বিদ্যা হতে উপজে বিনয়, বিনয়ে সুয়শ সদ। হয়। সুয়শে সকলে তুষ্ট, সকলের ভোষে ইফ্ট,

লভে নর নাহিক সংশয়।'

স্বভাবোক্তি---পদার্থ বিশেষের প্রকৃত অবস্থার বর্ণন যদি চমংকারজনক হয়, তাহাকে স্বভাবোক্তি বলে।

> ' ধরতর বেগে রথ পিছু পিছু ধার। যাড় বাঁকাইয়া ফিরে পুন পুন চার॥ শরীরের পুর্বভাগ শরাঘাত ভয়ে। সমুখের দিগে যেন যাইছে সাঁধিয়ে॥

শ্রমেতে বিরত মুখ হতে হুই ভিত।
পড়িছে হাসের গ্রাস অর্দ্ধেক চর্ব্বিত।
দেখ দেখ দীর্ঘ লক্ষে এই ক্রফ্রসার।
ভূমি হতে খূন্যেতে ধাইছে বহুতর।'
অপিচ—' পাখিসব, করে রব, রাতি পোছাইল।'
অভেদ—(১) আধেয়কে আধার হইতে অভিন্ন

' ধিক্ মোর জন্মে ধিক্, নারীর জনমে ধিক্, চপলতা তুমি মূর্ত্তিমতী।'

চপলতার আধার নারী, চপলতা হইতে অভিন্ন বর্লিয়া বর্লিত হইতেছে।

অপিচ—'রাজ্যের ভরসা এ যে রয়ুকুল আশা।

বনমাঝে হিংঅজন্ত সনে করে বাস।।'

অভেদালঙ্কারেও এক বস্তুতে অন্যের আরোপ হয়, কিন্তু রূপকের ন্যায় উপমান উপমেয় ভাব থাকে না।

ভাবিক—পরোক্ষ-স্থিত বস্তুর সমক্ষে উপস্থিত বলিয়া বর্ণন, অথবা যে বস্তু অতীত বা ভবিষ্যতে সম্ভব-নীয়, উহার বর্ত্তমানবৎ বর্ণন, হ**ইলে ভা**বি-কালস্কার হয়।

জৰ্মাণ হুৰ্গেতে হয়ে ৰুদ্ধ, যেন শ্যেনপিঞ্চরে আবদ্ধ।
কহে সকৰুণ অৱে, সম্বোধি প্রাণ-প্রিয়ারে

ক্রান্দপতি শোকানলে দয়॥

^{। &}gt;), আলঙ্কারিকেরা ইহাকেই ছেবলকার নামে নির্দেশ করেন।

ইয়ুজিনি প্রাণ-সরোজিনি, দেখ দশা মোর মনস্থিনি। তবরবি এ অকালে, চলে চির-অক্টাচলে.

শোকে রোগে আকুলপরাণী ॥
স্মৃতি দিয়া অতীতের দ্বার, খুলি দেখি একি চমৎকার;
বীরেন্দ্র দিয়াছে বার, পারিষে ভূপ অপার,

মেলানী মাগিছে বারম্বার।
হেন মোর মহা রাজধানী, মেদিনীর দীপ্ত শিরোমণি,
কম্পানায় এবে হেরি,
জয়দ্প্ত যোর অরি,

कोए लुटिइ मत्व श्रांन।

মহারাণী ইয়ুজিনী তৎকালে ইংলণ্ডে অবস্থিত। হইলেও, তুঁছাকে সমুখবর্তিনীর ন্যায় বোধ করিয়া সম্বোধন করা হই-তেছে। 'মেলানী মাগিছে' এই বর্ত্তমান ক্রিয়া দ্বারা অতীত দ্বটনার বর্ণন হইতেছে; এবং 'হঠাৎ লুঠিছে' এই বর্ত্তমান ক্রিয়া দ্বারা ভবিষ্যতে সম্ভাব্য যে ঘটনা উহার কীর্ত্তন হইতেছে।

इन ।

৪০৬। বর্ণ-দংখ্যার কিয়া মাত্রা-দংখ্যার কোন এক নিয়মিত পরিমাণ বা বিভাগ অনুদারে পদা-বলীর যে আর্ত্তি, তাহাকে ছন্দ বলে।

৪০৭। ছন্দ ছই প্রকার আমিত্রাক্ষর ও মিত্রাক্ষর।
৪০৮। অমিত্রাক্ষর ছন্দ পরারের প্রকার ভেদ,
বিশেষের মধ্যে ইহাতে চরণের অস্তে মিল থাকে না,

এবং প্রস্থার যেখানে ইচ্ছা বিরাম করিতে পারেন। যথা,

> 'কহিলা কুমার ' যাব বশিষ্ঠ আশ্রমে সহসা হইল মন। শুনিতে লালসা বংশের কীর্ত্তন গান। দৃষ্টি যেন থাকে চারিদিকে আপনার। আদেশ ধরিয়া শিরে, গোলা পাত্রবর বিদার লইয়া অবিলম্বে। হেনকালে রথ সজ্জা করি উপস্থিত স্ত্তশ্রেষ্ঠ স্থমন্ত্র সার্থী।'

৪০৯। মিত্রাক্ষর ছন্দে হর শুদ্ধ চরণের অস্তে, না হ্র চরণ ও পদ উভয়ের অস্তে, দিল থাকে। তোটক প্রারাদি ছন্দে কেবল চরণের অস্তে মিল; ত্রিপদী মালবাপে প্রভৃতি ছন্দে চরণ ও পদ উভয়ের অস্তেই মিল থাকে। যথা,

> 'কাড়ি নিল মৃগমদ নক্তৰ-হিলোলে। কাঁদে রে কলন্ধী চাঁদ মৃগ লয়ে কোলে'॥

' অভিনৰ বারি, স্বভাব তাহারি, নীচ মুখে বেগে ধার। কীট রজ তৃণ, ভাদে স্বরণনা, পাগুর বরণ তার'॥ ৪১০। মিল ত্রিবিধ উত্তম, মধ্যম ও অধম। ৪১১। যেস্থলে কোন এক চরণ বা পদের চরম ব্যঞ্জন বুর্ণ, তৎপূর্কবৈর্দ্ধী স্বর ও তৎপারবন্তী স্বর এই তিন বর্ণের সহিত অন্য চরণ বা পদের জন্তন্থিত সেইরূপ আর তিনটি বর্ণ পরস্পার মিলিয়া যায়, তাহাকে উত্তম মিল বলে। যথা,

> 'বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়'।

এছলে প্রথম চরণের চরম ব্যঞ্জন বর্ণ য়কার, তৎপূর্ব্ববর্তী স্বর আকার এবং তৎপরবর্তী স্বর অনুচ্চারিত অকার, দ্বিতীয় চরণের অন্তেও অবিকল এইরপ বর্ণত্রয় আছে, অতএব উত্তম মিল হইয়াছে।

অপিচ—' খলের ছলের প্রেম জলের লিখন,

ক্ষণেকে মিলায় স্থিতি নাহি কদাচন॥'
'পাখি দব করে রব রাতি পোহাইল।
কাননে কুস্থম কলি দকলি ফুটিল॥'
' কি ছার মিছার কাম ধনুরাগে ফুলে
ভুরর সমান কোথা ভুরভঙ্গে ভুলে'॥

' রথ হস্তী আর, কি কাজ তোমার, যে রুড়া বলদ আছে। তোমার যেগুণ, কব কোটি গুণ, আমি মেনকার কাছে॥'

• ৪১২। যদি এক চরণ বাপদের অত্তেকোন স্বরকঃ
নাথাকে, এবং অন্য চরণ বাপদের অত্তে অনুস্কারিত
কার থাকে, তাহা হইলেও মিল উত্তন হইবে।
যথা:

' সবে হেরি যত্ত্বান। ইন্দ্র হৈলা আগুয়ান।' ' সকলে বাঁটিয়ালও কিঞ্চিৎ কিঞ্চিৎ। সাবধান কেছ যেন না হয় বঞ্চিত ।।

৪১৩। চর্ম ব্যঞ্জনবর্ণ আকারে বিভিন্ন হইয়া, যদি উচ্চারণে অভিন্ন হয়, তাহা হইলেও মিলকে উত্তম বলিতে হইবে। যথা,

' দেখিয়া কৈলাস, শশি পরকাশ, তুষ্ট হৈল তার মন।
রম্য এইদেশ, জানি সবিশেষ, যথা ফেরে দেবগণ '॥

858। চরম ব্যঞ্জনবর্ণের পরবন্তী বা পূর্ববর্তী ইবর্ণ বা উবর্ণ একে দীর্ঘ এবং অন্যে হ্রস্ব ইইলে ও মিলের উংকর্ষ অব্যাহত থাকিবে। যথা,

'পরে সব জানি, হরে অভিমানী, কহে খেদে ধারে ধারে। একি অপরপ, হেরি হে মধুপ, কেন আজি যাও ফিরে'॥ অপিচ, ক্রোধে কহে ভীম,প্রতিজ্ঞা আদিম,জানে মোর জগজনে। করিকর গুৰু, তোর এই উরা, ভাঙ্গি খেদ যাবে মনে॥'

৪১৫। যদি চরম ব্যঞ্জনবর্ণের পূর্ববেডী স্বর ভিন্ন ভিন্ন চরণে বা পদে ভিন্ন ভিন্ন হয়, তাহা হইলে মিল মধ্যম হইবে।

'যত যুদ্ধ হয়, উভরড়ে ধায়, কামানের খোর স্থনে।
চমূচর যত, হয়ে অতি ভীত, আঅপর নাহি চিনে॥
সেমানী অবাধে, সঙ্গে কত যোগে, লইয়ে পলায় বেগে।
কেলা মাঝে পশি, আপনারে দূযি, বিলপিছে হুপ আগে '॥
উপরি স্থিত উদাহরণে ব্যঞ্জনবর্ণের পূর্বস্থিত স্থর একরপ
নয়।

৪১৬। অথবা,যদি চরমবর্ণ সংযুক্ত হইয়া আকারে না মিলিয়া,উচ্চারণে প্রায় একরপ হয়,তাহা হই লও মিলকে মধ্যম বলিয়া গণ্য করিতে হইবেক।

'যার বৃদ্ধি পরিপক্ক, বুঝিয়া সে বলে বাকা।

যদি হয় গাণা, ধনেতে সম্পন্ন, গারবে না হয় শাকা॥

ধরয়ে ধৈর্যা অক্ষযা, নহে কভু নিরলজ্ঞ।

দায়েতে অবদ্ধ, ছলে নহে মুয়, ধূর্ভ সঙ্গ করে তাজা॥,

এই উদাহরণে অন্তস্থিত হুই হুইটী সংযুক্ত বর্ণ আকারে

বিভিন্ন, কিন্তু উচ্চারণে প্রায় একরূপ।

৪১৭। যেখানে বর্ণের প্রথমবর্ণে ও দ্বিতীয়বর্ণে,
তৃতীয়বর্ণে ও চতুর্থবর্ণে, নকার বা নকারেও মকারে,
রকারে ও ড়কারে, সংযুক্ত বর্ণে ও অসংযুক্ত বর্ণে এবং
উচ্চারণ বিষয়ে কিঞ্চিৎ পরিমাণে তুলা সংযুক্ত বর্ণদ্বয়ে, পরস্পর মিল হয়, তাহাকে অধম মিল বলে।
ক্রমশঃ উদাহরণ—

' লইয়া তাহারে সাথ, তবে চলিলা পশ্চাৎ।'
গণি পরমাদ, নাছি করে সাধ, সাধিতে এবে সে বাদ।
পরে দীর্ঘ শ্বাস ছাড়ি, ধীরে ধরি কর তারি,
বলে বিধি বাম, মোর ধন মান, সকলি হরিলা চক্রী।
মোর যত মিত্রগণ, সবে হয় নরাধম,
একা তুমি গাতি, তুমি মোর শক্তি, তুমি জান মোর মর্ম॥

তারা সবে করে তর্ক, যদি কহি দীন বাক্য।
মম হুখে খিন্ন, হয়ে দয়াপূর্ণ, কে করিবে মোরে লক্ষ্য।
কেমনে করি হে সহ্য়ে মন যে মানে না ধৈর্য।
হা প্রভু জীক্ষ্য, দেখ মোর কঠা, মস্তকে পড়িল বজু॥

৪১৮। কোন কোন স্থলে কেবল চরম স্বরবর্ণে স্বরবর্ণে মিল থাকে, উহাও একপ্রকার অধ্য মিল।

8১৯। মিত্রাক্ষরছন্দে মিল নানা প্রকারে হইতে পারে। যথা, অব্যবহিত, একাত্ররিত ও দ্বয়ান্তরিত।

> 'অতি স্বচ্ছতরা তব সে তটিনী। অব্যবহিত মিল। জনজাত লতা বলিতে মলিনী॥

মলর পর্বত হতে বহে সমীরণ,
পুষিত করত অঙ্গ কোমল তরঙ্গে
অন্তরেতে শান্তিপুথ করে বিতরণ
মবীন জীবনবাহি যেননানারক্ষে॥

'কি বলিছ মূহস্থনে ওছে সহকার! হুঃখ ঢাকি কি হইবে প্ৰল প্ৰকাশিয়া। মাধবীরে হারাইয়া যদি কাঁদে হিয়া, কি কারণে দুকাইছ নিকটে আমার॥'

ছন্দ আরও তিন প্রকার; মাত্রারন্তি, বিমিশ্রার্তি ও অক্ষরার্তি। মাত্রার্তিও বিমিশ্রার্তি ছন্দ দং-ক্ত মূলক, এবং বান্ধালা ভাষার প্রকৃতির পুায় অসুকৃল হইয়া উঠেনা।

মাতারতি।

৪২০। লঘু স্বরে এক মাত্রা ও গুরুস্বরে হুই মাত্রা এবং পদাস্কত্তিত লঘু স্বরে বিকশেপ হুই মাত্রা হুইয়া থাকে এরূপ পরিগণনা করিয়া যে ছন্দ রচিত হয়, তাহাকে মাত্রারতি কহে।

পজ্বটিকা—ধোড়শ মাত্রাযুক্ত।

' শশিশেশর শিষশস্তু শিবেশ। কমলাকর কমলা হিত বেশ॥'

বিধুমালা-দশমাত্রাযুক্ত।

বিভূ কৰুণানিধান। করিব তব গুণগান।
কিন্তু নাছিক শকতি। এজন বিহীন মতি।
মাত্রা ত্রিপদী—ছই প্রকার। মধুমত্রী—প্রথম
ও দ্বিতীয় পদে আট আট মাত্রা এবং তৃতীর পদে
দ্বাদশ মাত্রা।

' ঝন ঝন কম্বণ,

সূপুর রণ রণ.

খুনু খুনু খুজ্বুর বোলে। লট পট কুন্তল, কুণ্ডল ঝল মল,

পুলকিত ললিত কপোলে॥

ভাবিনী—প্রথম ও তৃতীয় পদে দাদশ মাত্রা এবং দিতীর পদে অই মাত্রা।

' আগত সরস বসন্তে, বিরহি হুরন্তে, শোভিত বন্ধরি জালে। পরিমল মলর সমীরে, কুঞ্জ কুটারে, বছতিজ কোমল ভারে॥' মাতা চতুপদী বা উদ্দীপনী। প্রথম তিন পদে
ভাট জাঁট মাতা এবং চতুর্থপদে হর মাতা।

'হে শিব মোহিনি, শুল্জ নিস্দানি,

দৈত্য বিষাতিনি, হঃখ হরে।'
ভাগ্যা—প্রথম ও তৃতীয় পদে দ্বাদশ মাতা।
দ্বিকত নয়ন কদাকার, জনমের ঠিকানা জানা ভার।
উলক্ষের কিবাধন, হরে নাহি বরের উচিত গুণ।

বিমিশ্রারতি।

৪২১। যে সকল ছন্দে যেমন স্বরের লঘুত্ব ও গুরু-ত্বের পরিমাণ আছে, তেমনি অক্ষর সংখ্যার ও নিয়ম আছে, তাহাদিগকে বিমিশ্রারতি কহে। অমুষ্টুপ—পঞ্চম লঘু, ষষ্ঠ গুরু এবং সপ্তম লঘু (১) এরপ অফ্টাক্ষরারতিঃ।

'ধার বীর হরা করি। যেন উশ্বন্ত কেশরী। ক্রোধে কাঁপে কলেবর। যথা বাতে লভাকর।' গজগতি—৪থ'ও ৮ম গুরু এমত অফীক্ষণে রুছি।

> ' অবিনয়ে গুৰুজনে। তুখ করে কতমনে। প্রাণয় সাধন বলে। সতত তুফী সকলে।'

⁽১) সংস্ত অনুষ্পু ছদে কেবল দ্বিতীয় ও ভূতীয় চরণেরই সংখন আক্ষেল্যু: কিন্তু বালালা ভাষায় সেরপ হইলে মনোরম হয় না।

ক।মজালিকা— १ম ও ৯ম গুরু, জবশিষ্ট লঘু এরপ নবাক্ষর রুভি।

'মন কুমুদ বিকাশিনী। সকল হখ নিবারিণী।

শ্বিত লব কচিরাননা। নরন হরিণলাঞ্চনা।'
প্রুতগতি—১ম, ৪র্থ, ৭ম ও ১০ম গুরু, এ
প্রকার দশাক্ষণা রুদ্ধি।

' অজ জনে যদি রোষ কর। বিজ্ঞ তবে শুধু নাম ধর॥'

ক্রতগতি—৫ন, ও ১০ গুরু, এরপ দশাক্ষর। রবি।

> 'কত যত্নে রতন মিলে। অপটু জনে, কি হয় দিলে॥'

তোটক---৩র, ৬ঠ, ১ম, ও ১২শ গুরু, অবশিক লঘু এরূপ দাদশাক্ষা হতি।

> প্রের স্থার, কাতর মানস হে। তব সে সব চাক কটা বিরুচ্ছে।

· ভুজকপ্রয়াত—১ম, ৪৭, ৭ম ও ১ • লমু, অব-শিষ্ট গুরু এরপ ছাদশাক্ষরা রভি।

' বিক্লা দক্ষযভে সবে যজ্ঞ নাশে।

কথা না সরে দক্ষরাজে তরাসে॥'

তুণক—প্রথমটি গুরু, গরেরটি লঘু এরূপ পঞ্চ-দশাক্ষরা রভি। ' ভূতনাথ ভূতসাথ দক্ষমজ্ঞ নাশিছে। শ্ৰেডভাগ সামূরাগ অট্ট অট্ট হাসিছে॥'

অক্রার্ডি।

৪২২। অক্ষর (১) দংখ্যার কোন নিয়মিত পরিমাণ অনুসারে পদাবলীর যে আর্ডি, উহাকে অক্ষরা-রতি হন্দ বলে।

অক্ষরাহতি হন্দ বাঙ্গালা ভাষার প্রাকৃতির অনুরূপ এবং দ্যক্ষর ত্যক্ষর গণে রচিত।

পদ্যে পদ-যোজনার সৌকর্য্য সম্পাদন জন্য কেবল হুইপ্রকার মৌলিকগণ স্বীকার করা যায়; দ্যক্ষরও ত্রাক্ষর।

যাবতীয় পদই **দ্যক্ষ**র বা ত্র্যক্ষর অথবা উভয়বিধ-গণের সমষ্টি বলিয়া বিবেচনা করিতে হইবে। **হইটি** একাক্ষর পদে এক**টি দক্ষের** গণ হয়।

্ হুইটি একাক্ষর পদে একটি দ্বাক্ষর গণ হর। একা-ক্ষর পদ দ্বাক্ষর পদের সহিতে মিলিত হইয়া একটি

⁽১)ইহা জানা আবশ্যক যে, কি বিমিগ্রারতি কি আক্ষরারতি ছল উভয় স্থানে কেবল ব্যক্তন্বর্থের সংখ্যাই ধরা যায়; স্বর্থের গণনা করা হয় না!

ত্রাকর গণ হয়, এবং ত্রাকর পদের সহিত যুক্ত হইলে, দুইটি দ্যক্ষর গণে পরিণত হয় (১)।

> 'দেখি ছে ভোমার একি, সেজিন্য অশেষ। কে করিবে ভোমা প্রতি, এবে কোপলেশ ॥'

চতুরক্ষর পদ হইটি দাক্ষরগণে বিভক্ত, পঞ্চাক্ষর পদ একটি দাক্ষর ও একটি ত্রাক্ষরগণে বিভক্ত? ষড়ক্ষর পদ হইটি ত্রাক্ষর বা তিনটি দাক্ষরগণে বিভক্ত বলিয়া বিবেচনা করিতে হইবে। যথা,

' সকলে করিয়াছিল যাহাদের মান।

কি রূপেতে তাদের, দেখিবে অপমান ।।

দেখিয়াছিলেন তারে, পূর্ব্ব পুণাবলে।

मूनीख नांशांत्र याद्य, शांत्न वक्कांत्न॥

পদ্যের চরণ বা পদ কেবল দ্ব্যক্ষরগণে অথবা কেবল ত্র্যক্ষর গণে প্রথিত হইতে পারে। যথা,

⁽১) যে করেক পদে সমাস হয়, সমস্ত পদ দেই কয়েক মৌলিকগণে বিজ্ঞ বলিয়া পরিগণিত হইবে। কিন্তু সমাসের অন্তর্গত একাক্ষর পদ উপরিউঞ্জ নিয়মে দাক্ষর বা ক্রাক্ষরগণে পরিণত করিতে হইবে।

^{&#}x27;ছরিণ নয়ন কান্ডি হেরি এ নয়নে।

इन्हीबद्र श्रू शहाक भद्राक्षय गास्त्र ।।

श्वकतक मंगित्रम बहुम विकारण।

হেরি সরসিজ জনে সভয়ে প্রবেশে ঃ

'চল সুখি ঘাই, কেলি কুঞ্জবনে। বেখানে পাইব, গোকুল রতমে।'

যে পদে উভয়বিধগণের সমাবেশ আছে, তথায় আগ্রে ত্রাক্ষরগণ পরে দ্বাক্ষর গণ [১] বসাইতে হইবে, নতুবা ছন্দের লালিত্য থাকিবেক না। যথা,

'শুনিয়া রাণীর বাণী, করে কাণ্যকাণি।'
'হেরিয়া ভূপের রূপ, মোহিত অন্তর।'
ইহার পরিবর্তে—'বাণী শুনিয়া রাণীর, করে কানাকাণি।'
'রূপ ভূপের হেরিয়া, মোহিত অন্তর।'

এইরপ পদ বিন্যাস করিলে, ছুদ্দঃপতন হইবে। পরস্তু যেশ্ছলে জোড়া জোড়া পদের প্রয়োগ হয়, তথায় উক্ত নিয়ম খাটে না। যথা,

'ভाष्ठे मूट्य अभिक्रा, विमान समान्धत ।'.

এখানে প্রথমে হুইটি দ্বাক্ষর গণ, পরে হুইটি ত্রাক্ষরগণ বসি-রাছে: তথাপি ছন্দোভঙ্গ হইতেছে না। অপিচ—'হার রে বিধাতা নিদাকণ, কোন্ দোবে হ^ইলি বিগুণ,

আগৈ দিয়া নানাত্ৰ, মধ্যে দিন কত সুধ,

শেষে হুখ বাড়ালি দ্বিগুণ॥

এখানে দ্বিতীয় ও শেষ পদে প্রথমে এক জ্বোড়া দ্ব্যক্ষরগণ রহিয়াছে; তরিবন্ধন ছন্দের লালিত্য নফ হয় নাই।

⁽১) দিগক্ষরা, প্রমালিকা ও মাল্ডী এই ভিনি ছ্লে কদাচিং এই নিয়মের রুভিচার দৃষ্ট হয় !

কৈন্ত জ্বোড়া ভালিলে উক্ত দোষ ঘটিবে। যথা,
'শুনিয়া ভাটমুখে বিদ্যার সমাচার।'
হায়রে বিধাতা নিদাকণ, হইলি কোন দোষে বিগুণ,
আগো দিয়া নানা হুখ, মধ্যে দিন কত স্থা,
বাড়ালি শেষে হুখ দিগুণ।'

অক্ষরারতি ছন্দে যতগুলি অক্ষর অর্থাৎ ব্যঞ্জনবর্ণ থাকে অন্ততঃ উহার অর্জেকবার ধন্যাঘাত ট্র হওয়া উচিত; যেমন পরারের প্রতিচরণে চোন্দাটি করিয়া অক্ষর থাকে, তদমুসারে এইছন্দে ধন্যাঘাত সাতবারের কম হইতে পারে না, অর্থাৎ যে সকল স্বরবর্ণের উচ্চারণ হয়, উহার সংখ্যা সাতের ক্ম হইতে পারে না, কারণ যত স্বরবর্ণ উচ্চারিত হয়, ধন্যাঘাত ও তত বার হইয়া থাকে। যথা,

রাজা বলে গোঁসাই বাসার আজি চল ।(১) এই চরণে বার বার ধন্যাঘাত হইতেছে। কথার পর্বতি কিন্তু কার্য্যে তিলাকার।

এন্থলে যে সকল স্বরবর্ণ উচ্চারিত হইতেছে, উহাদের সংখ্যা ১১, স্কুতরাং ধন্যাঘাত ও এগার বার হইতেছে।

ভাক্ হাক্ ঢাক্ ঢোল্ মাল্ সাই সার !

এখানে সাতবার ধন্যাঘাত হইতেছে; কারণ কেবল সাতি স্থির উচ্চারিত; এই ছন্দে উহার কম থাকা অসম্ভব।

পরন্ত অক্ষরাস্থৃতি ছন্দে যতগুলি ব্যঞ্জনবর্ণ থাকে, ধন্যাঘাত,

⁽ ১) এই नकल जात्कर बाता भानाचारण्य क्रम स्विष्ठ स्ट्रेस्टिह।

অর্থাৎ উচ্চারিত স্বরবর্ণের সংখ্যা উহার অধিক হইতে পারে না। যথা

১২৩। ১১১৮ > ১০১১১১৬১৪ করা যাবে উপযুক্ত কালি যেব। বল ।

এন্থলে স্পষ্ট প্রতীত হইতেছে যে পরার ছন্দে চেদি অপেক্ষা অধিক ধন্যাঘাত হইতে পারে না। এইরপে অন্যান্য অক্ষরা-রন্তি ছন্দে ও ধন্যাঘাতের নিরম হইয়া থাকে।

যাবতীয় অক্ষরারতি হন হই চরণে বিভক্ত।

উভয় চরণে জক্ষর-দংখ্যা দদান হ**ইলে, দ**ম-্রুত্ত বলে, এবং বিভিন্ন হ্ইলে বিষমর্ত হয়। পয়ার ত্রিপদী প্রভৃতি দমর্ততঃ ও ভঙ্গ-পয়ার, ভঙ্গ-ত্রিপদী প্রভৃতি বিষমর্ত।

প্রতি চরণে হই, তিন বা চারি পদ থাকে ; তদ-সুসারে পদ্য, দ্বিপদী, ত্রিপদী, ও চতুম্পদী এই ত্রিবিধ হয়।

षिशमी।

৪২৩। দ্বিপদী ছন্দে যেখানে যতি পড়ে, দেই-খানেই পদচ্ছেদ হয়; প্রতি পদে নিয়ত অক্ষর সংখ্যা সমান থাকে না, এবং একপদ অন্য পদের সহিত মিত্রাক্ষরে মিলিত হয় না।

দিগক্ষরা—প্রতি চরণে দশ দশ অক্ষর থাকে, এবং পঞ্চন বা ষষ্ঠ অক্ষরের পর যতি পড়ে। 'ঘন গজ্জন, শুনি সম্বে। নাচিছে হর্বে, ময়ৄরগণে॥ রাজহংস যত; সরোবরে। স্থাত অন্তরে, কেলি করে॥'

একাবলী—প্রতি চরণে একাদশ অক্ষর থাকিলে এবং ষষ্ঠ বা পঞ্চম অক্ষরের পর যতি পড়িলে হয়।

> ' উষাতে কোমুদী, হয় মলিনী। নিদাঘে সানা, যেন কমলিনী॥'

অথবা দ্বাদশ অক্ষর থাকিলে এবং ষষ্ঠ বা সপ্তম অক্ষরের পর যতি পড়িলেও হয়।

' অন্তর্গত হয়, যবে নিশাপতি।

মহীকে কি উজালে, খন্যোতভাতি॥'
ক্রচির্গ—ত্রয়োদশ অক্ষরে রচিত, এবং ষষ্ঠ বা
সপ্তম অক্ষরের পর যতিবিশিষ্ট।

'পারমার্থ ভাবি, যে জন কার্য্য করে, অনায়ানে ভবের, যাতনা নে ভরে।

় পরার—চতুর্দ্দশ অক্ষরে রচিত এবং সপ্তম বা অফাম অক্ষরের পর যতিযুক্ত (১)।

^{(&}gt;) কোন স্থলে ষ্ঠ আক্ষেরের পর ও ষতি দেখা যায়, কিন্তু উহা মনোর শহরে না। 'রজাকর ভাবি, পশিন্ত জলধিতলে, দুরে রের গেলে, উদর ভরিল কলো।'

'কতক্ষণ জলের, তিলক থাকে ভালে।

কতক্ষণ থাকে শিলা, শূন্যেতে মারিলে॥'
রঞ্জিল পয়ার(১)—যে পয়ারের চতুর্থাক্ষর অন্তম্নক্ষরের সহিত মেলে।

'দেখ দিজ, মনসিজ, জিনিয়া মূরতি। পদ্মপত্ত, যুগ্মনেত্ত, পরশয়ে শ্রুতি॥' ভঙ্গপয়ার—প্রথম চরণে মিত্রাক্ষরে মিলিত পদদ্বয়ে জাট আট অক্ষর এবং দ্বিতীয় চরণে চতুদ্দ'শ অক্ষর।

'পণে জাতি কেবা চায়, পণে জাতি কেবা চায়। প্রতিজ্ঞায় যেই জিনে সেই লয়ে যায়।' হীনপদ প্রার—প্রথম চরণে আট তাক্ষর ও দ্বিতীর চরণে চতুর্দিশ অফর।

' তব উপদেশ বাণী।

অন্তরে জাগিছে মোর, দিবদ রজনী।'
মালতী—পঞ্চদশ তাক্ষারে রচিত, অফম তাক্ষারের
অত্তে যতি, এবং চতুর্দিশ ও পঞ্চদশ উভয় তাক্ষারের
মিল থাকে।

'কেন না শুনেছি পুরা, তিনলোকে কয় ছে। জলেতে কাটয়ে জল, বিষে বিষক্ষয় ছে॥' কুসুমমালিক†—যোল ভাক্ষরে এথিত এবং তাই-মাক্ষরের পর যতিমুক্ত।

^{(&}gt;) अहे इन्तरक अक अकात नव् जिल्ही विनित्न अहत ।

' হরিত প্রান্তরে শোভে, কত স্থান্ধি শেকালী। হেরিয়া পুলকে পূর্ণ, হল মোর মন অলি॥'় পদ্মালিকা—সপ্তদশ অক্ষরে রচিত এবং নবম অক্ষরের পর যতিযুক্ত।

'মোহন রপরাশি তব, আছে অন্তরে অহিত।
শোভিছে চন্দ্রবিষ যেন, হয়ে সর্ত্যে পতিত।'
পুষ্পাপুঞ্জিকা—ভ,ফ্টাদশ অক্ষরে রচিত এবং অষ্টমাক্ষরের পর যতিয়ুক্ত।

' অপূর্ব্ধ প্রণার তব, বসন্তের সনে বস্থমতি, সাজ তুমি নানা সাজে, হয়ে পুন নবীন যুবতি।' ' কুন্দমালিনী—বিংশতি জক্ষারে রচিত ও দ্বাদশ জক্ষারের পর যতিযুক্ত। রথা,

> প্রধার সমুদ্র সমুখে দেখিরা, আইমু আপন স্থাে। কে জানে খাইলে গারল হইবে,পাইব এতেক ছুখে।

जिशनी।

8২৪। ত্রিপদী ছন্দে পদে পদে ও চরণে চরণে মিত্রাক্ষর হয়।

লঘু-ত্রিপদী—প্রথম ও দ্বিতীর পদে ছয় ছয়.ত.ক্ষর এবং শেষ পদে আট অক্ষর।

> ি নিবের সম্বন্ধ, করিয়া নির্বন্ধ, আইলা নারদমুনি। ক্মললোচন, আদি দেবথাণ, প্রম আনন্দ শুনি॥

তরলত্রিপদী---প্রথম ও দ্বিতীয় পদে হর হর অর্কর এবং শেষ পদে নয় অক্ষর।

'শুনি সবিশেষ, করিলা প্রবেশ, হাতে স্বর্গপ্রায় পায় রে। কহিছে মদনে, হপের সদনে, দেখিবে চল তথায় রে॥' অথবা, প্রথম ও দ্বিতীয় পাদে সাত সাত সক্ষর ও তৃতীয় পাদে দশ অক্ষর।

'বসন্ত ঋতুরাজ, করিয়া রাজসাজ, আপনি ধরামাঝ আইল। পিকের কুহুস্থনে, ভূলের গুণ গুণে, বনছলী সকলি পূরিল। দীঘ ত্রিপদী—গ্রথম ও দ্বিতীয় পদে আট আট অক্ষর এবং শেষ পদে দশ অক্ষর।

' ভবানীর কটুভাষে, লজ্ঞা হৈল ক্লভিবাসে, ক্ষুধানলে কলেবর দহে। বেলা হৈল অভিরিক্ত, ্ পিতে হৈল গলা ভিক্ত, রন্ধ লোকে ক্ষুধা নাছি সহে॥'

ভদ্পন্য ত্রিপদী—প্রথম চরণে আটঅক্ষর যুক্ত ছই পদ থাকে; কিন্তু দিতীয় চরণ স্বাভাবিক।

' ওরে বাছা ধূমকেতু, মা বাপের পুণ্য হেতু।
কেটে ফেল চোরে, ছাড়ি দেহ মোরে,

ধৰ্মের বাদ্ধহ সেতু ॥'

হীনপদা লযু ত্রিপদী—প্রথম চরণে আট জক্ষর যুক্ত এক পদ থাকেঃ কিন্তু দ্বিতীয় চরণ স্বাভাবিক।

[२०५]

' वट्ड मांक्ड महत्री।

অন্ধ প্রদক্তি, প্রাণ উচ্ছদিত, অন্তর স্থাতি করি।' ভঙ্গদীয় ত্রিপদী—প্রথম চরণে দশ অক্ষরযুক্ত হুই পদ থাকে; কিন্তু দ্বিতীয় চরণ স্বাভাবিক।

' হাররে বিধাতা নিদাকণ, কোন দোবে হইলি বিগুণ। আগে দিরা দানা হুখ মধ্যে দিন কত সুখ। শেষে হুখ বাড়ালি বিগুণ।'

হীনপদা দীঘ তিপদী—প্রথম চরণে দশ অক্ষরযুক্ত এক পদ থাকে ; কিন্তু দ্বিতীয় চরণ স্বাভাবিক।

'কছে লক্ষী শুন গোঁরীপতি। কহিতে না বাক্য সরে, অন্ত নাছি মোর হরে, আজি বড় দৈবের হুর্গতি॥'

লঘু ললিত—প্রথম হুই পদে হয় ছয় অক্ষর, শেষ পদে একাদশ অক্ষর ও হয় অক্ষরের পর যতি। 'নয়ন কেবল, নীল উৎপল, মুখ শতদল, দিয়া গড়িল। কুন্দেদন্ত পাঁতি, রাধিয়াছে গাঁখি,

अध्दत्र नवीन, शख्य निम।'

দীব লিত—প্রথম ছই পদে আট আট অক্ষর এবং শেষ পদে পঞ্চদশ জক্ষর ও অইম অক্ষরের পর যতি।

> 'বিধৃত কলঙ্কী বলে, কলঙ্ক ধরেছে গলে, আমি মলে ডার আর, কি অধিক পুরিবে।

ভূজদের দলে থাকা অকে তার বিষ-মাখা, শৈ চন্দনে দৈল দেহ, কেবা তারে কবিবে।' যিশ্র ত্রিপদী—এই ছন্দ নানা প্রকার হইতে পারে, দিঙ্মাত্র প্রদর্শিত হইয়াছে।

'মেনিত্তি আঁষার নাশি, বদনে থাদোর রাশি, পুলকিত কায়ে নাচিল আশা। নয়ন যুগলে, এফ্ছুডা জুলে।

দূরপানে দেখি, স্থাের বাসা ।। এই ছন্দে শেষ পদ একাবলীর নিয়মে রচিত।

অপিচ—''আশ্চর্য্য চাতুর্য্য করহ প্রকাশ। সদা পরোপক্ষে থাকিয়া,

নিজগুণ রজ্জুদিয়া

रदा नं लांदकत मानन।

क्रें इत्म क्षथम ठत्रन भग्नात् ७ विजीम ठत्रन जिलमी।

ठकुन्मनी।

৪২৫। চতু পদী ছন্দে ত্রিপদীর মত মিত্রাক্ষরাদির নিয়ম। বিশেষের মধ্যে এই, অস্ত্রাপদ অন্যান্য পদ অপেক্ষা সচরাচর অপ্যাক্ষর যুক্ত হয়।

মালবাপ—প্রথম তিন পদে চারি অকর ও শেষ পদে পাঁচ অকর থাকে।

> 'কোতোয়াল, যেন কাল, খাঁড়া ছাল, ঝাঁকে। ধরিবাণ, ধরশান, ছান ছান ছাঁকে ।

লঘু চৌপদী—প্রথম তিন পদে ছর ছয় অকর ও শেষ পদে পাঁচ অক্ষর থাকে।

> 'গুণ যোগ্য মান, যদি লোক স্থান না পাইরা সান, তোমার মুখ। তব গুণ ধনে, জানে কত জনে ভাবি দেখ মনে, ছাড়িয়া হুখ।। '

দীর্ঘ চতুষ্পদী—প্রথম তিন পদে আট আট অক্ষর, ও শেষ পদে ছয় অক্ষর থাকে।

> 'মিছা দারা স্থত লরে, মিছা স্থাধ স্থী হরে, যে রছে আপনা কয়ে, সে মজে বিষাদে। সত্য ইচ্ছা ঈশ্বরের, আর সব মিছা ফের, ভারত পেরেছে টের, গুৰুর প্রসাদে॥'

হীনপদা চতুপদী—এই হন্দ লঘু দীর্ঘাদি ভেদে নানাপ্রকার হইতে পারে।

' ওরে আমার মাছি।

আহা কি নমুতাধর, এসে হাত যোড় কর, কিন্তু কেন বারি কর, তীক্ষ্ণ শুঁড় গাছি। ' শ্লোক।

৪২৬। একই অক্ষরারতি ছন্দে মিত্রাক্ষরার দির বৈচিত্র্য থাকিলে, অথবা, একাধিক অক্ষরারতি ছন্দ্র পরস্পার মিশ্রিত হইলে, শ্লোক হয়; প্রত্যেক শ্লোকে পাঁচের অধিক পদ থাকে। শ্লোক নানা প্রকার, বাহুল্য ভয়ে দিঙ্মাত্র প্রদর্শিত হইতেছে।

[268]

यह शनी।

পরিশ্রম ভারে নির্দ্ধে ক্রান্ত জীবগণ. আসিয়া তোমার পাশে লভয়ে বিরাম: তৰুর শাখায় কিন্তা কোটরে যেমন, দিবদের অবদানে বিহক্ষ প্রাম: কিন্তা যত শিশুগণ সুকুমার মতি, মায়ের কোমল কোলে ক্রীডান্তে যেমতি '।

मश्रभनी।

'নিরখি গগনে শনী,

তারাময় হার পরি. মনস্থাধ বিভাবরী.

চন্দ্রিকার সনে দেহ চাকিছে রপসী। यत मध्र निजाय मकरल, खांग्लिंड शाहेश विदर्त.

হাস্যে আদ্য স্থাময়, পড়িতেছে খনি। অপিচ-'নাম মাত্র আছি লোকালয়, নামে আছি লোকালয়, অসত্য সে সত্য নয়,

লোক সহ নাহি পরিচয়। কার স্বাধে স্থী নই. কার হুংখে হুঃখী নই,

সমতঃখন্থ কৈছ নয় ।'

अछेशनी।

'প্ৰণয় বন্ধন ছিঁড়া কঠিন কেমন, যাই যাই আর যেন না চলে চরণ। ইচ্ছা করে একবার, ফিরে দেখি মুখ ভার. যার সন্ এতকাল মজেছিল মন।

[२००]

মম হথে যার হথে, মম হথে যার হথ,
মম হাসে যার হাসি, রোদনে রোদন।
অপিচ, 'কে কাঁদে দেখনা সহচরি,
হথে কি আমার, হৃদরে কাহার,
উঠিছে আবার হৃথ দহরী।
হার স্থি চিতে যার, বহে হৃথ অনিবার,
যথা যার করে তথা যন্ত্রণা বিস্তার,
অগ্রি স্পর্শে কি না উফ কহলো সুন্দরি।
নবপ্রদী।

'আলোকের আগমনে হইরা চকিত, লজ্জার শক্ষার রক্ত পাণ্ডুর আনন। তমোমর কেশপাশ পাশে বিগলিত, নিশ্বাসে বিস্তার করি স্থগদ্ধি পাবন, স্থাসনে কুলশ্যা তাজিয়া যথন স্বর্গ বরণা উষা, কমল চরণে পালার অম্বরপথে, বিচলিত মনে, পাশ্চিম দিকের পানে ম্বরিত গমনে সোদামিনী জিনি বেগে, পড়ে কিবা পড়ে না নয়নে।'

'চকোরী স্থার লাগি উড়িল আকাশে, সরোবরে কুমুদিনী, দিবাভাগে বিরহিনী, পৃত্তির মিলনে ধনী মন খুলি আসে। হেরিয়া তন্মানন, বারিধি প্রকুল মন, উখলে হুদর বারি যেতে পুত্র পাশে; প্রিয় সখী আগমনে, কুটিল নিকুঞ্জবনে, স্থান্ধা রজনীগন্ধা দিক্ পুরি বাসে॥'

এकाममंशमी।

'অপূর্ব্ব প্রণয় তব, বসন্তের সনে বস্থমতি! সাজ তৃমি নানা সাজে, হয়ে পুন নবীন যুবতী;

নিতান্ত রুতান্ত সম অশান্ত হিমান্তে,
মলয়-পবনাসনে হেরি প্রাণকান্তে।
পরিয়া তৃতন বাস, মুখে মৃত্ন মৃত্ন হাস,
কুসুমের হার গলে, রসে যেন পড়ে গলে;
বিহন্ধবংশীর ধনি, সুখ ভরে করি ধনী,
সোরভ আতর অঙ্কে, পতিপদে করলো প্রণতি।

बामभाशमी।

'ওই যে গাগনমাঝে বসি দিনকর, আগুণের কণা, অথবা যন্ত্রণা,

বর্ষে হেন নিরস্তর।
মার্টি কাটে দাপে, প্রচণ্ড প্রতাপে,
নেত্র কাঁপে, কিরণ বাণে।
পথিক সকলে, জ্বলি তাপানলে,
বিয়া ভক্তলে, বাঁচিছে প্রাণে।

ठकुर्फभभनी।

'বেওনা রজনি আজি, লয়ে তারাদলে, গেলে তুমি দয়াময়ি, এ পরাণ যাবে। উদিলে নির্দ্ধির রবি, উদয় অচলে, নয়নের মণি মোর নয়ন হারাবে,
বার মাস ভিষি সভি! নিত্য অঞ্চজলে,
পেয়েছি উমারে আমি; কি সান্তনা ভাবে.
তিনটি দিনেতে কছ লো তারা-কুন্তলে!
এ দীর্ঘ বিরহ স্থালা কেমনে জুড়াবে।
তিন দিন স্বর্ণদীপ স্থালিতেছে ঘরে,
দূর করি অন্ধকার; শুনিতেছি বাণী
মিউতম এ স্থিতে এ কর্ণ কুহরে?
ছিগুণ আঁধার ঘরে, হবে আমি জানি,
নিবাও এ দীপ যদি, কহিলা কাতরে—
নবমীর নিশাশেষে গারীশের রাণী॥'

প্রদাসীন পদ্যের ভাষার বিষয় কিঞ্চিৎ অভিন হিত হইতেছে।

৪২৭। পদ্যে পদের কোমলতাসম্পাদন করিবার জন্য কতকগুলি সংযুক্ত বর্গ বিযুক্ত হয়,অর্থাৎ সংযো-গের মধ্যে অকার আগম হয় (১)। যথা—

সংযুক্ত বৰ্ণ	1		বিযুক্ত বর্ণ।
বৰ্ণ	বরণ	বৰ্ষা	বরিষা (২)
मर् न	দর* ন	ধৰ্ম	ধ্রম
গৰ্জ ন	<u> গরজন</u>	প্রেমাদ	প্রমাদ (৩)
निक्श	बि त्रमञ्ज	প্রসাদ	প্রসাদ, 🕻
वं खर्ग मिनी	অন্তর্যামিনী	প্রকাশ	পরকাশ্র
হ र्य	হরিষ (২)	প্রাণ	পরাণ
বিষৰ্য	বিমরিষ (২)	প্রীতি	পিরীতি (২)

^{(&}gt;) প্রয়োগ অনুসারে ই হুইয়া থাকে।

^(।) এই চারিস্থলে অকাবের পরিবর্তে ইকার আগম চইয়াছে।

⁽७) প্রায় প্র উপসর্গেরই রফলা বিযুক্ত হটয়। থাকে।

হতনু		ষতন্ত্র	ভক্তি .	ভক্তি
ত্রাস	•	তরাস	স্থ	স্পন
মগ্র		মগান	অদুত	অদভূত
ক্রশ্ব		জনম	यङ्	য্তুন
শক্তি		শক্তি	রত্ব	রতন
যুক্তি		যুক্তি	শক্তম	শব্ৰুঘন

৪২৮। মিলের জন্য আকার স্থানে একার আদেশ হয়, অথবা কদাচিৎ উহার লোপ ও হইয়া থাকে। যথা—

- ' জনক হুহিতে, কাঁদিতে কাঁদিতে।'
- ' সে বিনে অন্যে ভাবিনে, লোকে কয় তারে পাবিনে।
- ' গলে মুত্তমাল, পরিধান বাগছাল।'
- 'পর্ণশালে নাহি দেখি সীতা।'

এখানে মালা ও শালার পরিবর্তে মাল ও শাল হইয়াছে।

৪২৯। কদাচিৎ সংযোগের পূর্ববর্ণ লু ও হয়। যথা

সংযুক্ত।	বিলুপ্ত।	চিত্ত	চিত
ज्ञान क	পরশ	डेक	डे इ
্, নিষ্ঠুর	নিঠুর	ेष्ट्र ान	डे इत्न

- १७०। পদ্যে আরও নানাপ্রকারে শব্দের পরিবর্ত্ত

र्ग ।

প্রকৃত।	রূপান্তরিত।	উদ্গার	উগার
নিৰ্দয়	নিদয়	ছার	হুয়ার
গ্রোণ	প্রাণ	অমৃত	অ শিয়

- इनदे	হিয়া	উজ্জ্ল	উ জ ল
কত	কতেক	বদন	ব্য়ান
যত	যতেক	নিরী কিয়া	নিরখিয়া
যুধ	যুবো	উত্তালে	डेशत *
मर्था	মাঝে (১)	ত্যাগ	তেয়াগ
প্রবেশ	stat	খ্যাতি	থেয়াতি
বিহীন	বিহন	ধ্যান	ধেয়ান

৪৩১। পদ্যে এমন অনেক শব্দ ব্যবহৃত হয়, যাহা গদ্যে ও চলিত ভাষায় ব্যবহৃত হয় না। যথা,উপজে, নেউটিল, হের, এবে, যবে,পাশ্রে, তিতিয়া, জিনিয়া, হেন, ভণ, ভালে, নহে, নারে, আজি ইত্যাদি।

৪৩২। পদ্যে সংক্ষেপার্থ সচরাচর ক্রিয়াবাচক পদের অন্তর্গত 'ইতে' ও 'ইয়া' এই ছুই ভাগন্থানে ক্রমেই ও এ আদেশ হয়। যথা—

করিতেছে—করিছে, হইতেছে—হইছে। (২)

করিয়াছে-করেছে, হইয়াছে-হয়েছে, পড়িয়াছিল-পড়েছিল। ৪৩৩। বর্ত্তমান ও ভবিষ্যতে ক্রিয়াবাচক পদের মধ্যস্থিত হে, হি ও ইকারের লোপ হয়। যথা,

ক্রেন-ক্ন, সহেন-সন, কহিস-ক্স, রহিস-রস, কুরিক কব সহিব-সব, লইব-লব, যাইব-যাব।

^{(&}gt;) ध शास्त्र का जामिन विनिष्ठ ভाষায় এ হিইয়া থাকে।

[[] ২] সর্কনামের অন্তর্গত । ই 'এবং 'গা 'এই ভাগের লোপ হইতে পারে। যথা, হইতে-হতে, ভাগ্নে-ভাকে, উহাতে-ওতে।

893। हेकात वाक्षनवर्त शिलिङ इंहरल, उँहात लाभ इन्न ना। यथा, कतिव, वित्व हेळानि।

.৪৩৫। হদভধাতুর উত্তর ইয়া প্রত্যয় স্থানে ইয়ে বা ই আদেশ হয়। যথা, করিয়া-করিয়ে বা করি, হেরিয়া-হেরিয়ে বা হেরি।

৪৩৬। কিন্তু ওকারান্ত ধাতুর পরস্থিত ইয়া প্রত্যয় স্থানে কেবল ইয়ে আদেশ হয়। যথা, দিয়া-দিয়ে, লইয়া-লইয়ে, পাইয়া-পাইয়ে।

809 । পাদ্য সমাসস্থলে বিকম্পে मन्नि इয় না। যথা

সন্ধি হইলে, কৰুণাকর, কামান্দে, প্রছন্দে, পদক্ষায়া, ধরণীশ্বর, সরোহস্কার এরপ হইত।

ं ३०००। পদ্যে কখন কখন অতীতকালে অকারের পরস্থিত হি, ইও রি স্থানে ঐকার আদেশ হয়। (১) যথা, সহিল-দৈল, দহিল-দৈল, হইল-হৈল, লইল-লৈল, করিল-কৈল, মরিল-মৈল।

^{&#}x27; তোমা বিনা কেবা আর কৰণা আকর।'

^{&#}x27;কাম অন্ধ ভন্ম লেপে অঙ্গে।'

[ি]ললিত স্মৃছন্দে, পরম অনুনন্দে, রায়গুণাকর গায়।

^{&#}x27;তার মূল কেবল তোমার পদছারা।'

^{&#}x27; আজ্ঞা দিল। রুফচন্দ্র ধরণী ঈশর।'

^{&#}x27; পরিশেষে পদ্ধজিনী সর-অহঙ্কার।'

⁽১) ইতে ও ইয়া-প্রতায়ান্ত অসমাগিকাক্রিয়ার মধ্যবন্তা অকার ও তংগরন্থিত ইকার স্থানে ঐকার হয়। যথা, হইতে-ট্রেডে লইয়া-লৈয়া।

১৩৯। সম্বাদের অন্তর্গত শব্দন্ধর ছন্দের ভিন্ন ভিন্ন পদে অবস্থাপিত হইতে পারে। যথা,

' শ্বেড অলি শিব, সে নীল রাজীব, রাজী রাজেরে,'।

' এই क्रार्थ माना, शंगमिल काना, यदान क्रेम मात्र।'

'রাজীবরাজী 'ও 'দানাগণ ' একই সমস্ত শব্দ ছন্দের ভিন্ন ভিন্ন পদে অবস্থাপিত হইয়াছে।

880। বাঙ্গালা পদ্যে সংস্কৃত ধাতু ও নামধাতুর বহুল প্রয়োগ হয়, তাহার অধিকাংশ গদ্যে বা চলিত ভাষায় ব্যবহৃত হয় না। যথা,

ধাতু—ৰজিরা, তুষিরা, শুনিরা, ক্ষিরা, পুবিরা, কুপিরী বিলপিরা, বঞ্চিরা, ভ'ৎসিরা, কম্পিরা, লাঞ্চিরা, প্রণমিরা, লভিরা।

লিধু—বিশেষিয়া, উত্তরিয়া, তেয়াগিয়া, টকারিয়া, নিপা-তিয়া, সংহারিতে, ইচ্ছে, নমন্ধারিয়া, নাদিয়া, বিস্তারিয়া, সলিয়া, রলিয়া, যুক্তিয়া।

৪৪১। সংস্ত শব্দ কথন কথন সংস্ত স্তার-নারে প্রথমান্ত না হইয়াও বাঙ্গালা পদ্যে প্রযুক্ত হয়। 'যথা.

^{&#}x27;ব্ৰহ্মকৃষ্ণলুবাসি, বিষ্ণুপদ প্ৰস্তাসি। স্তবে হয়ে তৃষ্টমন, গলাদিলা দ্বশম।,

^{&#}x27; কুমারের ইন্ধিত না, বুঝিয়া রাজন া,

^{&#}x27; প্রভাতের তারা যেন উরদে উষার,

^{&#}x27; আলোকেতে ভাসে দশ দিশ।,

^{&#}x27; মানস সরসে গেছে চলি।,

গদ্যে ব্রহ্মকমগুলুবাসি, তুর্ফমন, রাজন, উর্দ্দা, দিশা, সরসে
না হইয়া ক্রমে ব্রহ্মকমগুলুবাসিনী, রাজা, উরঃছলে, দিক,
সরোবরে এইরূপ প্রয়োগ হইত।

় 88২। যেমন চলিত ভাষায় তেমনি পদ্যে ভাষার কোমলতা সম্পাদন করিবার জন্য অনেক স্থলে সমানে সংস্কৃত শব্দের বাঙ্গালা রূপ ব্যবস্থা হয়। যথা,

'তারাময় হার পরি, মনস্থে বিভাবরী।'

' এখন সে হৈল অন্তর, মনে মনে মনান্তর, কোণা গোল চক্ষ্-লক্ষা প্রেমসহচরী।'

সাধারণ বিধি অনুসারে মনঃ-সংখে, মনোন্তর, ও চকুলজ্জা
 এরপ পদ সিল্ধ হইত।

৪৪৩। পদ্যে কখন কখন এক বিভক্তির পরিবর্তে অন্যবিভক্তি প্রযুক্ত হয়। যথা,

' পাপেতে তারিল প্রাণী এতব সংসার।"

' भारत हिल याता, शलाहेल जाता, मानिमश्टर खन्न दिल। '

' উমালয়ে উমাপতি গেলেন কৈলান।'

' নামে আছি লোকালয়, অসতা সে সতা ৰয়।"

' সুন্দর পড়েছে ধরা, শুনি বিদ্যা পড়ে ধরা।'

" একাকিনী আমারে পাইয়া বনমাঝ।"

' मिट्ड मिथ हाडे (इश) य मिटकं शीत।'

'কোখা রত উদর, পরিল লোগাজলে।"

' চল চিন্তা জ্ঞান-সখী বিজন কানন।

পাপ হইতে, মানসিংছের, কৈলানে, ধরায়, বনমাঝে, হেখায়, কোথায়, কাননে, এইরূপ হওয়া উচিত ছিল। 888। পর্টেন্য গোরবার্থক নক্রনাম ও ক্রিয়াপদের পরিবর্ত্তে শুদ্ধ নক্রনাম ও ক্রিয়াপদ ব্যবহৃত হয়।যথা 'বেদ যার বিজ্ঞ নহে, কে ভার মহিমা কবে, ভারভ ক্রি

'বেদ যার বিজ্ঞ নহে, কে তার মহিমা কবে, ভারত কি কবে কিবা জানে।

' যারে তুমি দেহ পদছারা।,

' শোকে দশরথ ছাড়ে কায়।,

গাল্যে যাঁগর, তাঁর, আপনি, দিউন, ছাড়েন, এইরূপ প্রায়েগাঁ হুইত।

88৫। পদ্যে হসন্ত শক্তের অন্তর্গ অক্ষর-সংখ্যার পরিগণনাকালে ধর্ত্তর হয়। যথা,

'জগত ঈশ্বরী তুমি যে ইচ্ছা তোমার।,

' সকলে বঁণটিয়া লও কিঞ্চিৎ কিঞ্চিৎ , ৷

এন্থলে জগতের তকার ও কিঞ্চিতের তকার লইয়া প্রা-রের চরণ চতুর্দশাক্ষর যুক্ত হইয়াছে।

৪৪৬। ক্রিয়ার অকাবহিত পরবর্তী 'নাই' এই পদের স্থানে নি হয়। যথা, করি নাই—করিনি; হইনাই হইনি।

881। ক্রিয়ার অস্তাহিত 'হে' এই ভাগ ছার্ট্র মুকার হয়। যথা কহে-কয়, সহে-সয় ইত্যাদি।

88৮। গার হইলে ক্রিয়াপদের মধ্যন্থিত ইকারের লোপ হয়। যথা,

হসন্ত ধাতু করাইরা করারে, কারাইতে করাতে, করাইল

করাল । একারস্ত ধাতু—খাওয়াইরা খাওয়ারে, গাঁওয়াইতে খাও-য়াতে, খাওয়াইল খাওয়াল।

৪৪৯। অনুজ্ঞার ভবিষাৎকালে হসন্ত ধাতুর পর-স্থিত ইকারের লোপ হয়। যথা, দেখিও-দেখো, বলিও-বলো, করিও-করো।

৪৫০। উপধার আকার আছে এমন ওকারান্ত ধাতুর আই ভাগস্থানে একার আদেশ হয়। যথা, পাইতে-পেতে, পাইরা-পেয়ে, পাইলাম-পেলাম, পাইও-পেও।

ই ৪৫১। পদ্যে প্রায়ই সাধারণ নিয়মের বিরুদ্ধে
পদ সকল বিন্যস্ত হইয়া থাকে। প্রথমে কর্তা, পরে
কর্ম এবং পরিশেষে ক্রিয়া, এই সাধারণ নিয়ম।
নিয়লিখিত প্রকারে উহার বিপয্যয় হইয়া থাকে।
যথা,

'কহিলা তাহারে ব্যাস।' ১ম ক্রিয়া, ২য় কর্মা, ৩য় কর্তা।
'কহিলা লক্ষণ তারে।' ১ম ক্রিয়া, ২য় কর্তা, ৩য় কর্মা।
'সাগার শুবিলা ঋষি।' ১ম কর্মা, ২য় ক্রিয়া, ৩য় কর্তা।
'সাগার বানরে লজ্যে।' ১ম কর্মা, ২য় কর্তা, ৩য় ক্রিয়া।
"ল্রামিত্রি বিধিলা মেঘনাদো।'১ম কর্তা, ২য় ক্রিয়া,৩য় কর্মা।
.২। পদ্যে উদ্দেশ্য বিশেষণ বিশেষ্যের পারেও
ভাপিত হইতে পারে।

'নানা চিত্ৰ বিচিত্ৰ কথন পুৱাতন।' 'দেখিল সে মহাদৰ্গ অভি ভয়ঙ্কর।' ৪৫৩। গদ্যে পূর্ববাক্যে তৎপদ ব্যবস্থাত না হইলে পরবাক্যে যৎপদের প্রয়োগ হওয়া অতিবিরল। কিন্তু পদ্যে দেরপে নয়। যথা

প্রথমহ পুস্তক, ভারত নাম ধর,'

"যার নাম লইলে নিজ্পাপ হয় নর।"

অপিচ—'সত্যবতী-হৃদয়নন্দন মুনি ব্যাস,

যার মুখচন্দ্রে তিন ভুবন প্রকাশ,

যেই মুখ পক্ষজ গলিত স্থাধার,

পাপেতে ভারিল পাপী এ ভব সংসার,

কনক পিন্দল জটা বিরাজিত শির,

কৃষ্ণ অন্ধ শোভে যেন ভড়িতে মুদির,

অন্বর সন্থরি যে ভারত বঁণধি কাঁখে,

দক্ষিণে বামেতে পাছে মুনি লাখে লাখে,
জানিয়া রাজার কন্ট সদয়হ্বদয়,

৪৫৪। পদ্যে প্রায়ই হও, আছ ও রহ ধাতুর ক্রিয়াপদ উহ্য থাকে। যথা 'উপনীত দেখানে যে-খানে জনমেজয়।'

উপনীত সেখানে, যেখানে জনমেজয়।'

পদ্যের ভাষা সম্বন্ধে আর আর অনেক নিয়ম ইতিপূর্, যথাযোগ্য অবসরে বিরত হইয়াছে।

(व्हम्।

সম্রাতি চতুর্থ প্রক্রণের অবশিষ্ট স্তবক অর্থাৎ ছেদ আরক্ক ছইতেছে। পान तिक्न -[,] अर्था के वेद विद्वारित। यथा,

''^ছহা কে না জানে যে, ধন, মান, কুল ও শীল পুৰুষের ভূষণ স্বরূপ।"

'নিজ কর্ত্তব্য কর্ম সম্পাদন কর; কারণ ঈশ্বর ভোমার নিয়ন্তা। প্রত্যেক পদার্থ পরিবর্ত্তনশীল, প্রত্যেক পদার্থ ধ্বংসশীল; কেবল আত্মাই নিত্য ও অপরিচ্ছেদ্য।

পূর্ণচ্ছেদ (।) যেস্থলে একটি বাক্যার্থ অন্য বাক্যার্থের আকাজ্জানা করিয়া পরিসমাপ্ত হয়।

বিদ্যা রপাহীন ব্যক্তির জীম্বরপা, এবং দরিদ্রের ধনস্বরপা। কন্দপতুলা রপাবান পুরুব বিদ্যাছীন ছইলে শোভা পায় না, এবং কুবের সম ধনী ছইরাও বিদ্যাশূন্য লোক সমাদৃত হয় না। দুখেরা এতাদৃশা বিদ্যার মহিমা বিষয়ে চিরকাল নিতান্ত অন-াভিজ্ঞ থাকে।

প্রশ্বিছ—(?) প্রশ্নের সূচক।

'কোণায় রহিল মোর প্রাণের প্রতিমা ?' ক্রুড়াবেগচিছ্ন (!) হর্ব, বিবাদ, রোষ, ভয়, বিশ্ন-য়াদির সূচক। যথা,

> 'হার সত্য কোথা তুমি, তাজিরা ভারতভূমি লুকাইলা আপনার নাম !!'

[२७१]

ভঙ্গ চিহ্ন। (—) বেখানে মনোগতভাব স্পাই প্রকাশ না করিয়া আভাসে দূচনা করিবার নিমিত্ত বাক্যাংশ উচ্য থাকে; অথবা এক কথা বলিতে বলিতে হঠাৎ অন্য কথা উপস্থিত করা হয়। যথা,

> 'তুমি মোর প্রাণধন, তুমি মোর হিয়া, আঁথির অঞ্জন তুমি, অমিয় অঙ্গেতে। এই দব প্রিয়ভাবে দখীরে তুষিগ্লা, পুন তারে—হায় আর, কি কাজ বাক্যেতে।!

উদ্ধারতিছ্ন—[''] নিজ বাক্যের মধ্যে অন্যের কথা অবিকল গ্রহণ। যথা—

'যেথা সত্য সেথা জব 'কাশীলাস ভণে।'
বন্ধনী—[()] অর্থের বৈশদ্য বা দার্চ্য সম্পাদনের
জন্য কোন আবশ্যক অথচ অপ্রাদৃষ্ঠিক বিষয়
বাক্যের মধ্যে অন্তর্নিবিট হইলে। যথা,

'ক্রোদে দীপ্ত কর্ণবীর হানে মহাশক্তি, (ইন্দ্রদন্ত);সংহারিতে ভীমের নন্দনে।'

আদতিচিছ্—(-) দম্দ্যমান পদ দকল এক্ত্র প্রথিত হইলে। যথা,

. 'নময়ে জুড়াও প্রাণ প্রেম-মুধা-পানে।' পরিহারচিহ্ন। [—] একবাক্য কিষা এক চরশ্-

[२७४. -]

স্থিত পদাবলীকে অনাবশ্যক বোটো পরিত্যাগ কঙ্গিটো।

—— 'হায় শূর্পণখা,

কিকুক্ষণে দেখেছিলি তুই রে অভাগী, কাল পঞ্চবটীবনে কালকূটে ভরা এ ভুজগ '----

